আধুনিক
আরবী-বাংলা অভিধান
[আল-মু'জামুল ওয়াফী]

(পরিবর্ধিত ও পরিমার্জিত সংস্করণ)

ড. মুহাম্মদ ফজলুর রহমান
অধ্যাপক, আরবী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়;
খণ্ডকালীন শিক্ষক (আরবী), আধুনিক ভাষা ইনস্টিটিউট,
ঢাকা বিশ্ববিদ্যালয়

Today's
Arabic-Bengali Dictionary
"al-Mu'jam al-Wāfi"

by
Dr. M. Fazlur Rahman

রিয়াদ প্রকাশনী, ঢাকা

প্রয়াত অনুজ

ফায়েজুর রহমানের

রূহের মাগফেরাত কামনায়

লেখকের প্রকাশিত গ্রন্থ

০১. সরল রীতির কোরআন শরীফ (বাংলা অর্থসহ)
০২. কোরআন শরীফের সরল বাংলা অনুবাদ [৩০ পারা]
০৩. আধুনিক আরবী-বাংলা অভিধান [আল-মু'জামুল ওয়াফী]
০৪. আরবী-বাংলা ব্যবহারিক অভিধান [আল-ক্বামূসুল ওয়াজীয]
০৫. বাংলা-ইংরেজী-আরবী ব্যবহারিক অভিধান [আল-ক্বামূসুল ওয়াজীয]
০৬. দিশারীঃ বাংলা-ইংরেজী-আরবী ব্যবহারিক শব্দকোষ
০৭. তিন ভাষার পকেট অভিধান (বাংলা-ইংরেজী-আরবী)
০৮ আরবী ব্যাকরণ
০৯. দৈনন্দিন আরবী কথোপকথন
১০. আরব মনীষা
১১. আদর্শ অনুবাদকোষ (আরবী বাংলা ইংরেজী)
১২. আদর্শ নামকোষ (বাংলা ইংরেজী আরবী)
১৩. তিন ভাষায় শিক্ষাঙ্গন পরিভাষা (বাংলা-ইংরেজী-আরবী)
১৪. দেশ-বিদেশের পেশা ও পদমর্যাদা (আরবী-ইংরেজী-বাংলা)
১৫. ক্বাছীদাতুল বুর্‌দাহ (অনুবাদসহ)
১৬. কাসীদা-ই-নু'মান (অনুবাদসহ)
১৭. হাফিজ ইব্রাহীম ও মা'রূফ আর-রুসাফীর কাব্য-প্রতিভা
১৮. হারীরীর মাকামাত
১৯. খলীল ইব্‌ন আহমদ ও খলীল মুতরান
২০. ইসলাম ও বাস্তবতার আলোকে আরব জাতীয়তাবাদ (অনুবাদ)

প্রিয় পাঠক!

২০০৫ সনে প্রথম প্রকাশিত ''আধুনিক আরবী-বাংলা অভিধান: আল-মু'জামুল ওয়াফী''-এর পরিবর্ধিত ও পরিমার্জিত ৮ম সংস্করণ প্রকাশিত হল। অভিধানটির প্রতি আপনাদের প্রবল আগ্রহ এ কাজে আমাকে বাড়তি অনুপ্রেরণা যুগিয়েছে। আশা করি, এ অভিধানের বর্তমান কলেবর আরো সফলভাবে আপনাদের প্রয়োজন মেটাতে সক্ষম হবে এবং এর নতুন বিন্যাস ও বহুবিধ পরিমার্জন আপনাদের আরো ভাল লাগবে। আমরা আগেও বলেছি, এখনো বলছি, এই অভিধান একটি চলমান কাজ। আগামীতেও হয়তো এতে আরো পরিবর্ধন ও পরিমার্জন প্রয়োজন হবে। সে ক্ষেত্রেও আপনাদের আন্তরিক সহযোগিতা ও মূল্যবান পরামর্শ আমাদের কাজে লাগবে। অতীতের মত ভবিষ্যতেও আমরা অভিধানটির প্রতি আপনাদের সহৃদয় ভালবাসা ও অটুট সহমর্মিতা কামনা করি।

- গ্রন্থকার

"আধুনিক আরবী-বাংলা অভিধান" প্রণয়নে
সহায়ক কয়েকটি অভিধান

❁ আরবী-বাংলা ব্যবহারিক অভিধান [আল-ক্বামূসুল ওয়াজীয]

-- ড. মুহাম্মদ ফজলুর রহমান

❁ আল-ফারা'ইদুদ দুররিয়্যাহ (আরবী-ইংরেজী)

-- J. G. Hava

❁ আল-মুনজিদ আল-আব্‌জাদী (আরবী-আরবী)

-- দারুল মাশ্‌রিক, বৈরুত

❁ আর-রা'ইদ (আরবী-আরবী)

-- জুব্‌রান মাস্‌'উদ

❁ A Dictionary of Modern Written Arabic (Arabic-English)

-- Hans Wehr

❁ Arabic Military Dictionary (English-Arabic)

-- Ernest Kay (editor)

❁ ব্যবহারিক বাংলা অভিধান (পরিমার্জিত সংস্করণ)

-- বাংলা একাডেমী ঢাকা

❁ English-Bengali Dictionary

-- Bangla Academy, Dhaka

❁ Samsad English-Bengali Dictionary

-- Sahitya Samsad, Calcutta

❁ Everyman's Dictionary (English-Bengali)

-- Ramkrishna Pustakalaya, Kolkata

❁ Oxford Advanced Learner's Dictionary

-- A S Hornby

ভূমিকা

কোন ভাষার শিক্ষার্থীর জন্য সেই ভাষার একটি ভাল অভিধান অত্যন্ত প্রয়োজন। বিশেষ করে ঐ ভাষার শব্দাবলী ও ব্যবহারসমূহের মাতৃভাষায় অর্থ-সম্বলিত একটি অভিধান খুবই সহায়ক হয়ে থাকে। বাংলা ভাষাভাষী আরবী শিক্ষার্থীদের ব্যবহারের জন্য একসময় কোন আরবী-বাংলা অভিধান ছিল না। তখন তারা অভিধান ছাড়াই শিক্ষক এবং সহায়ক বইপুস্তকের ওপরই বেশিরভাগ নির্ভর করতেন। সীমিত সংখ্যক শিক্ষার্থীর জন্য দু'একটি আরবী-ফার্সী, আরবী-উর্দু কিংবা আরবী-ইংরেজী অভিধান ব্যবহারের সুযোগ ছিল। তাই বলা যায়, বাংলা ভাষাভাষী আরবী শিক্ষার্থীরা যুগযুগ ধরে অভিধান সঙ্কটে নিপতিত ছিলেন। বলাবাহুল্য, আমি নিজেও এ ব্যাপারে একজন ভুক্তভোগী শিক্ষার্থী ছিলাম। পরবর্তীতে দু'একটি আরবী-বাংলা অভিধান রচিত হয়েছে। যেমন আব্দুর রহমান আল-কাশগরী প্রণীত "আল-মুফীদ", মুহিউদ্দীন খান প্রণীত "আল-কাওছার", আলাউদ্দীন আল-আযহারী প্রণীত "আরবী-বাংলা অভিধান" এবং আবু তাহের মেসবাহ্ প্রণীত আল-মানার। পি-এইচ. ডি. ডিগ্রীর জন্য আরবী অভিধান বিষয়ে উচ্চতর গবেষণাকালে আমার এসব অভিধান পর্যালোচনা করার সুযোগ হয়েছিল।

শিক্ষা-জীবনের একটি পর্যায়ে আমি অভিধান ব্যবহারের প্রয়োজনীয়তা মর্মে মর্মে উপলব্ধি করি এবং অভিধান ব্যবহার থেকে বেশ উপকার লাভ করতে আরম্ভ করি। বলা যায়, অভিধান থেকে নিজের পড়াশুনায় অনেকটা আত্মবিশ্বাস জন্মে। তখন থেকেই অভিধানের প্রতি মনে এক ধরনের দুর্বলতা ও আগ্রহ সৃষ্টি হয়। তাই স্বভাবতই বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনাকালে উচ্চতর গবেষণার জন্য আরবী অভিধান বিষয়টি ঠিক হয়। ঐ গবেষণাকালে প্রখ্যাত আরবী অভিধানগুলো সম্পর্কে অধ্যয়ন করার সুযোগ আসে। উদাহরণসরূপ, খলীল ইবনে আহমদের "কিতাবুল 'আইন", ইবনে দুরাইদের "আল-জাম্হারাহ", আবু 'আলী আল-ক্বালীর "আল-বারি'", আল-আয্হারীর "আত-তাহযীব", ছাহিব ইবনে 'আব্বাদের "আল-মুহীত", ইবনে ফারিসের "আল-মুজ্মাল", আল-জাওহারীর "আছ্-ছিহাহ", ইবনে সীদার "আল-মুহ্কাম" ও "আল-মুখাছ্ছছ", আয-যামাখশারীর "আসাসুল বালাগাহ", ইবনে মানযূরের "লিসানুল 'আরব", আল-ফাইয়ূমীর "আল-মিছ্বাহুল মুনীর", আল-ফীরোযাবাদীর "আল-ক্বামূসুল মুহীত", মুরতজা আয-যাবীদীর "তাজুল 'আরূস" ইত্যাদি অভিধানের কথা উল্লেখ করা যায়। তাছাড়া এই উপমহাদেশের অভিধান প্রণেতাদের বিভিন্ন আরবী অভিধান পর্যালোচনা করাও আমার ঐ গবেষণার বিষয়বস্তুর অন্তর্ভুক্ত ছিল। অধিকন্তু, নিজের প্রয়োজনে ব্যবহৃত কয়েকটি আরবী-ইংরেজী অভিধান যেমন J. G. Hava প্রণীত "আল-ফারা'ইদুদ দুররিয়্যাহ", Hans Wehr প্রণীত A Dictionary of Modern Written

Arabic, এবং ড. রূহী আল-বা'আলবাকী প্রণীত "আল-মাওরিদ" আরবী অভিধান বিষয়টির প্রতি আমার আগ্রহ অনেক বৃদ্ধি করে দিয়েছে।

এক পর্যায়ে এসব অভিধানের আলোকে বাংলা ভাষাভাষী আরবী সাহিত্যের পাঠকদের প্রয়োজনীয়তার প্রতি লক্ষ্য রেখে একটি উন্নতমানের আরবী-বাংলা অভিধান রচনার তাগিদ অনুভব করি। যদিও আমার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা জীবনের শুরুতে একটি সম্মিলিত প্রচেষ্টার অধীনে প্রায় সাড়ে তিন বছরে একটি আরবী-বাংলা অভিধান রচনায় আমার কার্যকর ভূমিকা ছিল, যা এখনো প্রকাশিত হয়নি। ১৯৯৮ সনে "আরবী-বাংলা ব্যবহারিক অভিধান" নামে প্রায় ত্রিশ হাজার শব্দ সম্বলিত আমার প্রণীত একটি অভিধান প্রকাশিত হয়েছে। সংক্ষিপ্ত হলেও দৈনন্দিন ব্যবহারের আরবী শব্দসমূহ স্থান পাওয়ায় এই অভিধান বেশ পাঠকপ্রিয়তা লাভ করেছে বলে মনে হয়। কারণ, ইতিমধ্যেই এর ৭টি সংস্করণ প্রকাশ করতে হয়েছে। পাঠকদের ব্যাপক উৎসাহ এবং পূর্ণাঙ্গতর একটি অভিধান প্রণয়নে নিজের প্রচণ্ড আগ্রহের কারণেই হয়তো দীর্ঘদিনের নিরলস প্রচেষ্টার পর "আধুনিক আরবী-বাংলা অভিধান" তথা "আল-মু'জামুল ওয়া̄ফী" নামের এই বৃহত্তর বর্ণানুক্রমিক অভিধান প্রকাশ সম্ভব হয়েছে।

এই অভিধানের সকল এন্ট্রি সরল বর্ণানুক্রমে সাজানো হয়েছে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে তৃতীয় বন্ধনীর মধ্যে প্রতিটি এন্ট্রির "মা̄দ্দাহ" বা শব্দমূল উল্লেখ করা হয়েছে। অধিকন্তু, অর্থ লেখার পূর্বে প্রতিটি মূল এন্ট্রির বাংলা উচ্চারণও দেওয়া হয়েছে। উচ্চারণের ক্ষেত্রে যথাসম্ভব জটিলতা পরিহার করা হয়েছে এবং কম্পিউটারের বাংলা সফটওয়্যার সম্পাদনা করে দীর্ঘ "আ" ধ্বনি উচ্চারণের জন্য আ-কারের উপর একটি দীর্ঘস্বর-নির্দেশক টান (া̄) ব্যবহার করা সম্ভব হয়েছে। প্রত্যেক শব্দের একবচন পুরুষবাচক রূপকে মূল এন্ট্রি হিসেবে গ্রহণ করা হয়েছে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে শব্দসংক্ষেপযোগে "ইস্‌ম" (বিশেষ্য) এন্ট্রির বহুবচন ও স্ত্রীলিঙ্গ উল্লেখ করা হয়েছে। প্রতিটি "ফি'ল" (ক্রিয়া) এন্ট্রির সাথে প্রথম বন্ধনীর মধ্যে তার "মাছ্‌দার" (ক্রিয়াবিশেষ্য) রূপ দেখানো হয়েছে। পারিভাষিক ব্যবহারের কারণে কোন কোন ক্ষেত্রে বহুবচন রূপও (বিশেষ করে কোরআন শরীফে ব্যবহৃত বহুবচন রূপ) এন্ট্রি হিসেবে ব্যবহার করা হয়েছে এবং সেক্ষেত্রে সাথে সাথে বন্ধনীর মধ্যে মূল একবচন রূপ উল্লেখ করা হয়েছে।

"আল-মু'জামুল ওয়া̄ফী" অভিধানের এন্ট্রি সংখ্যা প্রায় চল্লিশ হাজার। এতে শব্দের শুধু অর্থই নয়, একেকটি শব্দের যত বেশী সম্ভব প্রতিশব্দ দেওয়া হয়েছে এবং ক্রিয়া ও ক্রিয়া-বিশেষ্যের সাথে ভিন্ন ভিন্ন অর্থবোধক বিভিন্ন পদান্বয়ী অব্যয়ের (ছিলাহ) ব্যবহার দেখানো হয়েছে। সাধারণ শব্দ ছাড়াও এই অভিধানে নামবাচক বিশেষ্য যেমন পৃথিবীর দেশসমূহের নাম ও বড় বড় নগরীর নাম

অন্তর্ভুক্ত করা হয়েছে। তাছাড়া কোরআন শরীফের সকল মূল শব্দ এবং হাদীস, ব্যাকরণ ও অলঙ্কারশাস্ত্রের উল্লেখযোগ্য পরিভাষাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

আমার অসংখ্য ছাত্র, সহকর্মী ও গুণগ্রাহী এই অভিধান প্রণয়নে উৎসাহ প্রদান করেছেন। আমার ছোট ছেলে কম্পিউটার ইঞ্জিনিয়ার ও প্রোগ্রামার রেদওয়ান অভিধান কম্পোজের উপযোগী করে আরবী ও বাংলা সফটওয়্যার চমৎকারভাবে পুনর্বিন্যাস করে দিয়েছে। বড় ছেলে রিয়াদ সম্পূর্ণ অভিধানটি কম্পোজ করেছে। আমার প্রিয় ছাত্র এম. ফিল. গবেষক ও ঢাকার পুরাতন বিমানবন্দরস্থ বাংলাদেশ বিমানবাহিনীর জামে মসজিদের ইমাম ও খতীব মওলানা আবদুল মোনায়েম স্বপ্রণোদিত হয়ে এই অভিধানে আল্লাহর গুণবাচক নামসমূহ ও হাদীসশাস্ত্রের কতিপয় পরিভাষা সংযোজনে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। আবদুল মোনায়েম ও আরেক ছাত্র মোহাম্মদ কামরুল হাসান প্রুফ দেখার দায়িত্ব পালন করেছে। আমার ছোট মেয়ে মেডিকেল ছাত্রী সোনিয়া ইংরেজী শব্দ ও মেডিকেল টার্মগুলো দেখে দিয়েছে। অ্যারোমা প্রিন্টিং এন্ড পাবলিকেশনের মোঃ সারোয়ার জাহান বইটির প্রচ্ছদ তৈরী করেছেন। "আল- মু'জামুল ওয়াফী" আরবী-বাংলা অভিধান এদের সবার কাছেই ঋণী হয়ে থাকল। আল্লাহ্ এদের সকলকে উত্তম বিনিময় দান করুন।

এই অভিধানসহ আমার অন্যান্য প্রকাশনার প্রতি অপরিসীম আগ্রহ পোষণকারী আমার অনুজ ভেনাজ এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী মোহাম্মদ ফায়েজুর রহমান বইটি প্রকাশিত হবার আগেই অকালে ইন্তেকাল করেছে। বইটি প্রকাশকালে তাই বারবার তার কথা মনে পড়ছে। সেজন্যই তার রূহের মাগফেরাত কামনায় তার নামেই এবারের এই বৃহৎ প্রকাশনাটি উৎসর্গ করা হয়েছে।

আশা করি, বিশ্বের বাংলা ভাষাভাষী জনপদের শিক্ষাঙ্গনে শিক্ষক-শিক্ষার্থীরা কোরআন-হাদীছ, প্রাচীন ও আধুনিক আরবী সাহিত্য এবং আরবী পত্র-পত্রিকা পড়তে ও পড়াতে এই অভিধান থেকে সহায়তা পাবেন। বিশেষ করে, আরবী থেকে বাংলা অনুবাদের কাজে "আল-মু'জামুল ওয়াফী" উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে আমাদের বিশ্বাস। আরবী ভাষা ও সাহিত্যের সাথে সংশ্লিষ্ট বাংলা ভাষাভাষী আগ্রহী পাঠকদের খানিকটা উপকারে এলেই আমাদের এই প্রয়াস সার্থক হবে।

মুহাম্মদ ফজলুর রহমান
জানুয়ারি ১, ২০০৫

আরবী বর্ণমালা

الحروف الهجائية العربية

বর্ণমালার এই ধারাবাহিকতা অনুসারে আধুনিক আরবী-বাংলা অভিধানের এন্ট্রিসমূহ বিন্যস্ত হয়েছে।

বর্ণ	প্রতিবর্ণ	বর্ণের নাম	বর্ণ	প্রতিবর্ণ	বর্ণের নাম
ا	অ	ألف (আলিফ)	ص	ছ/স	صاد (ছাঁদ)
ء	অ	همزة (হামযাহ)	ض	দ	ضاد (দাঁদ)
ب	ব	باء (বা’)	ط	ত	طاء (তাঁ’)
ت	ত	تاء (তা’)	ظ	য/জ	ظاء (যাঁ’)
ة	ত/হ	تاء (তা’)	ع	‘আ	عين (‘আইন)
ث	ছ/স	ثاء (ছা’)	غ	গ	غين (গাইন)
ج	জ	جيم (জীম)	ف	ফ	فاء (ফা’)
ح	হ	حاء (হা’)	ق	ক্ব/ক	قاف (ক্বাফ)
خ	খ	خاء (খা’)	ك	ক	كاف (কাফ)
د	দ	دال (দাল)	ل	ল	لام (লাম)
ذ	য/জ	ذال (যাল)	م	ম	ميم (মীম)
ر	র	راء (রা’)	ن	ন	نون (নূন)
ز	য/জ	زاي (যাই)	ه	হ	هاء (হা’)
س	স/ছ	سين (সীন)	و	ও/উ/ব	واو (ওয়াও)
ش	শ/স	شين (শীন)	ي	য়/ই	ياء (ইয়া’)

এই অভিধানে

- এন্ট্রিসমূহ সরল বর্ণানুক্রম পদ্ধতিতে সাজানো হয়েছে এবং প্রয়োজনে প্রতিটি এন্ট্রির সাথে তৃতীয় বন্ধনীর মধ্যে তার শব্দমূল (মা়দ্দাহ) উল্লেখ করা হয়েছে।
- অর্থ লেখার পূর্বে তৃতীয় বন্ধনীর মধ্যে সকল আরবী শব্দের বাংলা উচ্চারণ দেওয়া হয়েছে এবং আরবী ভাষার দীর্ঘ 'আ' ধ্বনি দেখানোর জন্য দীর্ঘ আ-কার (া) ব্যবহার করা হয়েছে।
- এক একটি আরবী শব্দের বহুসংখ্যক বাংলা প্রতিশব্দ দেওয়ার চেষ্টা করা হয়েছে।
- কোরআন-হাদীছের শব্দ ও ব্যবহারিক আরবী শব্দের প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।
- শুধু শব্দের অর্থ আর প্রতিশব্দই নয়, ভাষার অনেক প্রয়োজনীয় ব্যবহারও দেখানো হয়েছে।
- হাদীছ, ব্যাকরণ ও অলংকারশাস্ত্রের গুরুত্বপূর্ণ পরিভাষা অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ক্রিয়ার ক্ষেত্রে অতীতকালবাচক (মা়দী) প্রথম রূপকে মূল এন্ট্রি হিসেবে গ্রহণ করা হয়েছে।
- বর্তমান ও ভবিষ্যৎ কালবাচক (মুদা়রি') রূপ নিরূপণের সুবিধার্থে সংশ্লিষ্ট শব্দ-সংক্ষেপযোগে প্রতিটি তিন অক্ষরবিশিষ্ট ক্রিয়ার শ্রেণী (বা়ব) চিহ্নিত করা হয়েছে।
- প্রতিটি ক্রিয়া এন্ট্রির সাথে বন্ধনীর মধ্যে ক্রিয়াবিশেষ্য (মাছ্দার) উল্লেখ করা হয়েছে।
- ক্রিয়া ও ক্রিয়াবিশেষ্যের সাথে বিভিন্ন প্রসর্গের (ছিলাহ্) ব্যবহার দেখানো হয়েছে।
- বিশেষ্যের ক্ষেত্রে একবচন পুরুষবাচক রূপকে মূল এন্ট্রি হিসেবে গ্রহণ করা হয়েছে।
- সংশ্লিষ্ট শব্দ-সংক্ষেপযোগে বিশেষ্য এন্ট্রির বহুবচন ও স্ত্রীলিঙ্গ উল্লেখ করা হয়েছে।

এই অভিধানে ব্যবহৃত শব্দ-সংক্ষেপ

[ن]	نَصَرَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي তে فتحة যুক্ত (نَصَرَ – كَتَبَ) এবং مضارع তে ضمة যুক্ত (يَنْصُرُ – يَكْتُبُ)
[ض]	ضَرَبَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي তে فتحة যুক্ত (ضَرَبَ – حَمَلَ) এবং مضارع তে كسرة যুক্ত (يَضْرِبُ – يَحْمِلُ)
[س]	سَمِعَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي তে كسرة যুক্ত (سَمِعَ – عَلِمَ) এবং مضارع তে فتحة যুক্ত (يَسْمَعُ – يَعْلَمُ)
[ف]	فَتَحَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي এবং مضارع উভয় ক্ষেত্রে فتحة যুক্ত (ماضي : فَتَحَ – بَعَثَ এবং مضارع : يَفْتَحُ – يَبْعَثُ)
[ك]	كَرُمَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي এবং مضارع উভয় ক্ষেত্রে ضمة যুক্ত (ماضي : كَرُمَ – بَعُدَ এবং مضارع : يَكْرُمُ – يَبْعُدُ)
[ح]	حَسِبَ গ্রুপের ক্রিয়া, যার মধ্যের অক্ষর ماضي এবং مضارع উভয় ক্ষেত্রে كسرة যুক্ত (ماضي : حَسِبَ – وَرِثَ এবং مضارع : يَحْسِبُ – يَرِثُ)

مث	مؤنث (স্ত্রীলিঙ্গ)
ج	جمع (বহুবচন)
جج	جمع الجمع (বহুবচনের বহুবচন)
এক	একবচন
বহু	বহুবচন
পুং	পুংলিঙ্গ

স্ত্রী	স্ত্রীলিঙ্গ
ব্যা	ব্যাকরণে
অল	অলঙ্কারশাস্ত্রে
ছন্দ	ছন্দশাস্ত্রে
ধ্বনি	ধ্বনিতত্ত্বে
--	--

সূচীপত্র

বর্ণ	পৃষ্ঠা
ا/أ/إ	১৫-১৯৯
ب	২০০-২৩৮
ت	২৩৯-৩৪১
ث	৩৪২-৩৪৯
ج	৩৫০-৩৮১
ح	৩৮২-৪২৮
خ	৪২৯-৪৫৮
د	৪৫৯-৪৮২
ذ	৪৮৩-৪৯০
ر	৪৯১-৫২৯
ز	৫৩০-৫৪৪
س	৫৪৫-৫৮৪
ش	৫৮৫-৬১৫
ص	৬১৬-৬৩৯

বর্ণ	পৃষ্ঠা
ض	৬৪০-৬৫০
ط	৬৫১-৬৬৮
ظ	৬৬৯-৬৭২
ع	৬৭৩-৭২০
غ	৭২১-৭৪১
ف	৭৪২-৭৭১
ق	৭৭২-৮০৯
ك	৮১০-৮৩৫
ل	৮৩৬-৮৫৭
م	৮৫৮-১০৪৪
ن	১০৪৫-১০৯২
هـ	১০৯৩-১১১২
و	১১১৩-১১৪২
ي	১১৪৩-১১৪৯

أ

[আলিফ] আলিফঃ আরবী বর্ণমালার ১ম হরফ ا

[আ] প্রশ্নবোধক হাম্‌যা, কি? أ

[আ-আন্‌যার্‌তাহুম আম লাম তুন্‌যির্‌হুম?] তুমি কি তাদের সতর্ক করেছো, নাকি সতর্ক করোনি? أأنْذَرْتَهُمْ أمْ لَمْ تُنْذِرْهُمْ ؟

[আ-ফাবিনি'মাতিল্লাহি ইয়াজ্‌হাদূন?] তারা কি আল্লাহর অনুগ্রহ অস্বীকার করে? أفَبِنِعْمَةِ اللهِ يَجْحَدُونَ ؟

[আ-কাতাব্‌তার রিসালাতা?] তুমি কি চিঠিটি লিখেছো? أكَتَبْتَ الرِّسَالَةَ ؟

[আ-লাম আকুল লাকা?] আমি কি তোমাকে বলিনি? ألَمْ أقُلْ لَكَ ؟

[আ] হে, ওহে, ওরে آ

[আ'ইব] ফিরে আসে বা ফিরে যায় এমন, প্রত্যাবর্তনকারী, প্রত্যাগমনকারী آئِب ج أوْب ، أوَّاب ، أيَّاب [اوب]

[ই'তাবারা] (কূপ) খনন করা ائْتَبَرَ (ائْتِبَار) [أبر]

[ই'তাজ্জা] জ্বলে ওঠা, প্রজ্বলিত হওয়া ائْتَجَّ (ائْتِجَاج) [أجج]

[ই'তাদামা] সালন দিয়ে রুটি খাওয়া ائْتَدَمَ (ائْتِدَام) [أدم]

[ই'তাকালা] ক্ষয় হওয়া, খেয়ে যাওয়া, ভক্ষিত হওয়া, (আগুন) দাউদাউ করে জ্বলা, ক্রোধে জ্বলে ওঠা ائْتَكَلَ (ائْتِكَال) [أكل]

[ই'তালাক্বা] উজ্জ্বল হওয়া, চকচকে হওয়া, জ্বলজ্বল করা, প্রদীপ্ত হওয়া, জ্বলে ওঠা, (বিদ্যুৎ) চমকানো ائْتَلَقَ (ائْتِلَاق) [ألق]

[ই'তাম্মা] ইচ্ছা করা, মনস্থ করা ائْتَمَّ (ائْتِمَام) [أمم]

[-- বি] অনুসরণ করা, নকল করা, অনুকরণ করা, পরিচালিত হওয়া, (নামাযে) ইমামের অনুসরণ করা ائْتَمَّ بِ

[ই'তিমাম] ইচ্ছা, অনুসরণ, নকল, অনুকরণ, (নামাযে) ইমামের অনুসরণ ائْتِمَام [أمم]

[ই'তানাফা] শুরু করা, আরম্ভ করা ائْتَنَفَ (ائْتِنَاف) [أنف]

[ই'তিয়াব] প্রত্যাবর্তন, প্রত্যাগমন ائْتِيَاب [أوب]

[ই'তাবা] ফিরে আসা, ফিরে যাওয়া, প্রত্যাবর্তন করা ائْتَابَ (ائْتِيَاب) [اوب]

[ই'তাযারা] ইযার (দেহের নিম্নাংশের পরিধেয়) পরিধান করা ائْتَزَرَ (ائْتِزَار) [ازر]

[ই'তাসা] অনুসরণ করা, অনুকরণ করা, নকল করা, পরিচালিত হওয়া ائْتَسَى (ائْتِسَاء) [اسو ، اسي] بِ

[ই'তিলাফ] ঐক্য, বন্ধুত্ব, মৈত্রী, মিল, চুক্তি, জোট, কোয়ালিশন ائْتِلَاف [ألف]

[ই'তিলাফী] মিলপূর্ণ, ঐক্যবদ্ধ, জোটবদ্ধ, কোয়ালিশন (সরকার) ائْتِلَافِيّ [ألف]

[ই'তালাফা] জোটবদ্ধ হওয়া, ঐক্যবদ্ধ হওয়া, মৈত্রীবদ্ধ হওয়া, জোট গঠন করা, মিলপূর্ণ হওয়া ائْتَلَفَ (ائْتِلَاف) [ألف]

[ই'তালা] শপথগ্রহণ করা, শপথ করা, কসম করা ائْتَلَى (ائْتِلَاء) [ألي]

[ই'তিমার] পরামর্শ, আলোচনা, ষড়যন্ত্র, আনুগত্য ائْتِمَار [أمر]

[ই'তিমান] আমানত, বিশ্বাস, আস্থা, নির্ভরতা, ভরসা ائْتِمَان [أمن]

[ই'তামারা] পরামর্শ করা, ষড়যন্ত্র করা, (আদেশ) মেনে নেওয়া, অনুগত হওয়া ائْتَمَرَ (ائْتِمَار) [أمر]

[ই'তামানা] বিশ্বাস করে বলা, আমানত রাখা, আস্থা স্থাপন করা, নির্ভর করা, ভরসা করা ائْتَمَنَ (ائْتِمَان) [أمن]

[আ'ইস] নিরাশ, হতাশ, আশাহত, ভগ্নমনোরথ آئِس [أيس]

[আ'ইসাহ্] যে মহিলার স্থায়ীভাবে মাসিক বন্ধ হয়ে গিয়েছে, পঞ্চাশোর্ধ বয়সের মহিলা, বৃদ্ধা آئِسَة ج آئِسَات [أيس]

أَب ج آبَاء [أبو] [আব] বাবা, বাপ, পিতা, জনক, পূর্বপুরুষ, (খ্রীষ্টানদের) পুরোহিত, পাদরী, ফাদার

لِأَب [লি-আব] পিতৃকুল-সম্পর্কিত, পিতার দিক থেকে সম্বন্ধযুক্ত

أَبّ ج أَأُبّ [أبب] [আব্] ঘাস, তৃণ, চারণভূমি, তৃণভূমি

أَبَّ [ن] (أَبّ) [আব্বা] আগ্রহী হওয়া, প্রত্যাশা করা, তাকিয়ে থাকা

آب [আঁব] আগস্ট (মাস)

آبَ [ن] (أَوْب ، إِيَاب) [أوب] [আঁবা] ফিরে আসা, প্রত্যাবর্তন করা, তওবা করা

أَبَا [ن] (أُبُوّ، أُبُوَّة) [أبو] [আবা] পিতা হওয়া, বাবা হওয়া, লালনপালন করা

أَبَاءَ (إِبَاءَة) [بوأ] [আবাআ] ফিরিয়ে দেওয়া, জায়গা করে দেওয়া, থাকতে দেওয়া, আশ্রয় দেওয়া

أَبَاءَ بِ [-- বি] নিবাস স্থাপন করা, বাস করা

إِبَاء ، إِبَاءَة [أبي] [ইবা', ইবাআহ্] প্রত্যাখ্যান, অস্বীকৃতি, অসম্মতি, অহঙ্কার, ঔদ্ধত্য, অবজ্ঞা, আত্মসম্মানবোধ

أَبَابِيل [আবাবীল] ঝাঁক, দল, পাল

أَبَابِيلَ [আবাবীলা] ঝাঁকে ঝাঁকে, দলে দলে, পাল বেঁধে

أَبَاتَ (إِبَاتَة) [بيت] [আবাতা] রাতে থাকতে দেওয়া, রাত কাটাতে দেওয়া, রাত্রিযাপনের ব্যবস্থা করা

أَبَاتِي ، أَبَّاتِي [আবাতী, আব্বাতী] (খ্রীষ্টানদের) গির্জার কর্তাব্যক্তি, বিশপ

أَبَاحَ (إِبَاحَة) [بوح] [আবাহা] প্রকাশ করা, ফাঁস করা, বৈধ করা, বৈধ ঘোষণা করা, অনুমতি দেওয়া

إِبَاحَة [بوح] [ইবাহাহ্] প্রকাশ, ফাঁসকরণ, বৈধকরণ, বৈধ ঘোষণা, অনুমতি প্রদান

إِبَاحِيّ [بوح] [ইবাহী] স্বেচ্ছাচারী, নৈরাজ্যবাদী, স্বেচ্ছাচারমূলক, নৈরাজ্যমূলক

إِبَاحِيَّة [بوح] [ইবাহিয়্যাহ্] স্বেচ্ছাচার, স্বেচ্ছাচারিতা, নৈরাজ্য, নৈরাজ্যবাদ

أَبَاخَ (إِبَاخَة) [بوخ] [আবাখা] প্রশমিত করা, শীতল করা, ঠাণ্ডা করা, নির্বাপিত করা, হ্রাস করা

أَبَادَ (إِبَادَة) [بيد] [আবাদা] ধ্বংস করা, বিনাশ করা, নিঃশেষ করা, নির্মূল করা

إِبَادَة [بيد] [ইবাদাহ্] ধ্বংসকরণ, বিনাশসাধন, বিলোপসাধন, নির্মূলকরণ

أَبَادِيد تَبَادِيد [بدد] [আবাদীদ তাবাদীদ] বিক্ষিপ্ত, ছড়ানো-ছিটানো

أَبَارَ (إِبَارَة) [بور] [আবারা] ধ্বংস করা, নির্মূল করা

أَبَّار [أبر] [আব্বার] সুঁইওয়ালা, সুঁই প্রস্তুতকারী, সুঁই বিক্রেতা, ক্ষুদ্র কীটবিশেষ, পিশু

أَبَاشَة ج أَبَاشَات [উবাশাহ্] দল, ভিড়, জনতা

أَبَاضَ (إِبَاضَة) [بيض] [আবাদা] ডিম্বাশয় থেকে ডিম্বাণু নির্গত করা, ডিম্বাণু উৎপাদন করা

أَبَاعَ (إِبَاعَة) [بيع] [আবা'আ] বিক্রির প্রস্তাব দেওয়া, বিক্রির জন্য দেখানো

إِبَاط [ইবাত] বগলদাবা করা বস্তু, বগলে রাখা জিনিস

أَبَالَ (إِبَالَة) [بول] [আবালা] পেশাব করানো

إِبَالَة [ইবালাহ্] দল, গোষ্ঠী, বাণ্ডিল, গাঁট

إِبَّالَة [ইব্বালাহ্] বাণ্ডিল, প্যাকেট, গাঁট, আঁটি

ضِغْث عَلَى إِبَّالَة [দিগ্‌ছ 'আলা ইব্বালাহ্] বোঝার উপর শাকের আঁটি, বিপদের উপর বিপদ

أَبَانَ (إِبَانَة) [بين] [আবানা] প্রকাশ করা, স্পষ্ট করা, খুলে বলা, বিচ্ছিন্ন করা, পৃথক করে ফেলা

إِبَّان [ইব্বান] সময়, ক্ষণ, কাল

إِبَّانَ [ইব্বানা] সময়ে, ক্ষণে, কালে

إِبَانَة [بين] [ইবানাহ্] প্রকাশকরণ, স্পষ্টকরণ, বিচ্ছিন্নকরণ, পৃথকীকরণ

أَبَتَ [ض] (أَبْت ، أُبُوت) [আবাতা] (দিবসের) উষ্ণতা তীব্র হওয়া, তাপ বৃদ্ধি পাওয়া

أَبِتَ [س] (أَبْت، أُبُوت) [আবিতা] (দিবসের) উষ্ণতা তীব্র হওয়া, তাপ বৃদ্ধি পাওয়া

أَبَتَّ (إِبْتَات) [بتت] [আবাত্তা] অনুসারী করা, কেটে ফেলা, সম্পন্ন করা

إِبَة [وأب] [ইবাহ্] লাঞ্ছনা, অপমান, লজ্জা

ابْتَاجَ (ابْتِيَاج) [بوج] [ইব্তাজা] (বিদ্যুৎ) চমকানো

ابْتَاعَ (ابْتِيَاع) [بيع] [ইব্তা'আ] কেনা, খরিদ করা, ক্রয় করা

ابْتَارَ (ابْتِيَار) [بئر] [ইব্তাআরা] কূপ খনন করা, গর্ত খোঁড়া, গর্ত করা

ابْتَأَسَ (ابْتِئَاس) [بأس] [ইব্তাআসা] দুঃখিত হওয়া, বিষণ্ণ হওয়া, চিন্তিত হওয়া

ابْتَدَّ (ابْتِدَاد) [بدد] [ইব্তাদ্দা] দুই দিক থেকে প্রহার করা

ابْتِدَاء [بدأ] [ইব্তিদা'] আরম্ভ, প্রারম্ভ, সূচনা, শুরু

ابْتِدَاءً مِنْ [ইব্তিদাআম মিন] আরম্ভ করে, শুরু করে, থেকে

ابْتِدَائِيّ [ইব্তিদা'ঈ] প্রাথমিক, প্রারম্ভিক, সূচনামূলক

تَعْلِيم ابْتِدَائِيّ [তা'লীম ইব্তিদাঈ] প্রাথমিক শিক্ষা

مَدْرَسَة ابْتِدَائِيَّة [মাদ্রসাহ ইব্তিদা'ইয়্যাহ] প্রাথমিক বিদ্যালয়, প্রাইমারী স্কুল

ابْتِدَاع [بدع] [ইব্তিদা'] আবিষ্কার, উদ্ভাবন, সৃষ্টি, নতুন প্রবর্তন, বিদ্আত

ابْتِدَاه [بده] [ইব্তিদাহ] মুখে মুখে রচনা, তাৎক্ষণিক রচনা, বিনা প্রস্তুতিতে বক্তৃতা

ابْتَدَأَ (ابْتِدَاء) [بدأ] [ইব্তাদাআ] আরম্ভ করা, শুরু করা, সূচনা করা

ابْتَدَرَ (ابْتِدَار) [بدر] [ইব্তাদারা] আগে আগে করা, তাড়াতাড়ি করা, দ্রুত হওয়া, ছুটে যাওয়া

ابْتَدَعَ (ابْتِدَاع) [بدع] [ইব্তাদা'আ] আবিষ্কার করা, উদ্ভাবন করা, নতুন প্রবর্তন করা, নতুন মত প্রবর্তন করা, বিদ্আত করা

ابْتَدَهَ (ابْتِدَاه) [بده] [ইব্তাদাহা] উপস্থিতভাবে রচনা করা, মুখে মুখে রচনা করা, বিনা প্রস্তুতিতে বক্তৃতা করা

ابْتَذَّ (ابْتِذَاذ) [بذذ] [ইব্তায্যা] কেড়ে নেওয়া, ছিনিয়ে নেওয়া, অপহরণ করা

ابْتِذَال [بذل] [ইব্তিযাল] অপচয়, অপব্যয়, অপব্যবহার, অতিব্যবহার, অভদ্রতা, অশালীনতা, গতানুগতিকতা, সাধারণত্ব

ابْتَذَلَ (ابْتِذَال) [بذل] [ইব্তাযালা] গতানুগতিক করা, সাধারণ করা, অতিব্যবহার করা, অপব্যয় করা, অপচয় করা, অপব্যবহার করা, অভদ্র হওয়া, অশালীন হওয়া

أَبْتَر ـ بَتْرَاء ج بُتْر [بتر] [আব্তার] নিঃসন্তান, ত্রুটিপূর্ণ, বিকলাঙ্গ, লেজকাটা, কর্তিত, দুষ্ট, অপদার্থ

الأَبْتَرَانِ [আল-আব্তারানি] দুই অপদার্থঃ দাস ও গাধা

أَبْتَرَ (إِبْتَار) [بتر] [আব্তারা] নিঃসন্তান করা, বিকলাঙ্গ করা

ابْتَرَّ (ابْتِرَار) [برر] [ইব্তারুরা] সঙ্গীদের থেকে আলাদা হওয়া, বিচ্ছিন্ন হওয়া

ابْتَرَدَ (ابْتِرَاد) [برد] [ইব্তারদা] গোসল করে শরীর ঠাণ্ডা করা, ঠাণ্ডা পানি দ্বারা গোসল করা

ابْتَرَكَ (ابْتِرَاك) [برك] [ইব্তারকা] বুকের নিচে চেপে ধরা, হাঁটু গেড়ে লড়াই করা, আদাজল খেয়ে লাগা

ابْتَرَكَ فِي عِرْضِهِ [ইব্তারকা ফী 'ইর্দিহী] গালাগালি করা, নিন্দা করা, অপমানিত করা

ابْتَرَى (ابْتِرَاء) [بري] [ইব্তারা] কাটা, কেটে ধারালো করা

ابْتَزَّ (ابْتِزَاز) [بزز] [ইব্তায্যা] কেড়ে নেওয়া, বলপূর্বক নিয়ে যাওয়া, ছিনিয়ে নেওয়া, ছিনতাই করা, অপহরণ করা

ابْتَزَّ بِالتَّهْدِيد [ইব্তায্যা বিত-তাহ্দীদ] হুমকি দিয়ে আদায় করা, ভয় দেখিয়ে আদায় করা, ব্লাকমেইল করা

ابْتِزَاز [بزز] [ইব্তিযায] ছিনতাই, অপহরণ, হাইজ্যাক

ابْتِزَاز تَهْدِيدِيّ [ইব্তিযায তাহ্দীদী] ভয় দেখিয়ে আদায়, ব্লাকমেইল

ابْتَزَغَ (ابْتِزَاغ) [بزغ] [ইব্তাযাগা] (বসন্ত) শুরু হওয়া, সূচিত হওয়া

ابْتَزَلَ (ابْتِزَال) [بزل] [ইব্তাযালা] (পাত্র) ছিদ্র হওয়া, চুইয়ে পড়া, ফোঁটা ফোঁটা করে পড়া, (শরীরের) রক্ত ঝরা

ابْتِسَام ، ابْتِسَامَة [بسم] [ইব্তিসাম, ইব্তিসামাহ] হাসি, হাস্য, মৃদু হাসি, মুচকি হাসি

اِبْتَسَرَ (اِبْتِسَار) [بسر] [ইব্তাসারা] আগে আগে করা, সময়ের আগে করা, অতিশয় তাড়াহুড়া করা, হঠকারিতা করা

اِبْتَسَلَ (اِبْتِسَال) [بسل] [ইব্তাসালা] বীরত্বের পরিচয় দেওয়া, ভয় না করা, সাহস করা

اِبْتَسَمَ (اِبْتِسَام) [بسم] [ইব্তাসামা] হাসা, হাস্য করা, মৃদু হাসা, মুচকি হাসা

اِبْتَشَكَ (اِبْتِشَاك) [بشك] [ইব্তাশাকা] বানিয়ে বলা, মিথ্যা বলা, অসত্য বলা

اِبْتَضَّ (اِبْتِضَاض) [بضض] [ইব্তাদ্দা] মূলোৎ-পাটন করা, মূলোচ্ছেদ করা, উপড়ে ফেলা

أَبْتَع مـ بَتْعَاء ج بُتْع [بتع] [আব্তা'] দৃঢ়কায়, বলিষ্ঠদেহী, সবল, সুতনু

اِبْتِعَاد [بعد] [ইব্তি'আদ] দূরত্বে অবস্থান, দূরে গমন, দূরত্ব, বিচ্ছিন্নতা, প্রত্যাহার, অনুপস্থিতি, পরিহার, ত্যাগ

اِبْتَعَثَ (اِبْتِعَاث) [بعث] [ইব্তা'আছা] প্রেরণ করা, উৎক্ষেপণ করা, ছোঁড়া, ছুঁড়ে মারা, জাগ্রত করা, জাগিয়ে তোলা, প্রণোদিত করা

اِبْتَعَدَ (اِبْتِعَاد) [بعد] [ইব্তা'আদা] দূরে থাকা, দূরে অবস্থান করা, দূরে যাওয়া, ছেড়ে যাওয়া, ত্যাগ করা, পরিহার করা, এড়িয়ে থাকা, অসম্ভাব্য হওয়া, বিচ্ছিন্ন হওয়া, অনুপস্থিত থাকা

اِبْتِغَاء [بغي] [ইব্তিগা'] কামনা, ইচ্ছা, পাওয়ার ইচ্ছা, অভিলাষ, খোঁজ, তালাশ

اِبْتِغَاءَ [ইব্তিগাআ] কামনায়, উদ্দেশ্যে, পাওয়ার আশায়, লাভের উদ্দেশ্যে

اِبْتَغَى (اِبْتِغَاء) [بغي] [ইব্তাগা] চাওয়া, কামনা করা, পেতে চাওয়া, খোঁজ করা, তালাশ করা

اِبْتَقَعَ (اِبْتِقَاع) [بقع] [ইব্তাক্বা'আ] রোগ দুঃখ বা ভয়ে চেহারার রং পরিবর্তিত হওয়া

أُبْتُقِعَ [بقع] [উব্তুক্বি'আ] রোগ দুঃখ বা ভয়ে চেহারার রং পরিবর্তিত হওয়া

اِبْتِكَار ج اِبْتِكَارَات [بكر] [ইব্তিকার] আবিষ্কার, উদ্ভাবন, সৃষ্টি, প্রবর্তন, নতুনত্ব

اِبْتَكَرَ (اِبْتِكَار) [بكر] [ইব্তাকারা] আবিষ্কার করা, উদ্ভাবন করা, সৃষ্টি করা, প্রবর্তন করা

اِبْتَلَّ (اِبْتِلَال) [بلل] [ইব্তাল্লা] (পানিতে) ভেজা, সিক্ত হওয়া, আর্দ্র হওয়া, সজল হওয়া

اِبْتِلَاء [بلي] [ইব্তিলা'] পরীক্ষা, পরখ, ভোগান্তি, কষ্টপ্রদান, নির্যাতন

اِبْتِلَاع [بلع] [ইব্তিলা'] গলাধঃকরণ, ভক্ষণ, গ্রাস

اِبْتَلَجَ (اِبْتِلَاج) [بلج] [ইব্তালাজা] প্রকাশিত হওয়া, উদ্ভাসিত হওয়া, পরিষ্কার হওয়া

اِبْتَلَعَ (اِبْتِلَاع) [بلع] [ইব্তালা'আ] গেলা, গিলে ফেলা, গলাধঃকরণ করা, ভক্ষণ করা, গ্রাস করা

اِبْتَلَى (اِبْتِلَاء) [بلي] [ইব্তালা] পরীক্ষায় ফেলা, পরীক্ষা করা, পরখ করা, কষ্ট দেওয়া, নির্যাতন করা, ভোগানো

أُبْتُلِيَ [بلي] [উব্তুলিয়া] পরীক্ষায় পড়া, কষ্টে পতিত হওয়া, নির্যাতিত হওয়া, ভোগা

اِبْتَنَى (اِبْتِنَاء) [بني] [ইব্তানা] বানানো, তৈরী করা, নির্মাণ করা, প্রতিষ্ঠা করা, সদ্ব্যবহার করা, পুত্রওয়ালা হওয়া

اِبْتِهَاج [بهج] [ইব্তিহাজ] প্রফুল্লতা, প্রসন্নতা, খুশি, আনন্দ

اِبْتِهَال [بهل] [ইব্তিহাল] মিনতি, অনুনয়, অভি-শাপ

اِبْتَهَجَ (اِبْتِهَاج) [بهج] [ইব্তাহাজা] আনন্দিত হওয়া, খুশী হওয়া, প্রফুল্ল হওয়া

اِبْتَهَرَ (اِبْتِهَار) [بهر] بِ [ইব্তাহারা] প্রদর্শন করা, জাহির করা, লোক দেখানো, চোখ ধাঁধানো আলোতে প্রদর্শন করা

اِبْتَهَرَ فِي [-- ফী] অতিশয়োক্তি করা, অতিরঞ্জিত করা, বাড়াবাড়ি করা

اِبْتَهَلَ (اِبْتِهَال) [بهل] [ইব্তাহালা] মিনতি করা, অনুনয় করা, অভিশাপ দেওয়া

اِبْتَهَى (اِبْتِهَاء) [بهي] بِ [ইব্তাহা] বড়াই করা, অহঙ্কার করা, গর্ব করা, গৌরব করা

اِبْتِيَاع [بيع] [ইব্তিয়া'] ক্রয়করণ, খরিদকরণ, ক্রয়, খরিদ

أَبَثَّ (إِبْثَاث) [بثث] [আবাছ্ছা] গোপন কথা বলা, গোপন কথা প্রকাশ করা

أَبْجَد [আব্জাদ] বর্ণক্রম, বর্ণানুক্রম, বর্ণমালা

أَبْجَدَ (إِبْجَاد) [بجد] [আব্জাদা] বর্ণানুক্রমিক করা, বর্ণমালার ক্রমানুসারে সাজানো

أَبْجَدِيّ مـ أَبْجَدِيَّة [আব্জাদী] বর্ণমালার ক্রমা-

নুযায়ী, বর্ণানুক্রমিক

[আল-হুরূফুল আবজাদিয়্যাহ] الحُرُوف الأَبْجَدِيَّة বর্ণমালা, the alphabet

[আবজাদিয়্যান] বর্ণমালার ক্রমানুসারে, أَبْجَدِيًّا বর্ণানুক্রমিকভাবে

[আবজাদিয়্যাহ] বর্ণক্রম, বর্ণানুক্রম, বর্ণ- أَبْجَدِيَّة মালা

[আবজার] অধিক أَبْجَر مث بَجْرَاء ج بُجْر [بجر] মোটা, স্থূলকায়, মেদবহুল, ভুঁড়িওয়ালা

[আবাহ্‌হ্] কর্কশ, কর্কশ أَبَحّ مث بَحَّاء ج بُحّ [بحح] স্বরবিশিষ্ট, ভগ্নস্বর

[আবাহ্‌হা] ভগ্নস্বর করা, أَبَحَّ (إِبْحَاح) [بحح] কর্কশ করা

[ইব্‌হার] সমুদ্রপথে ভ্রমণ, সমুদ্র- إِبْحَار [بحر] যাত্রা

[আব্‌হারা] সমুদ্রপথে ভ্রমণ أَبْحَرَ (إِبْحَار) [بحر] করা, সমুদ্রযাত্রা করা, ছেড়ে যাওয়া

[আব্‌খার] মুখ أَبْخَر مث بَخْرَاء ج بُخْر [بخر] থেকে দুর্গন্ধ আসে এমন, নিঃশ্বাসে দুর্গন্ধ আছে এমন, দুর্গন্ধযুক্ত

[আব্‌খাক] এক- أَبْخَق مث بَخْقَاء ج بُخْق [بخق] চক্ষুহীন, কানা

[আব্‌খাকা] কানা করা, أَبْخَقَ (إِبْخَاق) [بخق] এক-চক্ষুহীন করা

[আব্‌খালা] কৃপণ মনে أَبْخَلَ (إِبْخَال) [بخل] করা, কৃপণ দেখতে পাওয়া

[আবাদ] অবিনশ্বরতা, স্থায়িত্ব, أَبَد ج آبَاد ، أُبُود চিরন্তনতা, অনন্তকাল

[ইলাল আবাদ, লিল-আবাদ] إِلَى الأَبَد ، لِلأَبَد চিরকাল, চিরদিন, চিরকালের জন্য, চিরতরে

[আবাদান] সর্বদা, চিরকাল, চিরকালের জন্য, أَبَدًا চিরতরে, কখনো না

[আবাদা] বন্য হওয়া, ছুটে أَبَدَ [ن] [ض] (أُبُود) যাওয়া, পালিয়ে যাওয়া, ভয় পাওয়া, আতঙ্কিত হওয়া, (কবিতায়) দুর্বোধ্য শব্দ ব্যবহার করা

[-- বি] স্থায়ী হওয়া, টিকে أَبَدَ [ض] (أُبُود) بِ থাকা, চিরকাল থাকা, বাস করা

[আবিদা] বন্য হওয়া, রাগান্বিত أَبِدَ [س] (أَبَد) হওয়া, (কবিতায়) দুর্বোধ্য শব্দ ব্যবহার করা

[আব্বাদা] স্থায়ী করা, চিরস্থায়ী أَبَّدَ (تَأْبِيد) [أبد] করা, চিরন্তন করা, অমর করা

[আবাদ্‌] যার দুটি পা ও দুটি أَبَدّ مث بَدَّاء ج بُدّ হাতের একটি আরেকটি থেকে দূরে দূরে অবস্থিত, বিরাট দেহবিশিষ্ট যার অঙ্গ-প্রত্যঙ্গ একটি থেকে আরেকটি দূরে দূরে অবস্থিত, সুঠামদেহী

[আবিদ] পোষ মানানো যায়নি এমন, آبِد [أبد] বন্য (পশু)

[ইব্‌দা'] প্রকাশন, প্রদর্শন, ঘোষণা, إِبْدَاء [بدو] ব্যক্তকরণ, স্পষ্টকরণ

[ইব্‌দা'] আবিষ্কার, সৃষ্টি, প্রবর্তন, إِبْدَاع [بدع] নতুনত্ব, সৃজনশীলতা, মৌলিকত্ব, কীর্তি

[ইব্‌দা'ঈ] সৃজনশীল, মৌলিক, কীর্তিময়, إِبْدَاعِيّ চমৎকার, রোমান্টিক

[ইব্‌দা'ইয়্যাহ্] সৃজনশীলতা, إِبْدَاعِيَّة [بدع] মৌলিকত্ব, চমৎকারিত্ব, নতুনত্ব, কীর্তিময়তা, রোমান্টিসিজম

[আব্‌দাল] সুফীসাধকবৃন্দ, আবদাল أَبْدَال

[ইব্‌দাল] পরিবর্তন, রূপান্তরকরণ, إِبْدَال [بدل] বদলকরণ, বদলানো

[আব্‌দাআ] আবিষ্কার করা, أَبْدَأَ (إِبْدَاء) [بدأ] সৃষ্টি করা, প্রবর্তন করা

[আবিদাহ্] বন্য পশু, পোষ آبِدَة ج أَوَابِد [أبد] মানানো যায়নি এমন পশু

[আব্‌দারা] পূর্ণিমার রাতে أَبْدَرَ (إِبْدَار) [بدر] ভ্রমণ করা, পূর্ণিমার চাঁদ পাওয়া

[আব্‌দা'আ] আবিষ্কার করা, أَبْدَعَ (إِبْدَاع) [بدع] সৃষ্টি করা, নতুন কিছু করা, চমৎকার কিছু করা

[আব্‌দালা] বদলানো, বদল أَبْدَلَ (إِبْدَال) [بدل] করা, পরিবর্তে দেওয়া বা নেওয়া, পরিবর্তন করা, রূপান্তর করা

[আব্‌দা] প্রকাশ করা, ব্যক্ত أَبْدَى (إِبْدَاء) [بدو] করা, ঘোষণা করা, প্রদর্শন করা, স্পষ্ট করা

[আবাদী] চিরস্থায়ী, চিরন্তন, শাশ্বত, অনন্ত, أَبَدِيّ অবিনশ্বর

[আবাদিয়্যাহ্] অবিনশ্বরতা, চিরস্থায়িত্ব, أَبَدِيَّة চিরন্তনতা, অমরত্ব

[আব্যাআ] অশ্লীলতা করা أَبْذَأَ (إِبْذَاء) [بذأ]

[আব্যা] অশ্লীল কথা বলা أَبْذَى (إِبْذَاء) [بذو]

[আবারা] বিদ্ধ করা, أَبَرَ [ن] [ض] (أَبْر ، إِبَار) ফুটা করা, ছিদ্র করা, দংশন করা, কামড় দেওয়া, নিন্দা করা, কুৎসা করা, পরাগায়ন করা

[আবারা] (প্রতিশ্রুতি) পূরণ أَبَرَّ (إِبْرَار) [برر] করা, পালন করা, রক্ষা করা, কবুল করা, গ্রহণ করা, পরাগায়ন করা

[ইব্রা'] আরোগ্যকরণ, আরোগ্যদান, إِبْرَاء [برأ] আরোগ্য, অব্যাহতি, মাফকরণ, মুক্তকরণ

[ইব্রায] প্রকাশকরণ, পেশকরণ, বের- إِبْرَاز [برز] করণ, প্রক্ষেপণ, জোরদান, গুরুত্বপ্রদান, মলত্যাগ

[ইব্রাক] টেলিগ্রাফবিদ্যা, টেলিগ্রাফি, إِبْرَاق [برق] তারবার্তা প্রেরণ বা গ্রহণ, তড়িতায়ন, চমকানি, ঝলক

[ইব্রাম] বিরক্তকরণ, উত্ত্যক্তকরণ, إِبْرَام [برم] সুষ্ঠুভাবে সম্পাদন, সুদৃঢ়করণ, অনুমোদন, সত্যায়ন

[আব্রামীস] একপ্রকার মাছ, bream أَبْرَامِيس

[ইব্রাহীম] হযরত ইব্রাহীম (আ), সূরা إِبْرَاهِيم ইব্রাহীমঃ পবিত্র কোরআনের ১৪শ সূরা

[আব্রআ] আরোগ্য করা, সুস্থ أَبْرَأَ (إِبْرَاء) [برأ] করে তোলা, সারিয়ে তোলা

[-- মিন] মাফ করে দেওয়া, অব্যাহতি أَبْرَأَ مِنْ দেওয়া, মুক্ত করা

[ইব্রাহ] সূচ, সুচি, সূচী, সুঁই, কাঁটা, إِبْرَة ج إِبَر হুল

[আবরজ] সুন্দর أَبْرَج مث بَرْجَاء ج بُرْج [برج] চোখবিশিষ্ট, সুনয়ন, সুনেত্র

[আবরজা] দুর্গ বানানো أَبْرَجَ (إِبْرَاج) [برج]

[আব্রহা] স্থানচ্যুত করা, أَبْرَحَ (إِبْرَاح) [برح] সরিয়ে দেওয়া, সম্মান করা

[আব্রদা] ডাকে পাঠানো, أَبْرَدَ (إِبْرَاد) [برد] পোস্ট করা, (আকাশ) শিলা বর্ষণ করা, দুর্বল করা, ঠাণ্ডাকবলিত হওয়া

[আব্রযা] প্রকাশ করা, পেশ أَبْرَزَ (إِبْرَاز) [برز] করা, বের করা, প্রক্ষিপ্ত করা, জোর দেওয়া, বড় করা, মলত্যাগ করা

[আব্রশ] ছোট أَبْرَش مث بَرْشَاء ج بُرْش [برش] ছোট দাগযুক্ত, ফোঁটাযুক্ত

[আবরশিয়্যাহ] যাজকপল্লী, أَبْرَشِيَّة ج أَبْرَشِيَّات বিশপের এলাকা

[আব্রছ] কুষ্ঠে, أَبْرَص مث بَرْصَاء ج بُرْص [برص] কুষ্ঠরোগগ্রস্ত, কুষ্ঠরোগী

[আব্রক] পাথর বালি ও أَبْرَق ج أَبَارِق [برق] মাটির সমন্বয়ে গঠিত শক্ত ভূমি

[আব্রক] সাদা ও أَبْرَق مث بَرْقَاء ج بُرْق [برق] কালো রঙবিশিষ্ট, সাদা-কালো

[আব্রকা] উজ্জ্বল হওয়া, أَبْرَقَ (إِبْرَاق) [برق] ঝলকানো, বিদ্যুৎ চমকানো, তড়িতাহত হওয়া, তারবার্তা পাঠানো

[আব্রকা] (উটকে) হাঁটু أَبْرَكَ (إِبْرَاك) [برك] গেড়ে বসানো, নতজানু করা

[আব্রমা] বিরক্ত করা, ক্লান্ত أَبْرَمَ (إِبْرَام) [برم] করা, সুষ্ঠুভাবে সম্পাদন করা, শক্ত করা, সুদৃঢ় করা, অনুমোদন করা, সত্যায়ন করা

[আব্রমীস] একপ্রকার মাছ, bream أَبْرَمِيس

[ইব্রী] সুঁইবিক্রেতা, সুঁইওয়ালা, সুঁইয়ের إِبْرِيّ মত

[ইব্রিয়্যাহ] মাথার খুশকি, মরামাস إِبْرِيَّة

[ইব্রীজ] দুধ মন্থন করে ঘি তোলার পাত্র, إِبْرِيج মন্থনপাত্র

[ইব্রীয, ইব্রীযী] খাঁটি সোনা, إِبْرِيز ، إِبْرِيزِيّ নির্ভেজাল স্বর্ণ

[ইব্রীসাম, ইব্রীসিম] রেশম, إِبْرِيسَم ، إِبْرِيسِم সিল্ক

[ইব্রীক] জগ, কেতলি, কেটলি, إِبْرِيق ج أَبَارِيق লোটা

[ইব্রীকুশ শাই] চায়ের কেতলি, إِبْرِيق الشَّاي টীপট

[আব্রীল, ইব্রীল] এপ্রিল (মাস) أَبْرِيل ، إِبْرِيل

[ইব্যাম] কবজা, কজা, খিল إِبْزَام ج أَبَازِيم

[আব্যান] হাতমুখ ধোয়ার জন্য أَبْزَن ج أَبَازِن পানি রাখার গামলা বা বাটি, washbowl

[ইব্যীম] কবজা, কজা, খিল إِبْزِيم ج أَبَازِيم

أَبْسَرَ (إِبْسَار) [بسر] [আব্সারা] (ক্ষত থেকে) পুঁজ বের করা, (ফোঁড়া) গালা, চাপ দিয়ে রস বের করা, পিষ্ট করা, নিংড়ানো, অসময়ে পেতে চাওয়া

أَبْسَلَ (إِبْسَال) [بسل] [আব্সালা] আটক করা, বঞ্চিত করা, নিষিদ্ধ করা, নিষিদ্ধ ঘোষণা করা

أَبْشَرَ (إِبْشَار) [بشر] بِـ [আব্শারা] খুশী হওয়া, আনন্দিত হওয়া, প্রসন্ন হওয়া, সুসংবাদ দেওয়া

أَبْشَمَ (إِبْشَام) [بشم] [আব্শামা] বদহজমের কারণ ঘটানো

إِبْصَار [بصر] [ইব্ছার] দর্শন, প্রত্যক্ষকরণ, দৃষ্টি-প্রদান, উপলব্ধি, অনুভব

أَبْصَرَ (إِبْصَار) [بصر] [আব্ছরা] দেখা, প্রত্যক্ষ করা, লক্ষ্য করা, নজর দেওয়া, দৃষ্টি দেওয়া, উপলব্ধি করা, অনুভব করা

أَبْصَع مث بَصْعَاء ج بُصْع [بصع] [আব্ছ'] হাবা, বোকা, নির্বোধ

أَبْضَّ (إِبْضَاض) [بضض] لِـ [আবাদ্দা] সামান্য বস্তু দান করা, অল্প কিছু দেওয়া

أُبْض ج آبَاض [উব্দ] হাঁটুর পশ্চাদ্ভাগের কোটর, হাঁটুর ভিতরের দিক

أَبْضَعَ (إِبْضَاع) [بضع] [আব্দ'আ] পণ্য করা, পণ্যে পরিণত করা

إِبْط ج آبَاط [ইব্ত] বগল, বাহুমূল, (পাহাড়ের) পাদদেশ, ঢাল

إِبْطَاء [بطأ] [ইব্তা'] বিলম্বকরণ, বিলম্বিতকরণ, বিলম্ব, মন্থরতা

إِبْطَال [بطل] [ইব্তাল] বাতিলকরণ, নষ্টকরণ, অকেজোকরণ, নাকচকরণ, বিলোপসাধন

أَبْطَأ [بطأ] [আব্তা'] অধিকতর মন্থর, ধীরতর, অধিকতর বিলম্বিত, স্বল্পতর গতিসম্পন্ন

أَبْطَأَ (إِبْطَاء) [بطأ] [আব্তআ] বিলম্বিত করা, মন্থর হওয়া, বিলম্ব করা, ধীরে চলা

أَبْطَح مث بَطْحَاء [بطح] [আব্তাহ্] সমান, সম-তল, বিস্তৃত

أَبْطَح ج أَبَاطِح [আব্তাহ্] নদী বা উপত্যকার প্রশস্ত তলদেশ, গামলা আকারের উপত্যকা

أَبْطَرَ (إِبْطَار) [بطر] [আব্তরা] হতবুদ্ধি করা, অবাক করা, বিস্মিত করা, অবিবেচক করা, অহঙ্কারী করা

أَبْطَع مث بَطْعَاء ج بُطْع [بطع] [আব্তা'] নিচের চোয়ালের সামনের দাঁত পড়ে গিয়েছে এমন

أَبْطَلَ (إِبْطَال) [بطل] [আব্তলা] বাতিল করা, নাকচ করা, নষ্ট করা, অকেজো করা, অকার্যকর করা

أَبْطَنَ (إِبْطَان) [بطن] [আব্তনা] লুকিয়ে রাখা, গোপন করা, (কাপড়ে) ভিতরদিকে আস্তরণ লাগানো, লাইনিং করা, ঘনিষ্ঠ করা, বেঁধে রাখা

إِبْعَاد [بعد] [ইব্'আদ] দূরকরণ, দূরীকরণ, বিদূ-রণ, বিচ্ছিন্নকরণ, বিতাড়ন

أَبْعَد ج أَبَاعِد [بعد] [আব্'আদ] অধিকতর দূর-বর্তী, দূরতম

أَبْعَدَ (إِبْعَاد) [بعد] [আব্'আদা] দূর করা, বিদূ-রিত করা, দূরে রাখা, বাদ দেওয়া, বিচ্ছিন্ন করা, বিতাড়ন করা

أَبْعَرَ (إِبْعَار) [بعر] [আব্'আরা] (পশু) মলত্যাগ করা, পায়খানা করা, মল বের করা

أَبْعَضَ (إِبْعَاض) [بعض] [আব্'আদা] মশাবহুল হওয়া, মশাকবলিত হওয়া

أَبْغَث مث بَغْثَاء ج بُغْث [بغث] [আব্গাছ্] নীলাভ সাদা, ধূসরবর্ণের কাছাকাছি রংবিশিষ্ট

أَبْغَضَ (إِبْغَاض) [بغض] [আব্গাদা] ঘৃণা করা, অপছন্দ করা, বিরাগ পোষণ করা

أَبْغَى (إِبْغَاء) [بغي] [আব্গা] প্রত্যাশা করানো, প্রত্যাশী করা, চাইতে সাহায্য করা

أَبَق [আবাক] একপ্রকার শণ

أَبَقَ [ن] [ض] (أَبْق ، أَبَق) [আবাক্বা] পলায়ন করা, পালিয়ে যাওয়া, ভাগা, ভেগে যাওয়া

أَبِقَ [س] (أَبْق ، أَبَق) [আবিক্বা] পলায়ন করা, পালিয়ে যাওয়া, ভাগা, ভেগে যাওয়া

آبِق ج أُبَّاق ، آبِقُون [أبق] [আবিক্ব] পলায়নকারী, পলাতক

إِبْقَاء [بقي] [ইব্ক্বা'] রক্ষা, রক্ষণ, রক্ষণাবেক্ষণ, স্থায়ীকরণ

أَبْقَرَ (إِبْقَار) [بقر] [আব্ক্বারা] বিদীর্ণ করা, চেরা, ফাড়া

أَبْقَع ست بَقْعَاء ج بُقْع [بقع] [আব্‌কা'] ছোট ছোট দাগযুক্ত, সাদা-কালো দাগযুক্ত, ফোঁটাযুক্ত, নানান রঙবিশিষ্ট, চিত্রবিচিত্র

أَبْقَلَ (إِبْقَال) [بقل] [আব্‌কালা] সবজি উৎপন্ন করা, সবজির মালিক হওয়া, প্রকাশিত হওয়া, উদগত হওয়া

أَبْقَى [بقي] [আব্‌কা] অধিকতর স্থায়ী, বেশী দীর্ঘস্থায়ী

أَبْقَى (إِبْقَاء) [بقي] [আব্‌কা] রাখা, বাকি রাখা, রেখে দেওয়া, থাকতে দেওয়া, টিকিয়ে রাখা, বাঁচিয়ে রাখা, স্থায়ী করা, ছেড়ে দেওয়া, যেমন আছে তেমন রাখা

إِبْكَار [بكر] [ইব্‌কার] প্রভাত, সকাল, প্রত্যুষ, ভোর, উষা

أَبْكَرَ (إِبْكَار) [بكر] [আব্‌কারা] প্রভাতে সম্পন্ন করা, প্রত্যুষে ওঠা, সকালে আসা বা যাওয়া, অগ্রসর হওয়া

أَبْكَم ست بَكْمَاء ج بُكْم [بكم] [আব্‌কাম] বোবা, মূক, নির্বাক

أَبْكَمَ (إِبْكَام) [بكم] [আব্‌কামা] বোবা বানানো, নির্বাক করা

أَبْكَى (إِبْكَاء) [بكي] [আব্‌কা] কাঁদানো, ক্রন্দন উদ্রেক করা, কান্না জাগানো

أَبَلَ (ن) (أَبَالَة) [আবালা] উটের রক্ষণাবেক্ষণ করা, উট পালা

أَبِلَ (س) (أَبَل) [আবিলা] উটের রক্ষণাবেক্ষণ করা, উট পালা

أَبَلَّ (إِبْلَال) [بلل] [আবাল্লা] আরোগ্য লাভ করা, সুস্থ হয়ে ওঠা

آبِل ج أُبَّال [আবিল] উট রক্ষণাবেক্ষণকারী, উট পালনকারী

إِبِل ج آبَال ، أَبِيل [ইবিল] উট, উষ্ট্র, ক্রমেল, ক্রমেলক

أَبَلّ ست بَلَّاء ج بُلّ [بلل] [আবাল্] পাপিষ্ঠ, ইতর, ঝগড়াটে, অধিকতর বা সবচেয়ে উপযোগী

إِبْلَال [بلل] [ইব্‌লাল] আরোগ্য, সুস্থতা

إِبْلَاغ [بلغ] [ইব্‌লাগ] অবহিতকরণ, সংবাদদান, প্রচার, ঘোষণা, বিজ্ঞপ্তি, সমন, তথ্য

أَبْلَة [وبل] [আবালাহ্] বদহজম, অজীর্ণ

أُبْلَة [উবুল্লাহ্] গোত্র, বংশ

أَبْلَج ست بَلْجَاء ج بُلْج [بلج] [আব্‌লাজ] উজ্জ্বল, সুন্দর, পরিষ্কার, স্বচ্ছ, সুস্পষ্ট, উদ্ভাসিত, প্রদীপ্ত

أَبْلَجَ (إِبْلَاج) [بلج] [আব্‌লাজা] উজ্জ্বল হওয়া, আলো দেওয়া, উদ্ভাসিত হওয়া, প্রদীপ্ত হওয়া

أَبْلَد ست بَلْدَاء ج بُلْد [بلد] [আব্‌লাদ] স্থূলবুদ্ধি, অমেধাবী, হাবা, হাবলা

أَبْلَدَ (إِبْلَاد) [بلد] [আব্‌লাদা] স্থায়ী বাসিন্দা হওয়া, স্থায়ী বাসিন্দা করা

أَبْلَسَ (إِبْلَاس) [بلس] [আব্‌লাসা] নিরাশ হওয়া, লজ্জিত হওয়া, নিশ্চুপ হওয়া, হতভম্ব হওয়া

أَبْلَطَ (إِبْلَاط) [بلط] [আব্‌লাতা] টালি বসানো, টাইল্‌স্ লাগানো, সর্বস্ব ছিনিয়ে নেওয়া

أُبْلِطَ [উব্‌লিতা] সর্বস্ব হারিয়ে মাটিতে পড়ে থাকা

أَبْلَعَ (إِبْلَاع) [بلع] [আব্‌লা'আ] গলাধঃকরণ করানো, গেলানো, ভক্ষণ করানো

أَبْلَغ [بلغ] [আব্‌লাগ] পূর্ণাঙ্গতর, গভীরতর, অধিকতর জোরদার, অধিকতর গুরুত্বপূর্ণ

أَبْلَغَ (إِبْلَاغ) [بلغ] [আব্‌লাগা] পৌঁছিয়ে দেওয়া, সংবাদ দেওয়া, অবহিত করা, জানানো, বিজ্ঞপ্তি দেওয়া, ঘোষণা করা

أَبْلَغَ عَنْ [-- 'আন] জানিয়ে দেওয়া, ফাঁস করে দেওয়া, বেঈমানি করা, বিশ্বাসঘাতকতা করা

أَبْلَق ست بَلْقَاء ج بُلْق [بلق] [আব্‌লাক] ছোট ছোট দাগযুক্ত, সাদা-কালো দাগযুক্ত, ফোঁটা-যুক্ত, চিত্রবিচিত্র

أَبْلَقَ (إِبْلَاق) [بلق] [আব্‌লাক্বা] সাদা-কালো দাগযুক্ত হওয়া, ফোঁটাযুক্ত হওয়া

أَبْلَه ست بَلْهَاء ج بُلْه [بله] [আব্‌লাহ্] নির্বোধ, বোকা, হাবা, হাবলা, স্থূলবুদ্ধি

أَبْلَهَ (إِبْلَاه) [بله] [আব্‌লাহা] নির্বোধ দেখতে পাওয়া

أَبْلَى (إِبْلَاء) [بلي] [আব্‌লা] জীর্ণ করা, ক্ষয় করা, পরীক্ষা করা, কষ্ট দেওয়া, নির্যাতন করা

إِبْلِيس ج أَبَالِسَة [ইব্‌লীস] ইবলীস, শয়তান

أَبَّنَ (تَأْبِين) [أبن] [আব্বানা] মৃত ব্যক্তির প্রশংসা

করা, সামনা-সামনি দোষারোপ করা

اِبْن ج أَبْنَاء ، بَنُون [بنو ، بني] [ইব্‌ন] ছেলে, পুত্র, তনয়, বংশধর

اِبْن الْأَخ [ইব্‌নুল আখ] ভ্রাতুষ্পুত্র, ভাতিজা, ভাই-পো

اِبْن الْأُخْت [ইব্‌নুল উখ্‌ত] ভাগিনেয়, ভাগিনা, ভাগনে

اِبْن آدَم [ইব্‌ন আদাম] আদম (আ)-এর পুত্র বা বংশধর, আদমসন্তান, মানুষ, মানব

اِبْن آوَى [ইব্‌ন আওয়া] শৃগাল, শিয়াল, শেয়াল, ফেরু

اِبْن بَرِيح [ইব্‌ন বারীহ্] কাক, দাঁড়কাক

اِبْن الْبَلَد [ইব্‌নুল বালাদ] দেশের সন্তান, দেশের মানুষ, নাগরিক, দেশবাসী

اِبْن بِالتَّبَنِّي [ইব্‌ন বিত-তাবান্নী] বানানো পুত্র, দত্তকপুত্র, পোষ্যপুত্র

اِبْن جَلَا [ইব্‌ন জালা] বিখ্যাত ব্যক্তি, প্রভাত, চন্দ্র

اِبْن الْحَرْب [ইব্‌নুল হার্‌ব] যোদ্ধা, সৈনিক

اِبْن دَايَة [ইব্‌ন দা'ইয়াহ্] কাক

اِبْن ذُكَاء [ইব্‌ন যুকা'] প্রভাত, সকাল

اِبْن بِالتَّرْبِيَة [ইব্‌ন বিত-তার্‌বিয়াহ্] পালিত পুত্র

اِبْن بِالرَّضَاع [ইব্‌ন বির-রিদা'] পালিত পুত্র

اِبْن الزَّوْج [ইব্‌নুয যাওজ] (অন্য স্ত্রী থেকে) স্বামীর ছেলে, সৎপুত্র, সৎছেলে

اِبْن الزَّوْجَة [ইব্‌নুয যাওজাহ্] (অন্য স্বামী থেকে) স্ত্রীর ছেলে, সৎপুত্র, সৎছেলে

اِبْن سَاعَتِه [ইব্‌নু সা'আতিহী] ক্ষণস্থায়ী, স্বল্প-কালীন, তাৎক্ষণিক, স্বয়ংক্রিয়, স্বতঃস্ফূর্ত, পূর্বপ্রস্তুতি ছাড়া রচিত

اِبْن السَّبِيل [ইব্‌নুস সাবীল] পথিক, মুসাফির, ভ্রমণকারী, পর্যটক

اِبْن الطَّوْد [ইব্‌নুত তাওদ] প্রতিধ্বনি

اِبْن عِرْس [ইব্‌নু 'ইর্‌স] বেজি, নেউল, নকুল

اِبْن الْعَمّ [ইব্‌নুল 'আম্] চাচার ছেলে, চাচাতো ভাই, পিতৃব্যপুত্র

اِبْن قِتْرَة ج بَنَات قِتْرَة [ইব্‌ন ক্বিত্‌রাহ্] ফোঁটা ফোঁটা দাগযুক্ত একপ্রকার ক্ষুদ্রাকার বিষাক্ত সাপ

اِبْن الْيَوْم [ইব্‌নুল ইয়াওম] আজকের ছেলেঃ যে শুধু আজকের কথাই ভাবে, আগামীকাল নিয়ে যার কোন ভাবনা নেই

اِبْنَة ج اِبْنَات [بنو ، بني] [ইব্‌নাহ্] কন্যা, পুত্রী, মেয়ে, তনয়া

اِبْنَة الْجَبَل [ইব্‌নাতুল জাবাল] সাপ, প্রতিধ্বনি

أُبْنَة ج أُبَن [উব্‌নাহ্] গিঁঠ, গিরা, ত্রুটি, বিদ্বেষ

اِبْنُم [بني] [ইব্‌নুম] পুত্র, ছেলে, তনয়

أَبْنُوس ، آبَنُوس [আব্‌নূস, আবানূস] আবলুসঃ একপ্রকার গাছ ও তার কাঠ

أَبْنَى (إِبْنَاء) [بني] [আব্‌না] ভিত্তি প্রদান করা, নির্মাণ করতে দেওয়া, ঘর বানাতে দেওয়া

أَبَهَ [ف]، أَبِهَ [س] (أَبْه) بِ ، لِ [আবাহা, আবিহা] মনোযোগ দেওয়া, যত্ন নেওয়া, লক্ষ্য রাখা, খেয়াল রাখা

اِبْهَارّ (اِبْهِيرَار) [بهر] [ইব্‌হার্‌রা] (দিন/রাত) বেড়ে যাওয়া, (রাত) অন্ধকারাচ্ছন্ন হওয়া, দীর্ঘায়িত হওয়া

إِبْهَام [بهم] [ইব্‌হাম] অস্পষ্টতা, অবোধগম্যতা, দ্ব্যর্থকতা

إِبْهَام ج أَبَاهِم ، أَبَاهِيم [ইব্‌হাম] বুড়ো আঙ্গুল, বৃদ্ধাঙ্গুলি, বৃদ্ধাঙ্গুষ্ঠ

أَبْهَتَ (إِبْهَات) [بهت] [আব্‌হাতা] হতবাক করা, হতবুদ্ধি করা, হতভম্ব করা, স্তম্ভিত করা, ফ্যাকাশে করা, অনুজ্জ্বল করা

أُبَّهَة [উব্বাহাহ্] ঔজ্জ্বল্য, আড়ম্বর, জাঁকজমক, অহঙ্কার, বড়াই, দেমাক

أَبْهَجَ (إِبْهَاج) [بهج] [আব্‌হাজা] আনন্দিত করা, খুশী করা, সন্তুষ্ট করা, প্রফুল্ল করা

أَبْهَر [بهر] [আব্‌হার] উজ্জ্বলতর, অধিকতর দীপ্তিমান, উৎকৃষ্টতর, মহাধমনী, aorta, মেরুদণ্ড

أَبْهَرَ (إِبْهَار) [بهر] [আব্‌হারা] ধাঁধা লাগানো, বিস্ময়াভিভূত করা, উত্তপ্ত হওয়া, জ্বলে ওঠা

أَبْهَظَ (إِبْهَاظ) [بهظ] [আব্‌হাযা] চাপ দেওয়া, চাপ হওয়া, বোঝা হওয়া

أَبْهَل [بهل] [আব্‌হাল] তৃণবিশেষ, savina

أَبْهَم مث بَهْمَاء ج بُهْم [بهم] [আব্‌হাম] বোবা,

মূক, বাকশক্তিহীন, নির্বাক

أَبْهَمَ (إِبْهَام) [بهم] [আব্‌হামা] অস্পষ্ট করা, অবোধগম্য করা, দ্ব্যর্থক করা, গোপন করা

أَبْهَى (إِبْهَاء) [بهي] [আব্‌হা] সুদর্শন হওয়া, খালি করা, ফেলে রাখা

أَبُو الأَشْبَال [আবুল আশ্‌বাল] সিংহ, কেশরী

أَبُو إِيَاس [আবূ ইয়াস] পিপাসাকারী বস্তুঃ (খাবার পর) হাত ধোয়ার পানি

أَبُو الْبَشَر [আবুল বাশার] মানবজাতির (আদি) পিতাঃ হযরত আদম (আ)

أَبُو ثَقِيف [আবূ ছাক্বীফ] সিরকা, সির্কা

أَبُو جَابِر [আবূ জাবির] রুটি (খাদ্য)

أَبُو جَامِع [আবূ জামি'] দস্তরখান, খাবার টেবিল

أَبُو جَعَادَة [আবূ জা'আদাহ] নেকড়ে (বাঘ)

أَبُو جَعْدَة [আবূ জা'দাহ] নেকড়ে (বাঘ)

أَبُو جِعْرَان [আবূ জি'রান] গুবরেপোকা

أَبُو جَمِيل [আবূ জামীল] সবজি, তরকারি

أَبُو الْحَارِث [আবুল হারিছ] সিংহ, মৃগেন্দ্র

أَبُو حَبِيب [আবূ হাবীব] ভুনা বকরী

أَبُو حُدَيْج [আবূ হুদাইজ] সারস (পাখি)

أَبُو الْحُصَيْن [আবুল হুছইন] শৃগাল, খেঁকশিয়াল

أَبُو الْحِنَّاء [আবুল হিন্না'] দোয়েল, রবিন (পাখি)

أَبُو خَالِد [আবূ খালিদ] কুকুর (প্রাণী)

أَبُو خِنْجِر [আবূ খিন্‌জির] হেলেঞ্চা বা কলমি-জাতীয় শাক, nasturtium

أَبُو دَغْفَاء [আবূ দাগ্‌ফা'] বোকা, নির্বোধ

أَبُو ذَقْن [আবূ যাক্বন] একপ্রকার মাছ, goat-fish

أَبُو رَزِين [আবূ রযীন] খাবীছঃ খেজুর ননী ও মাড় দিয়ে তৈরী একপ্রকার মিষ্টান্ন

أَبُو الرُّكَب [আবুর রুক্কাব] ডেঙ্গু জ্বর, হাড়-ভাঙ্গা জ্বর

أَبُو زَاجِر [আবূ যাজির] কাক (পাখি)

أَبُو زُرَيْق [আবূ যুরইক] রঙিন পালকবিশিষ্ট কিচির-মিচিরকারী একপ্রকার পাখি, jay

أَبُو زُمَّارَة [আবূ যাম্মারাহ] একপ্রকার মাছ, pipefish

أَبُو السُّرُو [আবুস সার্‌ও] ধোঁয়া দেওয়ার ধূপ, সুগন্ধদ্রব্য, সুগন্ধি

أَبُو سُعْن [আবূ সু'ন] পূর্ব আফ্রিকার একপ্রকার সারস, হাড়গিলা (পাখি)

أَبُو سَيْف [আবূ সাইফ] তলোয়ার মাছ, sword-fish

أَبُو الشِّصّ [আবুশ শিছ্] একপ্রকার মাছ, ang-lerfish

أَبُو صَابِر [আবূ ছাবির] লবণ

أَبُو صُفَيْر [আবূ ছুফাইর] কমলালেবুজাতীয় তিক্ত ফলবিশেষ, জামির

أَبُوظَبْي [আবূ যব্‌ই] আবুধাবী (নগরী)ঃ সংযুক্ত আরব আমীরাতের রাজধানী

أَبُو الْعَلَاء [আবুল 'উলা'] ফালুদাঃ একপ্রকার মিষ্টান্ন

أَبُو عَمْرَة [আবূ 'আম্‌রাহ] ক্ষুধা, দারিদ্র

أَبُو عَوْن [আবূ 'আওন] লবণ

أَبُو فِرَاس [আবূ ফিরাস] সিংহ, মৃগেন্দ্র, কেশরী

أَبُو فَرْوَة [আবূ ফার্‌ওয়াহ] বাদাম

أَبُو قِتْرَة [আবূ ক্বিত্‌রাহ] ইবলীস, শয়তান

أَبُو قُرَّة [আবূ কুর্‌রাহ] গিরগিটি (প্রাণী)

أَبُو قَرْن [আবূ ক্বার্‌ন] শিংওয়ালা পাখিবিশেষ, ধনেশ পাখি

أَبُو كَاسِب [আবূ কাসিব] নেকড়ে (বাঘ)

أَبُو كَعْب [আবূ কা'ব] কর্ণমূলস্ফীতি, গালফোলা রোগ, মাম্পস (mumps)

أَبُو كُعَيْب [আবূ কু'আইব] কর্ণমূলস্ফীতি, গাল-ফোলা রোগ, মাম্পস (mumps)

أَبُو لَاحِق [আবূ লাহিক] বাজপাখি

أَبُو لُبَد [আবূ লুবাদ] সিংহ, মৃগেন্দ্র, কেশরী

أَبُو لَهَب [আবূ লাহাব] আবু লাহাবঃ রসূলুল্লাহর (স) চাচা আব্দুল উয্‌যার কুনিয়াত (ডাকনাম)

أَبُو مَالِك [আবূ মালিক] ক্ষুধা, বার্ধক্য

أَبُو الْمَثْوَى [আবুল মাছ্ওয়া] ঘরের মালিক, বাড়িওয়ালা, মেহমান, অতিথি

أَبُو مُرَّة [আবূ মুর্রাহ্] ইবলীস, শয়তান

أَبُو مِقَصّ [আবূ মিক্বাছ্] লম্বা ঠোঁটওয়ালা জলচর পাখিবিশেষ skimoner, গুবরে পোকাজাতীয় ক্ষুদ্র কীটবিশেষ, earwig

أَبُو مِنْجَل [আবূ মিন্জাল] লম্বা ঠোঁট ও লম্বা পাওয়ালা একপ্রকার পাখি

أَبُو الْمُنْذِر [আবুল মুন্যির] মোরগ, পোষা মোরগ

أَبُو مِنْشَار [আবূ মিন্শার] করাত মাছঃ হাঙ্গর-জাতীয় একপ্রকার মাছ, sawfish

أَبُو مِنْقَار [আবূ মিন্ক্বার] একপ্রকার লম্বা মাছ, garfish

أَبُو النَّوْم [আবুন নাওম] আফিম গাছ, পপিফুলের গাছ

أَبُو نُعَيْم [আবূ নু'আইম] (চাপাতি) রুটি

أَبُو الْهَوْل *[আবুল হাওল] স্ফিংসঃ মিশরের পিরা-*মিডসংলগ্ন বিশাল প্রস্তরমূর্তি, the sphinx

أَبُو الْوَرَى [আবুল ওয়ারা] যুগ, কাল, মহাকাল

أَبُو الْيَقْظَان [আবুল ইয়াক্যান] মোরগ, পোষা মোরগ

الأَبَوَان ، الأَبَوَيْن [আল-আবাওয়ান, আল-আবাওয়াইন] পিতামাতা, মাতাপিতা, বাবা-মা, মা-বাবা

أُبُوَّة [أبو] [উবুওওয়াহ্] পিতৃত্ব, পিতার বৈশিষ্ট্য, পিতৃসুলভ আচরণ

أَبَوِيّ [আবাবী] পিতাসংক্রান্ত, পিতৃ-, পিতৃ-বিষয়ক, পিতৃসুলভ, পৈত্রিক

أَبَى ف। (إِبَاء ، إِبَاءَة) [আবা] অস্বীকার করা, মানতে রাজি না হওয়া, অমান্য করা, ঘৃণা করা, অবজ্ঞা করা

أَبِيَ س। (أَبًى ، إِبًى) [আবিয়া] বিরত থাকা

أَبِيّ [أبي] [আবী] অবজ্ঞাপূর্ণ, ঔদ্ধত্যপূর্ণ, উদ্ধত, উন্নাসিক, গর্বিত

آبٍي ، آبٍ ج أُبَاة [أبي] [আবী] অস্বীকারকারী, অসম্মত, মানতে নারাজ

أُبَيْحِر [بحر] [উবাইহির] ছোট সমুদ্র

أَبْيَض مث بَيْضَاء ج بِيض [بيض] [আব্ইয়াদ] সাদা, শ্বেত, শুভ্র, উজ্জ্বল, খাঁটি, নির্ভেজাল, নিষ্কলঙ্ক, দাগবিহীন, লেখা হয়নি এমন, খালি

الخَيْط الأَبْيَض [আল-খাইতুল আব্ইয়াদ] শুভ্র আলোকরেখা, প্রভাতের প্রথম আলো

الذَّهَب الأَبْيَض [আয-যাহাবুল আব্ইয়াদ] প্লাটি-নামঃ মূল্যবান সাদা ধাতুবিশেষ

مَوْت أَبْيَض [মাউত আব্ইয়াদ] স্বাভাবিক মৃত্যু

اِبْيَضَّ (اِبْيِضَاض) [بيض] [ইব্ইয়াদ্দা] সাদা হওয়া, শুভ্র হওয়া, শ্বেতবর্ণ হওয়া

اِبْيِضَاض [بيض] [ইব্য়িদাদ] শুভ্রতা, ধবলতা, শুক্লতা, সাদা

اِبْيِضَاض الدَّم [ইব্য়িদাদুদ দাম] রক্তের শ্বেত-কণিকা বৃদ্ধি, লিউকেমিয়া (রোগ)

أَبِيل ج آبَال ، أَبَابِيل [আবীল] খ্রীষ্টান সন্ন্যাসী, পাদ্রী, নাকূসঃ এক প্রকার বাদ্যযন্ত্র, নাকূসবাদক

أَبِيلِيّ [আবীলী] খ্রীষ্টান সন্ন্যাসী, পাদ্রী

أَتَا ن। (أُتُو ، إِتَاء) [أتو] [আতা] (গাছে) ফল ধরা, ফল বেশি হওয়া

أَتَا بِ ، عَلَى [-- বি, 'আলা] গীবত করা, কুৎসা রটানো

إِتَاء [أتو] [ইতা'] (গাছে) ফলধরণ, (ক্ষেতের) ফসল

أَتَابِك [আতাবিক] নেতা, প্রধান, প্রভু, যুবরাজ

أَتَاحَ (إِتَاحَة) [تيح] لِ [আতাহা] সম্ভব করা, সহজ করে দেওয়া, সুযোগ দেওয়া, অনুমতি দেওয়া, প্রদান করা, দান করা, দেওয়া, যোগান দেওয়া, নিয়তি-নির্ধারিত করা

إِتَاد ج أُتُد ، آتِدَة [ইতাদ] (দুধ দোহনকালে) গাভীর পা বেঁধে রাখার রশি

أَتَان ج أُتُن [আতান] গাধী, গর্দভী

أَتَاهَ (إِتَاهَة) [تيه] [আতাহা] বিপথগামী করা, বিভ্রান্ত করা, দিশেহারা করা

إِتَاوَة ج إِتَاوَات ، أَتَاوِي [أتو] [ইতাওয়াহ্] কর, শুল্ক, ঘুষ, উপরি

اِتَّأَدَ (اِتِّئَاد) [وأد] [ইত্তাআদা] মন্থর হওয়া, বিলম্ব

করা, ঢিলেমি করা, সময় নেওয়া

أَتْأَرَ (إِتْآر) الْبَصَرَ [تأر] [আত্আরল বাছরা] স্থির দৃষ্টিতে তাকানো, দৃষ্টি নিবদ্ধ করা

أَتَبَّ (إِتْبَاب) [تبب] [আতাব্বা] দুর্বল করা

إِتْبَاع [تبع] [ইত্বা'] অনুসরণ, অনুগমণ, আনুগত্য, অধীনস্থতা, সংযোজন, পরিশিষ্ট, ব্যাখ্যা-বিশেষ্য ব্যবহার (ব্যা)

اِتِّبَاع [تبع] [ইত্তিবা'] অনুসরণ, মান্যকরণ, আনুগত্য, পালন, অনুকরণ, পশ্চাদ্ধাবন

اِتِّبَاعًا لِـ [ইত্তিবা'আন লি] অনুসরণে, পদাঙ্ক অনুসরণ করে, দেখাদেখি, অনুসারে, অনুযায়ী

اِتِّبَاعِيّ [ইত্তিবা'ঈ] সনাতন, প্রাচীন, ক্লাসিক

اِتِّبَاعِيَّة [ইত্তিবা'ইয়্যাহ] সনাতনতা, প্রাচীনত্ব, ক্ল্যাসিসিজম

أَتْبَعَ (إِتْبَاع) [تبع] بِـ [আত্বা'আ] অনুসারী করা, অনুগামী করা, অধীন করা, অনুসরণ করা, পিছনে লাগা, সংযোজন করা, (ব্যাকরণে) ব্যাখ্যা-বিশেষ্য (appositive) ব্যবহার করা

اِتَّبَعَ (اِتِّبَاع) [تبع] [ইত্তাবা'আ] অনুসরণ করা, পিছনে পিছনে চলা, পশ্চাদ্ধাবন করা, অনুগামী হওয়া, মান্য করা, পালন করা

أَتْبَلَ (إِتْبَال) [تبل] [আত্বালা] রুগ্ন করা, বুদ্ধি বিলুপ্ত করা

اِتِّجَار [تجر] [ইত্তিজার] ব্যবসা, বাণিজ্য, সওদাগরি

اِتِّجَاه ج اِتِّجَاهَات [وجه] [ইত্তিজাহ] মনোভাব, দৃষ্টিভঙ্গি, ঝোঁক, প্রবণতা, দিক, গতি

اِتِّجَاهِيّ [وجه] [ইত্তিজাহী] নির্দেশনামূলক

اِتَّجَرَ (اِتِّجَار) [تجر] [ইত্তাজারা] ব্যবসা করা, বাণিজ্য করা, ক্রয়-বিক্রয় করা, সওদাগরি করা

اِتَّجَهَ (اِتِّجَاه) [وجه] إِلَى [ইত্তাজাহা] অভিমুখী হওয়া, মুখ ফিরানো, মনোযোগ দেওয়া, উদ্দেশ্য করা

اِتِّحَاد [وحد] [ইত্তিহাদ] ঐক্য, একতা, ঐক্যমত, সংযুক্তি

اِتِّحَاد ج اِتِّحَادَات [وحد] [ইত্তিহাদ] সঙ্ঘ, জোট, ইউনিয়ন, ফেডারেশন

اِتِّحَاد الآرَاء [ইত্তিহাদুল আরা'] ঐক্যমত, মতের মিল, সর্বসম্মতি

بِاتِّحَاد الآرَاء [বিত্তিহাদিল আরা'] ঐক্যমতের ভিত্তিতে, সর্বসম্মতিক্রমে

الاتِّحَاد السُّوفِيَاتِيّ [আল-ইত্তিহাদুস সৌফিয়াতী] সোভিয়েত ইউনিয়ন (দেশ)

اِتِّحَادِيّ مث اِتِّحَادِيَّة [ইত্তিহাদী] ঐক্যবিষয়ক, যুক্তরাষ্ট্রীয়, ফেডারেল, ঐক্যপন্থী, সম্মিলনপন্থী

حُكُومَة اِتِّحَادِيَّة [হুকূমাহ ইত্তিহাদিয়্যাহ] যুক্তরাষ্ট্রীয় সরকার

اِتِّحَادِيَّة [ইত্তিহাদিয়্যাহ] সম্মিলন-পন্থা, মৈত্রীতন্ত্র, যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা

اِتَّحَدَ (اِتِّحَاد) [وحد] [ইত্তাহাদা] সংযুক্ত হওয়া, একত্রিত হওয়া, ঐক্যবদ্ধ হওয়া, মৈত্রীবদ্ধ হওয়া

أَتْحَفَ (إِتْحَاف) [تحف] بِـ [আত্হাফা] উপহার দেওয়া, উপঢৌকন দেওয়া

أَتَخَّ (إِتْخَاخ) [تخخ] [আতাখ্খা] নরম করার জন্য বেশি পানি দেওয়া

اِتَّخَذَ (اِتِّخَاذ) [أخذ] [ইত্তাখাযা] লওয়া, ধরা, গ্রহণ করা, বেছে নেওয়া, পছন্দ করা, বানানো, গঠন করা

أَتْخَمَ (إِتْخَام) [تخم ، وخم] [আত্খামা] বেশী খাওয়ানো, অতিভোজন করানো, বদহজম ঘটানো, অসুস্থ করা

اِتَّخَمَ (اِتِّخَام) [تخم ، وخم] [ইত্তাখামা] বেশী খাওয়া, অতিভোজন করা, বদহজম হওয়া

أَتْرَبَ (إِتْرَاب) [ترب] [আত্রবা] ধুলায় ভরে দেওয়া, ধুলায় ঢেকে দেওয়া, ধূলি নিক্ষেপ করা, ধনাঢ্য হওয়া, নিঃস্ব হওয়া

أُتْرُجّ ، أُتْرُجَّة [উত্রুজ্জ, উত্রুজ্জাহ] জামির, জাম্বীর, লেবুজাতীয় একপ্রকার ফল

أَتْرَحَ (إِتْرَاح) [ترح] [আত্রহা] দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া

أَتْرَسَ (إِتْرَاس) [ترس] [আত্রসা] বন্ধ করা, তালা দেওয়া, অর্গলবদ্ধ করা, খিল লাগানো

أَتْرَع مث تَرْعَاء ج تُرْع [ترع] [আত্রা'] পরিপূর্ণ, কানায় কানায় পূর্ণ, ভরা (পাত্র)

أَتْرَعَ (إِتْرَاع) [ترع] [আত্র'আ] (পাত্র) ভরা, পূর্ণ করা, পরিপূর্ণ করা

اِتَّرَعَ (اِتِّرَاع) [ترع] [ইত্তারা'আ] ভরে যাওয়া, পরিপূর্ণ হওয়া, কানায় কানায় ভরা

أَتْرَفَ (إِتْرَاف) [ترف] [আত্‌রফা] বিলাসিতায় নিমজ্জিত করা, বিলাসী করা, সুখ দান করা, অকৃতজ্ঞ করা, অমনোযোগী করা

أُتْرُنْج ، أُتْرُنْجَة [উত্‌রুন্‌জ, উত্‌রুন্‌জাহ্] লেবু-জাতীয় একপ্রকার ফল, জামির, জাম্বীর

اِتِّزَان [وزن] [ইত্তিযান] ভারসাম্য, পরিমিতি, সুস্থ বিচারবুদ্ধি, উপযোগিতা, স্থৈর্য, গাম্ভীর্য, প্রশান্ত ভাব, ওজন

اِتَّزَرَ (اِتِّزَار) [أزر] [ইত্তাযারা] ইযার পরিধান করা

اِتَّزَنَ (اِتِّزَان) [وزن] [ইত্তাযানা] পরিমিত হওয়া, ভারসাম্যপূর্ণ হওয়া, উপযোগী হওয়া, গম্ভীর হওয়া, প্রশান্ত হওয়া, সুস্থ বিচারবুদ্ধিসম্পন্ন হওয়া, ওজন করা, ওজনকৃত হওয়া

اِتِّسَاع [وسع] [ইত্তিসা'] প্রসার, বিস্তৃতি, প্রশস্ততা, ব্যাপকতা, পরিসর, অবকাশ

اِتِّسَاق [وسق] [ইত্তিসাক] বিন্যাস, শৃঙ্খলা, মিল, সামঞ্জস্য, সমন্বয়

اِتَّسَخَ (اِتِّسَاخ) [وسخ] [ইত্তাসাখা] নোংরা হওয়া, ময়লা হওয়া, অপরিচ্ছন্ন হওয়া, পঙ্কিল হওয়া

أَتْسَعَ (إِتْسَاع) [تسع] [আত্‌সা'আ] নয়সংখ্যক হওয়া, নয়জন হওয়া, নয়টি হওয়া

اِتَّسَعَ (اِتِّسَاع) [وسع] [ইত্তাসা'আ] প্রশস্ত হওয়া, চওড়া হওয়া, বিস্তৃত হওয়া, ব্যাপক হওয়া, বর্ধিত হওয়া, ধনী হওয়া, সচ্ছল হওয়া, যোগ্য হওয়া

اِتَّسَعَ لِ [-- লি] ধারণক্ষমতাসম্পন্ন হওয়া, স্থান সংকুলান হওয়া, সামাই হওয়া

اِتَّسَقَ (اِتِّسَاق) [وسق] [ইত্তাসাকা] খাপ খাওয়া, সুবিন্যস্ত হওয়া, সুশৃঙ্খল হওয়া, পূর্ণ হওয়া

اِتَّسَمَ (اِتِّسَام) [وسم] [ইত্তাসামা] ছাপযুক্ত হওয়া, দাগযুক্ত হওয়া, চিহ্নিত হওয়া, ভূষিত হওয়া, বৈশিষ্ট্যমণ্ডিত হওয়া

اِتَّشَحَ (اِتِّشَاح) [وشح] [ইত্তাশাহা] ঘাঘরা পরা, কোমরবন্ধ পরিধান করা

اِتِّصَال ج اِتِّصَالَات [وصل] [ইত্তিছাল] সংযোগ, যোগাযোগ, যোগসূত্র, মিলন, সম্পৃক্ততা, সম্পর্ক, সংশ্লিষ্টতা, সংলগ্নতা, ধারাবাহিকতা

وَسَائِل الاِتِّصَال [ওয়াসা'ইলুল ইত্তিছাল] যোগাযোগের মাধ্যম, যোগাযোগ-মাধ্যম

اِتَّصَفَ (اِتِّصَاف) [وصف] بِ [ইত্তাছফা] বিশেষিত হওয়া, গুণান্বিত হওয়া, বর্ণিত হওয়া

اِتَّصَلَ (اِتِّصَال) [وصل] بِ [ইত্তাছলা] সংযুক্ত হওয়া, মিলিত হওয়া, যোগাযোগ করা, যোগসূত্র থাকা, সম্পৃক্ত হওয়া, সংশ্লিষ্ট হওয়া, সংলগ্ন হওয়া, অব্যাহত থাকা, ধারাবাহিক হওয়া

اِتَّضَحَ (اِتِّضَاح) [وضح] [ইত্তাদহা] স্পষ্ট হওয়া, পরিষ্কার হওয়া

اِتَّضَعَ (اِتِّضَاع) [وضع] [ইত্তাদ'আ] নিজেকে হেয় করা, হেয় প্রতিপন্ন হওয়া

اِتَّطَنَ (اِتِّطَان) [وطن] [ইত্তাতনা] নিবাস স্থাপন করা, স্বদেশ বানানো

أَتْعَاب (تَعَب) [আত্'আব] কষ্ট-ক্লেশ, মজুরি, পারিশ্রমিক, সম্মানি

اِتِّعَاظ [وعظ] [ইত্তি'আয] উপদেশগ্রহণ, শিক্ষা-গ্রহণ

أَتْعَبَ (إِتْعَاب) [تعب] [আত্'আবা] ক্লান্ত করা, পরিশ্রান্ত করা, কষ্ট দেওয়া, ত্যক্ত করা, বিরক্ত করা, জ্বালাতন করা

اِتَّعَدَ (اِتِّعَاد) [وعد] [ইত্তা'আদা] ওয়াদাবদ্ধ হওয়া, পরস্পর প্রতিজ্ঞা করা, হুমকি দেওয়া

أَتْعَسَ (إِتْعَاس) [تعس] [আত্'আসা] অসহায় করা, অসুখী করা, দুর্ভাগ্যবান করা, ধ্বংস করা

اِتَّعَظَ (اِتِّعَاظ) [وعظ] بِ [ইত্তা'আযা] শিক্ষা গ্রহণ করা, উপদেশ গ্রহণ করা

اِتِّفَاق [وفق] [ইত্তিফাক] মতৈক্য, ঐক্যমত, চুক্তি, সমঝোতা, মিল, সামঞ্জস্য, সঙ্গতি, আকস্মিক-ভাবে সংঘটন

بِالاِتِّفَاق [বিল-ইত্তিফাক] সর্বসম্মতিক্রমে, সর্ব-সম্মতভাবে

اِتِّفَاق الآرَاء [ইত্তিফাকুল আরা'] মতৈক্য, ঐক্য-মত, সর্বসম্মতি

بِاتِّفَاق الآرَاء [বিত্তিফাকিল আরা'] সর্বসম্মতি-ক্রমে, সর্বসম্মতভাবে

اِتِّفَاقًا [ইত্তিফাকান] ঘটনাক্রমে, আকস্মিকভাবে, অকস্মাৎ, হঠাৎ, সহসা, ঐক্যমতে, সর্বসম্মতি-ক্রমে

اِتِّفَاقِيٌّ [ইত্তিফাকী] আকস্মিক, হঠাৎ সঙ্ঘটিত,

প্রথাগত, সম্মতিমূলক

اِتِّفَاقِيَّة ج اِتِّفَاقِيَّات [وفق] [ইত্তিফাকিয়্যাহ] চুক্তি, মতের মিল, মতৈক্য, ঐক্যমত

اِتَّفَقَ (اِتِّفَاق) [وفق] [ইত্তাফাক্বা] ঘটা, সংঘটিত হওয়া, আকস্মিকভাবে ঘটা, সঙ্গতিপূর্ণ হওয়া, উপযুক্ত হওয়া

اِتَّفَقَ عَلَى [-- 'আলা] একমত হওয়া, মতৈক্যে পৌঁছা, সম্মত হওয়া, রাজি হওয়া

اِتَّفَقَ مَعَ [-- মা'আ] চুক্তি করা, চুক্তিবদ্ধ হওয়া, ঐক্যমতে উপনীত হওয়া, মিলপূর্ণ হওয়া, সামঞ্জস্যপূর্ণ হওয়া, উপযোগী হওয়া

أَتْفَلَ (إِتْفَال) [تفل] [আত্ফালা] পূতিগন্ধময় করা, পচিয়ে দুর্গন্ধযুক্ত করা

أَتْفَهَ (إِتْفَاه) [تفه] [আত্ফাহা] কম করা, কম দেওয়া, অল্প দেওয়া

اِتِّقَاء [وقي] [ইত্তিক্বা'] আত্মরক্ষা, সতর্কতা, পরিহার

إِتْقَان [تقن] [ইত্ক্বান] দৃঢ়তা, বলিষ্ঠতা, দক্ষতা, যথার্থতা, পূর্ণাঙ্গতা .

اِتَّقَحَ (اِتِّقَاح) [وقح] [ইত্তাক্বাহা] নির্লজ্জ হওয়া, বেশরম হওয়া

اِتَّقَدَ (اِتِّقَاد) [وقد] [ইত্তাক্বাদা] প্রজ্বলিত হওয়া, শিখায়িত হওয়া, জ্বলে ওঠা, উত্তেজিত হওয়া

اِتَّقَرَ (اِتِّقَار) [وقر] [ইত্তাক্বারা] গম্ভীর হওয়া, গাম্ভীর্যপূর্ণ হওয়া, শান্ত হওয়া, সম্মানিত হওয়া

أُرَاق [উরাক] মানুষ ও উদ্ভিদের একপ্রকার রোগ যার কারণে রং হলদে হয়ে যায়

أَرَاك ج أُرُك ، أَرَائِك [আরাক] বেশী পাতা ও ডালপালাযুক্ত একপ্রকার কাঁটাওয়ালা গাছ

آرَامِيّ [আরামী] আরামী, আরামীয়

الآرَامِيَّة [আল-আরামিয়্যাহ্] আরামী ভাষা

أَرَب ج آرَاب [আরব] প্রয়োজন, ইচ্ছা, উদ্দেশ্য, লক্ষ্য

أَرَبَ [ض] (أَرْب) [আরবা] আঁটা, আঁটসাঁট করা, কষা, শক্ত করা

أَرِب [আরিব] চতুর, দক্ষ, পারদর্শী, বুদ্ধিমান, বিচক্ষণ, ব্যুৎপত্তিসম্পন্ন

أَرِبَ [س] (أَرَب) [আরিবা] পারদর্শী হওয়া, দক্ষ হওয়া, বিচক্ষণ হওয়া, ব্যুৎপত্তিসম্পন্ন হওয়া

أَرُبَ [ك] (أَرَابَة) [আরুবা] বুদ্ধিমান হওয়া, দূরদর্শী হওয়া, বিচক্ষণ হওয়া

أَرَّبَ (تَأْرِيب) [أرب] [আর্রবা] আঁটসাঁট করা, শক্ত করা, দক্ষ করা, বিচক্ষণ করা, পরিপূর্ণ করা, (জবাইকৃত পশু) অংশ অংশ করে কাটা

إِرْب ج آرَاب [ইর্ব] (দেহের) অঙ্গ, অংশ, টুকরা, প্রয়োজন, বুদ্ধি, মেধা, ধূর্ততা, অনুভূতি

إِرْبَاك [ربك] [ইর্বাক] হতবুদ্ধিকরণ, জটিলকরণ, জটিলতা

إِرْبَة [ইর্বাহ্] দক্ষতা, বিচক্ষণতা, পারদর্শিতা, চাতুর্য, ধূর্ততা, কৌশল, ইচ্ছা, উদ্দেশ্য

أُرْبَة ج أُرَب [উর্বাহ্] গিঁট, গ্রন্থি, বন্ধন, বাঁধন

أَرْبَحَ (إِرْبَاح) [ربح] [আর্বাহা] লাভবান করা, মুনাফা করতে দেওয়া, (উষ্ট্রী) সকালে ও দুপুরে দোহন করা

أَرْبَد مث رَبْدَاء ج رُبْد [ربد] [আর্বাদ] ধূলিবর্ণ, ধূসরবর্ণ, ছাইবর্ণ, পাংশুল, অনুজ্জ্বল, দুর্ভিক্ষগ্রস্ত

إِرْبَدَّ (إِرْبِدَاد) [ربد] [ইর্বাদ্দা] ধূসরবর্ণ হওয়া, ধূলিবর্ণ হওয়া, ছাইবর্ণ হওয়া

أَرْبَع [ربع] [আর্বা'] চার, চারজন, চারটি (স্ত্রী)

ذَوَات الأَرْبَع [যাওয়াতুল আর্বা'] চতুষ্পদ জন্তু

أَرْبَعَ (إِرْبَاع) [ربع] [আর্বা'আ] চতুর্থ বছরে প্রবেশ করা, চারজন হওয়া, বসন্তকালে পড়া,

الأَرْبِعَاء [ربع] [আল-আর্বি'আ'] বুধবার

يَوْم الأَرْبِعَاء [ইয়াওমুল আর্বি'আ'] বুধবার

أَرْبَعَة [ربع] [আর্বা'আহ্] চার, চারজন, চারটি (পুং)

أَرْبَعَةَ عَشَرَ مث أَرْبَعَ عَشْرَةَ [আর্বা'আতা 'আশারা] চৌদ্দ, চতুর্দশ, চৌদ্দজন, চৌদ্দটি

أَرْبَعُون [ربع] [আর্বা'ঊন] চল্লিশ, চল্লিশজন, চল্লিশটি

الأَرْبَعُون [আল-আর্বা'ঊন] চল্লিশতম

أَرْبَعِين [ربع] [আর্বা'ঈন] চল্লিশ, চল্লিশজন, চল্লিশটি

الأَرْبَعِين [আল-আর্বা'ঈন] চল্লিশতম

الأَرْبَعِينَات [আল-আর্বা'ঈনাত] চল্লিশের দশক

أَرْبَكَ (إِرْبَاك) [ربك] [আর্বাকা] হতবুদ্ধি করা, জটিল করা

أَرْبَى [ربو] [আর্বা] অধিক বৃদ্ধিপ্রাপ্ত

أَرْبَى (إِرْبَاء) [ربو] [আর্বা] বৃদ্ধি করা, বাড়ানো, বর্ধিত করা, বড় করা, বেশী হওয়া

إِرْبِيَان [ইর্বিয়ান] চিংড়ি (মাছ)

أُرْبِيَّة [ربو] [উর্বিয়্যাহ্] পরিবারবর্গ, বংশের লোকজন, কটিসন্ধি, কুঁচকি

إِرْتَابَ (إِرْتِيَاب) [ريب] [ইর্তাবা] সন্দেহ করা, সন্দেহ পোষণ করা, সন্ধিহান হওয়া

إِرْتَاحَ (إِرْتِيَاح) [روح] [ইর্তাহা] প্রফুল্ল হওয়া, আনন্দিত হওয়া, সন্তুষ্ট হওয়া, আনন্দ পাওয়া, আরাম পাওয়া

إِرْتَادَ (إِرْتِيَاد) [رود] [ইর্তাদা] অনুসন্ধান করা, চেষ্টা করা, ভ্রমণ করা, বারবার যাওয়া

[ইর্তাদা] প্রমোদ- [روض] (إِرْتِيَاض) إِرْتَاضَ
ভ্রমণ করা, অনুশীলন করা, প্রশিক্ষণ নেওয়া, ব্যায়াম করা

[ইর্তা'আ] ভয় পাওয়া, [روع] (إِرْتِيَاع) إِرْتَاعَ
ভীত হওয়া, শঙ্কিত হওয়া, আতঙ্কিত হওয়া

[ইর্তাগা] পেতে চাওয়া, [روغ] (إِرْتِيَاغ) إِرْتَاغَ
পাওয়ার ফন্দি করা, ধান্ধা করা

[ইর্তাআসা] প্রধান [رأس] (إِرْتِئَاس) إِرْتَأَسَ
হওয়া, নেতা হওয়া, শীর্ষে ওঠা, মাথায় চড়া

[ইর্তাআ] বিবেচনা করা, [رأي] (إِرْتِئَاء) إِرْتَأَى
বিচার করা, চিন্তা করা, মনে করা, মত পোষণ করা, বিশ্বাস করা, পাওয়া, দেখা, যথাযথ মনে করা, প্রস্তাব দেওয়া, সিদ্ধান্ত করা

[আর্তাবা] সোজা হয়ে [رتب] (إِرْتَاب) أَرْتَبَ
দাঁড়ানো, ধনী থাকার পর গরীব হওয়া

[ইর্তিবাত] সম্পর্ক, [ربط] إِرْتِبَاط ج إِرْتِبَاطَات
সংযোগ, যোগাযোগ, সম্বন্ধ, বন্ধন, বাধ্যবাধকতা, প্রতিশ্রুতি

[ইর্তিবাক] জটিলতা, হতবুদ্ধিতা, [ربك] إِرْتِبَاك
হতভম্বতা

[ইর্তাবাতা] যুক্ত হওয়া, [ربط] (إِرْتِبَاط) إِرْتَبَطَ
সম্পৃক্ত হওয়া, একত্রিত হওয়া, আবদ্ধ হওয়া, বন্ধনযুক্ত হওয়া, প্রতিশ্রুতিবদ্ধ হওয়া

[ইর্তাবাকা] দিশেহারা [ربك] (إِرْتِبَاك) إِرْتَبَكَ
হওয়া, হতবুদ্ধি হওয়া, জড়িয়ে পড়া, জটিল হওয়া, আটকা পড়া

[আর্তাজা] বন্ধ করা, খিল [رتج] (إِرْتَاج) أَرْتَجَ
লাগানো, তালা দেওয়া, (সমুদ্র) উত্তাল হওয়া

[ইর্তাজ্জা] কেঁপে ওঠা, [رجج] (إِرْتِجَاج) إِرْتَجَّ
কম্পিত হওয়া, আন্দোলিত হওয়া, অস্থির হওয়া

[ইর্তিজাজ] কাঁপুনি, কম্পন, [رجج] إِرْتِجَاج
কম্প, শিহরণ, আন্দোলন

[ইর্তিজা'] ফেরত প্রদান [رجع] إِرْتِجَاع

[ইর্তিজাফ] কাঁপুনি, কম্পন, [رجف] إِرْتِجَاف
কম্প, আলোড়ন, আন্দোলন

[ইর্তিজাল] তাৎক্ষণিক কথা বা [رجل] إِرْتِجَال
কাজ, তাৎক্ষণিকতা

[ইর্তিজালান] পূর্বপ্রস্তুতি ব্যতীত, তাৎ- إِرْتِجَالًا
ক্ষণিকভাবে, উপস্থিতভাবে

[ইর্তিজালী] পূর্বপ্রস্তুতি ব্যতীত সম্পন্ন, إِرْتِجَالِيّ
তাৎক্ষণিক, উপস্থিত

[ইর্তাজাযা] "রজায" [رجز] (إِرْتِجَاز) إِرْتَجَزَ
ছন্দে কবিতা রচনা করা, (সমুদ্র) গর্জন করা

[ইর্তাজাসা] কাঁপা, [رجس] (إِرْتِجَاس) إِرْتَجَسَ
কেঁপে ওঠা, কম্পিত হওয়া, (আকাশ) বজ্রধ্বনি করা

[ইর্তাজা'আ] ফেরত [رجع] (إِرْتِجَاع) إِرْتَجَعَ
দেওয়া, ফিরিয়ে দেওয়া, বাসী হওয়া, পুরান হওয়া

[ইর্তাজাফা] কাঁপা, [رجف] (إِرْتِجَاف) إِرْتَجَفَ
কেঁপে ওঠা, কম্পিত হওয়া, আন্দোলিত হওয়া

[ইর্তাজালা] পূর্ব- [رجل] (إِرْتِجَال) إِرْتَجَلَ
প্রস্তুতি ছাড়াই বলা বা করা, তাৎক্ষণিকভাবে বলা বা করা, উপস্থিতভাবে বলা বা করা

[ইর্তাজা] আশা করা, [رجو] (إِرْتِجَاء) إِرْتَجَى
প্রত্যাশা করা, কামনা করা, আকাংক্ষা করা

[ইর্তিহাল] যাত্রা, প্রস্থান, রও- [رحل] إِرْتِحَال
য়ানা, বহির্গমন

[ইর্তাহালা] প্রস্থান [رحل] (إِرْتِحَال) إِرْتَحَلَ
করা, যাত্রা করা, রওয়ানা করা, চলে যাওয়া

[ইর্তাখা] শিথিল [رخع] (إِرْتِخَاع) إِرْتَخَعَ
হওয়া, ঢিলে হওয়া, নরম হওয়া, অস্থির হওয়া

[ইর্তিখা'] শ্লথতা, শিথিলতা, [رخي] إِرْتِخَاء
শৈথিল্য, ঢিলেমি

[ইর্তাখাছা] সস্তা [رخص] (إِرْتِخَاص) إِرْتَخَصَ
মনে করা, সস্তায় কেনা

[ইর্তাখা] আলগা [رخي] (إِرْتِخَاء) إِرْتَخَى
হওয়া, ঢিলে হওয়া, শিথিল হওয়া, নরম হওয়া

[ইর্তাদ্দা] ফিরে আসা, [ردد] (إِرْتِدَاد) إِرْتَدَّ
ফিরে যাওয়া, বিরত থাকা, নিবৃত্ত হওয়া, মুরতাদ (স্বধর্মত্যাগী) হওয়া

[ইর্তিদা'] (পোশাক) পরিধান [ردي] إِرْتِدَاء

[ইর্তিদাদ] পশ্চাদপসরণ, প্রত্যা- [ردد] إِرْتِدَاد
বর্তন, প্রস্থান, স্বধর্মত্যাগ

[ইর্তাদা'আ] পিছিয়ে [ردع] (إِرْتِدَاع) إِرْتَدَعَ
আসা, হটে আসা, বিরত থাকা, প্রতিহত হওয়া

[ইর্তাদাফা] অনুসরণ [ردف] (إِرْتِدَاف) إِرْتَدَفَ
করা, পিছনে আরোহী করা, (শত্রুকে) পিছন থেকে ধরা

اِرْتَدَى (اِرْتِدَاء) [ردي] **[ইর্তাদা]** পরিধান করা, পরা, পরিহিত হওয়া

اِرْتَزَقَ (اِرْتِزَاق) [رزق] **[ইর্তাযাক্বা]** জীবিকা লাভ করা, রিযিক পাওয়া, রসদ পাওয়া, জীবিকা চাওয়া

اِرْتَسَمَ (اِرْتِسَام) [رسم] [ইর্তাসামা] দৃশ্যমান হওয়া, অঙ্কিত হওয়া, ছাপ পড়া, ক্রুশচিহ্ন দেওয়া

اِرْتَشَحَ (اِرْتِشَاح) [رشح] [ইর্তাশাহা] ঘামানো, (পানি) চুইয়ে পড়া

اِرْتَشَفَ (اِرْتِشَاف) [رشف] [ইর্তাশাফা] চুমুক দেওয়া, মুখে নেওয়া

اِرْتَشَى (اِرْتِشَاء) [رشو] **[ইর্তাশা]** ঘুষ খাওয়া, ঘুষ নেওয়া, উৎকোচ গ্রহণ করা

اِرْتَصَدَ (اِرْتِصَاد) [رصد] **[ইর্তাছাদা]** অপেক্ষা করা, প্রতীক্ষা করা

اِرْتَصَعَ (اِرْتِصَاع) [رصع] [ইর্তাছা'আ] লেগে থাকা, কাছাকাছি থাকা

اِرْتَصَفَ (اِرْتِصَاف) [رصف] [ইর্তাছাফা] মিলিত হওয়া, একত্রিত হওয়া, কাছাকাছি থাকা, সারিবদ্ধ থাকা

اِرْتَضَّ (اِرْتِضَاض) [رضض] [ইর্তাদ্দা] ভেঙ্গে যাওয়া

اِرْتَضَعَ (اِرْتِضَاع) [رضع] [ইর্তাদ'আ] মাতৃদুগ্ধ পান করা, স্তন্য পান করা

اِرْتَضَى (اِرْتِضَاء) [رضي] [ইর্তাদা] খুশী হওয়া, সন্তুষ্ট হওয়া, সম্মত হওয়া

اِرْتَطَمَ (اِرْتِطَام) [رطم] [ইর্তাতমা] অসুবিধায় পড়া, আটকে পড়া, জড়িয়ে পড়া, লেগে পড়া, জটিল হওয়া

اِرْتَطَمَ بِـ [-- বি] ধাক্কা লাগা

أَرْتَعَ (إِرْتَاع) [رتع] [আর্তা'আ] চরানো, ঘাস খাওয়ানো, ঘাস উৎপন্ন করা

اِرْتِعَاش ، اِرْتِعَاشَة [رعش] [ইর্তি'আশ, ইর্তি'আশাহ] কম্পন, কম্প, কাঁপুনি, শিহরণ

اِرْتَعَبَ (اِرْتِعَاب) [رعب] [ইর্তা'আবা] ভীত হওয়া, শঙ্কিত হওয়া, সন্ত্রস্ত হওয়া, ভয় পাওয়া

اِرْتَعَجَ (اِرْتِعَاج) [رعج] [ইর্তা'আজা] কম্পিত হওয়া, সন্ত্রস্ত হওয়া

اِرْتَعَدَ (اِرْتِعَاد) [رعد] [ইর্তা'আদা] ভয় পাওয়া, ভীত হওয়া, কাঁপা, কম্পিত হওয়া

اِرْتَعَشَ (اِرْتِعَاش) [رعش] [ইর্তা'আশা] কাঁপা, কম্পিত হওয়া, কেঁপে ওঠা, আন্দোলিত হওয়া, শিহরিত হওয়া

اِرْتَعَى (اِرْتِعَاء) [رعي] **[ইর্তা'আ]** ঘাস খাওয়া, চরা

اِرْتَغَى (اِرْتِغَاء) [رغو] [ইর্তাগা] ফেনা তোলা, ফেনা ফেলা, ফেনা পান করা

اِرْتَغَبَ (اِرْتِغَاب) [رغب] [ইর্তাগাবা] চাওয়া, কামনা করা, ভারী হওয়া

اِرْتِفَاع [رفع] [ইর্তিফা'] উর্ধ্বগমন, আরোহণ, উত্তোলন, উত্থাপন, উচ্চতা

اِرْتَفَدَ (اِرْتِفَاد) [رفد] [ইর্তাফাদা] উপার্জন করা

اِرْتَفَعَ (اِرْتِفَاع) [رفع] [ইর্তাফা'আ] উঁচু হওয়া, ওপরে ওঠা, উত্তোলিত হওয়া, উন্নত হওয়া, উত্থাপিত হওয়া

اِرْتَفَقَ (اِرْتِفَاق) [رفق] بِـ [ইর্তাফাক্বা] উপকৃত হওয়া, উপকার পাওয়া, লাভবান হওয়া

اِرْتَفَقَ عَلَى [-- 'আলা] ভর করা, ঠেস দেওয়া

اِرْتِقَاء [رقي] [ইর্তিক্বা'] আরোহণ, অগ্রসরতা, উন্নতি, উর্ধ্বগতি

اِرْتِقَاب [رقب] [ইর্তিক্বাব] প্রত্যাশা, প্রতীক্ষা, অপেক্ষা

اِرْتَقَبَ (اِرْتِقَاب) [رقب] [ইর্তাক্বাবা] প্রত্যাশা করা, প্রতীক্ষা করা, অপেক্ষা করা

اِرْتَقَى (اِرْتِقَاء) [رقي] [ইর্তাক্বা] উন্নতি করা, অগ্রসর হওয়া, ওপরে ওঠা, আরোহণ করা

اِرْتِكَاب [ركب] [ইর্তিকাব] (অপরাধ) সাধন, সম্পাদন

اِرْتِكَاز [ركز] [ইর্তিকায] ভর, নির্ভরতা, নির্ভরশীলতা, ভিত্তি, দৃঢ়তা, প্রতিষ্ঠা

اِرْتِكَاس [ركس] [ইর্তিকাস] অধঃপতন, অবনতি, পশ্চাদগমন, পশ্চাদমুখিতা, প্রতিক্রিয়া, ক্রিয়াশীলতা, প্রতিফলন, সাড়া, বাধাগ্রস্ততা

اِرْتِكَاسِيّ [ইর্তিকাসী] সহজে সাড়া দেয় কিংবা প্রভাবিত হয় এমন, প্রতিফলিত, ক্রিয়াশীল, সক্রিয়

اِرْتِكَاض [ركض] [ইর্তিকাদ] নড়াচড়া, নড়ন, আন্দোলন, কম্পন

إِرْتَكَبَ (اِرْتِكَاب) [ركب] [ইর্‌তাকাবা] (পাপ) করা, সম্পাদন করা, সাধন করা

إِرْتَكَزَ (اِرْتِكَاز) [ركز] عَلَى [ইর্‌তাকাযা] ভর করা, নির্ভরশীল হওয়া, ভিত্তিশীল হওয়া, দৃঢ়ীভূত হওয়া, সুপ্রতিষ্ঠিত হওয়া, স্থাপিত হওয়া

إِرْتَكَسَ (اِرْتِكَاس) [ركس] [ইর্‌তাকাসা] অবনতি হওয়া, অধঃপতন হওয়া, পশ্চাদগামী হওয়া, পশ্চাদমুখী হওয়া, প্রতিক্রিয়াশীল হওয়া, প্রতি-ফলিত হওয়া, ক্রিয়াশীল হওয়া, সক্রিয় হওয়া, সাড়া দেওয়া, বাধাগ্রস্ত হওয়া

إِرْتَكَضَ (اِرْتِكَاض) [ركض] [ইর্‌তাকাদা] নড়া, নড়াচড়া করা, কাঁপা, কম্পিত হওয়া, আন্দো-লিত হওয়া

إِرْتَكَمَ (اِرْتِكَام) [ركم] [ইর্‌তাকামা] স্তূপীকৃত হওয়া, জড়ো হওয়া

إِرْتَمَزَ (اِرْتِمَاز) [رمز] [ইর্‌তামাযা] নড়া, নড়ে ওঠা, অস্থির হওয়া, প্রস্তুত হওয়া

إِرْتَمَسَ (اِرْتِمَاس) [رمس] [ইর্‌তামাসা] (পানিতে) ডুবে যাওয়া, নিমজ্জিত হওয়া

إِرْتَمَضَ (اِرْتِمَاض) [رمض] [ইর্‌তামাদা] পুড়ে যাওয়া, দগ্ধ হওয়া, তপ্ত হওয়া, দুঃখ ভারাক্রান্ত হওয়া, নষ্ট হয়ে যাওয়া

إِرْتَمَى (اِرْتِمَاء) [رمي] [ইর্‌তামা] নিক্ষিপ্ত হওয়া, পতিত হওয়া, পড়ে যাওয়া

إِرْتَهَطَ (اِرْتِهَاط) [رهط] [ইর্‌তাহাতা] সমবেত হওয়া, মিলিত হওয়া, একত্রিত হওয়া

إِرْتَهَنَ (اِرْتِهَان) [رهن] [ইর্‌তাহানা] বন্ধক লওয়া, বন্ধক গ্রহণ করা

إِرْتَهَنَ بِ [-- বি] শর্তযুক্ত হওয়া, বাধ্য হওয়া, নির্ভরশীল হওয়া

إِرْتَوَى (اِرْتِوَاء) [روي] [ইর্‌তাওয়া] সিক্ত হওয়া, সিঞ্চিত হওয়া, তৃপ্ত হওয়া, শক্ত হওয়া

إِرْتِيَاء [رأي] [ইর্‌তিয়া'] চিন্তা, ভাবনা

إِرْتِيَاب [ريب] [ইর্‌তিয়াব] সন্দেহ পোষণ, সন্দেহ, সংশয়

إِرْتِيَاح [روح] [ইর্‌তিয়াহ] সন্তোষ, সন্তুষ্টি, খুশি, আনন্দ, প্রফুল্লতা, প্রসন্নতা

إِرْتِيَاد [رود] [ইর্‌তিয়াদ] অনুসন্ধান, প্রচেষ্টা, ভ্রমণ, বারবার গমন

إِرْتِيَاع [روع] [ইর্‌তিয়া'] ভয়, ভীতি, শঙ্কা, ডর, আতঙ্ক

إِرْث [ইর্‌ছ] উত্তরাধিকার, ওয়ারিসী স্বত্ব, মীরাছ

أَرِثٌ مث رَثَّاء ج رُثٌّ [رثث] [আরছ্] পুরাতন, জীর্ণ, ক্ষয়প্রাপ্ত

أَرَّثَ (تَأْرِيث) [أرث] [আর্‌রাছা] (আগুন) ধরানো, জ্বালানো, প্রজ্বলিত করা

أَرَّثَ بَيْنَ [-- বাইনা] বিবাদ লাগানো, বিরোধ ছড়ানো, অনৈক্য সৃষ্টি করা

أَرْثَأَ (إِرْثَاء) [رثأ] [আর্‌ছাআ] (দুধ) ঘন হওয়া, জমাট বাঁধা, শক্ত হওয়া

أَرَج [আরাজ] সুগন্ধ, সুবাস, সৌরভ, সুরভি

أَرِج [আরিজ] সুবাস ছড়ায় এমন, সুবাসিত, সুর-ভিত, সুগন্ধময়

أَرِجَ س (أَرَج ، أَرِيج) [আরিজা] সুগন্ধময় হওয়া, সুরভিত হওয়া, সুবাস ছড়ানো

أَرَّجَ (تَأْرِيج) [أرج] [আর্‌রাজা] (আগুন) ধরানো, জ্বালানো, প্রজ্বলিত করা

أَرَّجَ بَيْنَ [-- বাইনা] বিবাদ লাগানো, বিরোধ ছড়ানো, অনৈক্য সৃষ্টি করা

أَرْجَاء (رَجَا) [رجو] [আর্‌জা'] দিক, অঞ্চল, প্রান্ত

إِرْجَاء [رجأ] [ইর্‌জা'] বিলম্বিতকরণ, মুলতবি-করণ, স্থগিতকরণ, অবকাশপ্রদান

أَرْجَاب [رجب] [আর্‌জাব] নাড়িভুঁড়ি, অন্ত্রাদি

إِرْجَاج [رجج] [ইর্‌জাজ] মহিলাদের গর্ভকালীন কিংবা প্রসব পরবর্তী খিঁচুনি, eclampsia

إِرْجَاع [رجع] [ইর্‌জা'] ফেরত আনয়ন, ফেরত-দান, ফেরতপ্রদান

إِرْجَاف [رجف] [ইর্‌জাফ] রটনা, গুজব, গুজব রটনা

أَرْجَأَ (إِرْجَاء) [رجأ] [আর্‌জাআ] বিলম্বিত করা, স্থগিত করা, মুলতবি রাখা

أَرْجَبَ (إِرْجَاب) [رجب] [আর্‌জাবা] ভীত করা, ভয় দেখানো, সম্মান করা

أَرْجَح [رجح] [আর্‌জাহ্] অগ্রাধিকারপ্রাপ্ত, অগ্রা-

ধিকারযোগ্য, সর্বাধিক গ্রহণযোগ্য, অধিকতর সম্ভাব্য

عَلَى الأَرْجَح ['আলাল আর্জাহ্] সম্ভবত, খুব-সম্ভব

أَرْجَحَ (إِرْجَاح) [رجح] [আর্জাহা] অগ্রাধিকার দেওয়া, বেশী দেওয়া, পাল্লা ভারী করা

أَرْجَحِيَّة [رجح] [আর্জাহিয়্যাহ] অগ্রাধিকার, প্রাধান্য, শ্রেষ্ঠত্ব, অধিকতর সম্ভাব্যতা

أَرْجَعَ (إِرْجَاع) [رجع] [আর্জা'আ] ফিরিয়ে আনা, ফেরত আনা, ফিরিয়ে দেওয়া, প্রত্যাবর্তন করানো

أَرْجَفَ (إِرْجَاف) [رجف] [আর্জাফা] কম্পিত করা, কাঁপানো, রটনা করা, গুজব ছড়ানো

أُرْجِفَ (إِرْجَاف) [رجف] [উর্জিফা] কম্পিত হওয়া, কেঁপে ওঠা

أَرْجَل ـث رَجْلَاء ج رُجْل [رجل] [আর্জাল] বড় পা-বিশিষ্ট, অধিকতর সুপুরুষ, এক পায়ে সাদা রং আছে এমন (পশু)

أَرْجَلَ (إِرْجَال) [رجل] [আর্জালা] হাঁটানো, পায়ে হেঁটে গমন করানো, ঢিল দেওয়া, অবকাশ দেওয়া

الأَرْجَنْتِين [আল-আর্জানতীন] আর্জেন্টিনা (দেশ)

أُرْجُوَان [উর্জুওয়ান] লাল এবং নীলের মিশ্রণে সৃষ্ট রং, বেগুনি রং

أُرْجُوَانِيّ [উর্জুওয়ানী] বেগুনী, রক্তবর্ণ

أُرْجُوحَة [رجح] [উর্জূহাহ] ঢেঁকিকল, দোলনা

أُرْجُوزَة ج أَرَاجِيز [رجز] [উর্জূযাহ] "রাজায" ছন্দে রচিত কবিতা

أَرْجَى (إِرْجَاء) [رجو] [আর্জা] ঢিল দেওয়া, অবকাশ দেওয়া, পাশে রাখা

أَرْحَبَ (إِرْحَاب) [رحب] [আর্হাবা] প্রশস্ত হওয়া, প্রশস্ত করা

أَرْحَضَ (إِرْحَاض) [رحض] [আর্হাদা] ধোয়া, ধৌত করা, পরিষ্কার করা

أَرْحَم [رحم] [আর্হাম] অধিকতর দয়ালু, অধিক দয়াবান

أَرْحَم الرَّاحِمِين [আর্হামুর রাহিমীন] সর্বাধিক দয়াময়ঃ আল্লাহ

أَرَّخَ (تَأْرِيخ) [أرخ] [আর্রাখা] তারিখ দেওয়া, সময় নির্ধারণ করা, ইতিহাস লেখা

إِرْخَاء [رخي] [ইর্খা'] ঝুলিয়ে দেওয়া, ঢিল দেওয়া, শিথিলকরণ

أَرْخَبِيل [আর্খাবীল] দ্বীপপুঞ্জ, দ্বীপবহুল সমুদ্র

أَرْخَص [رخص] [আর্খাছ] তুলনামূলকভাবে কম ব্যয়সাধ্য, অধিকতর সস্তা

أَرْخَصَ (إِرْخَاص) [رخص] [আর্খাছা] সস্তা করা, মূল্যহ্রাস করা, সস্তা মনে করা

أَرْخَم ـث رَخْمَاء ج رُخْم [رخم] [আর্খাম] যে ঘোড়ার গায়ের রং কালো এবং মাথার রং সাদা

أَرْخَمَ (إِرْخَام) [رخم] [আর্খামা] (মুরগী) ডিমে তা দেওয়া

أَرْخَى (إِرْخَاء) [رخي] [আর্খা] ঝুলিয়ে দেওয়া, ঢিল দেওয়া, শিথিল করা, ছেড়ে দেওয়া, নরম করা

أَرْدَأ [ردأ] [আর্দা'] অধিকতর খারাপ, মন্দতর, নিকৃষ্টতর

الأَرْدَأ [ردأ] [আল-আর্দা'] সবচেয়ে খারাপ, মন্দতম, নিকৃষ্টতম

أَرْدَأَ (إِرْدَاء) [ردأ] [আর্দাআ] খারাপ করা, নষ্ট করা, খারাপ কাজ করা, বৃদ্ধি করা, সাহায্য করা, ঝুলিয়ে দেওয়া

إِرْدَبّ ج أَرَادِب [ইর্দাব্] মাপবিশেষ, আরদেব (ardeb), খাল, জলপথ, ইট, টালি

إِرْدَبَّة [ইর্দাব্বাহ] নর্দমা, নালা, ড্রেন, নর্দমার পানি, ইট, টালি

أَرْدَفَ (إِرْدَاف) [ردف] [আর্দাফা] পশ্চাতে আরোহণ করানো, সহগামী করা, অনুগামী করা, অনুসরণ করা, পরে আসা, যোগ করা, আরো বলা

أَرْدَم ج أَرْدَمُون [ردم] [আর্দাম] দক্ষ নাবিক

أَرْدَمَ (إِرْدَام) [ردم] [আর্দামা] অব্যাহত থাকা, চলতে থাকা, বিচ্ছিন্ন না হওয়া, (মেঘ) কেটে না যাওয়া

أَرْدَنَ (إِرْدَان) [ردن] [আর্দানা] (জামায়) হাতা বা আস্তিন লাগানো, লেগে থাকা, অব্যাহত থাকা

الأُرْدُنّ [আল-উর্দুন] জর্দান (দেশ), জর্দান নদী

أَرْدُنِّيٌ [উর্‌দুন্নী] জর্দানী, জর্দানের

أَرْدُوَازٌ [আর্‌দুওয়ায] (লেখার) স্লেট

أَرْدَى (إِرْدَاء) [ردي] [আর্‌দা] শেষ করা, ধ্বংস করা, বিনাশ করা, মেরে ফেলা, ভূপাতিত করা

الأُرْدِيَّةُ [আল-উর্‌দিয়্যাহ] উর্দু ভাষা

أَرْذَل ج أَرْذَلُون ، أَرَاذِل [رذل] [আর্‌যাল] নিকৃষ্টতর, হীনতর, নিম্নশ্রেণীর লোক

الأَرْذَل [رذل] [আল-আর্‌যাল] হীনতম, নিকৃষ্ট-তম, জঘন্যতম

أَرْذَل العُمُر [আর্‌যালুল 'উমুর] জীবনের নিকৃষ্ট-তম অংশ

أَرْذَلَ (إِرْذَال) [رذل] [আর্‌যালা] নিক্ষেপ করা, ছুঁড়ে ফেলা, বর্জন করা, প্রত্যাখ্যান করা

أَرْذَى (إِرْذَاء) [رذي] [আর্‌যা] দুর্বল করা

أَرْز [আর্‌য] সিডারঃ চিরহরিৎ বৃক্ষবিশেষ, ঐ বৃক্ষের কাঠ

أَرُزّ ، أُرْز [আরুয্‌, উর্‌য] চাউল, চাল, তণ্ডুল, ধান, ভাত

أَرْزَمَ (إِرْزَام) [رزم] [আর্‌যামা] শব্দ করা, গর্জন করা, বাচ্চাকে সোহাগ করা

أَرْزَن [رزن] [আর্‌যান] লাঠি বানানোর শক্ত গাছ

أَرْزِيَّة [আর্‌যিয়্যাহ] ল্যার্চঃ হালকা সবুজ পাতা-ওয়ালা একজাতীয় গাছ, ঐ গাছের কাঠ

إِرْزِيز [رزز] [ইর্‌যীয] দূরের শব্দ, নিনাদ, গর্জন, শিলা, করকা, তীব্র আঘাত

إِرْسَاء [رسو] [ইর্‌সা'] নোঙ্গরকরণ, দৃঢ়ীকরণ, স্থিরকরণ, স্থাপন, প্রতিষ্ঠিতকরণ

إِرْسَال [رسل] [ইর্‌সাল] প্রেরণ, ঝুলিয়ে দেওয়া

جِهَاز إِرْسَال [জিহায ইর্‌সাল] প্রেরক-যন্ত্র

مَحَطَّة إِرْسَال [মাহাত্তত ইর্‌সাল] প্রেরণকেন্দ্র

إِرْسَالِيَّة [رسل] [ইর্‌সালিয়্যাহ] মিশন, পণ্য প্রেরণ, শিপমেন্ট, প্রেরিত পণ্য

أَرْسَبَ (إِرْسَاب) [رسب] [আর্‌সাবা] তলানি জমানো, নিচে ফেলা, দাবিয়ে দেওয়া, পরীক্ষায় ফেল করানো

أَرْسَخَ (إِرْسَاخ) [رسخ] [আর্‌সাখা] শক্ত করা, সুদৃঢ় করা, মজবুত করা, সুপ্রতিষ্ঠিত করা

أَرِسْتُوقْرَاطِيّ [আরিস্‌তোক্‌রাতী] সম্ভ্রান্ত ব্যক্তি, অভিজাত ব্যক্তি, কুলীন

أَرِسْتُوقْرَاطِيَّة [আরিস্‌তোক্‌রাতিয়্যাহ] অভিজাত-তন্ত্র, অভিজাত সম্প্রদায়, অভিজাত সম্প্রদায়ের শাসন

أَرْسَح مث رَسْحَاء ج رُسْح [رسح] [আর্‌সাহ] যার পাছা ও রানে মাংস কম, দেহের পশ্চাদ্ভাগ তকমা এমন, পাছামরা, নেকড়ে

أَرْسَحَ (إِرْسَاح) [رسح] [আর্‌সাহা] দুর্বল করা

أَرْسَخَ (إِرْسَاخ) [رسخ] [আর্‌সাখা] সুদৃঢ় করা, মজবুত করা, পাকাপোক্ত করা, সুপ্রতিষ্ঠিত করা

أَرْسَفَ (إِرْسَاف) [رسف] [আর্‌সাফা] (পশু) বাঁধা অবস্থায় তাড়িয়ে দেওয়া

أَرْسَلَ (إِرْسَال) [رسل] [আর্‌সালা] প্রেরণ করা, পাঠানো, (চুল) ঝুলিয়ে দেওয়া, ছেড়ে দেওয়া, মুক্ত করা

أَرْسَنَ (إِرْسَان) [رسن] [আর্‌সানা] (পশু) দড়ি দিয়ে বাঁধা, মাকে দড়ি লাগানো, স্বাধীনভাবে চরতে দেওয়া

أَرْسَى (إِرْسَاء) [رسو] [আর্‌সা] নোঙর করানো, দৃঢ় করা, স্থির করা, স্থাপন করা, প্রতিষ্ঠিত করা

أَرَّشَ (تَأْرِيش) [أرش] [আর্‌রশা] (আগুন) প্রজ্ব-লিত করা, জ্বালানো, ধরানো

أَرَّشَ بَيْنَ [-- বাইনা] বিবাদ লাগানো, বিরোধ ছড়ানো, অনৈক্য সৃষ্টি করা

أَرَشَّ (إِرْشَاش) [رشش] [আরশ্‌শা] ছিটানো, ঝরানো, (আকাশ) হালকা বৃষ্টি বর্ষণ করা, (আঘাত) রক্ত ঝরানো

إِرْشَاد [رشد] [ইর্‌শাদ] পথপ্রদর্শন, শিক্ষাদান, পরামর্শদান, নির্দেশপ্রদান

إِرْشَاد ج إِرْشَادَات [رشد] [ইর্‌শাদ] পথনির্দেশ, উপদেশ, পরামর্শ, নির্দেশ, শিক্ষা

أَرْشَحَ (إِرْشَاح) [رشح] [আর্‌শাহা] প্রবাহিত হওয়া, ঝরা, ঝরানো, ছিটানো

أَرْشَدَ (إِرْشَاد) [رشد] [আর্‌শাদা] পথ প্রদর্শন করা, পরামর্শ দেওয়া, শিক্ষা দেওয়া, এরশাদ করা

أَرْشَفَ (إِرْشَاف) [رشف] [আর্‌শাফা] চুষে নেওয়া, শুষে নেওয়া

أَرْشَم مث رَشْمَاء ج رُشْم [رشم] [আর্শাম] অস্বচ্ছ, অপরিষ্কার, সামান্য পরিমাণ (বৃষ্টি), ভাল ফসল হয় না এমন (বছর), লোভাতুর, কুকুর

أَرْشَى (إِرْشَاء) [رشو] [আর্শা] (গাছ) ডালপালা বিস্তার করা, (বালতিতে) দড়ি লাগানো, (বাছুরকে) দুধ খাওয়ানো

أَرْشِيف [আর্শীফ] সরকারী দলিল দস্তাবেজ, মহাফেজখানায় রক্ষিত নথিপত্র, সেরেস্তা

أَمِين الْأَرْشِيف [আমীনুল আর্শীফ] মহাফেজ-খানার সংরক্ষক, নথিরক্ষক, সেরেস্তাদার

أَرْصَاد (رَصْد) جَوِّيَّة [رصد] [আর্ছাদ] আবহ-বিদ্যা, আবহবিজ্ঞান, আবহাওয়ার বিভিন্ন অবস্থা পর্যবেক্ষণ

أَرْصَادِيّ [আর্ছাদী] আবহবিদ, আবহবিজ্ঞানী, আবহবিদ্যা-বিষয়ক, আবহাওয়ার বিভিন্ন অবস্থা পর্যবেক্ষণসংক্রান্ত

أَرْصَدَ (إِرْصَاد) [رصد] [আর্ছদা] প্রস্তুত রাখা, তৈরী রাখা, বরাদ্দ করা, নির্দিষ্ট করা

أَرْصَنَ (إِرْصَان) [رصن] [আর্ছনা] সুদৃঢ় করা, মজবুত করা

أَرْض (مث) ج أَرَاضٍ ، أَرَضُون [আরদ] ভূমি, মাটি, ভূখণ্ড, পৃথিবী, দেশ, মেঝ

الْأَرْض [আল-আর্দ] পৃথিবী, ধরণী, ধরা, ধরিত্রী

أَرَض [আরদ] উইপোকা, উই, বল্মীক

أَرَّضَ (تَأْرِيض) [أرض] [আর্রদা] মাটিতে রাখা, মাটির সাথে সংযুক্ত করা, আর্থিং লাগানো

أَرْضَّ مث رَضَّاء ج رُضّ [رضض] [আরদ] ঠায় বসে আছে এমন, অনড়ভাবে উপবিষ্ট

إِرْضَاء [رضو] [ইর্দা'] রাজিকরণ, সম্মতকরণ, সন্তুষ্টকরণ, পূরণ

إِرْضَاع [رضع] [ইর্দা'] স্তন্যদান, দুগ্ধপান করানো

أَرْضَبَ (إِرْضَاب) [رضب] [আর্দবা] (আকাশ) বৃষ্টি বর্ষণ করা, চুষে নেওয়া

أَرَضَة [আরদাহ] উইপোকা, উই, বল্মীক

أَرْضَخَ (إِرْضَاخ) [رضخ] [আর্দখা] অল্প কিছু দেওয়া, সামান্য পরিমাণ দেওয়া

أَرْضَعَ (إِرْضَاع) [رضع] [আর্দ'আ] স্তন্যপান করানো, স্তন্যদান করা, মাতৃদুগ্ধ পান করানো

أَرْضَى (إِرْضَاء) [رضو] [আর্দা] সম্মত করা, রাজি করা, সন্তুষ্ট করা, তুষ্ট করা

أَرْضِيّ [আর্দী] ভূমিসংক্রান্ত, ভূমি-বিষয়ক, ভূমি-, পৃথিবী-সম্বন্ধীয়

أَرْضِيَّة ج أَرْضِيَّات [আর্দিয়্যাহ] (ঘরের) মেঝ, ভিত্তি, তলদেশ, পটভূমি

الْكُرَة الْأَرْضِيَّة [আল-কুরতুল আর্দিয়্যাহ] ভূগোলক, পৃথিবী

أَرْطَبَ (إِرْطَاب) [رطب] [আর্তবা] আর্দ্র করা, ভিজানো, সিক্ত করা, (খেজুর) পাকা

أُرْطَة ج أُرَط [উর্তাহ] (সেনা) ব্যাটালিয়ান

أَرْعَبَ (إِرْعَاب) [رعب] [আর্'আবা] সন্ত্রস্ত করা, ভয় দেখানো, শঙ্কিত করা, আতঙ্কিত করা

أَرْعَدَ (إِرْعَاد) [رعد] [আর্'আদা] কম্পিত করা, কাঁপানো, বজ্রধ্বনি করা, গর্জন করা, বজ্রধ্বনি শোনা, ভয় দেখানো

أُرْعِدَ [رعد] [উর্'ইদা] ভয়ে কেঁপে ওঠা, সন্ত্রস্ত হওয়া

أَرْعَشَ (إِرْعَاش) [رعش] [আর্'আশা] কম্পিত করা, কাঁপানো

أَرْعَن مث رَعْنَاء ج رُعْن [رعن] [আর্'আন] অস্থিরমতি, চঞ্চলমতি, লঘুচিত্ত, খামখেয়ালী, অমনোযোগী, চিন্তাশূন্য, নির্বোধ, লম্বা নাকবিশিষ্ট, লম্বা পাহাড়

إِرْعَوَى (إِرْعِوَاء) [رعو] عَنْ ، مِنْ [ইর্'আওয়া] বিরত হওয়া, ফিরে আসা, তওবা করা, অনুতপ্ত হওয়া

أَرْعَى (إِرْعَاء) [رعي] [আর্'আ] চরানো, চরতে দেওয়া, ঘাস খাওয়ানো

إِرْغَام [رغم] [ইর্গাম] লাঞ্ছিতকরণ, বাধ্যকরণ, বলপ্রয়োগ, অসন্তুষ্টকরণ

أَرْغَبَ (إِرْغَاب) [رغب] فِي [আর্গাবা] আগ্রহী করা, উৎসাহী করা, আগ্রহ জাগানো, উৎসাহ দেওয়া

أَرْغَدَ (إِرْغَاد) [رغد] [আর্গাদা] স্বাচ্ছন্দ্যময় করা, স্বাচ্ছন্দ্যময় জীবনযাপন করা, স্বাধীনভাবে চরতে দেওয়া

أَرْغَمَ (إِرْغَام) [رغم] عَلَى [আর্গামা] লাঞ্ছিত

করা, অসন্তুষ্ট করা, বাধ্য করা, বলপ্রয়োগ করা

أرْغُن ج أرَافِن [উর্‌গুন] অর্গান (বাদ্যযন্ত্র)

أرْغُون [আর্‌গুন] আর্গন গ্যাস

أرْغَى (إرْغَاء) [رغو] [আর্‌গা] ফেনা ওঠা, ফেনা তোলা, ফেনিল হওয়া

أرْغَى وَأزْبَدَ [আর্‌গা ওয়া আয্‌বাদা] মুখে ফেনা তোলা, রাগে ফোলা, ক্রোধপরবশ হওয়া

أرْفَأ (إرْفَاء) [رفأ] [আর্‌ফাআ] কাছে আসা, কাছে আনা, ভিড়ানো, (জাহাজ) বন্দরের কাছাকাছি আসা, বন্দরের কাছাকাছি আনা

أرْفَدَ (إرْفَاد) [رفد] [আর্‌ফাদা] সাহায্য করা, সহায়তা দেওয়া, সমর্থন করা

أرْفَش مث رَفْشَاء ج رُفْش [رفش] [আর্‌ফাশ] চওড়া কানবিশিষ্ট

أرْفَضَ (إرْفَاض) [رفض] [আর্‌ফাদা] প্রশস্ত হওয়া, চারণভূমিতে স্বাধীনভাবে চরতে দেওয়া

إرْفَضَّ (إرْفِضَاض) [رفض] [ইর্‌ফাদ্দা] বিক্ষিপ্ত হয়ে যাওয়া, ছিন্নভিন্ন হওয়া, (সভা) ভেঙে যাওয়া, (ব্যথা) চলে যাওয়া, (অশ্রু, ঘাম) নিঃসৃত হওয়া, ঝরা, পুঁজ বের হওয়া

أرْفَع [رفع] [আর্‌ফা'] উচ্চতর, উর্ধ্বতন, উন্নততর, শ্রেষ্ঠতর

أرْفَغ مث رَفْغَاء ج رُفْغ [رفغ] [আর্‌ফাগ] স্বচ্ছল, স্বাচ্ছন্দ্যময় (জীবনযাত্রা)

أرْفَغَ (إرْفَاغ) [رفغ] [আর্‌ফাগা] স্বচ্ছল হওয়া, স্বাচ্ছন্দ্যময় জীবনযাত্রার অধিকারী হওয়া, (জীবনযাত্রা) স্বাচ্ছন্দ্যময় করা

أرْفَقَ (إرْفَاق) [رفق] [আর্‌ফাক্বা] কোমল আচরণ করা, উপকারে আসা, কাজে আসা, সেবা করা, সাহায্য করা

أرْفَقَ بِ [-- বি] সঙ্গে দেওয়া, সংযুক্ত করা

أرْفَلَ (إرْفَال) [رفل] [আর্‌ফালা] (কাপড়) লম্বা করে পরা, ঝুলিয়ে দেওয়া, কাপড় ঝুলিয়ে গর্বভরে চলা, সম্মান করা

أرْفَهَ (إرْفَاه) [رفه] [আর্‌ফাহা] সমৃদ্ধি লাভ করা, স্বচ্ছল হওয়া, স্বচ্ছল করা, আরাম করা, (উট) পানির কাছে অবস্থান করা, যখন ইচ্ছা উট পানির কাছে নেওয়া

أرَق [আরাক] নিদ্রাহীনতা, অনিদ্রা

أرِق ، آرِق [আরিক, আরিক] ঘুম আসে না এমন, নিদ্রাহীন, বিনিদ্র, সজাগ, জাগ্রত

أرِقَ [س] (أرَق) [আরিক্বা] ঘুম না আসা, ঘুমাতে না পারা, বিনিদ্র থাকা

أرَقَّ (إرْقَاق) [رقق] [আরক্বা] নরম করা, পাতলা করা, চেপটা করা, (হৃদয়ে) নাড়া দেওয়া

أرَّقَ (تَأرِيق) [أرق] [আর্‌রক্বা] ঘুম নষ্ট করা, ঘুমাতে না দেওয়া, বিনিদ্র রাখা

إرْقَاطَّ (إرْقِيطَاط) [رقط] [ইর্‌ক্বাত্তা] ছোট ছোট দাগযুক্ত হওয়া, ফোঁটাযুক্ত হওয়া

أرْقَب مث رَقْبَاء ج رُقْب [رقب] [আর্‌ক্বাব] মোটা ঘাড়বিশিষ্ট

أرَقَة ، أرَقَة [আর্‌ক্বাহ, আরক্বাহ] উদ্ভিদের রস চুষে নেয় এমন পোকাবিশেষ, পামরি পোকা

أرْقَدَ (إرْقَاد) [رقد] [আর্‌ক্বাদা] ঘুম পাড়ানো, নিদ্রিত করা, ঘুমাতে দেওয়া, বিছানায় শুইয়ে দেওয়া

أرْقَش مث رَقْشَاء [رقش] [আর্‌ক্বাশ] বহুবর্ণ, বহু-বর্ণরঞ্জিত, রংবেরঙের, চিত্রবিচিত্র, কর্বুরিত, চকরা-বকরা

أرْقَصَ (إرْقَاص) [رقص] [আর্‌ক্বাছা] নাচানো, নৃত্য করানো, নাচতে বলা

أرْقَط مث رَقْطَاء ج رُقْط [رقط] [আর্‌ক্বাত] ছোট ছোট দাগযুক্ত, ক্ষুদ্র ক্ষুদ্র চিহ্নযুক্ত, ফোঁটাযুক্ত, চিতাবাঘ

إرْقَطَّ (إرْقِطَاط) [رقط] [ইর্‌ক্বাত্তা] ছোট ছোট দাগ-যুক্ত হওয়া, ফোঁটাযুক্ত হওয়া

أرْقَع مث رَقْعَاء ج رُقْع [رقع] [আর্‌ক্বা'] বোকা, নির্বোধ, হাবা, আহমক

أرْقَم ج أرَاقِم [رقم] [আর্‌ক্বাম] ডোরা-কাটা সাপ, কলম

أرْكَان (رُكْن) [আর্‌কান] কোন প্রতিষ্ঠানের কর্ম-চারীবৃন্দ, স্টাফ, মৌল উপাদান, প্রধান উপাদান

إرْكَان [ركن] [ইর্‌কান] নির্ভরতা, ভরসা, আস্থা

أرْكَب مث رَكْبَاء ج رُكْب [ركب] [আর্‌কাব] বড় হাঁটুবিশিষ্ট, একটি হাঁটু বড় এমন (উট)

أرْكَبَ (إرْكَاب) [ركب] [আর্‌কাবা] আরোহণ করানো, চড়ানো, আরোহী করা

أَرْكَدَ (إِرْكَاد) [ركد] [আর্কাদা] নিশ্চল করা, গতিহীন করা, থামিয়ে রাখা, শান্ত করা

أَرْكَسَ (إِرْكَاس) [ركس] [আর্কাসা] উল্টানো, উল্টিয়ে দেওয়া, পূর্বাবস্থায় ফেলে দেওয়া

أَرْكَعَ (إِرْكَاع) [ركع] [আর্কা'আ] মাথানত করানো, নতজানু করা, রুকু করানো

أَرْكَنَ (إِرْكَان) [ركن] إِلَى [আর্কানা] নির্ভর করা, ভরসা করা, আস্থা স্থাপন করা, আশ্রয় নওয়া

أُرْكُون ج أَرَاكِنَة [ركن] [উর্কূন] নেতা, সর্দার, প্রধান, গ্রামপ্রধান

إِرَم [ইরম] ইরামঃ একটি প্রাচীন গোত্র ও স্থানের নাম

أُرْم [উর্রম] পেষণদন্ত, চর্বণদন্ত, পাথর

حَرَّقَ الأُرْمَ [হার্রকাল উর্রমা] দাঁত কড়কড় করা, দাঁত কটমট করা

أَرْمَد مث رَمْدَاء ج رُمْد [رمد] [আর্মাদ] ছাইবর্ণ, ধূসরবর্ণ, খাকী, ময়লাযুক্ত, অপরিষ্কার, চক্ষু-রোগে আক্রান্ত

أَرْمَدَ (إِرْمَاد) [رمد] [আর্মাদা] ছাইয়ে পরিণত করা, ছাই করে ফেলা, পুড়িয়ে ভস্ম করা, চক্ষু-প্রদাহে আক্রান্ত করা

إِرْمَدَّ (إِرْمِدَاد) [رمد] [ইর্মাদ্দা] ছাইবর্ণ হওয়া, ধূসরবর্ণ হওয়া, চক্ষু-প্রদাহে আক্রান্ত হওয়া, *(চোখ)* প্রদাহগ্রস্ত হওয়া

أَرْمَسَ (إِرْمَاس) [رمس] [আর্মাসা] পুঁতে রাখা, ঢেকে দেওয়া, কবর দেওয়া, দাফন করা, সমাহিত করা

أَرْمَش مث رَمْشَاء ج رُمْش [رمش] [আর্মাশ] চক্ষু-প্রদাহে আক্রান্ত, সুন্দর গড়নবিশিষ্ট, বিভিন্ন রঙের

أَرْمَضَ (إِرْمَاض) [رمض] [আর্মাদা] পোড়ানো, ঝলসে দেওয়া, জ্বালিয়ে দেওয়া, যন্ত্রণা দেওয়া

أَرْمَل ج أَرَامِل [رمل] [আর্মাল] স্ত্রী মারা গিয়েছে এমন, বিপত্নীক, মৃতদার, প্রাচুর্যবিহীন (বছর)

أَرْمَلَ (إِرْمَال) [رمل] [আর্মালা] বিপত্নীক হওয়া, বিধবা হওয়া, নিঃস্ব হওয়া, বালুকাময় হওয়া

أَرْمَلَة ج أَرَامِل ، أَرَامِلَة [رمل] [আর্মালাহ] বিধবা, স্বামীহারা, পতিহীনা

أَرْمَنِيّ [আর্মানী] আর্মেনিয়াবাসী, আর্মেনিয়ার, আর্মেনীয়

الأَرْمَنِيَّة [আল-আর্মানিয়্যাহ] আর্মেনীয় ভাষা

أَرْمَى (إِرْمَاء) [رمي] [আর্মা] ফেলে দেওয়া, নিক্ষেপ করা, বের করে দেওয়া, বৃদ্ধি পাওয়া

أَرْمِينِيَا [আর্মীনিয়া] আর্মেনিয়া (দেশ)

أَرْنَب ج أَرَانِب [رنب] [আর্নাব] শশক, খরগোশ

أَرْنَبَة ج أَرْنَبَات [رنب] [আর্নাবাহ] শশকী, স্ত্রী-খরগোশ, (নাকের) ডগা, অগ্রভাগ

أَرْنَى (إِرْنَاء) [رنو] [আর্না] মোহিত করা, আকৃষ্ট করা, অভ্যস্ত করা

إِرْهَاب [رهب] [ইর্হাব] ভীতিপ্রদর্শন, সন্ত্রাস, সন্ত্রাসবাদ, আতঙ্কবাদ

إِرْهَابِيّ [رهب] [ইর্হাবী] সন্ত্রাসমূলক, সন্ত্রাসী, সন্ত্রাসবাদী, আতঙ্কবাদী

إِرْهَابِيَّة [رهب] [ইর্হাবিয়্যাহ] আতঙ্কবাদ, সন্ত্রাসবাদ

إِرْهَاصَة ج إِرْهَاصَات [رهص] [ইর্হাছাহ] চিহ্ন, নিদর্শন, লক্ষণ

إِرْهَاق [رهق] [ইর্হাক] কষ্টপ্রদান, ভারপ্রদান, কষ্ট, ক্লান্তি, ভার, বোঝা

أَرْهَبَ (إِرْهَاب) [رهب] [আর্হাবা] আতঙ্কিত করা, ভীতিপ্রদর্শন করা, সন্ত্রাস করা

أَرْهَجَ (إِرْهَاج) [رهج] [আর্হাজা] ধুলি উড়ানো, বিবাদ লাগানো, (আকাশ) বর্ষণোদ্যত হওয়া

أَرْهَفَ (إِرْهَاف) [رهف] [আর্হাফা] পাতলা করা, ধারালো করা, ধার দেওয়া

أَرْهَفَ السَّمْعَ إِلَى ، لِ [আর্হাফাস সাম্'আ] কান পাতা, কান দিয়ে শোনা, মনোযোগ দিয়ে শোনা

أَرْهَقَ (إِرْهَاق) [رهق] [আর্হাক্বা] কষ্ট দেওয়া, বিপদগ্রস্ত করা, বিপদে ফেলা, আপতিত করা, চাপিয়ে দেওয়া, বাধ্য করা, প্রভাবিত করা

أَرْهَنَ (إِرْهَان) [رهن] [আর্হানা] বন্ধক রাখা, জামানত রাখা

أَرْوَاحِيّ (رُوح) [আর্ওয়াহী] আধ্যাত্মিক, আত্মিক, অধ্যাত্মবাদী, সর্বপ্রাণবাদী

أَرْوَاحِيَّة [আর্ওয়াহিয়্যাহ] আধ্যাত্মিকতা, আত্মিকতা, অধ্যাত্মবাদ, সর্বপ্রাণবাদ

أَرْوَح ست رَوْحَاء ج رُوح [روح] [আর্ওয়াহ] প্রশস্ত, যার দুই পায়ের মধ্যবর্তী ফাঁক প্রশস্ত

أَرْوَحَ (إِرْوَاح) [روح] [আর্ওয়াহা] দুর্গন্ধ ছাড়া, দুর্গন্ধ ছড়ানো

أَرْوَد ست رَوْدَاء ج رُود [رود] [আর্ওয়াদ] ধীর, মন্থর, ঢিলে

أَرْوَدَ (إِرْوَاد) [رود] [আর্ওয়াদা] ঢিলেমি করা, আস্তে চলা, ধীরে চলা

أُرُوز [أرز] [উরূয] অর্ধচেতন অবস্থা, মরার মত অবস্থা, শীতঘুম, শীতনিদ্রা, hibernation

أَرْوَضَ (إِرْوَاض) [روض] [আর্ওয়াদা] অধিক বাগান থাকা, উদ্যানবহুল হওয়া

أَرْوَع ست رَوْعَاء ج رُوع [روع] [আর্ওয়া'] মুগ্ধকর, মনোহর, অপূর্ব, চমৎকার

أُرُوم ، أَرُومَة ، أُرُومَة [أرم] [আরূম, আরূমাহ, উরূমাহ] মূল, গোড়া, শিকড়, (চেক, রসিদ ইত্যাদির) গোড়ার অংশ, মুড়ি

أَرْوَى (إِرْوَاء) [روي] [আর্ওয়া] সিক্ত করা; পানি দেওয়া, তৃষ্ণা নিবারণ করা

أُرْوِيَّة [روي] [উর্বিয়্যাহ] পাহাড়ী মেষ

أَرْي [আর্ই] মধু, মৌ

أَرَى (إِرَاءَة) [رأي] [আরা] দেখানো, প্রদর্শন করা, পেশ করা, উপস্থাপন করা

آرِيّ [আরী] আর্য, Aryan

أَرِيب [أرب] [আরীব] চতুর, দক্ষ, মেধাবী, পারদর্শী, বুদ্ধিমান, বিচক্ষণ, ব্যুৎপত্তিসম্পন্ন

الآرِيَّة [আল-আরিয়্যাহ] আর্যভাষা

أَرِيج [أرج] [আরীজ] সুগন্ধ, সুবাস, সৌরভ, সুরভি

أَرْيَحِيّ [روح] [আর্ইয়াহী] উদার, বদান্য, দানশীল, মুক্তহস্ত

أَرْيَحِيَّة [روح] [আর্ইয়াহিয়্যাহ] উদারতা, দানশীলতা, বদান্যতা

أَرْيَش ست رَيْشَاء ج رِيش [ريش] [আর্ইয়াশ] কান অথবা চেহারায় অধিক পশম আছে এমন, ধন-সম্পদ ও পোশাক-পরিচ্ছদে সমৃদ্ধ

أَرِيض [আরীদ] সুদর্শন তৃণক্ষেত্র, ঘাসবহুল স্থান

أَرْيَفَ (إِرْيَاف) [ريف] [আর্ইয়াফা] গ্রামে আসা, উর্বর হওয়া, শস্যশ্যামল হওয়া

أَرِيكَة ج أَرَائِك [أرك] [আরীকাহ] সোফা, গদি, পালঙ্ক, সিংহাসন

أَزَّ (ن) [ض] (أَزّ ، أَزِيز) [আয্যা] গুঞ্জন করা, গুনগুন শনশন শাঁশাঁ হিসহিস ইত্যাদি শব্দ করা

أَزَّ عَلَى [-- 'আলা] প্ররোচনা দেওয়া, উস্কানি দেওয়া

إِزَاءَ [أزي] [ইযা'আ] বিপরীতে, পাশে, সম্মুখে, সামনে, বিষয়ে, সম্বন্ধে

أَزَاحَ (إِزَاحَة) [زوح] [আযাহা] দূর করা, সরিয়ে দেওয়া, অপসারিত করা, তাড়িয়ে দেওয়া

إِزَاحَة [زوح] [ইযাহাহ] দূরীকরণ, অপসারণ, বিতাড়ন

أَزَادَ (إِزَادَة) [زود] [আযাদা] যোগান দেওয়া, সরবরাহ করা, পাথেয় যোগানো

إِزَار (ست) ج أُزُر [ইযার] দেহের নিম্নাংশের বস্ত্র, লুঙ্গি, ইযার

أَزَارِقَة [زرق] [আযারিকাহ] নাফি' ইবনুল আয্‌রাকের অনুসারী একটি শিয়া সম্প্রদায়

أَزَاغَ (إِزَاغَة) [زيغ] [আযাগা] বিপথগামী করা, বিচ্যুত করা, বাঁকা করা

أَزَالَ (إِزَالَة) [زول] [আযালা] দূর করা, দূরীভূত করা, অপসারণ করা, সরিয়ে দেওয়া, বিলুপ্ত করা, বিলোপ করা

إِزَالَة [زول] [ইযালাহ] দূরীকরণ, দূরীভূতকরণ, অপসারণ, বিলোপসাধন

أَزَانَ (إِزَانَة) [زين] [আযানা] সাজানো, সজ্জিত করা, সুন্দর করা

أَزَبّ [زبب] [আযাব্ব] অধিক কেশবিশিষ্ট, কেশবহুল

أَزَبَ [ض] (أَزْب) [আযাবা] (পানি) প্রবাহিত হওয়া

أَزْبَدَ (إِزْبَاد) [زبد] [আয্‌বাদা] ফেনিল হওয়া, ফেনায়িত হওয়া, ফেনা বের করা, ফেনা তোলা

أَرْغَى وَأَزْبَدَ [আর্গা ওয়া আয্‌বাদা] মুখে ফেনা তোলা, রাগে ফোলা, ক্রোধপরবশ হওয়া

أَزَّة [আয্‌যাহ] শব্দ, ধ্বনি, আওয়াজ, গুঞ্জন

أَزْجَى (إِزْجَاء) [زجو] [আয্জা] ঠেলে দেওয়া, চালিয়ে নেওয়া, তাড়িয়ে নেওয়া, পেশ করা

أَزْحَفَ (إِزْحَاف) [زحف] [আয্হাফা] লক্ষ্যে উপনীত হওয়া, ক্লান্ত করা, ক্লান্ত হওয়া, বাহন ক্লান্ত হওয়া

أَزْحَلَ (إِزْحَال) [زحل] [আয্হালা] দূর করা, দূরীভূত করা, সরিয়ে দেওয়া

أَزْد [আয্দ] আযদঃ ইয়েমেনের একটি প্রাচীন গোত্রের নাম

اِزْدَادَ (اِزْدِيَاد) [زيد] [ইয্দাদা] বৃদ্ধি পাওয়া, বেড়ে যাওয়া, বাড়া, বেশী হওয়া, বেশী চাওয়া

اِزْدَانَ (اِزْدِيَان) [زين] [ইয্দানা] সজ্জিত হওয়া, শোভিত হওয়া, সুন্দর হওয়া

اِزْدَجَرَ (اِزْدِجَار) [زجر] [ইয্দাজারা] ধমক দেওয়া, ধমকানো, ধমক খাওয়া, বিতাড়িত হওয়া, বিরত হওয়া

اِزْدَجَى (اِزْدِجَاء) [زجو] [ইয্দাজা] আস্তে ঠেলে দেওয়া, সরিয়ে দেওয়া, চালিত করা

اِزْدِحَام [زحم] [ইয্দিহাম] ভিড়, চাপ, জট, ঠাস, গাদাগাদি

اِزْدَحَمَ (اِزْدِحَام) [زحم] [ইয্দাহামা] ভিড় করা, ভিড় হওয়া, চাপ দেওয়া, জড়ো হওয়া, জট বাঁধা, জনাকীর্ণ হওয়া, গাদাগাদি করা

اِزْدِرَاء [زري] [ইয্দিরা'] তুচ্ছ জ্ঞান, হেয়জ্ঞান, ঘৃণা, অবজ্ঞা, নিন্দা

اِزْدَرَدَ (اِزْدِرَاد) [زرد] [ইয্দারদা] গিলে ফেলা, গলাধঃকরণ করা, গ্রাস করা

اِزْدَرَعَ (اِزْدِرَاع) [زرع] [ইয্দার'আ] (গাছে) কলম কাটা, (বীজ) বপন করা

اِزْدَرَى (اِزْدِرَاء) [زري] [ইয্দারা] ঘৃণা করা, অবজ্ঞা করা, হেয়জ্ঞান করা

اِزْدَقَمَ (اِزْدِقَام) [زقم] [ইয্দাক্বামা] গিলে ফেলা, গলাধঃকরণ করা, গ্রাস করা

اِزْدَلَفَ (اِزْدِلَاف) [زلف] [ইয্দালাফা] নিকট-বর্তী হওয়া, নিকটে আসা, কাছে যাওয়া

اِزْدِهَار [زهر] [ইয্দিহার] ঔজ্জ্বল্য, চাকচিক্য, উন্নতি, বিকাশ

اِزْدَهَدَ (اِزْدِهَاد) [زهد] [ইয্দাহাদা] তুচ্ছ জ্ঞান করা, নগণ্য মনে করা, সামান্য মনে করা

اِزْدَهَرَ (اِزْدِهَار) [زهر] [ইয্দাহারা] উন্নতি করা, বিকাশলাভ করা, চকচক করা, উজ্জ্বল হওয়া, মুকুলিত হওয়া

اِزْدَهَى (اِزْدِهَاء) [زهو] [ইয্দাহা] বড়াই করা, গর্ব করা, আত্মতৃপ্ত হওয়া

أَزْدَى (إِزْدَاء) [زدو] [আয্দা] ভাল কাজ করা

اِزْدَوَجَ (اِزْدِوَاج) [زوج] [ইয্দাওয়াজা] যুগলবদ্ধ হওয়া, যুগ্ম হওয়া, জোড়া হওয়া, দ্বিগুণ হওয়া

اِزْدِيَاد [زيد] [ইয্দিয়াদ] বৃদ্ধি, বর্ধন, আধিক্য, বেশি

أَزْر [আয্র] শক্তি, কোমর, কটি, মাজা, মেরুদণ্ড

آزَر [আযার] আযরঃ হযরত ইব্রাহীম (আ)-এর পিতার নাম

أَزَرَ [ض] (أَزْر) [আযারা] বেষ্টন করা, পরিবেষ্টন করা, ঘেরা, শক্ত করা, শক্তিশালী করা

أَزَّرَ (تَأْزِير) [أزر] [আয্যারা] আচ্ছাদিত করা, পরিধান করানো, পরিয়ে দেওয়া, শক্তিশালী করা

آزَرَ (مُؤَازَرَة) [أزر] [আযারা] শক্তি যোগানো, সমর্থন করা, সাহায্য করা

أَزَرَّ (إِزْرَار) [زرر] [আযার্রা] (জামায়) বোতাম লাগানো

اِزْرَاقَّ (اِزْرِيقَاق) [زرق] [ইয্রাক্কা] নীল হওয়া, নীল রং ধারণ করা

اِزْرَبَّ (اِزْرِبَاب) [زرب] [ইয্রাব্বা] (উদ্ভিদ) হলদে হওয়া, বিবর্ণ হওয়া

أَزْرَفَ (إِزْرَاف) [زرف] [আয্রফা] দ্রুত করা, অগ্রসর হওয়া, এগিয়ে যাওয়া, উৎসাহ দেওয়া

أَزْرَق مث زَرْقَاء ج زُرْق [زرق] [আয্রক] নীল, আসমানী, আকাশী (রং)

الزَّرْقَاء ، القُبَّة الزَّرْقَاء [زرق] [আয-যার্ক্বা', আল-কুব্বাতুয যার্ক্বা'] নীলাকাশ

أَزْرَق سَمَاوِيّ [আয্রক সামাবী] আসমানী নীল, আকাশী নীল (রং)

اِزْرَقَّ (اِزْرِقَاق) [زرق] [ইয্রক্কা] নীল হওয়া, নীল রং ধারণ করা

اِزْرِقَاق [زرق] [ইয্রিক্বাক] নীলাভতা, নীল রং

أَزْرَى (إِزْرَاء) [زري] بِ [আয্‌রা] ঘৃণা করা, তুচ্ছ করা, অবজ্ঞা করা, হেয় প্রতিপন্ন করা

أَزْعَجَ (إِزْعَاج) [زعج] [আয্‌'আজা] বিরক্ত করা, কষ্ট দেওয়া, অস্থির করা, অশান্ত করা, উত্তেজিত করা

أَزْعَر مث زَعْرَاء ج زُعْر [زعر] [আয্‌'আর] অল্প গাছপালাবিশিষ্ট (ভূমি), পাতলা চুলবিশিষ্ট, স্বল্পকেশ, দুষ্ট, বদমাশ, চোর, ডাকাত

أَزْعَمَ (إِزْعَام) [زعم] [আয্‌'আমা] অনুগত হওয়া, নেতা হওয়া, সম্ভব হওয়া, জিম্মাদার করা

أَزْغَب [زغب] [আয্‌গাব] কোমল কেশ বা পালক-বিশিষ্ট

أَزِفَ [س] (أَزَف) [আযিফা] নিকটবর্তী হওয়া, কাছে আসা, আসন্ন হওয়া, এসে পড়া

أَزَفَّ (إِزْفَاف) [زفف] [আযাফ্‌ফা] (কনেকে) বরের হাতে অর্পণ করা, কন্যা সম্প্রদান করা, ত্বরা করা, ত্বরা করানো

الآزِفَة [আল-আযিফাহ্‌] পুনরুত্থান দিবস, শেষ বিচারের দিন, কেয়ামত

أَزْفَر مث زَفْرَاء ج زُفْر [زفر] [আয্‌ফার] শক্ত পাঁজরবিশিষ্ট (ঘোড়া)

أَزْقَمَ (إِزْقَام) [زقم] [আয্‌ক্বামা] গলাধঃকরণ করানো, গিলানো, গ্রাস করানো

أَزْقَى (إِزْقَاء) [زقو] [আয্‌ক্বা] কাঁদানো

أَزْكَمَ (إِزْكَام) [زكم] [আয্‌কামা] শ্লেষ্মাগ্রস্ত করা, সর্দিতে আক্রান্ত করা, (পাত্র) পূর্ণ করা

أَزْكَمَ بِ [-- বি] (সন্তান) প্রসব করা

أَزْكَى [زكو] [আয্‌কা] অধিকতর পরিচ্ছন্ন, পবিত্র-তর, পবিত্রতার জন্য অধিকতর সহায়ক

أَزْكَى (إِزْكَاء) [زكو] [আয্‌কা] বর্ধিত করা, বৃদ্ধি করা, বৃদ্ধি পাওয়া

أَزَل [আযাল] চিরন্তনতা, চিরস্থায়িত্ব, অবিনশ্বরতা, অনন্তকাল

أَزَلّ مث زَلَّاء ج زُلّ [زلل] [আযাল] দ্রুত গতি-সম্পন্ন, হালকা নিতম্ববিশিষ্ট

أَزَلَّ (إِزْلَال) [زلل] [আযাল্লা] হোঁচট খাওয়ানো, স্খলিত করা

أَزْلَجَ (إِزْلَاج) [زلج] [আয্‌লাজা] (দরজায়) খিল দেওয়া, খিল লাগানো, হুড়কা লাগানো, তালা দেওয়া, স্খলিত করা, পিছলে দেওয়া

إِزْلَحَفَّ (إِزْلِحْفَاف) [زلحف] [ইয্‌লাহাফ্‌ফা] দূরে যাওয়া, সরে যাওয়া

أَزْلَفَ (إِزْلَاف) [زلف] [আয্‌লাফা] নিকটবর্তী করা, কাছে আনা, একত্রিত করা, এগিয়ে দেওয়া

أَزْلَق مث زَلْقَاء ج زُلْق [زلق] [আয্‌লাক] মসৃণ চুল পড়িয়েছে এমন

أَزْلَقَ (إِزْلَاق) [زلق] [আয্‌লাক্বা] স্খলিত করা, পিচ্ছিল করা, পিছলে দেওয়া

أَزَلِيّ مث أَزَلِيَّة [ازل] [আযালী] চিরন্তন, শাশ্বত, চিরস্থায়ী, অবিনশ্বর

أَزَلِيَّة [ازل] [আযালিয়্যাহ্‌] চিরন্তনতা, চিরস্থায়িত্ব, অবিনশ্বরতা

أَزْم [আয্‌ম] নিয়ন্ত্রিত খাদ্যগ্রহণ, ক্ষতি থেকে আত্মরক্ষা, প্রতিরক্ষা

أَزَمَ [ض] (أَزْم) [আযামা] কঠিন হওয়া, কষ্টকর হওয়া, জটিল হওয়া, কামড় দেওয়া, (দড়ি) শক্ত করে পাকানো, (দরজা) বন্ধ করা

أَزَمَ عَلَى [-- 'আলা] লেগে থাকা, রক্ষা করা

أَزَمَ عَنْ [-- 'আন] বিরত থাকা, নিবৃত্ত থাকা

أَزَّمَ (تَأْزِيم) [ازم] [আয্‌যামা] সঙ্কটপূর্ণ করা, সমস্যাসংকুল করা, জটিল করা

أَزْمَا [আয্‌মা] হাঁপানি, asthma (রোগ)

إِزْمَارَّ (إِزْمِيرَار) [زمر] [ইয্‌মাআর্‌রা] ক্রোধান্বিত হওয়া, রাগে চোখ লাল করা

أَزْمَة ج أَزَمَات [আয্‌মাহ্‌] সঙ্কট, কঠিন বিপদ, সমস্যা, জটিলতা

آزِمَة ج أَوَازِم [ازم] [আযিমাহ্‌] দুর্ভিক্ষ, অভাব, কঠিন অবস্থা, কষ্টের বছর, দাঁত

أَزْمَع ج أَزَامِع [زمع] [আয্‌মা'] খারাপ কাজ, ধূর্ত ব্যক্তি, চতুর লোক, অতিরিক্ত আঙুলবিশিষ্ট

أَزْمَعَ (إِزْمَاع) [زمع] عَلَى [আয্‌মা'আ] সঙ্কল্প করা, সিদ্ধান্ত করা, সঙ্কল্পবদ্ধ হওয়া

أَزْمَل ج أَزَامِل ، أَزَامِيل [زمل] [আয্‌মাল] মিশ্র শব্দ, গোটা, সমগ্র

إِزَّمَّلَ (إِزِّمَّال) [زمل] [ইয্‌যাম্মালা] নিজেকে

বস্ত্রাবৃত করা, বস্ত্রাবৃত হওয়া

أَزْمَلَة ج أَزَامِل [زمل] [আয্মালাহ্] পোষ্যবর্গ, পরিবার-পরিজন, (ধনুকের) টঙ্কারধ্বনি, গোটা, সমগ্র

أَزْمَنَ (إِزْمَان) [زمن] [আয্মানা] দীর্ঘস্থায়ী হওয়া, বহুকাল অবস্থান করা, থেকে যাওয়া, পুরাতন হওয়া

إِزْمِيل ج أَزَامِيل [ইয্মীল] বাটালি, বাটালী (অস্ত্র)

أَزْنَى (إِزْنَاء) [زني] [আয্নাঁ] ব্যভিচারে উদ্বুদ্ধ করা, যেনা করানো

إِزْهَارَّ إِزْهِيرَار [زهر] [ইয্হার্‌রা] (গাছে) ফুল বের হওয়া, পুষ্পিত হওয়া, মুকুলিত হওয়া

أَزْهَر ث زَهْرَاء ج زُهْر [زهر] [আয্হার] উজ্জ্বল, আলোকময়, সুন্দর, মনোহর

الأَزْهَرَان [আল-আয্হারানি] উজ্জ্বল জ্যোতিষ্কদ্বয়ঃ চন্দ্র ও সূর্য

أَزْهَرَ (إِزْهَار) [زهر] [আয্হারা] (গাছে) ফুল বের হওয়া, পুষ্পিত হওয়া, মুকুলিত হওয়া, উজ্জ্বল হওয়া, আলো দেওয়া, উজ্জ্বল করা, আলোকিত করা

إِزْهَرَّ (إِزْهِرَار) [زهر] [ইয্হার্‌রা] (গাছে) ফুল বের হওয়া, পুষ্পিত হওয়া, মুকুলিত হওয়া

أَزْهَقَ (إِزْهَاق) [زهق] [আয্হাক্বা] বিলোপ করা, ধ্বংস করা, সমাপ্ত করা

أَزْهَى (إِزْهَاء) [زهو] [আয্হাঁ] বড়াই করা, গর্ব করা, বর্ধিত হওয়া, বিকাশলাভ করা

إِزْوَارَّ (إِزْوِيرَار) [زور] عَنْ [ইয্ওয়ার্‌রা] বিচ্যুত হওয়া, সরে যাওয়া, এড়িয়ে যাওয়া, দূরে থাকা

أَزْوَجَ (إِزْوَاج) [زوج] [আয্ওয়াজা] যুগলবদ্ধ করা, বৈবাহিক বন্ধনে আবদ্ধ করা, মিলিত করা, মিলন ঘটানো

أَزْوَر ث زَوْرَاء ج زُور [زور] [আয্ওয়ার] আড়, তেরছা, বাঁকা, তির্যক, বক্রদৃষ্টি, টেঁরা

إِزْوَرَّ (إِزْوِرَار) [زور] عَنْ [ইয্ওয়ার্‌রা] দূরে থাকা, সরে যাওয়া, এড়িয়ে যাওয়া, বিচ্যুত হওয়া

أَزِيز [أزز] [আযীয] গুঞ্জন, শব্দ, আওয়াজ, ধ্বনি

إِزْيَانَ (إِزْيِيَان) [زين] [ইয্যাইয়ানা] সুশোভিত হওয়া, সজ্জিত হওয়া

أُسّ ، إِسّ ج إِسَاس [আস্, ইস্] ভিত্তি, ভিত, বুনিয়াদ, মূল, কাঠামো

أَسَّ [ن] (أَسّ) [أسس] [আস্‌সা] ভিত্তি স্থাপন করা, রাগিয়ে দেওয়া, বিবাদ সৃষ্টি করা

آس [আস] চিরহরিৎ গুল্মবিশেষঃ মেদিগাছ

آسَ [ن] (أَوْس ، إِيَاس) [أوس] [আসা] দান করা, দেওয়া, পুরস্কার দেওয়া, পুষিয়ে দেওয়া, পরিবর্তে দেওয়া, সাহায্য করা

أُسّ ج إِسَاس [উস্] ভিত্তি, ভিত, বুনিয়াদ, মূল, কাঠামো, (বীজগণিতে) রাশির ঘাতচিহ্ন, সূচক

أَسَا [ن] (أَسْو ، أَسًى) [أسو] [আসা] চিকিৎসা করা, শুশ্রূষা করা, আরোগ্য করা, প্রতিকার করা, সান্ত্বনা দেওয়া

أَسَا بَيْنَ [-- বাইনা] বিবাদ মীমাংসা করা, শান্তি স্থাপন করা

أَسَاءَ (إِسَاءَة) [سوأ] [আসাআ] খারাপভাবে করা, খারাপ করা

أَسَاءَ إِلَى [-- ইলা] খারাপ আচরণ করা, দুর্ব্যবহার করা, কষ্ট দেওয়া, ক্ষতি করা, নষ্ট করা

أَسَاءَ الإِدَارَةَ [আসাআল ইদারাতা] খারাপভাবে পরিচালনা করা, মন্দভাবে চালানো

أَسَاءَ اسْتِعْمَالَهُ [আসাআ ইস্তি'মালাহু] খারাপভাবে ব্যবহার করা, অপব্যবহার করা

أَسَاءَ التَّصَرُّفَ [আসাআত তাছর্‌রুফা] খারাপ ব্যবহার করা, অন্যায় আচরণ করা

أَسَاءَ التَّفْسِيرَ ، أَسَاءَ التَّأْوِيلَ [আসাআত তাফসীরা, আসাআত তা'বীলা] অপব্যাখ্যা করা

أَسَاءَ الظَّنَّ [আসাআয যন্না] কুধারণা পোষণ করা, কুচিন্তা করা

أَسَاءَ الفَهْمَ [আসাআল ফাহ্মা] ভুল বোঝা, ভুল করা

أَسَاءَ مُعَامَلَتَهُ [আসাআ মু'আমালাতাহু] খারাপ আচরণ করা

إِسَاء [أسو] [ইসা'] চিকিৎসা, প্রতিকার, ঔষধ

إِسَاءَة [سوأ] [ইসাআহ্] অন্যায়, অবিচার, কষ্ট-প্রদান, খারাপ আচরণ, দুর্ব্যবহার, অনিষ্ট, ক্ষতি

أَسَاحَ (إِسَاحَة) [سيح] [আসাহা] প্রবাহিত করা

أَسَاحَ بِ [-- বি] (লেজ) ঝুলিয়ে দেওয়া, ছেড়ে

দেওয়া

[আসাহিল] পানির গতিপথ, স্রোতধারা, প্রবাহ أَسَاحِل

[আসাদা] কালো সন্তান জন্ম দেওয়া, নেতা জন্ম দেওয়া أَسَادَ (إِسَادَة) [سود]

[আসারা] চালানো, ভ্রমণ করানো, (পশু) চারণভূমিতে পাঠানো أَسَارَ (إِسَارَة) [سير]

[ইসার] (চামড়ার) সরু ফালি, দড়ি, বন্ধন, বন্দিদশা, বন্দিত্ব إِسَار [أسر]

[আসারীর] ললাটরেখা, হস্তরেখা, চেহারার সৌন্দর্য أَسَارِير (سِرَار) [سرر]

[আসাস] ভিত্তি, ভিত, বুনিয়াদ, মূল, কাঠামো أَسَاس ج أُسُس [أسس]

[হাজারুল আসাস] ভিত্তিপ্রস্তর حَجَر الأَسَاس

['আলা আসাসি] ভিত্তিতে, ভিত্তি করে عَلَى أَسَاسِ

[আসাসী] মৌলিক, মৌল, মূল, বুনিয়াদী أَسَاسِيّ

[আসাতীন] বিশিষ্ট ব্যক্তিবর্গ, পদস্থ ব্যক্তিবর্গ, দক্ষ ব্যক্তিবর্গ أَسَاطِين (أُسْطُوَانَة) [سطن]

[আসা'আ] নষ্ট করা, খোয়ানো, হারানো أَسَاعَ (إِسَاعَة) [سوع ، سيع]

[আসাগা] গিলে ফেলা, গলাধঃকরণ করা, হজম করা, সহ্য করা أَسَاغَ (إِسَاغَة) [سوغ]

[আসালা] প্রবাহিত করা, গড়িয়ে দেওয়া, ঢেলে দেওয়া, গলানো, ঝরানো أَسَالَ (إِسَالَة) [سيل]

[আসাফা] সম্পদ ধ্বংস হওয়া, সন্তান মারা যাওয়া, ধ্বংস করা, তরবারি কেনা, অভাবগ্রস্ত হওয়া أَسَافَ (إِسَافَة) [سوف]

[আসাকা] তাড়িয়ে নিতে দেওয়া, মালিক করে দেওয়া, তাড়িয়ে নেওয়া أَسَاقَ (إِسَاقَة) [سوق]

[ইস্সাকাতা] ক্রমাগত পড়তে থাকা, পড়ে যাওয়া, পতন হওয়া إِسَّاقَطَ (اِسِّقَاط) [سقط]

[আসালা] প্রবাহিত করা, তরল করা, গলানো, ধারালো দিক লম্বা করা أَسَالَ (إِسَالَة) [سيل]

[আসামা] চরানো, চরতে দেওয়া, ঘাস খাওয়ার জন্য ছেড়ে দেওয়া أَسَامَ (إِسَامَة) [سوم]

[উসামাহ] সিংহ, মৃগেন্দ্র, কেশরী, পশুরাজ أُسَامَة

[আস্আলা] (প্রয়োজন, ইচ্ছা) পূরণ করা, (অনুরোধ) রক্ষা করা, যা চায় তাই দেওয়া, অনুমোদন করা, মঞ্জুর করা أَسْأَلَ (إِسْآل) [سأل]

[আস্আমা] বিরক্ত করা, বিরক্তির উদ্রেক করা, ক্লান্ত করা أَسْأَمَ (إِسْآم) [سأم]

[ইস্বাত] অর্ধচেতন অবস্থা, শীতঘুম, শীতনিদ্রা, hibernation إِسْبَات [سبت]

[আস্বানিয়া] স্পেন (দেশ) أَسْبَانِيَا

[আস্বানী] স্পেনীয়, স্পেনের أَسْبَانِيّ

[আল-আস্বানিয়্যাহ] স্প্যানিশ ভাষা الأَسْبَانِيَّة

[আস্বাতা] অর্ধচেতন অবস্থায় পড়ে থাকা, মরার মত পড়ে থেকে শীতকাল অতিবাহিত করা, শনিবারে প্রবেশ করা أَسْبَتَ (إِسْبَات) [سبت]

[আস্বাহা] সাঁতরাতে দেওয়া, সাঁতার কাটানো, পানিতে ভাসানো أَسْبَحَ (إِسْبَاح) [سبح]

[আস্বারা] গভীরতা মাপা বা পরীক্ষা করা أَسْبَرَ (إِسْبَار) [سبر]

[আস্বা'আ] সাত হওয়া, সাত করা, গর্ভের সপ্তম মাসে সন্তান প্রসব করা, (স্থান) হিংস্র জন্তুতে ভরে যাওয়া, হিংস্র জন্তুর মাংস খাওয়ানো أَسْبَعَ (إِسْبَاع) [سبع]

[আস্বাগা] পুরোপুরি করা, যথাযথভাবে সম্পন্ন করা, পূর্ণ করা, বড় করা أَسْبَغَ (إِسْبَاغ) [سبغ]

[-- 'আলা] প্রচুর পরিমাণে দেওয়া, ভরে দেওয়া أَسْبَغَ عَلَى

[আস্বাক] পূর্ববর্তী, অগ্রবর্তী, অগ্রাধিকারপ্রাপ্ত أَسْبَق [سبق]

[আস্বাকা] আগে সম্পন্ন করা, দ্রুত করা, আগে যাওয়া أَسْبَقَ (إِسْبَاق) [سبق]

[আস্বাকিয়্যাহ] অগ্রাধিকার, অগ্রবর্তিতা, পূর্ববর্তিতা أَسْبَقِيَّة [سبق]

[আস্বালা] ঝুলিয়ে দেওয়া, টাঙ্গিয়ে দেওয়া, ঢেলে দেওয়া, প্রবলবেগে পড়া أَسْبَلَ (إِسْبَال) [سبل]

[উস্বু'] সপ্তাহ, সপ্তা, হপ্তা أُسْبُوع ج أَسَابِيع [سبع]

[উস্বু'ঈ] সাপ্তাহিক, সপ্তাহ-বিষয়ক أُسْبُوعِيّ

[উস্বু'ইয়্যান] প্রতি সপ্তাহে, সাপ্তাহিক হিসেবে أُسْبُوعِيًّا

[উস্বু'ইয়্যাহ] أُسْبُوعِيَّة ج أُسْبُوعِيَّات [سبع]

সাপ্তাহিক পত্রিকা, সাপ্তাহিক, সাপ্তাহিক প্রবন্ধ বা আলোচনা, সাপ্তাহিকী, সাপ্তাহিক মজুরি

إِسْت ج أَسْتَاه [ইস্‌ত] নিতম্ব, পাছা, পিছন

إِسْتَاءَ (إِسْتِيَاء) [سوأ] مِنْ [ইস্তাআ] বিরক্ত হওয়া, অসন্তুষ্ট হওয়া, অপছন্দ করা, কষ্ট পাওয়া

إِسْتَاد ج إِسْتَادَات [ইস্তাদ] স্টেডিয়াম

أُسْتَاذ ج أَسَاتِذَة [উস্তায] শিক্ষক, গুরু, ওস্তাদ, বিজ্ঞ ব্যক্তি, অধ্যাপক, প্রফেসর

أُسْتَاذ مُسَاعِد [উস্তায মুসা'ইদ] সহকারী অধ্যাপক

أُسْتَاذ مُشَارِك [উস্তায মুশারিক] সহযোগী অধ্যাপক

إِسْتَاقَ (إِسْتِيَاق) [سوق] [ইস্তাকা] (পশু) তাড়িয়ে নেওয়া

إِسْتَاكَ (إِسْتِيَاك) [سوك] [ইস্তাকা] মেসওয়াক করা, দাঁত পরিষ্কার করা

إِسْتَانْبُول [ইস্তাম্বুল] ইস্তাম্বুল (নগরী)

الآسْتَانَة [আল-আস্তানাহ] ইস্তাম্বুল (নগরী)

إِسْتَأْتَى (إِسْتِئْتَاء) [أتي] [ইস্তা'তা] আসতে বলা, ডেকে পাঠানো, তলব করা, হাজির হতে বলা

إِسْتِئْثَار [أثر] [ইস্তি'ছার] একচেটিয়াকরণ, একচেটিয়া ক্ষমতা, একচেটিয়া অধিকার, আত্মসাৎ

إِسْتِئْثَارِيّ [ইস্তি'ছারী] একচেটিয়া, একান্ত, খাস

إِسْتَأْثَرَ (إِسْتِئْثَار) [أثر] بِ [ইস্তা'ছারা] নিজের করে নেওয়া, একচেটিয়া করা, একচেটিয়া অধিকার করা, দখল করা, আত্মসাৎ করা, দাবি করা, মৃত্যু দেওয়া

إِسْتَأْجَرَ (إِسْتِئْجَار) [أجر] [ইস্তা'জারা] ভাড়া করা, ভাড়া দেওয়া, ইজারা লওয়া, ইজারা দেওয়া, মজুর নিয়োগ করা

إِسْتَأْجَلَ (إِسْتِئْجَال) [أجل] [ইস্তা'জালা] স্থগিত করতে বলা, বিলম্বিত করতে চাওয়া

إِسْتَأْخَرَ (إِسْتِئْخَار) [أخر] [ইস্তা'খারা] বিলম্বিত হওয়া, দেরি করা, পিছনে পড়া

إِسْتَأْدَى (إِسْتِئْدَاء) [أدي] [ইস্তা'দা] গ্রহণ করা, লওয়া, পাওয়া

إِسْتَأْدَى بِ [-- বি] সাহায্য চাওয়া, সমর্থন চাওয়া

إِسْتَأْذَنَ (إِسْتِئْذَان) [أذن] [ইস্তা'যানা] অনুমতি চাওয়া, অনুমতি লওয়া, প্রবেশাধিকার চাওয়া

إِسْتَأْسَدَ (إِسْتِئْسَاد) [أسد] [ইস্তা'সাদা] সাহস করা, সাহসী হওয়া, শক্তিশালী হওয়া, শক্তি প্রদর্শন করা, সিংহের সাহস দেখানো

إِسْتَأْسَدَ عَلَى [-- 'আলা] প্রভাব খাটানো, নিয়ন্ত্রণ করা

إِسْتَأْسَرَ (إِسْتِئْسَار) [أسر] [ইস্তা'সারা] বন্দী হতে চাওয়া, আত্মসমর্পণ করা, বন্দী করা, গ্রেফতার করা, আটক করা

إِسْتِئْصَال [أصل] [ইস্তি'ছাল] উৎপাটন, মূলোৎপাটন, অপসারণ

إِسْتَأْصَلَ (إِسْتِئْصَال) [أصل] [ইস্তা'ছালা] শিকড় গাড়া, উপড়ানো, উৎপাটন করা, মূলোৎপাটন করা

إِسْتَأْكَلَ (إِسْتِئْكَال) [أكل] [ইস্তা'কালা] খেতে চাওয়া, (সম্পদ) খেয়ে ফেলা, হরণ করা, আত্মসাৎ করা

إِسْتَأْلَفَ (إِسْتِئْلَاف) [ألف] [ইস্তা'লাফা] বন্ধুত্ব চাওয়া

إِسْتِئْمَارَة ج إِسْتِئْمَارَات [أمر] [ইস্তি'মারাহ] ফরম, দরখাস্তের ফরম, দরখাস্ত, আবেদনপত্র

إِسْتِئْمَان [أمن] [ইস্তি'মান] নিরাপত্তা প্রার্থনা, বিশ্বাস, আস্থা, নির্ভরতা, ভরসা

إِسْتَأْمَنَ (إِسْتِئْمَان) [أمن] [ইস্তা'মানা] নিরাপত্তা চাওয়া, আশ্রয় চাওয়া

إِسْتَأْمَنَ بِ ، عَلَى [-- বি, 'আলা] বিশ্বাস রাখা, আস্থা রাখা, নির্ভর করা, ভরসা করা

إِسْتِئْنَاف [أنف] [ইস্তি'নাফ] আরম্ভ, পুনরারম্ভ, (আদালতে) আপীল

إِسْتِئْنَافِيّ [ইস্তি'নাফী] আপীল-বিষয়ক, আপীল-সম্বন্ধীয়

إِسْتَأْنَسَ (إِسْتِئْنَاس) [أنس] إِلَى ، بِ [ইস্তা'নাসা] মিশুক হওয়া, ঘনিষ্ঠ হওয়া, পরিচিত হওয়া, কথাবার্তা বলা

إِسْتَأْنَسَ لِ [-- লি] কান দিয়ে শোনা, মনোযোগ দেওয়া

إِسْتَأْنَفَ (إِسْتِئْنَاف) [أنف] [ইস্তা'নাফা] আরম্ভ করা, নতুনভাবে শুরু করা, আপীল করা

إِسْتَأْنَى (إِسْتِئْنَاء) [أني] [ইস্তা'না] সময় নেওয়া,

ধীরে কাজ করা, কালক্ষেপণ করা, ঢিলেমি করা, অপেক্ষা করা

اِسْتَأْهَلَ (اِسْتِئْهَال) [أهل] **[ইস্তা'হালা]** যোগ্যতা রাখা, অধিকার রাখা, যোগ্য হওয়া

اِسْتَبَّ (اِسْتِبَاب) [سبب] **[ইস্তাব্বা]** পরস্পর গালিগালাজ করা, একে অপরকে গালি দেওয়া

اِسْتَبَاتَ (اِسْتِبَاتَة) [بيت] **[ইস্তাবাতা]** রাতের খাবার তৈরী করা

اِسْتَبَاحَ (اِسْتِبَاحَة) [بوح] **[ইস্তাবাহা]** বৈধ মনে করা, সম্মান নষ্ট করা, দখল করা, প্রকাশ করা

اِسْتِبَاق [سبق] **[ইস্তিবাক]** দৌড়, দৌড়ের পাল্লা, আগে যাবার প্রতিযোগিতা, অন্যের আগে সম্পাদন

اِسْتَبَالَ (اِسْتِبَالَة) [بول] **[ইস্তাবালা]** মূত্রত্যাগ করানো, প্রস্রাব করানো, পেশাব করানো

اِسْتَبَانَ (اِسْتِبَانَة) [بين] **[ইস্তাবানা]** স্পষ্ট হওয়া, প্রকাশিত হওয়া, স্পষ্ট করা, প্রকাশ করা, লক্ষ্য করা

اِسْتَبْحَرَ (اِسْتِبْحَار) [بحر] **[ইস্তাব্হারা]** প্রশস্ত হওয়া, বড় হওয়া, বিশাল হওয়া

اِسْتَبَدَّ (اِسْتِبْدَاد) [بدد] **[ইস্তাবাদ্দা]** স্বেচ্ছাচারী হওয়া, স্বৈরাচারী হওয়া, একগুঁয়ে হওয়া

اِسْتِبْدَاد [بدد] **[ইস্তিব্দাদ]** স্বেচ্ছাচার, স্বৈরাচার, একগুঁয়েমি

اِسْتِبْدَادِيّ **[ইস্তিব্দাদী]** স্বেচ্ছাচারমূলক, স্বৈর-, স্বৈরাচারী, একগুঁয়ে

اِسْتِبْدَادِيَّة [بدد] **[ইস্তিব্দাদিয়্যাহ]** একগুঁয়েমি, স্বেচ্ছাচার, স্বৈরাচার

اِسْتِبْدَال [بدل] **[ইস্তিব্দাল]** স্থলাভিষিক্তকরণ, বদলকরণ, পরিবর্তন, বিনিময়

اِسْتَبْدَعَ (اِسْتِبْدَاع) [بدع] **[ইস্তাব্দা'আ]** অপূর্ব মনে করা, চমৎকার মনে করা, অসাধারণ বিবেচনা করা, অদ্ভুত দেখতে পাওয়া

اِسْتَبْدَلَ (اِسْتِبْدَال) [بدل] **[ইস্তাব্দালা]** বদল করা, পরিবর্তন করা, বিনিময় করা, স্থলাভিষিক্ত করা

اِسْتَبْرَأَ (اِسْتِبْرَاء) [برأ] **[ইস্তাব্রাআ]** অব্যাহতি চাওয়া, দায়মুক্ত হতে চাওয়া, নিষ্কৃতি পেতে চাওয়া, আরোগ্য কামনা করা

اِسْتَبْرَدَ (اِسْتِبْرَاد) [برد] **[ইস্তাব্রদা]** ঠাণ্ডা মনে করা, ঠাণ্ডা পাওয়া

اِسْتَبْرَدَ عَلَيْهِ لِسَانَهُ [-- 'আলাইহি **লিসানাহু**] রেতের মত ধারালো ভাষায় তিরস্কার করা, তীব্র গালমন্দ করা

اِسْتَبْرَزَ (اِسْتِبْرَاز) [برز] **[ইস্তাব্রযা]** বের করে আনা, বের করে আনতে বলা

اِسْتَبْرَق [برق] **[ইস্তাব্রক]** কিংখাবঃ নকশা-করা রেশমী বস্ত্রবিশেষ, মূল্যবান পুরু রেশমী কাপড়

اِسْتَبْرَكَ (اِسْتِبْرَاك) [برك] بِ **[ইস্তাব্রকা]** বরকত লাভ করা, আশীর্বাদ লাভ করা, বরকতময় মনে করা, শুভ মনে করা

اِسْتَبْزَلَ (اِسْتِبْزَال) [بزل] **[ইস্তাব্যালা]** বিদীর্ণ করা, ফুটিয়ে দেওয়া, ফুটো করা, খুলে দেওয়া, (মদ) ছেঁকে পরিষ্কার করা

اِسْتَبْسَلَ (اِسْتِبْسَال) [بسل] **[ইস্তাব্সালা]** বীরত্ব প্রদর্শন করা, দুঃসাহস দেখানো, জীবনের ঝুঁকি নেওয়া

اِسْتَبْشَرَ (اِسْتِبْشَار) [بشر] بِ **[ইস্তাব্শারা]** খুশী হওয়া, আনন্দিত হওয়া, প্রফুল্ল হওয়া, শুভ মনে করা

اِسْتَبْشَعَ (اِسْتِبْشَاع) [بشع] **[ইস্তাব্শা'আ]** কদর্য দেখতে পাওয়া, কুৎসিত মনে করা

اِسْتِبْصَار [بصر] **[ইস্তিব্ছার]** পর্যবেক্ষণ, চিন্তা, ধ্যান, অনুসন্ধান, অভিনিবেশ

اِسْتَبْصَرَ (اِسْتِبْصَار) [بصر] **[ইস্তাব্ছরা]** লক্ষ্য করা, পর্যবেক্ষণ করা, অনুসন্ধান করা, বিবেচনা করা, স্পষ্ট হওয়া

اِسْتَبْصَرَ فِي **[-- ফী]** অভিনিবেশ সহকারে দেখা, চিন্তা করা, ধ্যান করা, দূরদর্শী হওয়া

اِسْتَبْطَأَ (اِسْتِبْطَاء) [بطأ] **[ইস্তাব্তআ]** মন্থর মনে করা, মন্থর দেখতে পাওয়া, ধীরুজ মনে করা

اِسْتَبْطَحَ (اِسْتِبْطَاح) [بطح] **[ইস্তাব্তহা]** প্রশস্ত হওয়া, চওয়া হওয়া

اِسْتَبْطَنَ (اِسْتِبْطَان) [بطن] **[ইস্তাব্তনা]** ভিতরে প্রবেশ করা, নিবিষ্ট হওয়া, ভালভাবে পরীক্ষা করা, লুকানো, গোপন করা

اِسْتَبْعَدَ (اِسْتِبْعَاد) [بعد] **[ইস্তাব্'আদা]** দূরে রাখা, দূরে মনে করা, দূরে দেখতে পাওয়া, সুদূর-পরাহত মনে করা, অসম্ভব মনে করা, দূরবর্তী হওয়া

اِسْتَبْعَلَ (اِسْتِبْعَال) [بعل] [ইস্তাব্‘আলা] স্বামী হওয়া, বিয়ে করা, (জমি) সেচবিহীন হওয়া

اِسْتَبْغَى (اِسْتِبْغَاء) [بغي] [ইস্তাব্‌গা] চাওয়া, পেতে চাওয়া, সাহায্য চাওয়া

اِسْتَبَقَ (اِسْتِبَاق) [سبق] [ইস্তাবাকা] দৌড়ানো, দৌড়ের পাল্লা দেওয়া, আগে যাবার প্রতিযোগিতা করা, আগে সম্পন্ন করা

اِسْتَبْقَى (اِسْتِبْقَاء) [بقي] [ইস্তাব্‌কা] বাকি রাখা, সংরক্ষণ করা, টিকিয়ে রাখা, রাখতে চাওয়া, থাকতে বলা

اِسْتَبْكَى (اِسْتِبْكَاء) [بكي] [ইস্তাব্‌কা] কাঁদানো, কান্নার উদ্রেক করা

اِسْتَبْلَى (اِسْتِبْلَاء) [بلي] [ইস্তাব্‌লা] পরখ করা, পরীক্ষা করা, যাচাই করা

اِسْتَبَى (اِسْتِبَاء) [سبي] [ইস্তাবা] বন্দী করা, মুগ্ধ করা, আকৃষ্ট করা

اِسْتَتَابَ (اِسْتِتَابَة) [توب] [ইস্তাতাবা] তওবা করতে বলা, অনুতপ্ত হতে বলা

اِسْتَتَبَّ (اِسْتِتْبَاب) [تبب] [ইস্তাতাব্বা] (পথ) পরিষ্কার হওয়া, সুগম হওয়া, স্থির হওয়া, স্থিতিশীল হওয়া, স্বাভাবিক হওয়া

اِسْتَتْبَعَ (اِسْتِتْبَاع) [تبع] [ইস্তাত্‌বা‘আ] অনুসরণ করতে বলা, অনুসরণ করানো, অধীন করা

اِسْتَتَرَ (اِسْتِتَار) [ستر] [ইস্তাতারা] লুকিয়ে থাকা, আত্মগোপন করা, পলায়ন করা, লুক্কায়িত থাকা

اِسْتَتَمَّ (اِسْتِتْمَام) [تمم] [ইস্তাতাম্মা] পূর্ণ করা, পূর্ণাঙ্গ করা, পূর্ণ করতে বলা

اِسْتَثَابَ (اِسْتِثَابَة) [ثوب] [ইস্তাছাবা] প্রতিদান চাওয়া, ছওয়াব চাওয়া, ফেরৎ চাওয়া, ফেরৎ আনা

اِسْتَثَارَ (اِسْتِثَارَة) [ثور] [ইস্তাছারা] উসকানো, উত্তেজিত করা, জাগ্রত করা, প্রজ্বলিত করা, ছড়ানো, উড়ানো

اِسْتَثْقَلَ (اِسْتِثْقَال) [ثقل] [ইস্তাছকালা] ভারী হওয়া, ভারী মনে করা, ভারী দেখতে পাওয়া

اِسْتِثْمَار ج اِسْتِثْمَارَات [ثمر] [ইস্তিছমার] বিনিয়োগ, লগ্নি, ব্যবহার

اِسْتَثْمَرَ (اِسْتِثْمَار) [ثمر] [ইস্তাছমারা] ব্যবহার করা, কাজে লাগানো, বিনিয়োগ করা, মুনাফা করা

اِسْتِثْنَاء ج اِسْتِثْنَاءَات [ثني] [ইস্তিছনা’] ব্যতিক্রম, ব্যত্যয়, বাদ, বর্জন

اِسْتِثْنَائِيّ [ইস্তিছনাঈ] ব্যতিক্রমী, ব্যতিক্রমধর্মী

اِسْتَثْنَى (اِسْتِثْنَاء) [ثني] [ইস্তাছনা] বাদ দেওয়া, বাদ রাখা, ব্যতিক্রম করা

اِسْتَجَابَ (اِسْتِجَابَة) [جوب] لِ [ইস্তাজাবা] সাড়া দেওয়া, জবাব দেওয়া, অনুরোধ রক্ষা করা, ইচ্ছা পূরণ করা, দোয়া কবুল করা

اِسْتِجَابَة [جوب] [ইস্তিজাবাহ] জবাবদান, সাড়াদান, (অনুরোধ) রক্ষা, (ইচ্ছা) পূরণ, (দোয়া) কবুলকরণ

اِسْتَجَادَ (اِسْتِجَادَة) [جود] [ইস্তাজাদা] উত্তম বিবেচনা করা, ভাল মনে করা

اِسْتَجَارَ (اِسْتِجَارَة) [جور] بِ [ইস্তাজারা] আশ্রয় চাওয়া, শরণ লওয়া, সাহায্য চাওয়া

اِسْتَجَازَ (اِسْتِجَازَة) [جوز] [ইস্তাজাযা] জায়েয মনে করা, বৈধ মনে করা, অনুমতি চাওয়া

اِسْتَجَدَّ (اِسْتِجْدَاد) [جدد] [ইস্তাজাদ্দা] নবায়ন করা, নতুন করা, নতুন হওয়া, নতুন হিসেবে আসা

اِسْتِجْدَاء [جدو] [ইস্তিজ্‌দা’] ভিক্ষা, দান প্রার্থনা, অনুনয়, মিনতি

اِسْتَجْدَى (اِسْتِجْدَاء) [جدو] [ইস্তাজ্‌দা] ভিক্ষা চাওয়া, দান চাওয়া, সাহায্য চাওয়া, অনুনয়-বিনয় করা, মিনতি করা

اِسْتَجْرَأَ (اِسْتِجْرَاء) [جرأ] [ইস্তাজ্‌রআ] সাহস দেখানো, বাহাদুরি দেখানো, বীরত্বের ভান করা

اِسْتِجْلَاب [جلب] [ইস্তিজ্‌লাব] আমদানি, তলব, আকর্ষণ, অর্জন, লাভ

اِسْتَجْلَبَ (اِسْتِجْلَاب) [جلب] [ইস্তাজ্‌লাবা] আমদানি করা, আনতে চাওয়া, পেতে চাওয়া, তলব করা, আকর্ষণ করা, লাভ করা

اِسْتَجْلَسَ (اِسْتِجْلَاس) [جلس] [ইস্তাজ্‌লাসা] বসতে বলা, বসাতে চাওয়া

اِسْتَجْلَى (اِسْتِجْلَاء) [جلو] [ইস্তাজ্‌লা] পরিষ্কার করতে চাওয়া, পরিষ্কার করা, উজ্জ্বল করা, আলোতে আনা, উদ্‌ঘাটিত করা

اِسْتَجَمَّ (اِسْتِجْمَام) [جمم] [ইস্তাজাম্মা] একত্রিত হওয়া, পূর্ণ মনোযোগ দেওয়া, আরাম করা, বিনোদন করা, গাছপালায় ভরে যাওয়া

[ইস্তাজ্মারা] মিলিত اِسْتَجْمَرَ (اِسْتِجْمَار) [جمر] হওয়া, একত্রিত হওয়া, শত্রুর ভূমি দখল করা (ধূপ দ্বারা) সুবাসিত করা, মলমূত্র ত্যাগের পর পাথর দ্বারা পবিত্র হওয়া

[ইস্তাজ্মা'আ] জমা اِسْتَجْمَعَ (اِسْتِجْمَاع) [جمع] করা, একত্র করা, জড়ো করা, সঞ্চয় করা, শামিল করা, সমষ্টি নির্ণয় করা

[ইস্তাজ্মা'লা] সুন্দর اِسْتَجْمَلَ (اِسْتِجْمَال) [جمل] মনে করা, সুন্দর দেখতে পাওয়া

[ইস্তাজান্না] আবৃত اِسْتَجَنَّ (اِسْتِجْنَان) [جنن] হওয়া, আচ্ছাদিত হওয়া, লুক্কায়িত হওয়া, পাগল মনে করা, উন্মাদ ভাবা

[ইস্তাজ্হাদা] اِسْتَجْهَدَ (اِسْتِجْهَاد) [جهد] فِي চিন্তা করা, মনোযোগ দেওয়া

[ইস্তাজ্হালা] মূর্খ اِسْتَجْهَلَ (اِسْتِجْهَال) [جهل] মনে করা, অজ্ঞ মনে করা

[ইস্তিজ্ওয়াব] اِسْتِجْوَاب ج اِسْتِجْوَابَات [جوب] জেরা, জিজ্ঞাসাবাদ, শুনানি, প্রশ্নোত্তর

[ইস্তাজ্ওয়াবা] اِسْتَجْوَبَ (اِسْتِجْوَاب) [جوب] জবাব চাওয়া, কৈফিয়ত চাওয়া, জেরা করা, জিজ্ঞাসাবাদ করা

[ইস্তাহারা] اِسْتَحَارَ (اِسْتِحَارَة) [حور ، حير] কথা বের করা, জেরা করা, হতবুদ্ধি হওয়া, ফাঁপরে পড়া

[ইস্তাহাত্তা] অধিক اِسْتَحَاطَ (اِسْتِحَاطَة) [حوط] সতর্কতা অবলম্বন করা

[ইস্তাহালা] অসাধ্য اِسْتَحَالَ (اِسْتِحَالَة) [حول] হওয়া, অসম্ভব হওয়া, রূপান্তরিত হওয়া, পরিবর্তিত হওয়া

[ইস্তিহালাহ্] অসাধ্যতা, পরি- اِسْتِحَالَة [حول] বর্তন, রূপান্তর

[ইস্তাহাব্বা] পছন্দ اِسْتَحَبَّ (اِسْتِحْبَاب) [حبب] করা, পছন্দনীয় মনে করা, অগ্রাধিকার দেওয়া

[ইস্তাহাছ্ছা] اِسْتَحَثَّ (اِسْتِحْثَاث) [حثث] প্ররোচিত করা, উত্তেজিত করা, উৎসাহিত করা, অনুপ্রাণিত করা

[ইস্তাহ্জারা] اِسْتَحْجَرَ (اِسْتِحْجَار) [حجر] পাথর হয়ে যাওয়া, পাথরে পরিণত হওয়া, ফসিলে (fossil) পরিণত হওয়া

[ইস্তাহ্দাছা] اِسْتَحْدَثَ (اِسْتِحْدَاث) [حدث] নতুনভাবে করা, প্রবর্তন করা, আবিষ্কার করা, শুরু করা, সৃষ্টি করা, তরুণ মনে করা

[ইস্তাহারা] প্রভাতে اِسْتَحَرَ (اِسْتِحَار) [سحر] উপনীত হওয়া, সকালে ভ্রমণ করা, ভোরে প্রবেশ করা, (মোরগ) প্রভাতে ডাকা

[ইস্তাহার্‌রা] গরম اِسْتَحَرَّ (اِسْتِحْرَار) [حرر] হওয়া, উষ্ণ হওয়া, উত্তপ্ত হওয়া, জ্বলে ওঠা, তীব্র হওয়া

[ইস্তাহ্রমা] হারাম اِسْتَحْرَمَ (اِسْتِحْرَام) [حرم] মনে করা, অবৈধ মনে করা, নিষিদ্ধ মনে করা, পবিত্র মনে করা

[ইস্তিহ্সান] ভাল মনেকরণ, اِسْتِحْسَان [حسن] উত্তম বিবেচনা, অনুমোদন

[ইস্তাহ্সারা] ক্লান্ত اِسْتَحْسَرَ (اِسْتِحْسَار) [حسر] হওয়া, শ্রান্ত হওয়া, পরিশ্রান্ত হওয়া

[ইস্তাহ্সানা] ভাল اِسْتَحْسَنَ (اِسْتِحْسَان) [حسن] মনে করা, উত্তম বিবেচনা করা, পছন্দ করা, অনুমোদন করা

[ইস্তাহ্ছদা] اِسْتَحْصَدَ (اِسْتِحْصَاد) [حصد] (ফসল) পাকা, কাটার সময়ের কাছাকাছি হওয়া, শক্ত হওয়া, মজবুত হওয়া, একত্রিত হওয়া

[ইস্তাহ্ছফা] اِسْتَحْصَفَ (اِسْتِحْصَاف) [حصف] শক্ত হওয়া, মজবুত হওয়া, একত্রিত হওয়া, (দড়ি) শক্ত করে পাকানো, কঠিন হওয়া

[ইস্তাহ্ছলা] اِسْتَحْصَلَ (اِسْتِحْصَال) [حصل] আদায় করা, অর্জন করা, লাভ করা

[ইস্তাহ্দরা] হাজির اِسْتَحْضَرَ (اِسْتِحْضَار) [حضر] করা, উপস্থিত করা, হাজির হতে বলা, ডেকে পাঠানো, তলব করা, প্রস্তুত করা, তৈরী করা, স্মরণ করা, মনে করা

[ইস্তাহ্ফাযা] اِسْتَحْفَظَ (اِسْتِحْفَاظ) [حفظ] عَلَى তত্ত্বাবধায়ক বানানো, হেফাজতে ন্যস্ত করা

[ইস্তাহাক্কা] যোগ্য اِسْتَحَقَّ (اِسْتِحْقَاق) [حقق] হওয়া, উপযুক্ত হওয়া, উপযোগী হওয়া, দাবি করা, দাবিদার হওয়া, প্রয়োজন মনে করা, পরিশোধযোগ্য হওয়া

[ইস্তিহ্কাক] উপযোগিতা, উপ- اِسْتِحْقَاق [حقق] যুক্ততা, যোগ্যতা, দাবি, প্রয়োজনীয়তা, পরিশোধ-যোগ্যতা

[ইস্তাহ্কাবা] اِسْتَحْقَبَ (اِسْتِحْقَاب) [حقب]

সংরক্ষণ করা, গুদামজাত করা, বেঁধে পিছনে বহন করা

اِسْتَحْقَرَ [حقر] [ইস্তাহ্‌ক্বারা] ছোট মনে করা, হেয় জ্ঞান করা, তুচ্ছ জ্ঞান করা, অবজ্ঞা করা, ঘৃণা করা

اِسْتَحَكَّ (اِسْتِحْكَاك) [حكك] [ইস্তাহাক্কা] (দেহ) চুলকানো

اِسْتِحْكَام [حكم] [ইস্তিহ্‌কাম] দৃঢ়তা, বলিষ্ঠতা, শক্তি, জোর, অটলতা

اِسْتَحْكَمَ (اِسْتِحْكَام) [حكم] [ইস্তাহ্‌কামা] সুদৃঢ় হওয়া, শক্ত হওয়া, মজবুত হওয়া, পাকাপোক্ত হওয়া

اِسْتَحَلَّ (اِسْتِحْلَال) [حلل] [ইস্তাহাল্লা] হালাল মনে করা, বৈধ মনে করা, বৈধ করাতে চাওয়া

اِسْتِحْلَاف [حلف] [ইস্তিহ্‌লাফ] শপথ করানোর কাজ, প্রতিজ্ঞাগ্রহণ

اِسْتَحْلَبَ (اِسْتِحْلَاب) [حلب] [ইস্তাহ্‌লাবা] দুগ্ধ দোহন করা, দুধ দোহানো, রস নিংড়ানো, সাহায্যের জন্য জড়ো হওয়া

اِسْتَحْلَفَ (اِسْتِحْلَاف) [حلف] [ইস্তাহ্‌লাফা] হলফ করানো, শপথ করানো, প্রতিজ্ঞা করানো

اِسْتَحْلَى (اِسْتِحْلَاء) [حلو] [ইস্তাহ্‌লা] মিষ্ট মনে করা, মিষ্ট পাওয়া, পছন্দ করা, ভাল লাগা, সুখকর মনে করা

اِسْتَحَمَّ (اِسْتِحْمَام) [حمم] [ইস্তাহাম্মা] গোসল করা, স্নান করা, অবগাহন করা, গোসলখানায় প্রবেশ করা, ঘর্মাক্ত হওয়া

اِسْتِحْمَام [حمم] [ইস্তিহ্‌মাম] গোসল, অবগাহন, স্নান, সর্বাঙ্গ প্রক্ষালন

اِسْتَحْمَدَ (اِسْتِحْمَاد) [حمد] [ইস্তাহ্‌মাদা] প্রশংসা করতে বলা, প্রশংসা চাওয়া

اِسْتَحْمَقَ (اِسْتِحْمَاق) [حمق] [ইস্তাহ্‌মাক্বা] বোকা মনে করা, আহমক মনে করা, বোকা পাওয়া

اِسْتَحَنَّ (اِسْتِحْنَان) [حنن] [ইস্তাহান্না] আগ্রহী হওয়া, আকৃষ্ট হওয়া, ঝোঁকা, প্রবণ হওয়া, আগ্রহী করা, আকৃষ্ট করা, প্রভাবিত করা

اِسْتَحْوَذَ (اِسْتِحْوَاذ) [حوذ] عَلَى [ইস্তাহ্‌ওয়াযা] পরাভূত করা, বশীভূত করা, বিজয়ী হওয়া

اِسْتَحْوَشَ (اِسْتِحْوَاش) [حوش] [ইস্তাহ্‌ওয়াশা] ফাঁদে আটকানোর জন্য চারদিক থেকে ঘিরে আনা, কৌশলে ফাঁদে ফেলা

اِسْتَحَى (اِسْتِحَاء) [حيي] [ইস্তাহা] লজ্জা পাওয়া, লজ্জিত হওয়া, লজ্জাশীল হওয়া

اِسْتَحْيَا (اِسْتِحْيَاء) [حيي] [ইস্তাহ্‌ইয়া] বাঁচিয়ে রাখা, বাঁচতে দেওয়া, লজ্জা পাওয়া, লজ্জিত হওয়া

اِسْتَخَارَ (اِسْتِخَارَة) [خير] [ইস্তাখারা] এস্তেখারা করা, সঠিক দিক-নির্দেশনা চাওয়া, ভাল চাওয়া, কল্যাণ চাওয়া

اِسْتِخَارَة [خير] [ইস্তিখারাহ্‌] এস্তেখারা, কল্যাণ কামনা, সঠিক দিক-নির্দেশনা কামনা

اِسْتَخَالَ (اِسْتِخَالَة) [خول] [ইস্তাখালা] মামা বানানো, মামা পাতানো, মামা-সম্পর্ক করা

اِسْتَخَالَ (اِسْتِخَالَة) [خيل] [ইস্তাখালা] মেঘ দেখে বৃষ্টি হবে বলে ধারণা করা

اِسْتَخَانَ (اِسْتِخَانَة) [خون] [ইস্তাখানা] বিশ্বাস-ঘাতকতা করতে চাওয়া

اِسْتِخْبَار ج اِسْتِخْبَارَات [خبر] [ইস্তিখ্‌বার] অনু-সন্ধান, তদন্ত, জিজ্ঞাসাবাদ

اِسْتِخْبَارَات [خبر] [ইস্তিখ্‌বারাত] গোয়েন্দা বিভাগ

اِسْتَخْبَرَ (اِسْتِخْبَار) [خبر] [ইস্তাখ্‌বারা] জানতে চাওয়া, জিজ্ঞাসা করা, অনুসন্ধান চালানো, তদন্ত করা

اِسْتَخْبَى (اِسْتِخْبَاء) [خبي] [ইস্তাখ্‌বা] শিবির স্থাপন করা, তাঁবুতে প্রবেশ করা

اِسْتِخْدَام [خدم] [ইস্তিখ্‌দাম] নিয়োগ, ব্যবহার, নিয়োজিতকরণ

اِسْتَخْدَمَ (اِسْتِخْدَام) [خدم] [ইস্তাখ্‌দামা] সেবক বানানো, সেবা চাওয়া, সেবক চাওয়া, ব্যবহার করা, কাজে লাগানো, নিয়োগ করা

اِسْتَخْذَى (اِسْتِخْذَاء) [خذو] [ইস্তাখ্‌যা] অনুগত হওয়া, বিনীত হওয়া, বশীভূত হওয়া, নীচ হওয়া

اِسْتِخْرَاج [خرج] [ইস্তিখ্‌রাজ] বেরকরণ, বাইরে আনয়ন, আবিষ্করণ, আবিষ্কার, প্রাপ্তি, লাভ, উৎপাদন

اِسْتَخْرَجَ (اِسْتِخْرَاج) [خرج] [ইস্তাখ্‌রাজা] বের করা, বের করে আনা, আবিষ্কার করা, বের হতে বলা, পাওয়া, উৎপন্ন করা

اِسْتَخْزَى (اِسْتِخْزَاء) [خزي] [ইস্তাখ্‌যা] লজ্জা অনুভব করা, লজ্জিত হওয়া, লজ্জা পাওয়া

[ইস্তাখাফ্ফা] اِسْتَخَفَّ (اِسْتِخْفَاف) [خفف] হালকা মনে করা, গুরুত্বহীন মনে করা, অবজ্ঞা করা, হেয়জ্ঞান করা, নিরুৎসাহিত করা, নিরুদ্যম করা

[ইস্তিখ্ফাফ] اِسْتِخْفَاف [خفف] হালকা মনে-করণ, গুরুত্বহীন বিবেচনা, অবজ্ঞাকরণ, গুরুত্ব-হীনতা

[ইস্তাখ্ফা] اِسْتَخْفَى (اِسْتِخْفَاء) [خفي] লুকিয়ে থাকা, আড়ালে থাকা, আত্মগোপন করা

[ইস্তাখ্লাছা] اِسْتَخْلَصَ (اِسْتِخْلَاص) [خلص] খাঁটি করা, পছন্দ করা, বেছে নেওয়া, বের করে আনা, আবিষ্কার করা, আন্তরিক মনে করা

[ইস্তাখ্লাফা] اِسْتَخْلَفَ (اِسْتِخْلَاف) [خلف] উত্তরাধিকারী করা, প্রতিনিধি বানানো, খলীফা নিয়োগ করা

[ইস্তাদ্দা] اِسْتَدَّ (اِسْتِدَاد) [سدد] সঠিক হওয়া, যথাযথ হওয়া, বন্ধ হওয়া

[ইস্তাদারা] اِسْتَدَارَ (اِسْتِدَارَة) [دور] গোলাকার হওয়া, প্রদক্ষিণ করা, ঘুরে যাওয়া, ঘুরে আসা

[ইস্তাদামা] اِسْتَدَامَ (اِسْتِدَامَة) [دوم] স্থায়ী করা, অব্যাহত রাখা, চালিয়ে যাওয়া

[ইস্তাদানা] اِسْتَدَانَ (اِسْتِدَانَة) [دين] ধার করা, ধার লওয়া, ধার চাওয়া

[ইস্তাদ্বারা] اِسْتَدْبَرَ (اِسْتِدْبَار) [دبر] পিছনে রাখা, পৃষ্ঠপ্রদর্শন করা

[ইস্তাদার্রা] اِسْتَدَرَّ (اِسْتِدْرَار) [درر] (দুধ) প্রচুর হওয়া, অঢেল হওয়া, টেনে আনা, বর্ষণ করানো

[ইস্তিদ্রাক] اِسْتِدْرَاك ج اِسْتِدْرَاكَات [درك] প্রতি-কার, প্রতিবিধান, ক্ষতিপূরণ, সংশোধন, সংস্কার, মেরামত

[ইস্তাদ্রজা] اِسْتَدْرَجَ (اِسْتِدْرَاج) [درج] আস্তে আস্তে নেওয়া, ক্রমান্বয়ে আনা, ধীরে ধীরে পাকড়াও করা

[ইস্তাদ্রাকা] اِسْتَدْرَكَ (اِسْتِدْرَاك) [درك] ঠিক করা, সংশোধন করা, প্রতিকার করা, প্রতিবিধান করা, সংস্কার করা, মেরামত করা

[ইস্তিদ্'আ'] اِسْتِدْعَاء ج اِسْتِدْعَاءَات [دعو] দাবি, তলব, চাহিদা, বাসনা, দরখাস্ত, আবেদন, ডাক, প্ররোচনা

[ইস্তাদ্'আ] اِسْتَدْعَى (اِسْتِدْعَاء) [دعو] ডেকে পাঠানো, তলব করা, চাওয়া, দাবি করা, দরখাস্ত করা, আবেদন করা, ডাক দেওয়া, প্ররোচিত করা

[ইস্তাদ্ফাআ] اِسْتَدْفَأَ (اِسْتِدْفَاء) [دفأ] নিজেকে গরম করা, তাপ নেওয়া, শরীর গরম করা

[ইস্তাদ্ফা'আ] اِسْتَدْفَعَ (اِسْتِدْفَاع) [دفع] 'দূর করে দিন' এই কামনা করা, অপনোদন চাওয়া

[ইস্তাদাল্লা] اِسْتَدَلَّ (اِسْتِدْلَال) [دلل] عَلَى যুক্তি দেওয়া, প্রমাণ পেশ করা, নির্দেশনা চাওয়া, তথ্য চাওয়া, অবহিত হওয়া, নির্দেশনা লাভ করা

[ইস্তিদ্লাল] اِسْتِدْلَال [دلل] যুক্তি প্রদর্শন, যুক্তি-দান, প্রমাণ উপস্থাপন, যুক্তি, প্রমাণ, নির্দেশনা, তথ্য

[ইস্তাদ্না] اِسْتَدْنَى (اِسْتِدْنَاء) [دنو] কাছে আনতে চাওয়া, কাছে আসতে বলা

[ইস্তুদ্য়ু] اِسْتُدْيُو ج اِسْتُدْيُوهَات স্টুডিও

[ইস্তায্রা] اِسْتَذْرَى (اِسْتِذْرَاء) [ذرو] بِ আশ্রয় নেওয়া, আশ্রয় চাওয়া, আশ্রয়ে যাওয়া, ছায়া-তলে থাকতে চাওয়া

[ইস্তায্কারা] اِسْتَذْكَرَ (اِسْتِذْكَار) [ذكر] স্মরণ করা, মনে করতে চাওয়া, (পাঠ) মুখস্থ করা, পড়া

[ইস্তাযাল্লা] اِسْتَذَلَّ (اِسْتِذْلَال) [ذلل] লাঞ্ছিত করা, হেয়জ্ঞান করা, অবজ্ঞা করা, অশ্রদ্ধা করা

[ইস্তায্নাবা] اِسْتَذْنَبَ (اِسْتِذْنَاب) [ذنب] দোষী মনে করা, দোষারোপ করা, দোষী করা, অপ-রাধী করা, নিন্দা করা

[ইস্তিরাতীজী] اِسْتِرَاتِيجِيّ রণকৌশল-বিষয়ক, কৌশলগত, strategic

[ইস্তিরাতীজিয়্যাহ] اِسْتِرَاتِيجِيَّة ج اِسْتِرَاتِيجِيَّات কৌশল, রণকৌশল, স্ট্রাটেজি (strategy)

[ইস্তারাহা] اِسْتَرَاحَ (اِسْتِرَاحَة) [روح] আরাম করা, বিশ্রাম করা, বিশ্রাম গ্রহণ করা

[ইস্তিরাহাহ] اِسْتِرَاحَة ج اِسْتِرَاحَات [روح] বিশ্রাম, আরাম, বিনোদন, বিরতি, বিরাম, বিশ্রামাগার

[ইস্তিরাক] اِسْتِرَاق [سرق] চুপে চুপে সম্পাদন, চুরি

[উস্তুরালিয়া] أُسْتُرَالِيَا অস্ট্রেলিয়া (মহাদেশ ও দেশ)

[ইস্তার্জা'আ] اِسْتَرْجَعَ (اِسْتِرْجَاع) [رجع]

ফেরত চাওয়া, ফিরিয়ে আনা, প্রত্যাহার করা, পুনরুদ্ধার করা

اِسْتَرْجَلَ (اِسْتِرْجَال) [رجل] [ইস্তারজালা] পুরুষ হওয়া, পুরুষের মত কাজ করা, পৌরুষ দেখানো

اِسْتِرْحَام [رحم] [ইস্তিরহাম] অনুগ্রহ প্রার্থনা, দয়া প্রার্থনা, করুণা ভিক্ষা

اِسْتَرْحَمَ (اِسْتِرْحَام) [رحم] [ইস্তারহামা] অনুগ্রহ চাওয়া, দয়া চাওয়া, করুণা চাওয়া, মিনতি করা

اِسْتَرْخَصَ (اِسْتِرْخَاص) [رخص] [ইস্তারখাছা] সস্তা মনে করা, সস্তা বিবেচনা করা, সস্তা পাওয়া, কমদামী ভাবা, অনুমতি চাওয়া, ছাড় চাওয়া

اِسْتَرْخَى (اِسْتِرْخَاء) [رخو] [ইস্তারখা] শিথিল হওয়া, নরম হওয়া, ঢিলে হওয়া, অবসাদগ্রস্ত হওয়া, অবকাশ পাওয়া, হাত-পা ছেড়ে পড়ে থাকা

اِسْتَرَدَّ (اِسْتِرْدَاد) [ردد] [ইস্তারদ্দা] ফেরত চাওয়া, ফিরে পাওয়া, ফিরিয়ে আনা, প্রত্যাহার করা

اِسْتِرْدَاد [ردد] [ইস্তিরদাদ] পুনরুদ্ধার, ফেরত-লাভ, ফেরত আনয়ন, প্রত্যাহার

اِسْتَرْدَفَ (اِسْتِرْدَاف) [ردف] [ইস্তারদাফা] পিছ-নের আরোহী করতে বলা

اِسْتَرْذَلَ (اِسْتِرْذَال) [رذل] [ইস্তারযালা] নিকৃষ্ট মনে করা, হীন জ্ঞান করা

اِسْتَرْزَقَ (اِسْتِرْزَاق) [رزق] [ইস্তারযাক্বা] জীবিকা চাওয়া, জীবিকা লাভ করা

اِسْتَرْسَلَ (اِسْتِرْسَال) [رسل] [ইস্তারসালা] (চুল) ঝুলে পড়া, ছেড়ে দেওয়া, পাঠাতে বলা, শিথিল হওয়া, অবকাশ পাওয়া, যেতে দেওয়া, দীর্ঘায়িত করা, লাগামহীন করা

اِسْتَرْشَدَ (اِسْتِرْشَاد) [رشد] [ইস্তারশাদা] পথ-নির্দেশ চাওয়া, পথের সন্ধান চাওয়া, পরামর্শ চাওয়া

اِسْتَرْضَعَ (اِسْتِرْضَاع) [رضع] [ইস্তারদা'আ] মাতৃদুগ্ধ পান করানো, স্তন্যদান করতে বলা

اِسْتَرْضَى (اِسْتِرْضَاء) [رضو] [ইস্তারদা] সন্তুষ্ট করতে চাওয়া, খুশী করতে চাওয়া, রাজি করতে চাওয়া, তুষ্ট করা, খুশী করা, শান্ত করা, প্রশমিত করা

اِسْتَرَطَ (اِسْتِرَاط) [سرط] [ইস্তারতা] গ্রাস করা, গিলে ফেলা, গলাধঃকরণ করা

اِسْتَرْعَى (اِسْتِرْعَاء) [رعي] [ইস্তার'আ] সংরক্ষণ করতে বলা, মনোযোগ আকর্ষণ করা, দৃষ্টি আকর্ষণ করা

اِسْتَرْغَدَ (اِسْتِرْغَاد) [رغد] [ইস্তারগাদা] (জীবন) স্বাচ্ছন্দ্যপূর্ণ পাওয়া, সুখী মনে করা

اِسْتَرْفَدَ (اِسْتِرْفَاد) [رفد] [ইস্তারফাদা] সাহায্য চাওয়া, অনুগ্রহ চাওয়া, দান চাওয়া, ভিক্ষা চাওয়া

اِسْتَرْفَعَ (اِسْتِرْفَاع) [رفع] [ইস্তারফা'আ] উঠাতে বলা, উঠাতে চাওয়া

اِسْتَرْفَقَ (اِسْتِرْفَاق) [رفق] [ইস্তারফাক্বা] অনুগ্রহ চাওয়া, উপকার চাওয়া

اِسْتَرْفَهَ (اِسْتِرْفَاه) [رفه] [ইস্তারফাহা] আরামে বাস করা, সুখে বাস করা, স্বাচ্ছন্দ্যে বাস করা

اِسْتَرَقَ (اِسْتِرَاق) [سرق] [ইস্তারক্বা] চুরি করা, চুপে চুপে করা, গোপন করা

اِسْتَرَقَ السَّمْعَ [ইস্তারক্বাস সাম্'আ] চুরি করে শোনা, কান পাতা, আড়ি পাতা

اِسْتَرَقَ النَّظَرَ إِلَى [ইস্তারাক্বান নাযরা ইলা] চুরি করে দেখা, উঁকি মারা

اِسْتَرَقَّ (اِسْتِرْقَاق) [رقق] [ইস্তারক্বা] দাসে পরি-ণত করা, দাস বানানো, অধীন করে রাখা, পাতলা হওয়া, কোমল হওয়া

اِسْتَرْقَدَ (اِسْتِرْقَاد) [رقد] [ইস্তারক্বাদা] ঘুমাতে চাওয়া, ঘুম আসা, ঘুমিয়ে পড়া, নিদ্রা যাওয়া

اِسْتَرْقَعَ (اِسْتِرْقَاع) [رقع] [ইস্তারক্বা'আ] সেলাই প্রয়োজন হওয়া, সেলাই করার সময় হওয়া

اِسْتَرْقَى (اِسْتِرْقَاء) [رقي] [ইস্তারক্বা] ঝাড়ফুঁক করানো, মন্ত্র পড়ানো

إِسْتَرْلِينِيّ [ইস্তারলীনী] স্টার্লিং (মুদ্রা)

جُنَيْه إِسْتَرْلِينِيّ [জুনাইহ ইস্তারলীনী] স্টার্লিং পাউন্ড (মুদ্রা)

اِسْتَرْهَبَ (اِسْتِرْهَاب) [رهب] [ইস্তারহাবা] ভয় দেখানো, ভীতিপ্রদর্শন করা

اِسْتَرْهَنَ (اِسْتِرْهَان) [رهن] [ইস্তারহানা] বন্ধক চাওয়া, পণ চাওয়া

اِسْتَرْوَحَ (اِسْتِرْوَاح) [روح] [ইস্তারওয়াহা] আরাম পাওয়া, ঘ্রাণ নেওয়া, শোঁকা, জীবিত করা, প্রাণসঞ্চার করা, (গাছের ডাল) বাতাসে নড়া

اِسْتَزَاتَ (اِسْتِزَاتَة) [زيت] [ইস্তাযাতা] তেল চাওয়া

اِسْتَزَادَ (اِسْتِزَادَة) [زيد] [ইস্তাযাদা] বেশি চাওয়া, অধিক চাওয়া, আরো পেতে চাওয়া, বাড়াতে চাওয়া

اِسْتَزَارَ (اِسْتِزَارَة) [زور] [ইস্তাযারা] সাক্ষাৎ চাওয়া, দর্শন চাওয়া

اِسْتَزْرَى (اِسْتِزْرَاء) [زري] [ইস্তাযরা] হেয়জ্ঞান করা, ঘৃণা করা

اِسْتَزَفَّ (اِسْتِزْفَاف) [زفف] [ইস্তাযাফ্ফা] নিয়ে যাওয়া, হালকা লাগা, আনন্দ দেওয়া

اِسْتَزَلَّ (اِسْتِزْلَال) [زلل] [ইস্তাযাল্লা] পিছলিয়ে ফেলা, হোঁচট খাওয়ানো, স্খলিত করা

اِسْتَسَاغَ (اِسْتِسَاغَة) [سوغ] [ইস্তাসাগা] সুখকর পাওয়া, উপভোগ করা, গ্রহণ করা, অনুমোদন করা

اِسْتَسْخَرَ (اِسْتِسْخَار) [سخر] [ইস্তাস্খারা] ঠাট্টা করা, বিদ্রূপ করা, উপহাস করা, পরিহাস করা

اِسْتَسَرَّ (اِسْتِسْرَار) [سرر] [ইস্তাসাররা] লুকাতে চেষ্টা করা, লুকিয়ে থাকা, লুক্কায়িত থাকা, উপপত্নী গ্রহণ করা, রক্ষিতা রাখা

اِسْتَسْفَرَ (اِسْتِسْفَار) [سفر] [ইস্তাস্ফারা] চেহারা দেখাতে বলা, ঘোমটা খুলতে বলা, রাষ্ট্রদূত বানানো

اِسْتِسْقَاء [سقي] [ইস্তিস্কা'] বৃষ্টি প্রার্থনা, শোথ (রোগ)

اِسْتَسْقَى (اِسْتِسْقَاء) [سقي] [ইস্তাস্কা] পানি চাওয়া, বৃষ্টি প্রার্থনা করা, পানীয় চাওয়া

اِسْتِسْلَام [سلم] [ইস্তিস্লাম] আনুগত্য, সমর্পণ, আত্মসমর্পণ

اِسْتَسْلَمَ (اِسْتِسْلَام) [سلم] [ইস্তাস্লামা] সমর্পিত হওয়া, আত্মসমর্পণ করা, অনুগত হওয়া

اِسْتَسْمَعَ (اِسْتِسْمَاع) [سمع] [ইস্তাস্মা'আ] শ্রবণ করা, শোনা

اِسْتَسْهَلَ (اِسْتِسْهَال) [سهل] [ইস্তাস্হালা] সহজ মনে করা, সহজ বিবেচনা করা, সহজভাবে নেওয়া

اِسْتَشَارَ (اِسْتِشَارَة) [شور] [ইস্তাশারা] পরামর্শ করা, পরামর্শ চাওয়া

اِسْتِشَارَة ج اِسْتِشَارَات [شور] [ইস্তিশারাহ] পরামর্শ, মন্ত্রণা, উপদেশ

اِسْتِشَارِيّ [ইস্তিশারী] পরামর্শ-বিষয়ক, মন্ত্রণা-সংক্রান্ত

اِسْتَشَالَ (اِسْتِشَالَة) [شول] [ইস্তাশালা] উপরে উঠানো, ঊর্ধ্বে তোলা, জাগানো

اِسْتِشْرَاق [شرق] [ইস্তিশ্রাক] প্রাচ্যদেশীয় দৃষ্টিভঙ্গি, প্রাচ্যবিদ্যা

اِسْتَشْأَمَ (اِسْتِشْآم) [شأم] ب [ইস্তাশ্আমা] অশুভ মনে করা

اِسْتَشَتَّ (اِسْتِشْتَات) [شتت] [ইস্তাশাত্তা] ছিন্ন-ভিন্ন হওয়া, বিক্ষিপ্ত হওয়া, ছড়িয়ে-ছিটিয়ে যাওয়া

اِسْتَشْرَفَ (اِسْتِشْرَاف) [شرف] [ইস্তাশ্রফা] উপরে ওঠা, ঊর্ধ্বে ওঠা, উঁচু হওয়া, তাকিয়ে দেখা, দৃষ্টি দেওয়া, চোখ তুলে তাকানো

اِسْتَشْرَقَ (اِسْتِشْرَاق) [شرق] [ইস্তাশ্রকা] প্রাচ্যদেশীয় হওয়া, প্রাচ্যদেশীয় দৃষ্টিভঙ্গি পোষণ করা, প্রাচ্যবিদ হওয়া, প্রাচ্যবিশারদ হওয়া

اِسْتَشْعَرَ (اِسْتِشْعَار) [شعر] [ইস্তাশ্'আরা] অনুভব করা, উপলব্ধি করা, লক্ষ্য করা, সচেতন হওয়া, অনুভূতিসম্পন্ন হওয়া

اِسْتَشَفَّ (اِسْتِشْفَاف) [شفف] [ইস্তাশাফ্ফা] ভিতর দিয়ে দেখা, মনোযোগ দিয়ে দেখা, পর্যবেক্ষণ করা, লক্ষ্য করা, দেখতে পাওয়া

اِسْتِشْفَاء [شفي] [ইস্তিশ্ফা'] আরোগ্য কামনা, আরোগ্যলাভ

اِسْتَشْفَعَ (اِسْتِشْفَاع) [شفع] [ইস্তাশ্ফা'আ] সুপারিশ চাওয়া, সুপারিশ পেতে চাওয়া, সুপারিশ করতে বলা

اِسْتَشْفَى (اِسْتِشْفَاء) [شفي] [ইস্তাশ্ফা] চিকিৎসা চাওয়া, আরোগ্য কামনা করা, চিকিৎসা পাওয়া

اِسْتَشْكَلَ (اِسْتِشْكَال) [شكل] [ইস্তাশ্কালা] জটিল হওয়া, কঠিন হওয়া, সন্দেহপূর্ণ হওয়া

اِسْتَشَمَّ (اِسْتِشْمَام) [شمم] [ইস্তাশাম্মা] শোঁকা, ঘ্রাণ নেওয়া, শ্বাস টানা, বের করা, আবিষ্কার করা, সতর্ক হওয়া

اِسْتِشْهَاد [شهد] [ইস্তিশ্হাদ] প্রমাণস্বরূপ উদ্ধৃত-করণ, শাহাদতবরণ

اِسْتَشْهَدَ (اِسْتِشْهَاد) [شهد] [ইস্তাশ্‌হাদা] সাক্ষ্য দিতে বলা, সাক্ষী করা, প্রমাণসরূপ উদ্ধৃত করা

أُسْتُشْهِدَ [شهد] [উস্তুশ্‌হিদা] শাহাদত বরণ করা, শহীদ হওয়া

اِسْتَصَابَ (اِسْتِصَابَة) [صوب] [ইস্তাছাবা] সঠিক মনে করা, যথার্থ মনে করা

اِسْتَصْبَحَ (اِسْتِصْبَاح) [صبح] [ইস্তাছ্‌বাহা] প্রদীপ জ্বালানো, উজ্জ্বল করা

اِسْتَصَحَّ (اِسْتِصْحَاح) [صحح] [ইস্তাছহ্‌হা] শুদ্ধ দেখতে পাওয়া, শুদ্ধ মনে করা, সুস্থ হয়ে ওঠা

اِسْتَصْحَبَ (اِسْتِصْحَاب) [صحب] [ইস্তাছ্‌হাবা] সঙ্গী মনোনীত করা, সঙ্গে রাখা, সঙ্গে থাকা, সঙ্গী হওয়া

اِسْتَصْدَرَ (اِسْتِصْدَار) [صدر] [ইস্তাছ্‌দারা] ইস্যু করানো, বের করানো, সংগ্রহ করা

اِسْتَصْرَخَ (اِسْتِصْرَاخ) [صرخ] [ইস্তাছ্‌রখা] চিৎ-কার করা, চিৎকার করে ডাকা, সাহায্যের জন্য ডাকা, ফরিয়াদ করা

اِسْتَصْعَبَ (اِسْتِصْعَاب) [صعب] [ইস্তাছ্‌'আবা] কঠিন পাওয়া, কঠিন মনে করা, কঠিন হওয়া

اِسْتَصْغَرَ (اِسْتِصْغَار) [صغر] [ইস্তাছ্‌গারা] ছোট মনে করা, ক্ষুদ্র বিবেচনা করা, হেয়জ্ঞান করা

اِسْتَصْفَحَ (اِسْتِصْفَاح) [صفح] [ইস্তাছ্‌ফাহা] ক্ষমা ভিক্ষা করা, মাফ চাওয়া, মার্জনা প্রার্থনা করা, কৈফিয়ত দেওয়া

اِسْتَصْفَى (اِسْتِصْفَاء) [صفو] [ইস্তাছ্‌ফা] খাঁটি মনে করা, আন্তরিক মনে করা, সৎ মনে করা, মনো-নীত করা

اِسْتَصْلَحَ (اِسْتِصْلَاح) [صلح] [ইস্তাছ্‌লাহা] ভাল মনে করা, উপযোগী মনে করা, যোগ্য করা, (জমি) চাষযোগ্য করা

اِسْتَصْنَعَ (اِسْتِصْنَاع) [صنع] [ইস্তাছ্‌না'আ] তৈরী করতে বলা, বানিয়ে দিতে বলা

اِسْتَصْوَبَ (اِسْتِصْوَاب) [صوب] [ইস্তাছ্‌ওয়াবা] সঠিক মনে করা, অনুমোদন করা, সম্মতি দেওয়া

اِسْتَضَاءَ (اِسْتِضَاءَة) [ضوأ] بِـ [ইস্তাদাআ] আলো চাওয়া, আলো পাওয়া, আলোকিত হওয়া

اِسْتَضَافَ (اِسْتِضَافَة) [ضيف] [ইস্তাদাফা] অতিথি করতে চাওয়া, দাওয়াত করা, নিমন্ত্রণ করা, আপ্যায়ন করা

اِسْتَضْحَكَ (اِسْتِضْحَاك) [ضحك] [ইস্তাদহাকা] হাসানো, হাসির উদ্রেক করা

اِسْتَضْرَمَ (اِسْتِضْرَام) [ضرم] [ইস্তাদ্‌রমা] (আগুন) জ্বালানো, প্রজ্বলিত করা, লাগিয়ে দেওয়া

اِسْتَضْعَفَ (اِسْتِضْعَاف) [ضعف] [ইস্তাদ্‌'আফা] দুর্বল মনে করা, দুর্বল পাওয়া, দুর্বল করে রাখা

اِسْتَطَابَ (اِسْتِطَابَة) [طيب] [ইস্তাতাবা] ভাল মনে করা, উৎকৃষ্ট মনে করা, সুস্বাদু পাওয়া, পছন্দ করা

اِسْتَطَارَ (اِسْتِطَارَة) [طير] [ইস্তাতারা] উড়ানো, উড়িয়ে দেওয়া, উত্তেজিত করা, ছড়িয়ে যাওয়া, বিক্ষিপ্ত হওয়া, (তরবারি) দ্রুত বের করা

اِسْتَطَاعَ (اِسْتِطَاعَة) [طوع] [ইস্তাতা'আ] পারা, সমর্থ হওয়া, সক্ষম হওয়া, ক্ষমতা রাখা

اِسْتِطَاعَة [طوع] [ইস্তিতা'আহ] সামর্থ্য, সাধ্য, ক্ষমতা, সক্ষমতা, যোগ্যতা

اِسْتَطَالَ (اِسْتِطَالَة) [طول] [ইস্তাতালা] দীর্ঘায়িত হওয়া, দীর্ঘ হওয়া, লম্বা হওয়া, প্রসারিত হওয়া

اِسْتَطَبَّ (اِسْتِطْبَاب) [طبب] [ইস্তাতব্বা] চিকিৎসা চাওয়া, চিকিৎসা নেওয়া

اِسْتِطْرَاد [طرد] [ইস্তিতরাদ] প্রসঙ্গ বদলকরণ, অপ্রাসঙ্গিক বিষয়ের আলোচনা

اِسْتِطْرَادِيٌّ [ইস্তিতরাদী] অপ্রাসঙ্গিক, প্রসঙ্গ-বহির্ভূত

اِسْتَطْرَبَ (اِسْتِطْرَاب) [طرب] [ইস্তাত্‌রবা] গান গেয়ে উদ্দীপ্ত করা, আনন্দ পাওয়া, আনন্দ চাওয়া

اِسْتَطْرَدَ (اِسْتِطْرَاد) [طرد] [ইস্তাত্‌রদা] বলতে থাকা, বলে চলা, প্রসঙ্গ বদল করা, অপ্রাসঙ্গিক বিষয়ের আলোচনা করা

اِسْتَطْرَفَ (اِسْتِطْرَاف) [طرف] [ইস্তাত্‌রফা] উত্তম মনে করা, নতুন মনে করা, পছন্দ করা, মনোনীত করা

اِسْتَطْعَمَ (اِسْتِطْعَام) [طعم] [ইস্তাত্‌'আমা] খাবার চাওয়া, খাদ্য অন্বেষণ করা, স্বাদ লওয়া, চাখা

اِسْتِطْلَاع [طلع] [ইস্তিতলা'] অনুসন্ধান, তদন্ত, অন্বেষণ, খোঁজ

اِسْتِطْلَاعِيٌّ [ইস্তিতলা'ঈ] অনুসন্ধানমূলক

اِسْتَطْلَعَ (اِسْتِطْلَاع) [طلع] [ইস্তাত্‌লা'আ] উদয় কামনা করা, জানতে চাওয়া, অনুসন্ধান করা, তদন্ত করা, অন্বেষণ করা, খোঁজ করা

اِسْتَطْلَقَ (اِسْتِطْلَاق) [طلق] بَطْنُهُ [ইস্তাত্‌লাক্বা বাত্‌নুহু] পায়খানার বেগ হওয়া, পায়খানা আসা

أُسْتُطِيرَ (اِسْتِطَارَة) [طير] [উস্তুত্বীরা] আতঙ্কিত হওয়া, ভীত হওয়া, ভয় পাওয়া

اِسْتَظْرَفَ (اِسْتِظْرَاف) [ظرف] [ইস্তায্‌রফা] বুদ্ধিমান মনে করা, চালাক মনে করা, রসিক মনে করা, সুন্দর মনে করা

اِسْتَظَلَّ (اِسْتِظْلَال) [ظلل] بِ [ইস্তাযল্লা] ছায়া চাওয়া, ছায়া পাওয়া, আশ্রয় চাওয়া, আশ্রয় পাওয়া

اِسْتَظْهَرَ (اِسْتِظْهَار) [ظهر] [ইস্তায্‌হারা] প্রদর্শন করা, প্রকাশ করা, মুখস্থ করা, মনে রাখা

اِسْتَظْهَرَ بِ [--বি] সাহায্য চাওয়া, সমর্থন চাওয়া, সাহায্যের জন্য আবেদন করা

اِسْتَظْهَرَ عَلَى [-- 'আলা] জয়ী হওয়া, পরাস্ত করা, পরাজিত করা, পরাভূত করা, বিজয়ী হওয়া

اِسْتَعَادَ (اِسْتِعَادَة) [عود] [ইস্তা'আদা] ফিরিয়ে আনা, ফেরৎ চাওয়া, পুনরায় করতে বলা, পুনরুদ্ধার করা, স্মরণ করা, মনে করা

اِسْتَعَاذَ (اِسْتِعَاذَة) [عوذ] بِ [ইস্তা'আযা] আশ্রয় চাওয়া, আশ্রয় লওয়া, আত্মরক্ষা করা

اِسْتَعَارَ (اِسْتِعَارَة) [عور] [ইস্তা'আরা] ধার করা, ধার চাওয়া, (অলঙ্কারশাস্ত্রে) রূপক ব্যবহার করা

اِسْتِعَارَة [عور] [ইস্তি'আরাহ্‌] ধারকরণ, ধার, কর্জ, (অলঙ্কারশাস্ত্রে) রূপক, রূপকালঙ্কার

اِسْتَعَاضَ (اِسْتِعَاضَة) [عوض] بِ ، عَنْ [ইস্তা'আদা] পরিবর্তন করা, বদল করা, বিনিময় করা

اِسْتَعَانَ (اِسْتِعَانَة) [عون] [ইস্তা'আনা] সাহায্য চাওয়া, সহায়তা চাওয়া

اِسْتِعَانَة [عون] [ইস্তি'আনাহ্‌] সাহায্য প্রার্থনা

اِسْتِعْبَاد [عبد] [ইস্তি'বাদ] দাসগ্রহণ, দাসত্ব

اِسْتَعْبَدَ (اِسْتِعْبَاد) [عبد] [ইস্তা'বাদা] দাস গ্রহণ করা, দাসে পরিণত করা, দাস বানানো

اِسْتَعْبَرَ (اِسْتِعْبَار) [عبر] [ইস্তা'বারা] অশ্রুপাত করা, রোদন করা, কাঁদা

اِسْتَعْتَبَ (اِسْتِعْتَاب) [عتب] [ইস্তা'তাবা] সন্তুষ্ট করা, অনুগ্রহ পেতে চাওয়া, সন্তুষ্টি কামনা করা

اِسْتِعْجَال [عجل] [ইস্তি'জাল] ত্বরা, তাড়াহুড়া, দ্রুততা

اِسْتَعْجَبَ (اِسْتِعْجَاب) [عجب] [ইস্তা'জাবা] আশ্চর্যান্বিত হওয়া, বিস্মিত হওয়া, অবাক হওয়া

اِسْتَعْجَلَ (اِسْتِعْجَال) [عجل] [ইস্তা'জালা] দ্রুত করতে চাওয়া, তাড়াতাড়ি পেতে চাওয়া, তাড়া-হুড়া করা

اِسْتَعْجَمَ (اِسْتِعْجَام) [عجم] [ইস্তা'জামা] অস্পষ্ট হওয়া, দুর্বোধ্য হওয়া, আজমী (অ-আরবী) হওয়া

اِسْتَعَدَّ (اِسْتِعْدَاد) [عدد] [ইস্তা'আদ্দা] প্রস্তুতি গ্রহণ করা, প্রস্তুত হওয়া, তৈরী হওয়া, উদ্যত হওয়া

اِسْتِعْدَاد ج اِسْتِعْدَادَات [عدد] [ইস্তি'দাদ] প্রস্তুতি, উদ্যোগ, আয়োজন, ঝোঁক, প্রবণতা, যোগ্যতা

اِسْتِعْدَادِيّ [ইস্তি'দাদী] প্রস্তুতিমূলক, প্রাথমিক

اِسْتَعْدَى (اِسْتِعْدَاء) [عدو] [ইস্তা'দা] সাহায্যের আবেদন জানানো, সহায়তা চাওয়া, সমর্থন চাওয়া

اِسْتَعْذَبَ (اِسْتِعْذَاب) [عذب] [ইস্তা'যাবা] মিষ্ট পাওয়া, মধুর পাওয়া, সুখকর মনে করা

اِسْتَعْذَرَ (اِسْتِعْذَار) [عذر] [ইস্তা'যারা] কৈফিয়ত দেওয়া, ওজর দেখানো, ক্ষমা চাওয়া, মাফ চাওয়া

اِسْتَعَرَ (اِسْتِعَار) [سعر] [ইস্তা'আরা] জ্বলা, জ্বলে ওঠা, প্রজ্বলিত হওয়া, শিখায়িত হওয়া

اِسْتِعْرَاض [عرض] [ইস্তি'রাদ] সমীক্ষা, পরীক্ষা, পর্যালোচনা, প্রতিবেদন, কুচকাওয়াজ, প্রদর্শনী, অনুষ্ঠান

اِسْتِعْرَاضِيّ [ইস্তি'রাদী] পর্যালোচনামূলক, প্রদর্শনী-বিষয়ক

اِسْتَعْرَبَ (اِسْتِعْرَاب) [عرب] [ইস্তা'রবা] আরব হওয়া, আরবত্ব গ্রহণ করা, আরবীবিদ হওয়া

اِسْتَعْرَضَ (اِسْتِعْرَاض) [عرض] [ইস্তা'রদা] উপস্থাপন করতে বলা, প্রদর্শন করা, প্রদর্শনীর ব্যবস্থা করা, পর্যালোচনা করা, সমীক্ষা করা, পরীক্ষা করা, স্মরণে আনা

اِسْتَعْسَرَ (اِسْتِعْسَار) [عسر] [ইস্তা'সারা] কঠিন মনে করা, কষ্টকর মনে করা, কঠিন হওয়া

اِسْتَعْسَلَ (اِسْتِعْسَال) [عسل] [ইস্তা'সালা] মধু চাওয়া, মধু তৈরী করা, মধু সঞ্চয় করা

اِسْتَعْصَمَ (اِسْتِعْصَام) [عصم] [ইস্তা'ছমা] আশ্রয় চাওয়া, আশ্রয় লওয়া, আত্মরক্ষা করা

اِسْتَعْصَى (اِسْتِعْصَاء) [عصي] [ইস্তা'ছা] অবাধ্য হওয়া, বিরোধিতা করা, বিদ্রোহ করা, আনুগত্য অস্বীকার করা, কঠিন হওয়া, জটিল হওয়া, দুরারোগ্য হওয়া

اِسْتَعَطَ (اِسْتِعَاط) [سعط] [ইস্তা'আতা] নস্য টানা, নাকে টেনে নেওয়া, ঘ্রাণ নেওয়া, শোঁকা

اِسْتَعْطَفَ (اِسْتِعْطَاف) [عطف] [ইস্তা'তফা] দয়া চাওয়া, অনুগ্রহ চাওয়া, সহানুভূতি চাওয়া, মিনতি করা, তুষ্ট করা, সন্তুষ্ট করা

اِسْتَعْطَى (اِسْتِعْطَاء) [عطي] [ইস্তা'ত্বা] অনুনয় করা, মিনতি করা, দান চাওয়া, ভিক্ষা চাওয়া

اِسْتَعْظَمَ (اِسْتِعْظَام) [عظم] [ইস্তা'যমা] বড় মনে করা, বিরাট মনে করা, মহান ভাবা, অহঙ্কার করা

اِسْتَعَفَّ (اِسْتِعْفَاف) [عفف] [ইস্তা'আফ্‌ফা] দূরে থাকা, বিরত থাকা, পবিত্র থাকা

اِسْتِعْفَاء [عفو] [ইস্তি'ফা'] অব্যাহতি প্রার্থনা, ক্ষমা- প্রার্থনা, ইস্তেফা

اِسْتَعْفَى (اِسْتِعْفَاء) [عفو] [ইস্তা'ফা] অব্যাহতি চাওয়া, মাফ চাওয়া, ক্ষমা চাওয়া, ইস্তেফা দেওয়া

اِسْتِعْلَاء [علو] [ইস্তি'লা'] বড়ত্ব, শ্রেষ্ঠত্ব, উচ্চ মর্যাদা, বড়াই

اِسْتِعْلَام ج اِسْتِعْلَامَات [علم] [ইস্তি'লাম] তদন্ত, অনুসন্ধান, অন্বেষণ, খোঁজ, তথ্য

اِسْتَعْلَمَ (اِسْتِعْلَام) [علم] عَنْ [ইস্তা'লামা] জানতে চাওয়া, অনুসন্ধান করা, অন্বেষণ করা, তথ্য-সংগ্রহ করা

اِسْتَعْلَى (اِسْتِعْلَاء) [علو] [ইস্তা'লা] বড় হতে চাওয়া, উপরে উঠতে চাওয়া, উচ্চ মর্যাদা কামনা করা, বড়াই করা, বৃদ্ধি পাওয়া, বাড়তে থাকা, উচু মনে করা, আরোহণ করা

اِسْتِعْمَار [عمر] [ইস্তি'মার] উপনিবেশ স্থাপন, উপনিবেশ, উপনিবেশবাদ

اِسْتِعْمَارِيّ [ইস্তি'মারী] ঔপনিবেশিক, উপনিবেশ-বাদী

اِسْتِعْمَارِيَّة [عمر] [ইস্তি'মারিয়্যাহ] ঔপনিবেশি-কতা, উপনিবেশবাদ

اِسْتِعْمَال ج اِسْتِعْمَالَات [عمل] [ইস্তি'মাল] ব্যব-হার, প্রয়োগ, নিয়োগদান, নিয়োগ

سُوء الاِسْتِعْمَال [সূউল ইস্তি'মাল] অপব্যবহার, অপপ্রয়োগ

اِسْتَعْمَرَ (اِسْتِعْمَار) [عمر] [ইস্তা'মারা] উপনিবেশ স্থাপন করা, বাস করতে বলা, বাস করতে দেওয়া

اِسْتَعْمَلَ (اِسْتِعْمَال) [عمل] [ইস্তা'মালা] ব্যবহার করা, কাজে লাগানো, নিয়োগ করা, কাজ দেওয়া

اِسْتَغَاثَ (اِسْتِغَاثَة) [غوث] [ইস্তাগাছা] সাহায্য চাওয়া, সাহায্যের আবেদন করা, ফরিয়াদ করা

اِسْتِغَاثَة ج اِسْتِغَاثَات [غوث] [ইস্তিগাছাহ] সাহায্য প্রার্থনা, সাহায্যের আবেদন, ফরিয়াদ

اِسْتَغْبَى (اِسْتِغْبَاء) [غبو] [ইস্তাগ্‌বা] বোকা মনে করা, হাবা মনে করা, নির্বোধ ভাবা, নির্বোধ দেখতে পাওয়া

اِسْتَغَرَّ (اِسْتِغْرَار) [غرر] [ইস্তাগার্‌রা] প্রতারিত হওয়া, ধোঁকা খাওয়া, হঠাৎ এসে পড়া, বিস্মিত করা

اِسْتِغْرَاق [غرق] [ইস্তিগ্‌রাক] ব্যাপ্তি, অন্তর্ভুক্তি, নিমগ্নতা, স্থায়িত্ব

اِسْتَغْرَبَ (اِسْتِغْرَاب) [غرب] [ইস্তাগ্‌রবা] অদ্ভুত দেখতে পাওয়া, অদ্ভুত মনে করা, বিস্মিত হওয়া

اِسْتَغْرَدَ (اِسْتِغْرَاد) [غرد] [ইস্তাগ্‌রদা] (গান) গাওয়ানো, গাইতে বলা

اِسْتَغْرَقَ (اِسْتِغْرَاق) [غرق] [ইস্তাগ্‌রকা] নিমগ্ন হওয়া, পরিব্যাপ্ত করা, পুরোপুরি অন্তর্ভুক্ত করা, স্থায়ী হওয়া, চলতে থাকা, (সময়) লাগা

اِسْتَغْشَى (اِسْتِغْشَاء) [غشو ، غشي] [ইস্তাগ্‌শা] আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া, নিজেকে ঢেকে রাখা, (কাপড়) মুড়ি দেওয়া

اِسْتِغْفَار [غفر] [ইস্তিগ্‌ফার] ক্ষমাপ্রার্থনা, মার্জনা প্রার্থনা

اِسْتَغْفَرَ (اِسْتِغْفَار) [غفر] [ইস্তাগ্‌ফারা] মার্জনা প্রার্থনা করা, ক্ষমা চাওয়া, মাফ চাওয়া

اِسْتَغَلَّ (اِسْتِغْلَال) [غلل] [ইস্তাগাল্লা] ফল লাভ করা, সুবিধা ভোগ করা, ব্যবহার করা, বিনিয়োগ করা

اِسْتِغْلَال [غلل] [ইস্তিগ্‌লাল] ফললাভ, সুবিধা-ভোগ, ব্যবহার, বিনিয়োগ

اِسْتَغْلَظَ (اِسْتِغْلَاظ) [غلظ] [ইস্তাগ্‌লাযা] মোটা

হওয়া, পুরু হওয়া, ঘন হওয়া, গাঢ় হওয়া, শক্ত হওয়া, অসমান হওয়া, মোটা পুরু ঘন গাঢ় শক্ত অসমান ইত্যাদি মনে করা বা পাওয়া

اِسْتَغْلَقَ (اِسْتِغْلَاق) [غلق] [ইস্তাগলাক্বা] আটকে যাওয়া, কঠিন হওয়া, জটিল হওয়া, অস্পষ্ট হওয়া, সন্দেহপূর্ণ হওয়া

اِسْتَغْلَى (اِسْتِغْلَاء) [غلو] [ইস্তাগলা] ব্যয়বহুল মনে করা, উচ্চমূল্য ভাবা, দামী দেখতে পাওয়া

اِسْتِغْمَايَة [غمي] [ইস্তিগমায়াহ] কানামাছি খেলা

اِسْتَغْنَمَ (اِسْتِغْنَام) [غنم] [ইস্তাগনামা] সুযোগ মনে করা, সুযোগ গ্রহণ করা, গনীমত মনে করা

اِسْتَغْنَى (اِسْتِغْنَاء) [غني] [ইস্তাগনা] ধনী হওয়া, সম্পদশালী হওয়া, স্বয়ংসম্পূর্ণ হওয়া

اِسْتَغْنَى بِ [-- বি] সন্তুষ্ট থাকা, যথেষ্ট মনে করা, চালিয়ে নেওয়া

اِسْتَغْنَى عَنْ [-- 'আন] অমুখাপেক্ষী হওয়া, অভাব-মুক্ত হওয়া, প্রয়োজন না থাকা, প্রয়োজনমুক্ত হওয়া

اِسْتَغْوَى (اِسْتِغْوَاء) [غوي] [ইস্তাগওয়া] বিভ্রান্ত করা, প্রতারিত করা, ধোঁকায় ফেলা

اِسْتَفَّ (اِسْتِفَاف) [سفف] [ইস্তাফ্ফা] (ঔষধ) গিলে ফেলা, খেয়ে ফেলা

اِسْتَفَادَ (اِسْتِفَادَة) [فود ، فيد] [ইস্তাফাদা] উপ-কার পাওয়া, উপকৃত হওয়া, মুনাফা অর্জন করা, লাভ করা, অর্জন করা, পাওয়া, গ্রহণ করা, অবহিত হওয়া

اِسْتِفَادَة [فود ، فيد] [ইস্তিফাদাহ] উপকারলাভ, সুবিধাপ্রাপ্তি, মুনাফা অর্জন, লাভ, অর্জন, প্রাপ্তি, উপকারিতা, জ্ঞানলাভ

اِسْتَفَاضَ (اِسْتِفَاضَة) [فيض] [ইস্তাফাদা] প্রচুর হওয়া, পর্যাপ্ত হওয়া, ব্যাপক হওয়া, প্লাবিত করা, বিস্তারিত হওয়া, দীর্ঘায়িত হওয়া, ছড়িয়ে পড়া, অনুপ্রেরণা লাভ করা

اِسْتِفَاضَة [فيض] [ইস্তিফাদাহ] অনুপ্রেরণালাভ, আধিক্য, প্রাচুর্য, পর্যাপ্ততা, ব্যাপকতা, বিস্তার, প্রসার, প্লাবন

اِسْتَفَاقَ (اِسْتِفَاقَة) [فوق] [ইস্তাফাক্বা] জ্ঞান ফিরে পাওয়া, সম্বিৎ ফিরে পাওয়া, সংজ্ঞা ফিরে পাওয়া

اِسْتِفْتَاء [فتو] [ইস্তিফ্তা'] জনমত প্রার্থনা, জন-মত জরিপ, গণভোট, রেফারেন্ডাম

اِسْتَفْتَحَ (اِسْتِفْتَاح) [فتح] [ইস্তাফ্তাহা] আরম্ভ করা, সূচনা করা, উদ্বোধন করা, খোলা, বিজয় চাওয়া

اِسْتَفْتَى (اِسْتِفْتَاء) [فتو] [ইস্তাফ্তা] ফতোয়া চাওয়া, রায় চাওয়া, মত চাওয়া, জনমত চাওয়া, গণভোট করানো, ব্যাখ্যা চাওয়া, প্রশ্ন করা

اِسْتَفْحَلَ (اِسْتِفْحَال) [فحل] [ইস্তাফ্হালা] তীব্র হওয়া, গুরুতর হওয়া, খারাপ হওয়া, ভয়াবহ হওয়া, বৃদ্ধি পাওয়া

اِسْتَفْدَحَ (اِسْتِفْدَاح) [فدح] [ইস্তাফ্দাহা] কষ্টকর মনে করা, কঠিন দেখতে পাওয়া, ভারী মনে করা

اِسْتَفْرَغَ (اِسْتِفْرَاغ) [فرغ] [ইস্তাফ্রগা] খালাস করা, খালি করা, নিঃশেষ করা, বমি করা, বমন করা

اِسْتَفَزَّ (اِسْتِفْزَاز) [فزز] [ইস্তাফায্যা] ঘাবড়ে দেওয়া, ভয় দেখানো, ভয় দেখিয়ে তাড়ানো, বিহ্বল করা, প্ররোচিত করা, উত্তেজিত করা

اِسْتِفْزَازِيّ [فزز] [ইস্তিফ্যাযী] উত্তেজনাকর, প্ররোচনাকর, উত্তেজক

اِسْتَفْسَرَ (اِسْتِفْسَار) [فسر] عَنْ [ইস্তাফ্সারা] ব্যাখ্যা চাওয়া, বিস্তারিত জানতে চাওয়া, অনুসন্ধান করা

اِسْتَفْصَلَ (اِسْتِفْصَال) [فصل] [ইস্তাফ্ছলা] ব্যাখ্যা চাওয়া, বিস্তারিত বিবরণ চাওয়া

اِسْتَفْضَلَ (اِسْتِفْضَال) [فضل] [ইস্তাফ্দলা] অব-শিষ্টাংশ রেখে দেওয়া

اِسْتَفْظَعَ (اِسْتِفْظَاع) [فظع] [ইস্তাফ্য'আ] কুৎসিত বা বীভৎস দেখতে পাওয়া

اِسْتِفْهَام [فهم] [ইস্তিফ্হাম] প্রশ্ন, জিজ্ঞাসা, অনু-সন্ধান, জানার ইচ্ছা

حَرْف اِسْتِفْهَام [হারফ ইস্তিফ্হাম] প্রশ্ন করার অব্যয়, প্রশ্নবাচক অব্যয়, প্রশ্নবোধক অব্যয়

عَلَامَة اِسْتِفْهَام ['আলামাত ইস্তিফ্হাম] জিজ্ঞাসা-চিহ্ন, প্রশ্নবোধক চিহ্ন (?)

اِسْتِفْهَامِيّ [ইস্তিফ্হামী] প্রশ্নসূচক, প্রশ্নবাচক, প্রশ্নবোধক, প্রশ্নাত্মক

اِسْتَفْهَمَ (اِسْتِفْهَام) [فهم] [ইস্তাফ্হামা] জিজ্ঞাসা করা, প্রশ্ন করা, বুঝতে চাওয়া, জানতে চাওয়া

اِسْتَقَالَ (اِسْتِقَالَة) [قيل] [ইস্তাক্বালা] পদত্যাগ

করা, ইস্তেফা দেওয়া, অব্যাহতি চাওয়া, ক্ষমা চাওয়া, প্রত্যাহার চাওয়া

اِسْتِقَالَة ج اِسْتِقَالَات [قيل] [ইস্তিক্বালাহ্] ইস্তেফা, পদত্যাগ, অবসরগ্রহণ, প্রত্যাহার

اِسْتَقَامَ (اِسْتِقَامَة) [قوم] [ইস্তাক্বামা] সঠিক হওয়া, সোজা হওয়া, সরল হওয়া, সোজা হয়ে দাঁড়ানো, স্থির থাকা, অটল থাকা, অবিচল থাকা

اِسْتِقَامَة [قوم] [ইস্তিক্বামাহ্] সঠিকতা, যথাযথতা, সরলতা, ঋজুতা, সততা, সঠিক পথে স্থিরতা

اِسْتِقْبَال ج اِسْتِقْبَالَات [قبل] [ইস্তিক্বাল] মুখ-করণ, সম্মুখে স্থাপন, সামনা-সামনি অবস্থান, অভ্যর্থনা, সম্বর্ধনা, সাক্ষাৎ, গ্রহণ, ধরণ, ভবিষ্যৎ

جِهَاز اِسْتِقْبَال [জিহায ইস্তিক্বাল] গ্রাহক-যন্ত্র

حَفْلَة اِسْتِقْبَال [হাফ্লাত ইস্তিক্বাল] সম্বর্ধনা-অনুষ্ঠান

غُرْفَة اِسْتِقْبَال [গুরফাত ইস্তিক্বাল] অভ্যর্থনা-কক্ষ, বৈঠকখানা, ড্রইংরুম

اِسْتَقْبَحَ (اِسْتِقْبَاح) [قبح] [ইস্তাক্বাহা] খারাপ-মনে করা, অপছন্দ করা, খারাপ লাগা, ঘৃণা করা, নিন্দা করা

اِسْتَقْبَلَ (اِسْتِقْبَال) [قبل] [ইস্তাক্বালা] মুখ করা, সামনে রাখা, সামনা-সামনি হওয়া, অভ্যর্থনা জানানো, স্বাগত জানানো, সম্বর্ধনা দেওয়া, সাক্ষাৎ করা, গ্রহণ করা, ভবিষ্যৎ হওয়া

اِسْتَقْتَلَ (اِسْتِقْتَال) [قتل] [ইস্তাক্তালা] মরণপণ যুদ্ধ করা, মৃত্যুর তোয়াক্কা না করা, জীবনের ঝুঁকি নেওয়া

اِسْتَقْدَرَ (اِسْتِقْدَار) [قدر] [ইস্তাক্দারা] (আল্লাহর কাছে) শক্তি চাওয়া, সামর্থ্য চাওয়া

اِسْتَقْدَمَ (اِسْتِقْدَام) [قدم] [ইস্তাক্দামা] সামনে আনা, নিয়ে আসা, আসতে বলা, আনতে বলা, ডেকে পাঠানো, তলব করা, সামনে যাওয়া, আগে আসা, অগ্রবর্তী হওয়া, অগ্রসর হওয়া

اِسْتَقْذَرَ (اِسْتِقْذَار) [قذر] [ইস্তাক্যারা] নোংরা মনে করা, ময়লা পাওয়া

اِسْتَقَرَّ (اِسْتِقْرَار) [قرر] [ইস্তাক্বার্রা] অবস্থান করা, স্থির হওয়া, স্থায়ী হওয়া, শান্ত হওয়া

اِسْتِقْرَاء ج اِسْتِقْرَاءَات [قرأ] [ইস্তিক্বরা'] পরীক্ষা, অনুসন্ধান, পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ, অন্বেষণ, পরীক্ষা-নিরীক্ষা

اِسْتِقْرَار [قرر] [ইস্তিক্বরার] স্থিরতা, স্থায়িত্ব, স্থিতি, স্থিতিশীলতা, শান্তভাব, প্রশান্তি

اِسْتَقْرَأَ (اِسْتِقْرَاء) [قرأ] [ইস্তাক্বরআ] পড়তে বলা, অনুসন্ধান করা, পরীক্ষা করা, পরীক্ষা-নিরীক্ষা করা, পুঙ্খানুপুঙ্খরূপে বিশ্লেষণ করা

اِسْتَقْرَبَ (اِسْتِقْرَاب) [قرب] [ইস্তাক্বরবা] কাছে মনে করা, নিকটবর্তী ভাবা

اِسْتَقْرَضَ (اِسْتِقْرَاض) [قرض] [ইস্তাক্বরদা] কর্জ চাওয়া, ধার চাওয়া, ঋণ চাওয়া

اِسْتَقْرَنَ (اِسْتِقْرَان) [قرن] [ইস্তাক্বরনা] সহচর হওয়া, সঙ্গী হওয়া, সমর্থ হওয়া, (ফোঁড়া) পুঁজযুক্ত হওয়া, পাকা, (রক্ত) বেশী হওয়া

اِسْتَقْرَى (اِسْتِقْرَاء) [قرو] [ইস্তাক্বরা] পর্যালোচনা করা, পরীক্ষা-নিরীক্ষা করা, অনুসন্ধান করা, তদন্ত করা

اِسْتَقْرَى (اِسْتِقْرَاء) [قري] [ইস্তাক্বরা] ভ্রমণ করা, বেড়ানো, আতিথেয়তা চাওয়া

اِسْتَقْسَمَ (اِسْتِقْسَام) [قسم] [ইস্তাক্সামা] ভাগ চাওয়া, ভাগ করা, ভাগ্য জানতে চাওয়া

اِسْتَقْصَرَ (اِسْتِقْصَار) [قصر] [ইস্তাক্ছরা] খাটো মনে করা, খাটো পাওয়া, খাটো গণ্য করা

اِسْتَقْصَى (اِسْتِقْصَاء) [قصو] [ইস্তাক্ছা] অনুসন্ধান করা, তদন্ত করা, পরীক্ষা করা, খতিয়ে দেখা

اِسْتَقْضَى (اِسْتِقْضَاء) [قضي] [ইস্তাক্দা] চাওয়া, দাবি করা

اِسْتِقْطَاب [قطب] [ইস্তিক্তাব] আকর্ষণ, একত্রী-করণ, মেরুকরণ, সমবর্তন

اِسْتِقْطَار [قطر] [ইস্তিক্তার] পাতন, পরিস্রুতকরণ

اِسْتَقْطَبَ (اِسْتِقْطَاب) [قطب] [ইস্তাক্তবা] সম-বর্তিত করা, মেরুকরণ করা, আকর্ষণ করা, একত্রীকরণ করা

اِسْتَقْطَرَ (اِسْتِقْطَار) [قطر] [ইস্তাক্তরা] ফোঁটা ফোঁটা করে পড়তে দেওয়া, ফোঁটায় ফোঁটায় ফেলা বা বের করা, পরিস্রুত করা

اِسْتَقْطَعَ (اِسْتِقْطَاع) [قطع] [ইস্তাক্ত'আ] কাটতে বলা, কেটে বানাতে বলা, জায়গীর চাওয়া

اِسْتَقَلَّ (اِسْتِقْلَال) [قلل] [ইস্তাক্বাল্লা] স্বাধীনতা

লাভ করা, স্বাধীন হওয়া, মুক্ত হওয়া, স্বতন্ত্র হওয়া, স্বনির্ভর হওয়া, অল্প মনে করা, অবমূল্যায়ন করা, অবজ্ঞা করা, হেয়জ্ঞান করা, আরোহণ করা, উত্তোলন করা, বহন করা

اِسْتِقْلَال [قلل] [ইস্তিক্‌লাল] স্বাধীনতা, স্বাতন্ত্র্য, মুক্তি, স্বনির্ভরতা, অবমূল্যায়ন, অবজ্ঞা, আরোহণ, উত্তোলন, বহন

اِسْتِقْلَالِيَّة [قلل] [ইস্তিক্‌লালিয়্যাহ্] স্বনির্ভরতা, স্বাধীনতা, স্বাতন্ত্র্য

اِسْتَقَى (اِسْتِقَاء) [سقي] [ইস্তাক্বা] পানীয়দ্রব্য চাওয়া, পানি আনা, লাভ করা, পাওয়া

اِسْتَكَّ (اِسْتِكَاك) [سكك] *[ইস্তাক্কা] বধীর হওয়া,* শুনতে না পাওয়া, (গাছপালা) নিবিড় হওয়া, ঘন হওয়া

اِسْتَكَانَ (اِسْتِكَانَة) [كون] [ইস্তাকানা] নত হওয়া, নতিস্বীকার করা, নীচ হওয়া, বিনয়ী হওয়া

اِسْتَكْبَرَ (اِسْتِكْبَار) [كبر] [ইস্তাক্‌বারা] বড় মনে করা, অহঙ্কার করা, গর্ব করা

اِسْتَكْتَبَ (اِسْتِكْتَاب) [كتب] [ইস্তাক্‌তাবা] লিখে নেওয়ার জন্য বলা, লিখতে বলা, লিখিয়ে নেওয়া, লেখানো, লেখক নিয়োগ করা

اِسْتَكْتَمَ (اِسْتِكْتَام) [كتم] [ইস্তাক্‌তামা] গোপন রাখতে বলা, লুকাতে বলা

اِسْتَكْثَرَ (اِسْتِكْثَار) [كثر] [ইস্তাক্‌ছারা] বেশী মনে করা, বেশী চাওয়া, বেশী পাওয়া

اِسْتَكْثَفَ (اِسْتِكْثَاف) [كثف] [ইস্তাক্‌ছাফা] ঘন হওয়া, ঘন মনে করা, উঁচু হওয়া

اِسْتَكْرَهَ (اِسْتِكْرَاه) [كره] [ইস্তাক্‌রহা] অপছন্দ করা, খারাপ মনে করা, ঘৃণা করা

اِسْتَكْرَى (اِسْتِكْرَاء) [كري] [ইস্তাক্‌রা] কেরায়া নেওয়া, ভাড়া করা

اِسْتِكْشَاف [كشف] [ইস্তিক্‌শাফ] আবিষ্কার, উদ্‌ঘাটন, অনুসন্ধান, পর্যবেক্ষণ

اِسْتَكْشَفَ (اِسْتِكْشَاف) [كشف] [ইস্তাক্‌শাফা] অনুসন্ধান করা, পরীক্ষা করা, বের করা, উদ্‌ঘাটন করা

اِسْتَكَفَّ (اِسْتِكْفَاف) [كفف] [ইস্তাকাফ্‌ফা] হাত রাখা, হাতে নেওয়া, হাত পাতা, ভিক্ষা চাওয়া, চোখ চেপে ধরা, গোলাকার হওয়া, পেঁচিয়ে থাকা, বেষ্টন করা, (চুল) জট পাকানো, জড়ো হওয়া

اِسْتَكْفَى (اِسْتِكْفَاء) [كفي] [ইস্তাক্‌ফা] যথেষ্ট পেতে চাওয়া, যথেষ্ট পাওয়া, যথেষ্ট মনে করা

اِسْتَكْمَلَ (اِسْتِكْمَال) [كمل] [ইস্তাক্‌মালা] সম্পূর্ণ করা, পরিপূর্ণ করা, সম্পন্ন করা, (শর্ত) পূরণ করা, পূর্ণাঙ্গ হওয়া

اِسْتَكَنَّ (اِسْتِكْنَان) [كنن] [ইস্তাকান্না] লুক্কায়িত থাকা, সুপ্ত থাকা, লুকিয়ে থাকা, আরামে থাকা

اِسْتَلَّ (اِسْتِلَال) [سلل] [ইস্তাল্লা] আস্তে আস্তে বের করা, (তরবারি) কোষমুক্ত করা, কেড়ে নেওয়া

اِسْتِلَاف [سلف] [ইস্তিলাফ] অগ্রিম, আগাম, ধার, ঋণ

اِسْتِلَام [سلم] [ইস্তিলাম] গ্রহণ, প্রাপ্তি, পাওনা, লাভ, সংগ্রহ, প্রাপ্তিস্বীকার

اِسْتَلَبَ (اِسْتِلَاب) [سلب] [ইস্তালাবা] লুট করা, লুণ্ঠন করা, লুটে নেওয়া, কেড়ে নেওয়া

اِسْتَلَذَّ (اِسْتِلْذَاذ) [لذذ] [ইস্তালায্‌যা] স্বাদ পাওয়া, মজা পাওয়া, আনন্দ পাওয়া, উপভোগ করা

اِسْتَلْزَمَ (اِسْتِلْزَام) [لزم] [ইস্তাল্‌যামা] প্রয়োজন অনুভব করা, জরুরী মনে করা, প্রয়োজনীয় করা

اِسْتَلْطَفَ (اِسْتِلْطَاف) [لطف] [ইস্তাল্‌তফা] সুন্দর বা চমৎকার পাওয়া, মধুর মনে করা, পছন্দ করা

اِسْتَلَفَ (اِسْتِلَاف) [سلف] [ইস্তালাফা] অগ্রিম নেওয়া, আগাম নেওয়া, ধার করা, ধার নেওয়া, ঋণ নেওয়া

اِسْتَلْقَى (اِسْتِلْقَاء) [لقي] [ইস্তাল্‌ক্বা] শয়ন করা, শুয়ে পড়া, গা এলিয়ে দেওয়া, চিৎ হয়ে শোয়া

اِسْتَلَمَ (اِسْتِلَام) [سلم] [ইস্তালামা] পাওয়া, গ্রহণ করা, লাভ করা, সংগ্রহ করা, প্রাপ্তি স্বীকার করা

اِسْتَلْهَمَ (اِسْتِلْهَام) [لهم] [ইস্তাল্‌হামা] অনুপ্রেরণা চাওয়া, এলহাম (ঐশী অনুপ্রেরণা) প্রার্থনা করা

اِسْتَمَاتَ (اِسْتِمَاتَة) [موت] [ইস্তামাতা] মরণপণ যুদ্ধ করা, মৃত্যুর তোয়াক্কা না করা, জীবনের ঝুঁকি নেওয়া, মৃত্যু কামনা করা, কৃশ হওয়ার পর আবার মোটা হওয়া, (কাপড়) জীর্ণ হওয়া

اِسْتِمَارَة ج اِسْتِمَارَات [مور] [ইস্তিমারাহ্] ফরম, বিবরণপত্র

اِسْتِمَاع [سمع] [ইস্তিমা'] শ্রবণ, মনোযোগ সহকারে শ্রবণ

اِسْتَمَالَ (اِسْتِمَالَةٌ) [ميل] [ইস্তামালা] নোয়ানো, ঝুঁকানো, কাছে টানা, আকর্ষণ করা, স্নেহ লাভ করা

اِسْتِمْتَاعٌ [متع] [ইস্তিম্‌তা'] উপভোগ, সম্ভোগ, ভোগ

اِسْتَمْتَعَ (اِسْتِمْتَاعٌ) [متع] [ইস্তাম্‌তা'আ] ভোগ করা, উপভোগ করা, সম্ভোগ করা, উপভোগ করতে চাওয়া

اِسْتَمْجَدَ (اِسْتِمْجَادٌ) [مجد] [ইস্তাম্‌জাদা] মর্যাদা চাওয়া, মর্যাদাবান হওয়া, গৌরবান্বিত হওয়া

اِسْتَمَدَّ (اِسْتِمْدَادٌ) [مدد] [ইস্তামাদ্দা] গ্রহণ করা, সংগ্রহ করা, আহরণ করা, লাভ করা, সাহায্য চাওয়া

اِسْتَمَرَّ (اِسْتِمْرَارٌ) [مرر] [ইস্তামার্‌রা] অব্যাহত থাকা, চলতে থাকা, স্থায়ী হওয়া, তিতা মনে করা

اِسْتِمْرَارٌ [مرر] [ইস্তিম্‌রার] নিরবচ্ছিন্নতা, চলমানতা, ধারাবাহিকতা, স্থায়িত্ব

بِاسْتِمْرَارٍ [বিস্‌তিম্‌রার] ধারাবাহিকভাবে, ক্রমাগতভাবে, অবিরামভাবে

اِسْتَمْرَأَ (اِسْتِمْرَاءٌ) [مرأ] [ইস্তাম্‌রআ] সুখকর বা সুস্বাদু পাওয়া, উপভোগ করা

اِسْتَمْرَى (اِسْتِمْرَاءٌ) [مري] [ইস্তাম্‌রা] বের করে আনা

اِسْتَمْسَكَ (اِسْتِمْسَاكٌ) [مسك] [ইস্তাম্‌সাকা] ধরে থাকা, ধরে রাখা, আঁকড়ে ধরা, লেগে থাকা

اِسْتَمْطَرَ (اِسْتِمْطَارٌ) [مطر] [ইস্তাম্‌তরা] অনুগ্রহ চাওয়া, বর্ষণ চাওয়া, বৃষ্টি চাওয়া, দান চাওয়া

اِسْتَمَعَ (اِسْتِمَاعٌ) [سمع] إِلَى ، لِ [ইস্তামা'আ] শ্রবণ করা, মনোযোগ দিয়ে শোনা, কান পাতা, আড়ি পাতা

اِسْتَمْكَنَ (اِسْتِمْكَانٌ) [مكن] [ইস্তাম্‌কানা] শক্ত হওয়া, শক্তিশালী হওয়া, সুপ্রতিষ্ঠিত হওয়া

اِسْتَمْكَنَ مِنْ [-- মিন] দখল করা, কর্তৃত্ব রাখা, কর্তৃত্ব করা, সক্ষম হওয়া, সমর্থ হওয়া

اِسْتَمْلَحَ (اِسْتِمْلَاحٌ) [ملح] [ইস্তাম্‌লাহা] মনোহর দেখতে পাওয়া, সুন্দর মনে করা, ভাল লাগা

اِسْتَمْلَكَ (اِسْتِمْلَاكٌ) [ملك] [ইস্তাম্‌লাকা] দখল করা, অধিকার করা, মালিক হওয়া, নিয়ন্ত্রণ করা

اِسْتَمْلَى (اِسْتِمْلَاءٌ) [ملو] [ইস্তাম্‌লা] লিখিয়ে নিতে চাওয়া, লিখিয়ে দিতে বলা

اِسْتِمْنَاءٌ [مني] [ইস্তিম্‌না'] পাণিমেহন, স্বমেহন, হস্তমৈথুন

اِسْتَمْنَى (اِسْتِمْنَاءٌ) [مني] [ইস্তাম্‌না] পাণিমেহন করা, স্বমেহন করা, হস্তমৈথুন করা

اِسْتَمْهَلَ (اِسْتِمْهَالٌ) [مهل] [ইস্তাম্‌হালা] দেরি করতে বলা, ধীরুজ হতে বলা, অপেক্ষা করতে বলা

اِسْتَنَّ (اِسْتِنَانٌ) [سنن] [ইস্তান্না] দাঁত পরিষ্কার করা, মেসওয়াক করা, পথ অনুসরণ করা, পন্থা অবলম্বন করা

اِسْتَنَاخَ (اِسْتِنَاخَةٌ) [نوخ] [ইস্তানাখা] নতজানু হওয়া, হাটু ভেঙ্গে বসা

اِسْتِنَادٌ [سند] [ইস্তিনাদ] ভর, নির্ভরতা, ভিত্তি, সূত্র, প্রসঙ্গ

اِسْتِنَادًا إِلَى [ইস্তিনাদান ইলা] ভর করে, ভিত্তিতে, ভিত্তি করে, সূত্রে, প্রসঙ্গ উল্লেখ করে

اِسْتَنَارَ (اِسْتِنَارَةٌ) [نور] [ইস্তানারা] আলো চাওয়া, আলো পাওয়া, জ্ঞানলাভ করা, আলোকিত হওয়া

اِسْتِنْبَاطٌ [نبط] [ইস্তিম্‌বাত] বেরকরণ, উদ্ভাবন, উদ্‌ঘাটন, আবিষ্কার, প্রাপ্তি, সিদ্ধান্ত

اِسْتَنْبَأَ (اِسْتِنْبَاءٌ) [نبأ] [ইস্তাম্‌বাআ] তথ্য জানতে চাওয়া, সংবাদ লওয়া, অনুসন্ধান করা

اِسْتَنْبَتَ (اِسْتِنْبَاتٌ) [نبت] [ইস্তাম্‌বাতা] চাষ করা, রোপণ করা, উৎপন্ন করা, বড় করা

اِسْتَنْبَحَ (اِسْتِنْبَاحٌ) [نبح] [ইস্তাম্‌বাহা] (কুকুর) ডাকানো, ঘেউঘেউ করানো

اِسْتَنْبَطَ (اِسْتِنْبَاطٌ) [نبط] [ইস্তাম্‌বাতা] বের করা, খুঁজে পাওয়া, উদ্ভাবন করা, উদ্‌ঘাটন করা, অনুসন্ধান করা

اِسْتَنْتَجَ (اِسْتِنْتَاجٌ) [نتج] [ইস্তান্‌তাজা] পাওয়া, লাভ করা, সিদ্ধান্তে উপনীত হওয়া

اِسْتَنْثَرَ (اِسْتِنْثَارٌ) [نثر] [ইস্তান্‌ছারা] নাক ঝাড়া, নাক পরিষ্কার করা

اِسْتِنْجَاءٌ [نجو] [ইস্তিন্‌জা'] নিষ্কৃতিলাভ, মুক্তিলাভ, এস্তেনজাঃ মলমূত্র ত্যাগের পর পবিত্রতা অর্জন

اِسْتَنْجَبَ (اِسْتِنْجَاب) [نجب] [ইস্তান্‌জাবা] পছন্দ করা, বাছাই করা, নির্বাচন করা, বেছে নেওয়া

اِسْتَنْجَحَ (اِسْتِنْجَاح) [نجح] [ইস্তান্‌জাহা] সফল হওয়া, সাফল্য লাভ করা, সাফল্য চাওয়া

اِسْتَنْجَدَ (اِسْتِنْجَاد) [نجد] [ইস্তান্‌জাদা] সাহায্য চাওয়া, সাহায্যের আবেদন করা

اِسْتَنْجَعَ (اِسْتِنْجَاع) [نجع] [ইস্তান্‌জা'আ] চাওয়া, অন্বেষণ করা, তালাশ করা

اِسْتَنْجَى (اِسْتِنْجَاء) [نجو] بِنْ [ইস্তান্‌জা] মুক্তি পাওয়া, নিষ্কৃতি লাভ করা, বেঁচে যাওয়া, নিরাপদ হওয়া, মলমূত্র ত্যাগের পর পবিত্র হওয়া, এস্তেনজা করা

اِسْتَنَدَ (اِسْتِنَاد) [سند] إِلَى [ইস্তানাদা] ভর করা, নির্ভর করা, সূত্র উল্লেখ করা, প্রসঙ্গ উল্লেখ করা

اِسْتِنْزَاف [نزف] [ইস্তিন্‌যাফ] পরিষ্করণ, নিষ্কাশন, ক্ষয়করণ, নিঃশেষকরণ

اِسْتَنْزَفَ (اِسْتِنْزَاف) [نزف] [ইস্তান্‌যাফা] নিষ্কাশন করা, পরিষ্কার করা, নিঃশেষ করা, ক্ষয় করে ফেলা

اِسْتَنْزَلَ (اِسْتِنْزَال) [نزل] [ইস্তান্‌যালা] নামানো, নামতে বলা, নামিয়ে আনা, বাদ দেওয়া, বিয়োগ করা

اِسْتَنْزَهَ (اِسْتِنْزَاه) [نزه] [ইস্তান্‌যাহা] বিনোদন চাওয়া, আনন্দ চাওয়া

اِسْتَنْزَهَ عَنْ [-- 'আন] দূরে থাকা, পবিত্র থাকা

اِسْتَنْسَبَ (اِسْتِنْسَاب) [نسب] [ইস্তান্‌সাবা] বংশ উল্লেখ করা, বংশ উল্লেখ করতে বলা, উপযোগী পাওয়া

اِسْتَنْسَخَ (اِسْتِنْسَاخ) [نسخ] [ইস্তান্‌সাখা] অনুলিপি করা, অনুলিপি করতে বলা, লিখে রাখা, লিপিবদ্ধ করা, সংরক্ষণ করা

اِسْتَنْشَأَ (اِسْتِنْشَاء) [نشأ] [ইস্তান্‌শাআ] রচনা করানো, রচনা করতে বলা

اِسْتَنْشَدَ (اِسْتِنْشَاد) [نشد] [ইস্তান্‌শাদা] আবৃত্তি করানো, আবৃত্তি করতে বলা

اِسْتَنْشَقَ (اِسْتِنْشَاق) [نشق] [ইস্তান্‌শাকা] নাকের মধ্যে নেওয়া, শ্বাসের সাথে নেওয়া, ঘ্রাণ নেওয়া

اِسْتَنْشَى (اِسْتِنْشَاء) [نشو] [ইস্তান্‌শা] নাকে টানা, ঘ্রাণ নেওয়া,

اِسْتَنْصَحَ (اِسْتِنْصَاح) [نصح] [ইস্তান্‌ছহা] পরামর্শ চাওয়া, পরামর্শ করা, উপদেশ দেওয়া

اِسْتَنْصَرَ (اِسْتِنْصَار) [نصر] [ইস্তান্‌ছরা] সাহায্য চাওয়া, সাহায্যের আবেদন করা, ফরিয়াদ করা

اِسْتَنْصَفَ (اِسْتِنْصَاف) [نصف] [ইস্তান্‌ছফা] ন্যায়বিচার প্রার্থনা করা, ইনসাফ চাওয়া

اِسْتِنْطَاق [نطق] [ইস্তিন্‌তাক] কথা বেরকরণ, জেরা, শুনানি, জিজ্ঞাসাবাদ, প্রশ্ন, পরীক্ষা

اِسْتَنْطَقَ (اِسْتِنْطَاق) [نطق] [ইস্তান্‌তকা] কথা বের করা, কথা বলানো, জেরা করা, প্রশ্ন করা

اِسْتَنْظَفَ (اِسْتِنْظَاف) [نظف] [ইস্তান্‌যফা] পরিষ্কার বস্তু চাওয়া, বিশুদ্ধ হিসেবে নেওয়া, পরিচ্ছন্ন মনে করা, কর আদায় করা, পুরোপুরি নেওয়া, সবটুকু নেওয়া

اِسْتَنْفَدَ (اِسْتِنْفَاد) [نفد] [ইস্তান্‌ফাদা] ফুরিয়ে ফেলা, নিঃশেষ করা

اِسْتَنْفَرَ (اِسْتِنْفَار) [نفر] [ইস্তান্‌ফারা] ভয় পেয়ে পালানো

اِسْتَنْفَرَ [نفر] عَلَى [-- 'আলা] (কারো বিরুদ্ধে) যুদ্ধের আহবান জানানো, যুদ্ধের ডাক দেওয়া

اِسْتَنْفَضَ (اِسْتِنْفَاض) [نفض] [ইস্তান্‌ফাদা] বের করা, পর্যবেক্ষণ করা, চিন্তা করা

اِسْتَنْفَعَ (اِسْتِنْفَاع) [نفع] [ইস্তান্‌ফা'আ] উপকার চাওয়া, উপকৃত হওয়া

اِسْتَنْفَقَ (اِسْتِنْفَاق) [نفق] [ইস্তান্‌ফাকা] খরচ করে ফেলা, নিঃশেষ করা

اِسْتَنْقَذَ (اِسْتِنْقَاذ) [نقذ] [ইস্তান্‌ক্বাযা] রক্ষা করা, উদ্ধার করা

اِسْتَنْقَصَ (اِسْتِنْقَاص) [نقص] [ইস্তান্‌ক্বাছা] কম মনে করা, কম দেখতে পাওয়া, কমাতে চাওয়া, কমাতে বলা, অসম্পূর্ণ পাওয়া, অসম্পূর্ণ দেখতে পাওয়া

اِسْتَنْقَعَ (اِسْتِنْقَاع) [نقع] [ইস্তান্‌ক্বা'আ] (পানি) বদ্ধ হওয়া, নিশ্চল হওয়া, বদ্ধতার কারণে নষ্ট হওয়া

اِسْتَنْقَهَ (اِسْتِنْقَاه) [نقه] [ইস্তান্‌ক্বাহা] বুঝতে চাওয়া, বুঝতে পারা, জানতে চাওয়া

اِسْتَنْكَحَ (اِسْتِنْكَاح) [نكح] [ইস্তান্‌কাহা] বিবাহ

করতে চাওয়া, বিবাহ করা, নিকাহ করা

اِسْتَنْكَرَ (اِسْتِنْكَار) [نكر] [ইস্তান্‌কারা] না জানা, খারাপ জানা, ঘৃণা করা, নিন্দা করা, সমর্থন না করা, প্রত্যাখ্যান করা

اِسْتَنْكَفَ (اِسْتِنْكَاف) [نكف] [ইস্তান্‌কাফা] অহঙ্কারী হওয়া, উদ্ধত হওয়া, হেয়জ্ঞান করা, লজ্জাবোধ করা, বর্জন করা, বিরত থাকা

اِسْتَنْكَهَ (اِسْتِنْكَاه) [نكه] [ইস্তান্‌কাহা] মুখের গন্ধ শোঁকা, মুখ থেকে মদের গন্ধ আসে কিনা তা জানার জন্য নাকের উপর শ্বাস ছাড়তে বলা

اِسْتَنْهَضَ (اِسْتِنْهَاض) [نهض] [ইস্তান্‌হাদা] জাগ্রত করা, জাগিয়ে তোলা, উৎসাহিত করা

اِسْتَنْوَمَ (اِسْتِنْوَام) [نوم] [ইস্তান্‌ওয়ামা] স্বপ্নদোষ হওয়া

اِسْتَهَالَ (اِسْتِهَالَة) [هول] [ইস্তাহালা] ভয়ংকর মনে করা, ভয়ানক দেখতে পাওয়া

اِسْتَهَانَ (اِسْتِهَانَة)، اِسْتَهْوَنَ [هون] [ইস্তাহানা] সহজ মনে করা, হালকা মনে করা, ছোট করে দেখা, হেয়জ্ঞান করা, তুচ্ছ করা

اِسْتَهْتَرَ (اِسْتِهْتَار) [هتر] [ইস্তাহ্‌তারা] অমনো-যোগী হওয়া, বেখেয়াল হওয়া, দায়িত্বহীনভাবে কাজ করা

اِسْتَهْتَرَ بِـ [-- বি] হালকা করে দেখা, কম গুরুত্ব দেওয়া, অবজ্ঞা করা

أُسْتُهْتِرَ [هتر] [উস্তুহ্‌তিরা] বুদ্ধি লোপ পাওয়া, আজেবাজে কাজ করা

أُسْتُهْتِرَ بِـ [-- বি] মোহগ্রস্ত হওয়া, মোহাবিষ্ট হওয়া, হতবুদ্ধি হওয়া

اِسْتَهْجَنَ (اِسْتِهْجَان) [هجن] [ইস্তাহ্‌জানা] খারাপ মনে করা, অপছন্দ করা, অবজ্ঞা করা

اِسْتِهْدَاف [هدف] [ইস্তিহ্‌দাফ] লক্ষ্যস্থিরকরণ, ধাবন, প্রবণতা, অ্যালার্জি (allergy)

اِسْتَهْدَفَ (اِسْتِهْدَاف) [هدف] [ইস্তাহ্‌দাফা] লক্ষ্য স্থির করা, মনস্থ করা, উদ্দেশ্য করা, ধাবিত হওয়া, সামনে আসা

اِسْتَهْدَى (اِسْتِهْدَاء) [هدي] [ইস্তাহ্‌দা] হেদায়েত চাওয়া, পথের সন্ধান চাওয়া, দান চাওয়া, উপহার চাওয়া

اِسْتَهْرَمَ (اِسْتِهْرَام) [هرم] [ইস্তাহ্‌রমা] বয়োবৃদ্ধ মনে করা, জরাগ্রস্ত দেখতে পাওয়া

اِسْتِهْزَاء [هزأ] [ইস্তিহ্‌যা'] ঠাট্টা, বিদ্রূপ, উপহাস, পরিহাস

اِسْتَهْزَأَ (اِسْتِهْزَاء) [هزأ] [ইস্তাহ্‌যাআ] ঠাট্টা করা, বিদ্রূপ করা, উপহাস করা, পরিহাস করা

اِسْتَهْزَمَ (اِسْتِهْزَام) [هزم] [ইস্তাহ্‌যামা] পরাজিত করা, পরাজয় কামনা করা, পরাজিত দেখতে পাওয়া

اِسْتَهَلَّ (اِسْتِهْلَال) [هلل] [ইস্তাহাল্লা] সূত্রপাত করা, আরম্ভ করা, সূচনা করা, প্রবর্তন করা, (চাঁদ) ওঠা, স্বর উঁচু করা, (আকাশ) বৃষ্টি শুরু করা, (চোখ) অশ্রু বর্ষণ করা

اِسْتِهْلَاك [هلك] [ইস্তিহ্‌লাক] ক্ষয়করণ, নিঃশেষ-করণ, ব্যয়করণ, ব্যবহার করে শেষকরণ

اِسْتِهْلَال [هلل] [ইস্তিহ্‌লাল] আরম্ভ, প্রারম্ভ, শুরু, সূচনা, সূত্রপাত, প্রবর্তন

اِسْتَهْلَكَ (اِسْتِهْلَاك) [هلك] [ইস্তাহ্‌লাকা] ফুরিয়ে ফেলা, নিঃশেষ করা, ব্যবহার করে শেষ করা, ব্যয় করা

اِسْتَهْوَى (اِسْتِهْوَاء) [هوي] [ইস্তাহ্‌ওয়া] আকৃষ্ট করা, মুগ্ধ করা, প্রলুব্ধ করা, বিভ্রান্ত করা, পরামর্শ দেওয়া

أُسْتُهِيمَ [هيم] [উস্তুহীমা] বিমুগ্ধ হওয়া, মোহগ্রস্ত হওয়া, মোহাবিষ্ট হওয়া, হতবুদ্ধি হওয়া

اِسْتِوَاء [سوي] [ইস্তিওয়া'] সমতা, সরলতা, স্থিরতা, সঠিকতা, (ভূগোল-শাস্ত্রে) নিরক্ষ, বিষুব (রেখা)

خَطُّ الاِسْتِوَاء [খাত্তুল ইস্তিওয়া'] নিরক্ষরেখা, ক্রান্তি-রেখা, বিষুবরেখা

اِسْتِوَائِيّ [ইস্তিওয়া'ঈ] নিরক্ষীয়, ক্রান্তীয়

المِنْطَقَة الاِسْتِوَائِيَّة [আল-মিন্‌তক্বাতুল ইস্তি-ওয়া'ইয়্যাহ] নিরক্ষীয় অঞ্চল, উষ্ণমণ্ডল

اِسْتَوْبَقَ (اِسْتِيبَاق) [وبق] [ইস্তাওবাক্বা] ধ্বংস হওয়া, মরে যাওয়া

اِسْتَوْثَقَ (اِسْتِيثَاق) [وثق] مِنْ [ইস্তাওছাক্বা] চুক্তি করা, নিশ্চিত হওয়া, আস্থাশীল হওয়া

اِسْتَوْثَنَ (اِسْتِيثَان) [وثن] [ইস্তাওছানা] (সম্পদ) অধিক হওয়া, (পশু) মোটা হওয়া, অবশিষ্ট থাকা, বজায় থাকা, শক্ত হওয়া, মজবুত হওয়া

اِسْتَوْثَنَ مِنَ المَال [-- মিনাল মাল] সম্পদশালী

হওয়া, অধিক সম্পদের অধিকারী হওয়া

اِسْتَوْجَبَ (اِسْتِيجَاب) [وجب] [ইস্তাওজাবা] আবশ্যিক মনে করা, আবশ্যিক করা, বাধ্যতামূলক করা, চাওয়া, দাবি করা, জরুরী মনে করা, যোগ্য হওয়া

اِسْتَوْحَشَ (اِسْتِيحَاش) [وحش] [ইস্তাওহাশা] নির্জন হওয়া, নির্জনতা অনুভব করা, একাকীত্ব অনুভব করা, অভাব অনুভব করা, অপছন্দ করা, ভীত হওয়া

اِسْتَوْحَلَ (اِسْتِيحَال) [وحل] [ইস্তাওহালা] কাদা-যুক্ত হওয়া, ময়লা হওয়া, নোংরা হওয়া

اِسْتَوْحَى (اِسْتِيحَاء) [وحي] [ইস্তাওহা] জানতে চাওয়া, তথ্য নেওয়া, উদ্দীপ্ত করা, নাড়া দেওয়া, ডেকে পাঠানো, সাহায্যের জন্য ডাকা

اِسْتَوْحَى مِنْ [-- মিন] গ্রহণ করা, অনুপ্রেরণা চাওয়া, অনুপ্রেরণা লাভ করা

اِسْتَوْخَمَ (اِسْتِيخَام) [وخم] [ইস্তাওখামা] (খাদ্য) গুরুপাক মনে করা, (স্থান) অস্বাস্থ্যকর মনে করা, অস্বাস্থ্যকর পাওয়া

اِسْتَوْخَى (اِسْتِيخَاء) [وخي] [ইস্তাওখা] জানতে চাওয়া, প্রশ্ন করা, জিজ্ঞাসা করা

اِسْتَوْدَعَ (اِسْتِيدَاع) [ودع] [ইস্তাওদা'আ] গচ্ছিত রাখা, আমানত রাখা, জমা রাখা, গুদামজাত করা

اِسْتَوْدَى (اِسْتِيدَاء) [ودي] بِـ [ইস্তাওদা] (ঋণ, অধিকার) স্বীকার করা, স্বীকৃতি দেওয়া

اِسْتُودِيُو ج اِسْتُودِيُوهَات [ইস্তুদইয়ো] স্টুডিও

اِسْتَوْرَدَ (اِسْتِيرَاد) [ورد] [ইস্তাওরদা] আমদানি করা, আনয়ন করা, নিয়ে আসা, পরিবেশন করা, (পশু) পানির কাছে আনা

اِسْتَوْرَطَ (اِسْتِيرَاط) [ورط] [ইস্তাওরতা] জড়িয়ে পড়া, আটকা পড়া

اِسْتَوْرَى (اِسْتِيرَاء) [وري] [ইস্তাওরা] (চকমকি দ্বারা) আগুন জ্বালানো, আগুন বের করা, (মত) প্রকাশ করতে বলা

اِسْتَوْزَرَ (اِسْتِيزَار) [وزر] [ইস্তাওযারা] মন্ত্রী হতে চাওয়া, উজির বানানো, নিয়ে যাওয়া

اِسْتَوْسَعَ (اِسْتِيسَاع) [وسع] [ইস্তাওসা'আ] প্রশস্ত পাওয়া, চওড়া মনে করা, বিশাল গণ্য করা, প্রশস্ত হওয়া

اِسْتَوْصَفَ (اِسْتِيصَاف) [وصف] [ইস্তাওছফা] (ডাক্তারের) পরামর্শ চাওয়া, পরামর্শ গ্রহণ করা

اِسْتَوْصَى (اِسْتِيصَاء) [وصي] [ইস্তাওছা] মঙ্গল কামনা করা, হিতাকাঙ্ক্ষী হওয়া, সদুপদেশ দেওয়া

اِسْتَوْضَحَ (اِسْتِيضَاح) [وضح] [ইস্তাওদহা] ব্যাখ্যা চাওয়া, পরিষ্কার করে বলতে বলা, অনুসন্ধান করা

اِسْتَوْطَنَ (اِسْتِيطَان) [وطن] [ইস্তাওতনা] বসতি স্থাপন করা, বসতবাড়ি বানানো, স্থায়ীভাবে বাস করা

اِسْتَوْظَفَ (اِسْتِيظَاف) [وظف] [ইস্তাওযফা] সব আয়ত্ত করা, সমগ্রটা নেওয়া

اِسْتَوْعَبَ (اِسْتِيعَاب) [وعب] [ইস্তাও'আবা] ধারণ করা, ধারণক্ষমতাসম্পন্ন হওয়া, সামাই দেওয়া, আয়ত্ত করা, অনুধাবন করা, অনুশীলন করা

اِسْتَوْفَدَ (اِسْتِيفَاد) [وفد] [ইস্তাওফাদা] প্রতিনিধি হিসেবে পাঠানো, দূত হিসেবে পাঠানো

اِسْتَوْفَرَ (اِسْتِيفَار) [وفر] [ইস্তাওফারা] পূর্ণ করা, পুরোপুরি দেওয়া, পুরোপুরি নেওয়া

اِسْتَوْفَى (اِسْتِيفَاء) [وفي] [ইস্তাওফা] পুরোপুরি লাভ করা, সবটুকু পাওয়া, পূর্ণ করা, পূরণ করা, পাওয়া, সংগ্রহ করা

اِسْتَوْقَدَ (اِسْتِيقَاد) [وقد] [ইস্তাওক্বাদা] (আগুন) জ্বালানো, প্রজ্বলিত করা, প্রজ্বলিত হওয়া

اِسْتَوْقَعَ (اِسْتِيقَاع) [وقع] [ইস্তাওক্বা'আ] প্রত্যাশা করা, প্রতীক্ষা করা, আশংকা করা

اِسْتَوْقَفَ (اِسْتِيقَاف) [وقف] [ইস্তাওক্বাফা] থামিয়ে দেওয়া, থামানো, থামতে বলা, বিরত করা

اِسْتَوْقَفَ النَّظَرَ [ইস্তাওক্বাফান নাযরা] দৃষ্টি থামিয়ে দেওয়া, নজর কেড়ে নেওয়া, মনোযোগ আকৃষ্ট করা

اِسْتَوْلَدَ (اِسْتِيلَاد) [ولد] [ইস্তাওলাদা] জন্মদান করা, জন্ম দেওয়া, প্রজনন করা, উৎপাদন করা

اِسْتَوْلَى (اِسْتِيلَاء) [ولي] عَلَى [ইস্তাওলা] প্রভাব বিস্তার করা, কর্তৃত্ব করা, পরাভূত করা, দখল করা, জবরদখল করা

أُسْتُوَان ج أَسَاتِين [উস্তুন] বন্দুকের নল, ব্যারেল

اِسْتُونِيَا [ইস্তুনিয়া] এস্তোনিয়া (দেশ)

اِسْتَوْهَبَ (اِسْتِيهَاب) [وهب] [ইস্তাওহাবা] দান চাওয়া, উপহার চাওয়া, হেবা চাওয়া

اِسْتَوَى (اِسْتِوَاء) [سوي] [ইস্তাওয়া] সমান হওয়া,

সোজা হওয়া, ঠিক হওয়া, ঠিকভাবে বসা, স্থির হওয়া, পরিপক্ক হওয়া, পাকা, রান্না হওয়া

اِسْتَوَى إِلَى [-- **ইলা**] করতে চাওয়া, মনস্থ করা, ইচ্ছুক হওয়া

اِسْتَوَى عَلَى [-- '**আলা**] আরোহণ করা, সমাসীন হওয়া, উপবেশন করা

اِسْتِيَاء [سوأ] [**ইস্তিয়া'**] বিরাগ, বিরক্তি, অসন্তুষ্টি, অসন্তোষ

اِسْتَيْأَسَ (اِسْتِيْآس) [يأس] [**ইস্তাইআসা**] নিরাশ হওয়া, আশাহত হওয়া, হতাশ হওয়া

اِسْتِيدَاع [ودع] [**ইস্তীদা'**] সাময়িক অবসরগ্রহণ, আমানত, জমাদান, সংরক্ষণ, গুদামজাতকরণ

اِسْتِيرَاد [ورد] [**ইস্তীরাদ**] আমদানিকরণ, আনয়ন, পরিবেশন, আমদানি

اِسْتَيْسَرَ (اِسْتِيسَار) [يسر] [**ইস্তাইসারা**] সহজ হওয়া, সহজলভ্য হওয়া, সফল হওয়া

اِسْتِيضَاح [وضح] [**ইস্তীদাহ**] ব্যাখ্যা তলব, প্রশ্ন, জিজ্ঞাসা, অনুসন্ধান

اِسْتِيطَان [وطن] [**ইস্তীতান**] বসতি স্থাপন, নিবাস স্থাপন, স্থায়ীভাবে বসবাস

اِسْتِيعَاب [وعب] [**ইস্তী'আব**] আয়ত্তকরণ, ধারণ, সাফাই, গ্রহণ, উপলব্ধি, অনুধাবন, অধ্যয়ন, অনুশীলন, comprehension

اِسْتِيفَاء [وفي] [**ইস্তীফা'**] পূর্ণ প্রাপ্তি, পূরণ, পালন, সমাপন, পরিশোধ, প্রাপ্তি, গ্রহণ, সংগ্রহ

اِسْتَيْقَظَ (اِسْتِيقَاظ) [يقظ] [**ইস্তাইক্বাযা**] জাগ্রত হওয়া, সজাগ হওয়া, সতর্ক হওয়া, মনোযোগী হওয়া

اِسْتَيْقَنَ (اِسْتِيقَان) [يقن] [**ইস্তাইক্বানা**] নিশ্চিত হওয়া, সুনিশ্চিত হওয়া, নিশ্চিতরূপে জানা

اِسْتِيلَاء [ولي] [**ইস্তীলা'**] প্রভাব, নিয়ন্ত্রণ, কর্তৃত্ব, দখল, জবরদখল

اِسْتِيلَاد [ولد] [**ইস্তীলাদ**] জন্মদান, উৎপাদন, প্রজনন

اِسْتَيْمَنَ (اِسْتِيمَان) [يمن] بِ [**ইস্তাইমানা**] শুভ মনে করা, শুভলক্ষণ দেখা, আশাবাদী হওয়া

أَسْجَلَ (إِسْجَال) [سجل] [**আস্‌জালা**] ধনবান হওয়া, বড় দান করা, (পাত্র) ভরে দেওয়া, ছেড়ে দেওয়া

أَسْجَمَ (إِسْجَام) [سجم] [**আস্‌জামা**] (অশ্রু) ঝরানো, ঢেলে দেওয়া, গড়িয়ে দেওয়া, (পর্দা) ঝুলিয়ে দেওয়া, টাঙ্গিয়ে দেওয়া, (রাত) অন্ধকার হওয়া

أُسْجُوعَة ج أَسَاجِيع [سجع] [**উস্‌জূ'আহ**] মিল. পূর্ণ গদ্য, অন্ত্যমিলযুক্ত গদ্যাংশ

أَسْجَى (إِسْجَاء) [سجو] [**আস্‌জা**] (সমুদ্রের) ঢেউ থেমে যাওয়া, (কূপের) পানি অধিক হওয়া, (পশুর) দুধ বেশী হওয়া, ঢেকে দেওয়া

إِسْحَاق [**ইস্‌হাক**] হযরত ইসহাক (আ)

أَسْحَت مث سَحْتَاء ج سُحْت [سحت] [**আস্‌হাত**] তৃণবিহীন (স্থান, বছর)

أَسْحَتَ (إِسْحَات) [سحت] [**আস্‌হাতা**] ধ্বংস করা, উৎপাটিত করা, অবৈধ উপার্জন করা

أَسْحَرَ (إِسْحَار) [سحر] [**আস্‌হারা**] প্রভাতে বের হওয়া, প্রত্যুষে প্রবেশ করা, প্রভাত কাটানো

أَسْحَق مث سَحْقَاء ج سُحْق [سحق] [**আস্‌হাক**] দূর, দূরের, দূরবর্তী, দূরে অবস্থিত

أَسْحَقَ (إِسْحَاق) [سحق] [**আস্‌হাক্বা**] দূর করা, দূর হওয়া, (বস্ত্র) জীর্ণ হওয়া, ধ্বংস করা, মেরে ফেলা, ওলান শুকিয়ে পেটের সাথে লেগে যাওয়া

أَسْحَم مث سَحْمَاء ج سُحْم [سحم] [**আস্‌হাম**] কালো, কৃষ্ণবর্ণ, মেঘ, শিং, স্তনের বোঁটা, মদের মশক

أَسْحَمَ (إِسْحَام) [سحم] [**আস্‌হামা**] (আকাশ) বৃষ্টি বর্ষণ করা

أَسْخَطَ (إِسْخَاط) [سخط] [**আস্‌খাতা**] রাগান্বিত করা, ক্রুদ্ধ করা, ক্রোধ জাগ্রত করা, অসন্তুষ্ট করা, বিরক্ত করা

أَسْخَم مث سَخْمَاء ج سُخْم [سخم] [**আস্‌খাম**] কালো, কৃষ্ণবর্ণ

أَسْخَنَ (إِسْخَان) [سخن] [**আস্‌খানা**] গরম করা, তাপ দেওয়া, তপ্ত করা

أَسَد ج أُسْد ، أُسُد ، آسَاد ، أُسُود [**আসাদ**] সিংহ, মৃগেন্দ্র, কেশরী, পশুরাজ

الأَسَد [**আল-আসাদ**] সিংহরাশিঃ রাশিচক্রের পঞ্চম রাশি

بُرْج الأَسَد [**বুরূজুল আসাদ**] সিংহরাশিঃ রাশি-চক্রের পঞ্চম রাশি

أَسَدّ ج سُدّ [سدد] مث سَدَّاء [আসাদ্] যথাযথ, যথার্থ, সঠিক, ন্যায্য

أَسَدَّ (إِسْدَاد) [سدد] [আসাদ্দা] সঠিক হওয়া, যথার্থ হওয়া, ন্যায্য হওয়া, যথাযথ হওয়া, উপযুক্ত হওয়া, ঠিক মত লাগা .

أَسْدَسَ (إِسْدَاس) [سدس] [আস্দাসা] ছয়জন হওয়া, ছয়টি হওয়া, ছয়দিনে একবার উট পানির কাছে আসা

أَسْدَف مث سَدْفَاء [سدف] [আস্দাফ] অন্ধকার, কালো (রাত্রি)

أَسْدَفَ (إِسْدَاف) [سدف] [আস্দাফা] (রাত) অন্ধকার হওয়া, চোখ অন্ধকার হয়ে আসা, ঘুমানো, ঘোমটা ঝুলিয়ে দেওয়া, (পর্দা) উঠানো, দূরে সরা, সরে যাওয়া

أَسْدَلَ (إِسْدَال) [سدل] [আস্দালা] লটকানো, ঝুলানো, টাঙ্গানো, ঝুলিয়ে দেওয়া, ঝুলিয়ে রাখা

أَسْدَى (إِسْدَاء) [سدي] [আস্দা] করা, সম্পন্ন করা, সম্পাদন করা, দেওয়া, প্রদান করা, পেশ করা, ভিজানো, সিক্ত করা, উপেক্ষা করা

أَسْدَى إِلَى ، لِ [-- ইলা, লি] দেওয়া, দান করা, প্রদান করা

أَسْدَى بَيْنَ [-- বাইনা] বিরোধ মীমাংসা করা

أَسْر [আস্র] বন্দিত্ব, বন্দিদশা, আটকাবস্থা, গঠন, কাঠামো

بِأَسْرِهِ [বি-আস্রিহী] সব, সকল, সমগ্র, গোটা, সম্পূর্ণরূপে

أَسَرَ [ض] (أَسْر ، إِسَارَة) [আসারা] বন্দী করা, গ্রেপ্তার করা, আটক করা, মোহগ্রস্ত করা

أَسَرَّ (إِسْرَار) [سرر] [আসার্রা] আনন্দ দেওয়া, খুশী করা, গোপন করা, লুকানো, বিশ্বাস করে গোপন কথা বলা, গোপন রাখতে বলা

آسِر [أسر] [আসির] আটককারী, বন্দীকারী, গ্রেফতারকারী, মোহগ্রস্তকারী, আকৃষ্টকারী, আকর্ষক, সম্মোহক

أُسْر [উস্র] পেশাব বন্ধ হওয়া, মূত্রবদ্ধতা

إِسْرَاء [سري] [ইস্রা'] রাত্রিকালীন ভ্রমণ, নৈশ-ভ্রমণ

الإِسْرَاء [আল-ইস্রা'] (রাত্রিকালে) রসূলুল্লাহর (স) ঊর্ধ্বলোক ভ্রমণ, মেরাজ

لَيْلَة الإِسْرَاء [লাইলাতুল ইস্রা'] (রাত্রিকালে) রসূলুল্লাহর (স) ঊর্ধ্বলোক ভ্রমণের রাত, মেরাজের রাত, শবে মেরাজ

إِسْرَائِيل [ইস্রাঈল] ইস্রাঈলঃ হযরত ইয়াকুব (আ)-এর অপর নাম, ইস্রাঈল রাষ্ট্র

إِسْرَاع [سرع] [ইস্রা'] দ্রুততা, ত্বরা, তাড়াহুড়া, দ্রুতগতি, দৌড়, ধাবন

إِسْرَاف [سرف] [ইস্রাফ] অপচয়, অমিতব্যয়, অপব্যয়, বাড়াবাড়ি, মাত্রাতিরিক্ততা, অপরিমিতি, সীমালংঘন

إِسْرَافِيل [ইস্রাফীল] ফেরেশতা ইস্রাফীল (আ)

أَسْرَبَ (إِسْرَاب) [سرب] [আস্রবা] (পানি) ঢেলে দেওয়া, গড়িয়ে দেওয়া

أُسْرُب [উস্রুব] সীসা, সীসক

أُسْرَة ج أُسَرَات ، أُسَر [উস্রাহ্] পরিবার, পরিজন, সংসার, বংশ, জ্ঞাতি, আত্মীয়-স্বজন

أُسْرَة حَاكِمَة [উসরাহ হাকিমাহ্] শাসকবংশ, রাজবংশ

أَسْرَجَ (إِسْرَاج) [سرج] [আস্রজা] (ঘোড়ায়) জিন বাঁধা, (প্রদীপ) জ্বালানো

أَسْرَدَ (إِسْرَاد) [سرد] [আস্রদা] ছিদ্র করা, ফুটা করা

أَسْرَع [سرع] [আস্র'] অধিকতর দ্রুত, দ্রুততর, দ্রুততম

أَسْرَع وَقْت [আস্র' ওয়াক্ত] দ্রুততম সময়

فِي أَسْرَعِ وَقْتٍ مُمْكِن [ফী আস্র'ই ওয়াক্তিম মুমকিন] যথাসম্ভব তাড়াতাড়ি, যত তাড়াতাড়ি সম্ভব

أَسْرَعَ (إِسْرَاع) [سرع] [আস্র'আ] ত্বরা করা, দ্রুত সম্পন্ন করা, তাড়াহুড়া করা, ছুটে যাওয়া, দৌড়ে যাওয়া, ধাবিত হওয়া, ত্বরান্বিত করা

أَسْرَفَ (إِسْرَاف) [سرف] [আস্রফা] অপব্যয় করা, অপচয় করা, অমিতব্যয়ী হওয়া, বাড়াবাড়ি করা, অপরিমিত হওয়া, সীমালংঘন করা

أُسْرُوب [উস্রূব] সীসা, সীসক

أُسْرُوجَة [سرج] [উস্রূজাহ্] মিথ্যা, অসত্য

أَسْرَى (إِسْرَاء) [سري] [আস্রা] রাতে ভ্রমণ

করা, নৈশভ্রমণ করা, রাতে গমন করা

أَسْرَى بِـ [-- বি] নৈশভ্রমণ করানো, রাতে নিয়ে যাওয়া

أَسَّسَ (تَأْسِيس) [أسس] [আস্সাসা] ভিত্তিস্থাপন করা, প্রতিষ্ঠা করা, প্রতিষ্ঠিত করা, নির্মাণ করা, গঠন করা

إِسْطَاطِيقِيّ [ইস্তাতীকী] নন্দনতত্ত্ব, কান্তিবিদ্যা

إِسْطَاعَ (إِسْطِيَاع) [طوع] [ইস্তা'আ] পারা, সমর্থ হওয়া, সক্ষম হওয়া, ক্ষমতা রাখা

إِسْطَام [سطم] [ইস্তাম] আগুন নাড়ার জন্য চেপটা-মাথা লোহার শিক

إِسْطَبْل ج إِسْطَبْلَات [ইস্তব্ল] অশ্বশালা, পশু-শালা, আস্তাবল

أَسْطَع مث سَطْعَاء ج سُطْع [سطع] [আস্তা'] লম্বা ঘাড়বিশিষ্ট, দীর্ঘগ্রীবা

إِسْطَقِس ج إِسْطَقِسَات [ইস্তক্বিস] উপাদান, মৌলিক পদার্থঃ আগুন, পানি, মাটি ও বাতাস

أُسْطُمّ ج أَسَاطِم [سطم] [উস্তুম্] মধ্য, আসল, মূল, উৎস, বিশিষ্ট ব্যক্তিবর্গ, মাঝ সমুদ্র, গভীর সমুদ্র, রাতের অন্ধকার

أُسْطُمَّة ج أَسَاطِم [سطم] [উস্তুম্মাহ] সমাবেশ, বিশিষ্ট ব্যক্তিবর্গ, বড় অংশ, মাঝ সমুদ্র, গভীর সমুদ্র

إِسْطَنْبُول [ইস্তম্বুল] ইস্তাম্বুল (নগরী)

أُسْطُوَانَة ج أُسْطُوَانَات ، أَسَاطِين [سطن] [উস্তু-ওয়ানাহ] স্তম্ভ, গ্রামোফোন রেকর্ড, ডিস্ক, (ইঞ্জিনের) সিলিন্ডার, রোলার, বিশিষ্ট ব্যক্তিত্ব, পদস্থ ব্যক্তি

أُسْطُورَة ج أَسَاطِير [سطر] [উস্তূরাহ] উপাখ্যান, কাহিনী, গল্প, উপকথা, রূপকথা, পৌরাণিক কাহিনী

أُسْطُورِيّ [উস্তূরী] কল্পকাহিনীমূলক, পৌরাণিক, অবাস্তব, অলীক

أُسْطُول ج أَسَاطِيل [سطل] [উস্তূল] বহর, নৌ-বহর, স্কোয়াড্রন (squadron)

أَسْطَى (إِسْطَاء) [سطو] عَلَى [আস্তা] বলপ্রয়োগ করা, চাপ দেওয়া, জোর-জুলুম করা

أُسْطِيرَة ج أَسَاطِير [سطر] [উস্তীরাহ] উপাখ্যান, কাহিনী, গল্প, উপকথা, রূপকথা, পৌরাণিক কাহিনী

إِسْعَاف [سعف] [ইস্'আফ] ত্রাণ, উদ্ধার, পরি-ত্রাণ, সাহায্য, রিলিফ, চিকিৎসা

إِسْعَاف أَوَّلِيّ [ইস্'আফ আউওয়ালী] প্রাথমিক চিকিৎসা

سَيَّارَة الإِسْعَاف [সাইয়ারতুল ইস্'আফ] ত্রাণের গাড়ি, অ্যাম্বুলেন্স

أَسْعَد [سعد] [আস্'আদ] অধিকতর ভাগ্যবান, অধিকতর সুখী

أَسْعَدَ (إِسْعَاد) [سعد] [আস্'আদা] সুখী করা, সৌভাগ্যবান করা

أَسْعَر مث سَعْرَاء ج سُعْر [سعر] [আস্'আর] কৃশ-কায়, ফ্যাকাশে, কালচে রংবিশিষ্ট

أَسْعَرَ (إِسْعَار) [سعر] [আস্'আরা] (আগুন) জ্বালানো, প্রজ্বলিত করা, ধরানো

أَسْعَطَ (إِسْعَاط) [سعط] [আস্'আতা] নাকে টেনে নেওয়া, ঘ্রাণ নেওয়া, শোঁকা

أَسْعَفَ (إِسْعَاف) [سعف] [আস্'আফা] উদ্ধার করা, সাহায্য করা, ত্রাণ দেওয়া, রিলিফ দেওয়া, চিকিৎসা দেওয়া

أَسْغَبَ (إِسْغَاب) [سغب] [আস্গাবা] অনাহারে থাকা, না খেয়ে থাকা, দুর্ভিক্ষগ্রস্ত হওয়া

أَسَف [আসাফ] দুঃখ, ক্ষোভ, অনুতাপ, পরিতাপ, মনক্ষুণ্ণতা, মনস্তাপ

أَسِف [আসিফ] দুঃখিত, অনুতপ্ত, মনক্ষুণ্ণ, বিষণ্ণ

أَسِفَ [س] (أَسَف) [আসিফা] দুঃখ করা, দুঃখিত হওয়া, অনুতপ্ত হওয়া, মনক্ষুণ্ণ হওয়া

أَسَفَّ (إِسْفَاف) [سفف] [আসাফ্ফা] নিচে নামা, নেমে আসা, (পাখি) নিচ দিয়ে ওড়া, মাটির কাছ দিয়ে ওড়া

أَسَفَّ النَّظَرَ إِلَى [আসাফ্ফান নাযরা ইলা] এক নজরে তাকিয়ে থাকা, তীক্ষ্ণদৃষ্টিতে তাকানো

أُسِفَّ [উসিফ্ফা] (চেহারা) বিবর্ণ হওয়া, মলিন হওয়া, ফ্যাকাশে হওয়া

آسَفَ (إِيسَاف) [أسف] [আসাফা] দুঃখ দেওয়া, দুঃখিত করা, মনক্ষুণ্ণ করা, রাগান্বিত করা

آسِف [আসিফ] দুঃখিত, অনুতপ্ত, মনক্ষুণ্ণ, বিষণ্ণ

أَسْفَرَ (إِسْفَار) [سفر] [আস্ফারা] আলোকিত হওয়া, উদ্ভাসিত হওয়া, উন্মোচিত হওয়া, মুখ-মণ্ডল অনাবৃত করা, মুখ খোলা

أَسْفَرَ عَنْ [-- 'আন] উন্মোচিত করা, উদ্ঘাটিত করা, প্রকাশ করা, উৎপন্ন করা, সঙ্ঘটিত করা

أَسْفَع مث سَفْعَاء [سفع] [আস্ফা'] গাঢ় তামাটে (রংবিশিষ্ট), কাল কাপড়, বাজপাখি, বন্য ষাঁড়

أَسْفَل [سفل] [আস্ফাল] তলদেশ, পাদদেশ, নিম্নাংশ

أَسْفَل مث سُفْلَى [আস্ফাল] নিম্নতর, নিকৃষ্টতর

أَسْفَلْت [আস্ফাল্ত] পিচ, asphalt

إِسْفَنْج ، إِسْفَنْجَة [ইস্ফান্জ] স্পঞ্জ

إِسْفَنْد [ইস্ফান্দ] সাদা সরিষা

إِسْفَنْدَان [ইস্ফিন্দান] মেপল্ গাছ, (maple)ঃ উত্তর গোলার্ধের এক ধরনের গাছ যার কাঠ মূল্যবান এবং যার নির্যাস থেকে চিনি ও সিরাপ তৈরি হয়

أَسْفَى (إِسْفَاء) [سفو] [আস্ফা] (বাতাস) জোরে বয়ে যাওয়া, উড়িয়ে নেওয়া, বিক্ষিপ্ত করে দেওয়া, বোকা হওয়া, ছ্যাবলামি করানো, (শস্যের) শিষ শক্ত হওয়া, দুর্ব্যবহার করা

أَسَفَى! [আসাফা] আফসোস! হায় আফসোস!

إِسْفِيدَاج [ইস্ফীদাজ] সাদা সীসা, শ্বেত সীসক

إِسْفِين ج أَسَافِين [ইস্ফীন] গোঁজ, কীলক, গজাল

إِسْفِينِيّ [ইস্ফীনী] কীলকাকার, কীলকাকার লিপি বা বর্ণমালা, cuneiform

إِسْقَاط [سقط] [ইস্কাত] পাতন, ভূপাতিতকরণ, নিক্ষেপ, বিয়োজন, বিয়োগ, বিলোপসাধন

إِسْقَالَة [سقل] [ইস্কালাহ] ফাঁসিকাষ্ঠ, ফাঁসির মঞ্চ

إِسْقَرْبُوط [ইস্কার্বূত] স্কার্ভি (রোগ)

أَسْقَطَ (إِسْقَاط) [سقط] [আস্কাতা] নিচে ফেলা, নামানো, ভূপাতিত করা, বাদ দেওয়া, বিয়োগ করা, ফেলে দেওয়া, বিলোপ করা, (পরীক্ষায়) ফেল করানো

أُسْقُف ، أُسْقُفّ ج أَسَاقِفَة ، أَسَاقِف [উস্কুফ] বিশপঃ উচ্চপদস্থ খ্রীষ্টান যাজক

أُسْقُفِيَّة [উস্কুফিয়্যাহ] বিশপের পদ, বিশপের এলাকা

أَسْقَمَ (إِسْقَام) [سقم] [আস্কামা] রোগী বানানো, অসুস্থ করা, পীড়িত করা, রোগ-ব্যাধি লেগেই থাকা, পরিবার-পরিজন অসুস্থ হওয়া

إِسْقُمْرِيّ [ইস্কুম্রী] ম্যাকারেল মাছঃ একপ্রকার সুস্বাদু লম্বা সামুদ্রিক মাছ (mackerel)

أَسْقَى (إِسْقَاء) [سقي] [আস্কা] পান করানো, পানি দেওয়া, সেচ দেওয়া

إِسْكَابَة [ইস্কাবাহ] পিপার মুখ বন্ধ করার ছিপি

إِسْكَاف ، إِسْكَافِيّ ج أَسَاكِفَة [سكف] [ইস্কাফ, ইস্কাফী] জুতা প্রস্তুতকারী, মুচি, চর্মকার

إِسْكَان [سكن] [ইস্কান] বসতিপ্রদান, আবাসন, পুনর্বাসন

أَسْكَتَ (إِسْكَات) [سكت] [আস্কাতা] নিশ্চুপ করা, নীরব করা, চুপ করানো

أَسْكَرَ (إِسْكَار) [سكر] [আস্কারা] মাতাল করা, নেশাগ্রস্ত করা, মত্ত করা, উন্মত্ত করা

أَسْكَف [سكف] [আস্কাফ] জুতা প্রস্তুতকারী, চর্মকার, মুচি

أَسْكَفَ (إِسْكَاف) [سكف] [আস্কাফা] চর্মকার হওয়া, মুচি হওয়া

أُسْكُفَّة [উস্কুফ্ফাহ] (দরজার) চৌকাঠ, গোবরাট, চৌকাঠের নিচের কাঠ, দরজা-জানালার ফ্রেমের মাথার তক্তা

إِسْكِلَة ج أَسَاكِل [ইস্কিলাহ] বন্দর, পোতাশ্রয়, পোর্ট (port)

أَسْكَنَ (إِسْكَان) [سكن] [আস্কানা] বাস করতে দেওয়া, বাসস্থান দেওয়া, অধিবাসী করা

الإِسْكَنْدَرِيَّة [আল-ইস্কান্দারিয়্যাহ] আলেকজান্দ্রিয়া (নগরী)

أُسْكُوبَة [উস্কূবাহ] পিপার মুখ বন্ধ করার ছিপি

أَسْكُود [আস্কূদ] এসকুডোঃ পর্তুগাল ও চিলির মুদ্রা

أُسْكُوف ج أَسَاكِفَة [উস্কূফ] জুতা প্রস্তুতকারী, মুচি, চর্মকার

أُسْكُوفَة [উস্কূফাহ] দরজার চৌকাঠ, চৌকাঠের

নিচের কাঠ, গোবরাট, দরজা-জানালার ফ্রেমের মাথার তক্তা

أَسَل [আসাল] নলখাগড়া (তৃণ), বর্শা

أَسَلّ [আসাল] চোর, তস্কর

أَسِلَ । س । (أَسَل) [আসিলা] (গাল) কোমল ও মসৃণ হওয়া

أَسُلَ । ن । (أَسَالَة) [আসুলা] (গাল) কোমল ও মসৃণ হওয়া

أَسَّلَ (تَأْسِيل) [أسل] [আস্সালা] ধারালো করা, ছুঁচালো করা, তীক্ষ্ণ করা, ধার দেওয়া, ধারানো

أَسَلَّ (إِسْلَال) [سلل] [আসাল্লা] গোপনে নিয়ে যাওয়া, যক্ষ্মায় আক্রান্ত করা

أَسْلَاف (سَلَف) [سلف] [আস্লাফ] পূর্বপুরুষ

إِسْلَام [سلم] [ইস্লাম] বশ্যতা, সমর্পণ, আত্ম-সমর্পণ, ইসলামগ্রহণ

الإِسْلَام [سلم] [আল-ইস্লাম] ইসলাম (ধর্ম)

إِسْلَام آبَاد [ইস্লাম আবাদ] ইসলামাবাদ (নগরী)ঃ পাকিস্তানের রাজধানী

إِسْلَامِيّ [ইসলামী] ইসলাম-সম্বন্ধীয়, ইসলাম-বিষয়ক, ইসলামী

إِسْلَامِيَّات [ইস্লামিয়্যাত] ইসলামী বিষয়াদি, ইসলামী জ্ঞান-বিজ্ঞান

إِسْلَامِيَّة [سلم] [ইস্লামিয়্যাহ্] ইসলামী মতবাদ, ইসলামী আদর্শ, ইসলামিয়াত

أَسْلَت مث سَلْتَاء ج سُلْت [سلت] [আস্লাত] পুরো নাক কেটে দেয়া হয়েছে এমন

أَسَلَة ج أَسَلَات [আসালাহ্] কাঁটা, শস্যের তীক্ষ্ণাগ্র শিষ, জিহ্বার আগা

أَسْلَخ مث سَلْخَاء ج سُلْخ [سلخ] [আসলাখ] বেশী লাল, টাকযুক্ত, টেকো

أَسْلَسَ (إِسْلَاس) [سلس] [আস্লাসা] বশীভূত করা, বাধ্যগত করা, অনুগত করা, নমনীয় করা, নরম করা, সহজ করা

أَسْلَفَ (إِسْلَاف) [سلف] [আস্লাফা] অগ্রিম দেওয়া, আগাম দেওয়া, অগ্রিম করা, পূর্বে বলা, (জমিতে) মই দেওয়া

أَسْلَكَ (إِسْلَاك) [سلك] [আস্লাকা] গ্রথিত করা, গাঁথা, প্রবেশ করানো, ঢুকানো

أَسْلَم مث سَلْمَى [سلم] [আস্লাম] অধিকতর নিরাপদ, সুস্থতর

أَسْلَمَ (إِسْلَام) [سلم] [আস্লামা] ইসলাম গ্রহণ করা, সমর্পণ করা, সপে দেওয়া, আত্মসমর্পণ করা, বশ্যতা স্বীকার করা, আনুগত্য করা, নির্দেশ মানা, অনুগত করা

أُسْلُوب ج أَسَالِيب [سلب] [উস্লূব] পদ্ধতি, রীতি, ধরন, স্টাইল (style)

أَسْلَى (إِسْلَاء) [سلو] [আস্লা] সান্ত্বনা দেওয়া, প্রবোধ দেওয়া, ভুলিয়ে রাখা, দুশ্চিন্তা দূর করা

أَسَلِيّ [আসালী] জিহ্বার আগা থেকে উচ্চারিত হয় এমন (হরফ)

اِسْم ج أَسْمَاء [سمو] [ইস্ম] নাম, সুনাম, খ্যাতি, সম্মান, উপাধি, শিরোনাম, (ব্যাকরণে) বিশেষ্য

اِسْم الإِشَارَة [ইস্মুল ইশারাহ্] নির্দেশক সর্বনাম

اِسْم الآلَة [ইস্মুল আলাহ্] হাতিয়ার বা যন্ত্রের অর্থবাচক বিশেষ্য (ব্যা)

اِسْم التَّصْغِير [ইস্মুত তাছ্গীর] ক্ষুদ্রত্ববাচক বিশেষ্য (ব্যা)

اِسْم التَّفْضِيل [ইস্মুত তাফ্দীল] অগ্রাধিকার-বিশেষণ, elative (ব্যা)

الاِسْم الجَامِد [আল-ইস্মুল জামিদ] আদি বিশেষ্য

اِسْم الجَمْع [ইস্মুল জাম্'] সমষ্টিবাচক বিশেষ্য

اِسْم الجِنْس [ইস্মুল জিন্স] শ্রেণীবাচক বিশেষ্য

اِسْم العَائِلَة [ইস্মুল 'আ'ইলাহ্] পারিবারিক নাম, বংশগত উপাধি

اِسْم العَلَم [ইস্মুল 'আলাম] নামবাচক বিশেষ্য

اِسْم الفَاعِل [ইস্মুল ফা'ইল] (ক্রিয়া থেকে গঠিত) কর্তাবাচক বিশেষ্য, কর্তাবিশেষ্য (ব্যা)

اِسْم الفِعْل [ইস্মুল ফি'ল] অসমাপিকা ক্রিয়া-বিশেষ, infinitive (ব্যা)

اِسْم المَعْنَى [ইস্মুল মা'না] গুণবাচক বিশেষ্য

اِسْم المَفْعُول [ইস্মুল মাফ্'উল] (ক্রিয়া থেকে গঠিত) কর্মবাচক বিশেষ্য, কর্মবিশেষ্য (ব্যা)

اِسْم مُنْتَحَل [ইস্ম মুন্তাহাল] ছদ্মনাম

الاِسْم المَوْصُول [আল-ইস্মুল মাওছুল] সম্বন্ধযুক্ত

সর্বনাম, relative pronoun (ব্যা)

[আল-আসমা'উল হুসনা] الأَسْمَاء الحُسْنَى
আল্লাহর গুণবাচক নামসমূহ (৯৯ টি)

[মাজহূলুল ইস্ম] অজ্ঞাতনামা مَجْهُول الاِسْم

[ইস্মিরার] পিঙ্গলবর্ণ اِسْمَارَّ (اِسْمِيرَار) [سمر]
হওয়া, তামাটে রং ধারণ করা

[ইস্মা'ঈল] হযরত ইসমাঈল (আ) إِسْمَاعِيل

[আস্মার] তাম্র- أَسْمَر مث سَمْرَاء ج سُمْر [سمر]
বর্ণ, পিঙ্গলবর্ণ, তামাটে

[ইস্মার্রা] পিঙ্গলবর্ণ اِسْمَرَّ (اِسْمِرَار) [سمر]
হওয়া, তামাটে রং ধারণ করা

[আস্মা'আ] শোনানো, أَسْمَعَ (إِسْمَاع) [سمع]
শ্রবণ করানো, শুনতে দেওয়া, কথা শোনানো, তিরস্কার করা, গালি দেওয়া

[ইস্সাম্মা'আ] মনোযোগ اِسَّمَّعَ (اِسِّمَّاع) [سمع]
দিয়ে শোনা, কান পেতে শোনা

[আস্মালা] (কাপড়) أَسْمَلَ (إِسْمَال) [سمل]
জীর্ণ হওয়া, ছিন্ন হওয়া, পুরান হওয়া

[আস্মানা] মোটা করা, أَسْمَنَ (إِسْمَان) [سمن]
পুষ্ট করা, মোটা হওয়া

[ইস্মান্ত, আস্মান্ত] إِسْمَنْت ، أَسْمَنْت
সিমেন্ট, বিলেতী মাটি

[ইস্মাহার্রা] শক্ত اِسْمَهَرَّ (اِسْمِهْرَار) [سمهر]
হওয়া, কঠিন হওয়া, সোজা হওয়া, সাহসী হওয়া, (অন্ধকার) পুঞ্জীভূত হওয়া

[আস্মা] উচ্চতর, ঊর্ধ্বতন, শ্রেষ্ঠ- أَسْمَى [سمو]
তর, মহত্তর

[আস্মা] নাম দেওয়া, أَسْمَى (إِسْمَاء) [سمو]
উপাধি দেওয়া, অভিহিত করা, উঁচু করা, উত্তোলন করা, ওপরে উঠানো

[ইস্মী] নামবাচক, নাম-বিষয়ক, বিশেষ্য- إِسْمِيّ
বাচক, বিশেষ্যসূচক (ব্যা)

[আসানা] পচে যাওয়া, أَسَنَ [ن] [ض] (أَسْن)
নষ্ট হওয়া, দুর্গন্ধ ছড়ানো

[আসিনা] পচে যাওয়া, নষ্ট أَسِنَ [س] (أَسَن)
হওয়া, দুর্গন্ধ ছড়ানো

[আসান্ন] অধিকতর বয়স্ক, বয়সে أَسَنّ [سنن]
বড়, বয়োজ্যেষ্ঠ, প্রবীণতর

[আসান্না] বয়স্ক হওয়া, أَسَنَّ (إِسْنَان) [سنن]
বৃদ্ধ হওয়া, দাঁত গজানো

[আসিন] পচা, নষ্ট, বিকৃত, দুর্গন্ধযুক্ত آسِن [أسن]

[ইস্নাদ] বিধেয়করণ, নির্ভরকরণ, إِسْنَاد [سند]
সম্পৃক্তকরণ, আরোপণ

[ইস্নাদ] সনদ, প্রমাণ, إِسْنَاد ج أَسَانِيد [سند]
দলিল, সূত্র, হাদীসের বর্ণনাসূত্র, প্রমাণপত্র, নথিপত্র

[ইস্নাদী] বিধেয়মূলক, আরোপমূলক, إِسْنَادِيّ
সম্বন্ধসূচক

[আস্নাদা] ভর করানো, أَسْنَدَ (إِسْنَاد) [سند] إِلَى
নির্ভর করানো, ভিত্তি করা, সম্পৃক্ত করা, আরোপ করা, সনদ দেওয়া, বিধেয় করা

[আস্না] উজ্জ্বল হওয়া, أَسْنَى (إِسْنَاء) [سني]
উজ্জ্বল করা, চমকানো, আলোকিত করা

[ইস্হাব] বিস্তারিত বিবরণ, إِسْهَاب [سهب]
বিশদ বর্ণনা, দীর্ঘ আলোচনা, দীর্ঘায়ন

[ইস্হাল] পাতলা পায়খানা, দাস্ত, إِسْهَال [سهل]
উদরাময়

[ইস্হাম] অংশপ্রদান, অংশীদার- إِسْهَام [سهم]
করণ

[আস্হাবা] দীর্ঘ أَسْهَبَ (إِسْهَاب) [سهب] فِي
আলোচনা করা, বিস্তারিতভাবে বলা, বিশদভাবে বর্ণনা করা, দীর্ঘায়িত করা

[আস্হারা] জাগ্রত রাখা, أَسْهَرَ (إِسْهَار) [سهر]
নিদ্রাহীন করা

[আস্হাল] সহজতর, অধিকতর أَسْهَل [سهل]
সুবিধাজনক, অধিকতর সমতল

[আস্হালা] (পেট) أَسْهَلَ (إِسْهَال) [سهل]
নরম করা, পায়খানা পাতলা করা, পাতলা পায়খানা হওয়া, সহজ মনে করা

[উস্হিলা] পাতলা পায়খানা أُسْهِلَ [سهل]
হওয়া, উদরাময়ে আক্রান্ত হওয়া

[আস্হামা] অংশ দেওয়া, أَسْهَمَ (إِسْهَام) [سهم]
অংশীদার করা

[আস্হা] ভুলিয়ে রাখা, أَسْهَى (إِسْهَاء) [سهو]
বিস্মৃত করা

[ইস্ওয়াদ্দা] কালো اِسْوَادَّ (اِسْوِيدَاد) [سود]

হওয়া, কালো রঙ ধারণ করা

إِسْوَار ، أُسْوَار ج أَسَاوِر ، أَسَاوِرَة [ইস্ওয়ার, উস্ওয়ার] চুড়ি, বালা, বাজুবন্ধ, তীরন্দাজ, দৃঢ় অশ্বারোহী, সেনাপতি

أَسْوَان [আস্ওয়ান] দুঃখিত, বিষণ্ন, মনক্ষুণ্ন, আস্ওয়ানঃ দক্ষিণ মিশরের একটি নগরী

أَسْوَأ [سوأ] [আস্ওয়া'] অধিক খারাপ, অধিকতর খারাপ, মন্দতর, নিকৃষ্ট

الأَسْوَأ [سوأ] [আল-আস্ওয়া'] সবচেয়ে খারাপ, নিকৃষ্টতম

إِسْوَة ج إِسًى [ইস্ওয়াহ্] আদর্শ, অনুকরণীয় নমুনা, উদাহরণ, পদ্ধতি, ধরন, সান্ত্বনা

أُسْوَة ج أُسًى [উস্ওয়াহ্] আদর্শ, অনুকরণীয় নমুনা, উদাহরণ, পদ্ধতি, ধরন, সান্ত্বনা

أَسْوَد مث سَوْدَاء ج سُود [سود] [আস্ওয়াদ] কাল, কালো, কৃষ্ণবর্ণ, নিগ্রো

أَسْوَد فَاحِم [আস্ওয়াদ ফাহিম] গাঢ় কালো, কুচকুচে কালো

إِسْوَدَّ (إِسْوِدَاد) [سود] [ইস্ওয়াদ্দা] কালো রং ধারণ করা, কালো হওয়া

أَسْوَغ [سوغ] [আস্ওয়াগ] মিষ্ট, সুমিষ্ট, সহজে গলায় প্রবেশ করে এমন (পানীয়)

أَسًى [আসা] দুঃখ, মনস্তাপ, মনক্ষুণ্নতা, ক্ষোভ, ব্যথা, শোক, কষ্ট

أَسَى [ض] (أَسْي) [আসা] শুশ্রূষা করা, চিকিৎসা করা

أَسِيَ [س] (أَسًى) [আসিয়া] দুঃখিত হওয়া, দুঃখ পাওয়া, মনক্ষুণ্ন হওয়া, দুঃখ করা

آسَى (مُؤَاسَاة) [أسو] [আসা] সান্ত্বনা দেওয়া, সমবেদনা জানানো, সহানুভূতি প্রকাশ করা, সহযোগিতা করা

أَسَّى (تَأْسِيَة) [أسو] [আস্সা] সান্ত্বনা দেওয়া, আরাম দেওয়া, শুশ্রূষা করা, সাহায্য করা, সমর্থন করা

أَسَّى بَيْنَ [-- বাইনা] বিবাদ মীমাংসা করা, শান্তি স্থাপন করা

أُسِّيّ [أسس] [উস্সী] ভিত্তিমূলক, কাঠামোগত, (বীজগণিতে) রাশির ঘাতসম্বন্ধীয়, ঘাত দ্বারা সূচিত

آسِيَا [আসিয়া] এশিয়া (মহাদেশ)

آسِيَا الصُّغْرَى [আসিয়া আস-সুগ্রা] এশিয়া মাইনর (অঞ্চল)

أَسْيَان ج أَسْيَانُون [أسي] [আস্ইয়ান] দুঃখিত, বিষণ্ন, মনক্ষুণ্ন

أَسِيَان [আসিয়ান] আসিয়ান (ASEAN)

أَسْيَانَة ج أَسْيَانَات ، أَسَايَا [أسي] [আস্ইয়ানাহ্] দুঃখিত, বিষণ্ন, মনক্ষুণ্ন (স্ত্রী)

آسِيَة [আসিয়াহ্] এশিয়া (মহাদেশ)

أَسِيد [আসীদ] অম্ল, অ্যাসিড (acid)

أَسِير ج أُسَرَاء ، أَسْرَى [أسر] [আসীর] আটক ব্যক্তি, আটককৃত, বন্দী, যুদ্ধবন্দী

أَسِيس [আসীস] (বীজগণিতে) ঘাতাঙ্কগণন, সংবর্গমান, লগারিদ্ম (logarithm)

أَسِيف ج أُسَفَاء [أسف] [আসীফ] দুঃখিত, বিষণ্ন, অনুতপ্ত, মনক্ষুণ্ন

أَسِيل [أسل] [আসীল] মসৃণ, কোমল, সমতল

آسِيَوِيّ [আসিয়াবী] এশীয়, এশিয়ান

أَشَابَ (إِشَابَة) [شيب] [আশাবা] শুভ্রকেশ করা, বৃদ্ধ করা, কেশ শুভ্র করা, চুল পাকানো

أُشَابَة ج أَشَائِب [أشب] [উশাবাহ্] মিশ্র, বহুবর্ণ, পাঁচমিশেলি, সংকর ধাতু, মিশ্র ধাতু, ধাতুর মিশ্রণ, খাদ, মিশ্র জনতা, অবৈধ মুনাফা

أَشَاحَ (إِشَاحَة) [شيح] [আশাহা] (মুখ, দৃষ্টি) ফিরিয়ে নেওয়া, এড়িয়ে যাওয়া, সতর্ক থাকা, চেষ্টা করা, (ঘোড়া) লেজ ঝুলিয়ে দেওয়া

أَشَادَ (إِشَادَة) [شيد] [আশাদা] সুপ্রতিষ্ঠিত করা, সুদৃঢ় করা, মজবুত করা, নির্মাণ করা, গানে স্বর উঁচু করা, ধ্বংস করা

أَشَادَ بِـ [-- বি] প্রশংসা করা, সুখ্যাতি করা, সুনাম করা

أَشَارَ (إِشَارَة) [شور] إِلَى [আশারা] ইশারা করা, ইঙ্গিত দেওয়া, সঙ্কেত দেওয়া, নির্দেশ করা, উল্লেখ করা

أَشَارَ عَلَى [-- 'আলা] উপদেশ দেওয়া, পরামর্শ দেওয়া

إِشَارَة ج إِشَارَات [شور] [ইশারাহ্] ইশারা, ইঙ্গিত,

সঙ্কেত, নির্দেশ, উল্লেখ, বরাত, সূত্র

[ইস্‌মুল ইশারাহ] নির্দেশক সর্বনাম اِسْمُ الإِشَارَة

[আশাতা] (আগুনে) জ্বাল [شيط] أَشَاطَ (إِشَاطَة)
দেওয়া, পোড়া দেওয়া, দগ্ধ করা, ধ্বংস করা, (রক্ত) ঝরানো

[আশা'আ] প্রচার করা, [شيع] أَشَاعَ (إِشَاعَة)
রটানো, ছড়িয়ে দেওয়া, প্রকাশ করা, জানিয়ে দেওয়া

[ইশা'আহ] প্রচার, [شيع] إِشَاعَة ج إِشَاعَات
রটনা, গুজব, বিস্তার, প্রকাশ

[আশাকা] কন্টকাঘাত [شوك] أَشَاكَ (إِشَاكَة)
করা, কাঁটা দ্বারা বিদ্ধ করা, খোঁচা মারা

[আশালা] উত্তোলন করা, [شول] أَشَالَ (إِشَالَة)
উঠানো, বহন করা

[আশামা] প্রবেশ করা [شيم] أَشَامَ (إِشَامَة)

[আশ্‌আম] অকল্যাণকর, [شأم] أَشْأَم ج أَشَائِم
অমঙ্গলজনক, অশুভ, বাম, দুর্ভাগ্যবান

[আশাবা] মেশানো, মিশ্রিত [ض] (أَشْب) أَشَبَ
করা, মেলানো, একত্রিত করা, মিশ্র ধাতু তৈরী করা

[আশিব] ঝাড়-বাঁধা, জট-বাঁধা (গাছ), أَشِب
জঙ্গলপূর্ণ, বিজড়িত

[আশিবা] (গাছ) ঝাড় বাঁধা, [س] (أَشَب) أَشِبَ
জট বাঁধা, পেঁচানো, বিজড়িত হওয়া

[আশাব্বা] যৌবনপ্রাপ্ত [شبب] (إِشْبَاب) أَشَبَّ
হওয়া, তরুণ হওয়া, মিশ্র ধাতু তৈরী করা

[-- বাইনা] পরস্পর বিবাদ লাগানো, أَشَبَّ بَيْنَ
অনৈক্য সৃষ্টি করা

[আশ্‌বাহুল মাল] পশুপাল, [شبح] أَشْبَاحُ المَال
গবাদি পশু

[ইশ্‌বা'] তৃপ্তকরণ, তৃপ্তিদান, পরি- [شبع] إِشْبَاع
তৃপ্তি, পূরণ

[আশ্‌বা'আ] তৃপ্ত করা, [شبع] أَشْبَعَ (إِشْبَاع)
পরিতৃপ্ত করা, তৃপ্তি দেওয়া, মিটানো

[-- বি] ভরা, বোঝাই করা أَشْبَعَ بِ

[আশ্‌বাহ] অধিকতর সামঞ্জস্যপূর্ণ [شبه] أَشْبَه
বা মিলযুক্ত, অনুরূপ

[আশ্‌বাহা] সামঞ্জস্যপূর্ণ [شبه] أَشْبَهَ (إِشْبَاه)
হওয়া, মিলযুক্ত হওয়া, অনুরূপ হওয়া

[উশ্‌বূর] একপ্রকার মাছ [شبر] أُشْبُور

[ইশ্‌বীন] পৃষ্ঠপোষক, ধর্মপিতা, إِشْبِين ج أَشَابِين
বরের সহচর, মিতবর, bridesman

[ইশ্‌বীনাহ] ধর্মমাতা, কনের إِشْبِينَة ج إِشْبِينَات
সহচরী, মিতকনে, bridesmaid

[ইশ্‌তা'] শীতকালে প্রবেশ, শীত- [شتو] إِشْتَاء
কাল অতিবাহিতকরণ

[ইশ্‌তাবা] মিশ্রিত [شوب] (اِشْتِيَاب) اِشْتَابَ
হওয়া, মিশে যাওয়া

[ইশ্‌তারা] (মধু) সংগ্রহ [شور] (اِشْتِيَار) اِشْتَارَ
করা, বের করে আনা

[ইশ্‌তাতা] রেগে [شيط] عَلَى (اِشْتِيَاط) اِشْتَاطَ
যাওয়া, ক্রুদ্ধ হওয়া, উন্মত্ত হওয়া

[ইশ্‌তা'আ] অংশগ্রহণ [شيع] (اِشْتِيَاع) اِشْتَاعَ
করা, শরীক হওয়া, একত্রিত হওয়া

[ইশ্‌তাক্বা] আগ্রহী [شوق] إِلَى (اِشْتِيَاق) اِشْتَاقَ
হওয়া, ইচ্ছুক হওয়া, উৎসুক হওয়া, কামনা করা

[ইশ্‌তামা] প্রবেশ করা [شيم] (اِشْتِيَام) اِشْتَامَ

[ইশ্‌তিবাক] সঙ্ঘর্ষ, [شبك] اِشْتِبَاك ج اِشْتِبَاكَات
গণ্ডগোল, গোলযোগ, হাঙ্গামা, ঝগড়া, জটিলতা

[ইশ্‌তিবাহ] অস্পষ্টতা, সন্দেহ, [شبه] اِشْتِبَاه
সংশয়, বিভ্রান্তি, মিল, সাদৃশ্য

[ইশ্‌তাবাকা] জটিল [شبك] (اِشْتِبَاك) اِشْتَبَكَ
হওয়া, গোলযোগপূর্ণ হওয়া, গণ্ডগোল হওয়া, ঝগড়া করা, বিবাদ করা, সংঘর্ষে লিপ্ত হওয়া, সংঘর্ষে জড়িয়ে পড়া

[ইশ্‌তাবাহা] সন্দেহপূর্ণ [شبه] (اِشْتِبَاه) اِشْتَبَهَ
হওয়া, অস্পষ্ট হওয়া, সন্দেহ করা, অবিশ্বাস করা

[ইশ্‌তাজারা] জড়িয়ে [شجر] (اِشْتِجَار) اِشْتَجَرَ
যাওয়া, বিজড়িত হওয়া, ঝগড়া করা, কলহ করা

[ইশ্‌তাদ্দা] তীব্র হওয়া, [شدد] (اِشْتِدَاد) اِشْتَدَّ
কঠিন হওয়া, বেড়ে যাওয়া, শক্ত হওয়া, দৃঢ় হওয়া, শক্তিশালী হওয়া

[ইশ্‌তাদাহা] দিশেহারা [شده] (اِشْتِدَاه) اِشْتَدَهَ
হওয়া, হতবুদ্ধি হওয়া, কিংকর্তব্যবিমূঢ় হওয়া

[আশ্‌তার] যার [شتر] أَشْتَر مث شَتْرَاء ج شُتْر

নিচের ঠোঁট বিদীর্ণ, যার চোখের পাতা উল্টানো বা বিদীর্ণ অথবা নিচের দিকে ঝুলন্ত, ত্রুটিপূর্ণ

اِشْتِرَاء [شري] [ইশ্‌তিরা'] ক্রয়, খরিদ

اِشْتِرَاط [شرط] [ইশ্‌তিরাত] শর্তকরণ, শর্তযুক্ত-করণ, শর্তারোপ

اِشْتِرَاك [شرك] [ইশ্‌তিরাক] অংশীদারিত্ব, অংশ, অংশগ্রহণ, ভূমিকা, চাঁদা

بِالاِشْتِرَاك مَعَ [বিল-ইশ্‌তিরাক মা'আ] একত্রে, সঙ্গে, সহযোগে, অংশগ্রহণে

اِشْتِرَاكِيّ [شرك] [ইশ্‌তিরাকী] সমাজতান্ত্রিক, সমাজতন্ত্রী, সমাজবাদী

اِشْتِرَاكِيَّة [شرك] [ইশ্‌তিরাকিয়্যাহ্] সমাজতন্ত্র, সমাজবাদ

اِشْتَرَطَ (اِشْتِرَاط) [شرط] [ইশ্‌তারতা] শর্ত করা, শর্তযুক্ত করা, শর্ত আরোপ করা, শর্ত লাগানো

اِشْتَرَعَ (اِشْتِرَاع) [شرع] [ইশ্‌তার'আ] (বিধান) প্রণয়ন করা, প্রবর্তন করা, চালু করা

اِشْتَرَكَ (اِشْتِرَاك) [شرك] [ইশ্‌তারকা] শরীক হওয়া, অংশগ্রহণ করা, যুক্ত হওয়া, গ্রাহক হওয়া, চাঁদা দেওয়া

اِشْتَرَى (اِشْتِرَاء) [شري] [ইশ্‌তারা] ক্রয় করা, কেনা, খরিদ করা

اِشْتِعَال [شعل] [ইশ্‌তি'আল] জ্বলন, প্রজ্বলন, প্রদীপন

اِشْتَعَلَ (اِشْتِعَال) [شعل] [ইশ্‌তা'আলা] জ্বলে ওঠা, প্রজ্বলিত হওয়া, শিখায়িত হওয়া, আগুন লাগা

اِشْتَعَلَ الرَّأْسُ شَيْبًا [ইশ্‌তা'আলার রা'সু শাই-বান] (বার্ধক্যে) মাথার চুল সাদা হয়ে যাওয়া

اِشْتَغَلَ (اِشْتِغَال) [شغل] [ইশ্‌তাগালা] কাজে থাকা, কাজ করা, ব্যস্ত থাকা, লিপ্ত থাকা, নিয়োজিত থাকা, চালু হওয়া

اِشْتَفَّ (اِشْتِفَاف) [شفف] [ইশ্‌তাফ্‌ফা] পরীক্ষা-নিরীক্ষা করা, ভালভাবে পরীক্ষা করা, সবটুকু পান করা, নিঃশেষ করা, শুকিয়ে ফেলা

اِشْتَفَى (اِشْتِفَاء) [شفي] [ইশ্‌তাফা] আরোগ্য লাভ করা, সুস্থ হয়ে ওঠা, মনে শান্তি পাওয়া

اِشْتَقَّ (اِشْتِقَاق) [شقق] [ইশ্‌তাক্কা] (শব্দ) গঠন করা, নির্গত করা

اِشْتِقَاق [شقق] [ইশ্‌তিক্বাক] (শব্দের) ব্যুৎপত্তি

عِلْم الاِشْتِقَاق ['ইল্‌মুল ইশ্‌তিক্বাক] শব্দের ব্যুৎপত্তিসংক্রান্ত বিজ্ঞান, শব্দশাস্ত্র, etymology

اِشْتَكَى (اِشْتِكَاء) [شكو] [ইশ্‌তাকা] অভিযোগ করা, অনুযোগ করা, কষ্ট ব্যক্ত করা

اِشْتَمَّ (اِشْتِمَام) [شمم] [ইশ্‌তাম্মা] ঘ্রাণ নেওয়া, শুঁকে দেখা, বুঝতে পারা, আবিষ্কার করা

اِشْتِمَال [شمل] [ইশ্‌তিমাল] অন্তর্ভুক্তি, ব্যাপ্তি, ব্যাপকতা

اِشْتَمَلَ (اِشْتِمَال) [شمل] عَلَى [ইশ্‌তামালা] ধারণ করা, শামিল করা, অন্তর্ভুক্ত করা

اِشْتَمَلَ بِ [-- বি] আবৃত হওয়া, গায়ে পেঁচানো

اِشْتِهَاء [شهو] [ইশ্‌তিহা'] কামনা, আকাংক্ষা, বাসনা, লোভ, প্রবৃত্তি

اِشْتِهَار [شهر] [ইশ্‌তিহার] খ্যাতি, প্রসিদ্ধি, প্রচার

اِشْتَهَرَ (اِشْتِهَار) [شهر] [ইশ্‌তাহারা] বিখ্যাত হওয়া, প্রসিদ্ধ হওয়া, খ্যাতিলাভ করা, ছড়িয়ে পড়া

أُشْتُهِرَ [شهر] [উশ্‌তুহিরা] খ্যাতিলাভ করা, বিখ্যাত হওয়া, প্রসিদ্ধ হওয়া, ছড়িয়ে পড়া

اِشْتَهَى (اِشْتِهَاء) [شهو] [ইশ্‌তাহা] কামনা করা, পেতে চাওয়া, আকাংক্ষা করা

أَشْتَى (إِشْتَاء) [شتو] [আশ্‌তা] শীতকালে প্রবেশ করা, শীতকাল কাটানো

اِشْتِيَاق [شوق] [ইশ্‌তিয়াক] ঔৎসুক্য, আকাংক্ষা, আগ্রহ, ইচ্ছা

أَشْجَبَ (إِشْجَاب) [شجب] [আশ্‌জাবা] আঘাত দেওয়া, দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া, দুঃখিত করা

أَشْجَر مث شَجْرَاء ج شُجْر [شجر] [আশ্‌জার] গাছপালাবিশিষ্ট, বৃক্ষবহুল (ভূমি)

أَشْجَرَ (إِشْجَار) [شجر] [আশ্‌জারা] (জমিতে) গাছ হওয়া, বৃক্ষ জন্মা, (ভূমি) গাছপালাবিশিষ্ট হওয়া, বৃক্ষবহুল হওয়া

أَشْجَنَ (إِشْجَان) [شجن] [আশ্‌জানা] ব্যথিত করা, দুঃখিত করা, দুঃখ দেওয়া

أَشْجَى (إِشْجَاء) [شجو] [আশ্‌জা] দুঃখ দেওয়া, দুঃখিত করা, কষ্ট দেওয়া, দুশ্চিন্তাগ্রস্ত করা, উত্তেজিত করা

أَشْحَذَ (إِشْحَاذ) [شحذ] [আশ্হাযা] ধারালো করা, ধার দেওয়া

أَشْحَطَ (إِشْحَاط) [شحط] [আশ্হাতা] দূরে রাখা, সরিয়ে দেওয়া

أَشْحَنَ (إِشْحَان) [شحن] [আশ্হানা] বোঝাই করা, ভরা, পূর্ণ করা

أَشْخَصَ (إِشْخَاص) [شخص] [আশ্খাছা] প্রেরণ করা, পাঠিয়ে দেওয়া, সরিয়ে দেওয়া, ফেরত পাঠানো, যাওয়ার সময় হওয়া, তীর লক্ষ্যভ্রষ্ট হওয়া

أَشْخَصَ إِلَى [-- ইলা] ভ্রূকুটি করা, ভ্রূ কুঁচকানো

أَشْخَصَ بِ [-- বি] দোষ বলা, নিন্দা করা

أُشْخُوب ج أَشَاخِيب [شخب] [উশ্খূব] ওলান থেকে দুধ বের হওয়ার শব্দ, দুগ্ধ দোহনের শব্দ

أَشَدّ [شدد] [আশাদ্] তীব্রতর, অধিকতর শক্তিশালী, দৃঢ়তর, কঠিনতর, গুরুতর

أَشُدّ ، أُشُدّ [شدد] [আশুদ্, উশুদ্] শক্তি, বল, তেজ, বলিষ্ঠতা, সাবালকত্ব

أَشْدَهَ (إِشْدَاه) [شده] [আশ্দাহা] হতবুদ্ধি করা, বিস্মিত করা

أَشْدَى (إِشْدَاء) [شدو] [আশ্দা] সুন্দর করে গান গাওয়া, চমৎকার গাওয়া, সুরেলা স্বরে গাওয়া

أَشَذَّ (إِشْذَاذ) [شذذ] [আশায্যা] বিরল কথা বলা, বিরল করা, দূর করা

أَشَر [আশার] উৎফুল্লতা, প্রফুল্লতা, অহঙ্কার, দম্ভ, ঔদ্ধত্য, জেদ, বন্যতা

أَشَرَ [ن] (أَشْر) [আশারা] (করাত দিয়ে) চেরা, ফাড়া, বিদীর্ণ করা

أَشَرَ [ض] (أَشْر) [আশারা] খাঁজ কাটা, রেত দ্বারা ধার দেওয়া, ধারালো করা

أَشِر [আশির] উৎফুল্ল, প্রফুল্ল, প্রাণবন্ত, অহঙ্কারী, দাম্ভিক, উদ্ধত, গোঁয়ার, জেদী, বন্য

أَشِرَ [س] (أَشَر) [আশিরা] উৎফুল্ল হওয়া, প্রফুল্ল হওয়া, দাম্ভিক হওয়া, উদ্ধত হওয়া, বন্য হওয়া

أَشَّرَ (تَأْشِير) [أشر] [আশ্শারা] নির্দেশ করা, চিহ্নিত করা, অন্তর্ভুক্ত করা, নথিভুক্ত করা, খাঁজ কাটা, ভিসা দেওয়া

أَشَّرَ عَلَى [-- 'আলা] ছাপ মারা, ভিসা লাগানো, মন্তব্য লেখা

أُشْر ج أُشُور [উশ্র] দাঁতের ধারালো প্রান্ত, ধার

أَشْرَاف (شَرِيف) [شرف] [আশ্রাফ] অভিজাত ব্যক্তিবর্গ, সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ

إِشْرَاف [شرف] [ইশ্রাফ] তত্ত্বাবধান, দেখাশুনা, পৃষ্ঠপোষকতা, পর্যবেক্ষণ

إِشْرَاق [شرق] [ইশ্রাক] প্রভাত, সকাল, ভোর, উজ্জ্বলতা

إِشْرَاك [شرك] [ইশ্রাক] শরীককরণ, অংশীদার সাব্যস্তকরণ

اِشْرَأَبَّ (اِشْرِئْبَاب) [شرب] إِلَى ، لِ [ইশ্রআব্বা] (দেখার জন্য) ঘাড় বাড়িয়ে দেওয়া, গ্রীবা প্রসারিত করা, গলা লম্বা করা, মাথা উঁচু করা

أَشْرَبَ (إِشْرَاب) [شرب] [আশ্রবা] পান করতে দেওয়া, পান করানো, ভিজিয়ে দেওয়া, সিক্ত করা, (মনে) ঢুকিয়ে দেওয়া

أَشْرَحَ (إِشْرَاح) [شرح] [আশ্রহা] খুলে দেওয়া, উন্মুক্ত করা, আনন্দ দেওয়া

أَشْرَدَ (إِشْرَاد) [شرد] [আশ্রদা] বিতাড়িত করা, তাড়িয়ে দেওয়া

أَشْرَس مث شَرْسَاء [شرس] [আশ্রাস] কলহপ্রিয়, বদমেজাজী, অনিষ্টকারী, দুষ্ট

أَشْرَطَ (إِشْرَاط) [شرط] [আশ্রতা] (উট) বিক্রির জন্য পৃথক করে রাখা, প্রস্তুত করা, প্রেরণ করা, পেশ করা

أَشْرَعَ (إِشْرَاع) [شرع] [আশ্র'আ] আইন করা, আইনানুগ করা, প্রস্তুত করা, (অস্ত্র) তাক করা, কাটা, (কলম) লেখার জন্য প্রস্তুত করা

أَشْرَف مث شُرْفَى [شرف] [আশ্রফ] খ্যাতনামা, সুউচ্চ, খাঁজযুক্ত, গ্যালারিযুক্ত

أَشْرَف مث شَرْفَاء ج شُرَّف [شرف] [আশ্রফ] অধিকতর ভদ্র সম্ভ্রান্ত বা মর্যাদাবান, মহত্তর

أَشْرَفَ (إِشْرَاف) [شرف] [আশ্রফা] উঁচু হওয়া, ওপরে ওঠা

أَشْرَفَ عَلَى [-- 'আলা] তত্ত্বাবধান করা, দেখাশুনা করা, পর্যবেক্ষণ করা, উপর থেকে দেখা, কাছে আসা, নিকটবর্তী হওয়া

أَشْرَقَ (إِشْرَاق) [شرق] [আশ্রকা] উদিত হওয়া, উদ্ভাসিত হওয়া, প্রদীপ্ত হওয়া, উজ্জ্বল হওয়া

أَشْكَلَ (إِشْكَال) [شعر] [আশ্‌'আরা] জানানো, অবহিত করা, অবগত করা, স্মরণ করিয়ে দেওয়া

أَشْعَلَ (إِشْعَال) [شعل] [আশ্‌'আলা] প্রজ্বলিত করা, জ্বালানো, (আগুন) লাগানো, ধরানো

أَشْغَرَ (إِشْغَار) [شغر] [আশ্‌গারা] খালি করা, খালি রাখা

أَشْغَلَ (إِشْغَال) [شغل] [আশ্‌গালা] ব্যস্ত রাখা, লিপ্ত রাখা, কাজ দেওয়া, কাজে লাগানো

أُشْغُولَة ج أَشَاغِل [شغل] [উশ্‌গূলাহ্] ব্যস্ততা, কাজ, কর্ম, পেশা, কর্মব্যস্ততা

إِشْفَاق [شفق] [ইশ্‌ফাক] দয়া, সহানুভূতি, স্নেহ, যত্ন, উদ্বেগ, উৎকণ্ঠা, আশঙ্কা, ভয়

أَشْفَقَ (إِشْفَاق) [شفق] عَلَى [আশ্‌ফাকা 'আলা] দয়ালু হওয়া, স্নেহপরবশ হওয়া, সহানুভূতিশীল হওয়া, উদ্বিগ্ন হওয়া, ভয় করা

أَشْفَقَ [شفق] مِنْ [-- মিন] ভয় পাওয়া, সতর্ক থাকা, ভীত হওয়া, শঙ্কিত হওয়া

أَشْفَه مث شَفْهَاء ج شُفْه [شفه] [আশ্‌ফাহ্] বড় ঠোঁটবিশিষ্ট, স্থূলোষ্ঠ

أَشْفَى (إِشْفَاء) [شفي] [আশ্‌ফা] আরোগ্য চাওয়া, চিকিৎসা দেওয়া

أَشْفَى عَلَى [-- 'আলা] নিকটবর্তী হওয়া, কাছে আসা, প্রান্তে অবস্থান করা

أَشَقّ [شقق] [আশাক্] অধিকতর জটিল, অধিক কষ্টকর, জটিলতর, কঠিনতর

أَشْقَر مث شَقْرَاء ج شُقْر [شقر] [আশ্‌কার] সুন্দর, সুদর্শন, সুগঠিত, সুন্দর কেশবিশিষ্ট

أَشْقَى [আশ্‌কা] অত্যন্ত দুর্ভাগ্যবান, অধিক হতভাগ্য, বড়ই অভাগা

أَشْقَى (إِشْقَاء) [شقو] [আশ্‌কা] হতভাগ্য করা, অসুখী করা, দুর্দশাগ্রস্ত করা, দুঃখে ফেলা, কষ্ট দেওয়া

إِشْكَال [شكل] [ইশ্‌কাল] জটিলতা, অসুবিধা, সমস্যা

أَشْكَرَ (إِشْكَار) [شكر] [আশ্‌কারা] (ওলান) দুধে ভরে যাওয়া, (গাছে) অংকুর বের হওয়া

أَشْكَلَ (إِشْكَال) [شكل] [আশ্‌কালা] সন্দেহপূর্ণ হওয়া, অনিশ্চিত হওয়া, কঠিন হওয়া, জটিল হওয়া, স্বরচিহ্ন (হরকত) দেওয়া

أَشْرَكَ (إِشْرَاك) [شرك] [আশ্‌রকা] শরীক করা, অংশীদার করা, মুশরিক হওয়া

أَشْرَم مث شَرْمَاء ج شُرْم [شرم] [আশ্‌রম] বিকৃত নাকবিশিষ্ট, কাটা ঠোঁটবিশিষ্ট, গন্নাকাটা

أَشَطَّ (إِشْطَاط) [شطط] [আশাত্তা] অন্যায় করা, অবিচার করা, জুলুম করা, বাড়াবাড়ি করা

أَشَعَّ (إِشْعَاع) [شعع] [আশা''আ] আলোকরশ্মি বিকীর্ণ করা, কিরণ ছড়ানো, বিকিরণ করা, উজ্জ্বল করা, ছড়িয়ে দেওয়া

إِشْعَار [شعر] [ইশ্‌'আর] অবহিতকরণ, অবগত-করণ, বিজ্ঞাপন, বিজ্ঞপ্তি, ঘোষণা

إِشْعَار ج إِشْعَارَات [ইশ্‌'আর] বিজ্ঞাপন, বিজ্ঞপ্তি, ঘোষণা, নোট

إِشْعَاع [شعع] [ইশ্‌'আ'] বিচ্ছুরণ, বিকিরণ, রশ্মির বিকিরণ, আলোকরেখার বিকিরণ, তেজস্ক্রিয়তা

إِشْعَاعِيّ [ইশ্‌'আ'ঈ] বিকিরণগত, বিকিরণধর্মী, তেজস্ক্রিয়

إِشْعَاعِيَّة [شعع] [ইশ্‌'আ'ইয়্যাহ্] বিকিরণধর্মিতা, তেজস্ক্রিয়তা

إِشْعَال [شعل] [ইশ্‌'আল] প্রজ্বালন, জ্বালানো, (আগুন) লাগানো, ধরানো

أَشِعَّة (شُعَاع) [شعع] [আশি''আহ্] আলোক-রেখা, রশ্মি, rays

أَشِعَّة إِكْس [আশি''আত ইক্‌স] রঞ্জনরশ্মি, এক্সরে

أَشِعَّة أَلْفَا [আশি''আত আল্‌ফা] আলফা-রশ্মি, alpha rays

أَشِعَّة بِيتَا [আশি''আত বেতা] বিটা-রশ্মি, beta rays

أَشِعَّة دِلْتَا [আশি''আত দেল্‌তা] ডেল্টা-রশ্মি, delta rays

أَشِعَّة غَامَا [আশি''আত গামা] গামা-রশ্মি, gamma rays

أَشْعَث مث شَعْثَاء ج شُعْث [شعث] [আশ্‌'আছ] এলোমেলো, আলুথালু (কেশ), এলোমেলো কেশবিশিষ্ট, এলোকেশ

أَشْعَر مث شَعْرَاء [شعر] [আশ্‌'আর] অধিক চুল-বিশিষ্ট, লম্বা চুলবিশিষ্ট, দীর্ঘকেশ

أَشَلّ مث شَلَّاء ج شُلّ [شلل] [আশাল্ল] অবশ, অসাড়, পক্ষাঘাতগ্রস্ত

أَشَلَّ (إِشْلَال) [شلل] [আশাল্লা] অসাড় করা, অবশ করা, পক্ষাঘাতগ্রস্ত করা, অচল করা, পক্ষাঘাতগ্রস্ত হওয়া

أَشَمّ مث شَمَّاء ج شُمّ [شمم] [আশাম্ম] উচ্চ, সুউচ্চ, গর্বিত, উদ্ধত, অভিজাত, সম্মানিত

أَشَمَّ (إِشْمَام) [شمم] [আশাম্মা] ঘ্রাণ লওয়ানো, শোঁকানো

اِشْمَأَزَّ (اِشْمِئْزَاز) [شمز] مِنْ [ইশ্‌মাআয্‌যা] ঘৃণা করা, বিরক্ত হওয়া, সঙ্কুচিত হওয়া, গুটিয়ে আসা

أَشْمَتَ (إِشْمَات) [شمت] بِ [আশ্‌মাতা] খুশী করা, আনন্দিত করা, (অন্যের) বিপদে আনন্দিত করা

أَشْمَرَ (إِشْمَار) [شمر] [আশ্‌মারা] তাড়া দেওয়া, তাড়িয়ে নেওয়া, হত্যা করা, বধ করা

أَشْمَسَ (إِشْمَاس) [شمس] [আশ্‌মাসা] (দিন) রৌদ্রোজ্জ্বল হওয়া, সূর্য পরিষ্কার দেখা যাওয়া

أَشْمَط مث شَمْطَاء ج شُمْط [شمط] [আশ্‌মাত] শুভ্র কেশবিশিষ্ট, শুভ্রকেশ, ধূসরবর্ণের চুলবিশিষ্ট

أَشْمَعَ (إِشْمَاع) [شمع] [আশ্‌মা'আ] (প্রদীপ) আলোকোজ্জ্বল হওয়া, উজ্জ্বল হয়ে জ্বলা

أَشْمَلَ (إِشْمَال) [شمل] [আশ্‌মালা] শামিল করা, অন্তর্ভুক্ত করা, উত্তরের বাতাসে প্রবেশ করা, (বাতাস) উত্তর দিক থেকে আসা, উত্তর দিকে যাওয়া

أُشْنَان [উশ্‌নান] পটাশ, ক্ষার, যবক্ষার, শোরা

أُشْنَة [উশ্‌নাহ্] শেওলা, শৈবাল

أَشْنَجَ (إِشْنَاج) [شنج] [আশ্‌নাজা] কুঞ্চিত হওয়া, কুঁচকে যাওয়া

إِشْهَاد [شهد] [ইশ্‌হাদ] সাক্ষীকরণ, সনদপ্রদান, সত্যায়ন, প্রত্যায়ন

إِشْهَار [شهر] [ইশ্‌হার] প্রচার, বিজ্ঞপ্তি, ঘোষণা

أَشْهَب مث شَهْبَاء ج شُهْب [شهب] [আশ্‌হাব] ধূসর, পাংশুল, ছাইবর্ণ, ধূলিবর্ণ

أَشْهَدَ (إِشْهَاد) [شهد] [আশ্‌হাদা] সাক্ষী করা, সাক্ষ্য দেওয়ানো

أُشْهِدَ (إِشْهَاد) [شهد] [উশ্‌হিদা] শহীদ হওয়া, আল্লাহর পথে নিহত হওয়া

أَشْهَر [شهر] [আশ্‌হার] অধিকতর খ্যাতিমান, অধিকতর প্রসিদ্ধ

أَشْهَرَ (إِشْهَار) [شهر] [আশ্‌হারা] প্রসিদ্ধ করা, প্রচার করা, ঘোষণা করা, (গর্ভবতী নারী) সন্তান প্রসবের মাসে উপনীত হওয়া

أَشْهَل مث شَهْلَاء ج شُهْل [شهل] [আশ্‌হাল] গাঢ় নীল চোখবিশিষ্ট, গাঢ় নীল (চোখ)

أَشُور [আশূর] অ্যাসিরিয়া: মধ্যপ্রাচ্যের একটি প্রাচীন ভূখণ্ড

أَشُورِيّ ج أَشُورِيُّون [আশূরী] আশূরী, অ্যাসিরীয়

أَشْوَس مث شَوْسَاء ج شُوس ، أَشَاوِس [আশ্‌ওয়াস] সাহসী, দুঃসাহসী, বীর

أَشْوَل مث شَوْلَاء ج شُول [شول] [আশ্‌ওয়াল] বা-হাতী, নেটা, ন্যাটা, ডেবরা

أَشْيَب مث شَيْبَاء ج شِيب [شيب] [আশ্‌ইয়াব] শুভ্র, পাকা (চুল), শুভ্র চুলবিশিষ্ট, শুভ্রকেশ, বৃদ্ধ

أَشْيَم مث شَيْمَاء ج شِيم [شيم] [আশ্‌ইয়াম] ত্বকে তিল আছে এমন

أَصَابَ (إِصَابَة) [صوب] [আছাবা] লাভ করা, পাওয়া, অর্জন করা, সংগ্রহ করা, গ্রহণ করা, ঠিক হওয়া, ঠিক করা, ঠিক বলা, ঠিকমত লাগা, আঘাত করা, আপতিত হওয়া, আক্রমণ করা, পৌঁছা, এসে পড়া

إِصَابَة [صوب] [ইছাবাহ্] সঠিকতা, যথার্থতা, লাভ, প্রাপ্তি, অর্জন, সংগ্রহ, (খেলায় অর্জিত) গোল বা পয়েন্ট, আক্রমণ, আঘাত, লক্ষ্যে আঘাত

أَصَاتَ (إِصَاتَة) [صوت] [আছাতা] শব্দ করানো, শব্দ তৈরী করানো, শব্দ তৈরী করা, শব্দ করা

أَصَاخَ (إِصَاخَة) [صوخ] إِلَى ، لِ [আছাখা] শ্রবণ করা, কান দেওয়া, কান দিয়ে শোনা

أَصَادَ (إِصَادَة) [صيد] [আছাদা] শিকার করানো, শিকারে উদ্বুদ্ধ করা

أَصَافَ (إِصَافَة) [صيف] [আছাফা] গ্রীষ্মে প্রবেশ করা, গ্রীষ্মকালে সন্তান প্রসব করা, অধিক বয়সে সন্তান উৎপাদন করা

أَصَالَة ، إِصَالَة [أصل] [আছালাহ, ইছালাহ] বিশুদ্ধতা, খাঁটিত্ব, মৌলিকত্ব, উৎকৃষ্টতা, শ্রেষ্ঠত্ব, আভিজাত্য, দৃঢ়তা, বিচক্ষণতা

إِصْبَاح [صبح] [ইছ্‌বাহ্‌] সকাল, ভোর, প্রভাত, সকালে সম্পাদন

أَصْبَأَ (إِصْبَاء) [صبأ] [আছ্‌বাআ] ওঠা, উদ্‌গত হওয়া, উদিত হওয়া, আক্রমণ করা

أَصْبَحَ (إِصْبَاح) [صبح] [আছ্‌বাহা] হওয়া, হয়ে যাওয়া, পরিণত হওয়া, সকাল হওয়া, সকালে করা, সজাগ হওয়া, জেগে ওঠা, পরিষ্কার হওয়া, স্পষ্ট হওয়া

إِصْبَع ، أَصْبَع ، أُصْبُع ج أَصَابِع [صبع] [ইছ্‌বা',] [আছ্‌বা', উছ্‌বু'] আঙ্গুল, অঙ্গুলি

أُصْبُوحَة [صبح] [উছ্‌বুহাহ্‌] সকাল, প্রভাত, ঊষা, ভোর

أُصْبُوع ج أَصَابِيع [صبع] [উছ্‌বু'] আঙ্গুল, অঙ্গুলি

أَصَحّ [صحح] [আছহ্‌] অধিকতর শুদ্ধ বা সঠিক, বিশুদ্ধতর

أَصَحَّ (إِصْحَاح) [صحح] [আছহ্‌হা] শুদ্ধ করা, ঠিক করা, সংশোধন করা, সুস্থ করা

أَصْحَر ث صَحْرَاء [صحر] [আছ্‌হার] মরুভূমির মত, জনমানবহীন, ঊষর, হিমশীতল, হিমেল, বালুকাবর্ণ

أَصْحَرَ (إِصْحَار) [صحر] [আছ্‌হারা] মরুভূমিতে গমন করা, (স্থান) প্রশস্ত হওয়া, বিস্তৃত হওয়া, সুবিশাল হওয়া

أَصْحَى (إِصْحَاء) [صحو] [আছ্‌হা] পরিষ্কার হওয়া, উজ্জ্বল হওয়া, নির্মল হওয়া, জাগ্রত করা, সজাগ করা

أَصْخَرَ (إِصْخَار) [صخر] [আছ্‌খারা] প্রস্তরবহুল হওয়া, প্রস্তরময় হওয়া

آصَدَ (إِيصَاد) [أصد] [আছাদা] (দরজা, পাত্রের মুখ) বন্ধ করা

أَصَّدَ (تَأْصِيد) [أصد] [আছ্‌ছাদা] (দরজা) বন্ধ করা, 'উছ্‌দাহ' (সেমিজজাতীয় মেয়েদের পোশাক) পরানো

أَصَدَّ (إِصْدَاد) [صدد] [আছাদ্দা] (ক্ষত, ফোড়া) পেকে ওঠা, পুঁজযুক্ত হওয়া, পুঁজ ঝরা

أَصَدَّ عَنْ [-- 'আন] বিরত রাখা, বাধা দেওয়া

إِصْدَاء [صدي] [ইছ্‌দা'] মরিচা, পাল্টা আওয়াজ, প্রতিধ্বনি

إِصْدَار [صدر] [ইছ্‌দার] প্রকাশকরণ, ইস্যুকরণ, জারিকরণ, প্রকাশ, প্রকাশনা, প্রেরণ, প্রদান

أَصْدَأ ث صَدْآء ج صُدْء [صدأ] [আছ্‌দা'] জং-ধরা, মরচে-পড়া, মরিচাযুক্ত

أَصْدَأَ (إِصْدَاء) [صدأ] [আছ্‌দাআ] জং ধরানো, মরিচা পড়ানো, মরিচাযুক্ত করা

أُصْدَة ج أُصُد ، إِصَاد [উছ্‌দাহ্‌] মেয়েদের জন্য হাতাবিহীন একপ্রকার খাটো অন্তর্বাস, সেমিজ

أَصْدَرَ (إِصْدَار) [صدر] [আছ্‌দারা] প্রকাশ করা, বের করা, ইস্যু করা, জারি করা, প্রেরণ করা, প্রদান করা

أَصْدَفَ (إِصْدَاف) [صدف] عَنْ [আছ্‌দাফা] বিরত করা, ফিরিয়ে আনা

أَصْدَق [صدق] [আছ্‌দাক] অধিক সত্য, অধিক খাঁটি

أَصْدَقَ (إِصْدَاق) [صدق] [আছ্‌দাকা] মোহরানা ধার্য করা, মোহরানা দেওয়া

أَصْدَى (إِصْدَاء) [صدي] [আছ্‌দা] প্রতিধ্বনি করা, ধ্বনি ফিরিয়ে দেওয়া, পাল্টা আওয়াজ দেওয়া

أَصَرَّ (إِصْرَار) [صرر] عَلَى [আছর্‌রা] পীড়াপীড়ি করা, জিদ ধরা, গোঁ ধরা, অনড় থাকা, লেগে থাকা, সংকল্প করা

إِصْر ج آصَار [ইছ্‌র] ভারী বোঝা, কঠিন কাজ, গুরুদায়িত্ব, পাপ, শাস্তি, চুক্তি, বন্ধন, সম্পর্ক

إِصْرَار [صرر] [ইছ্‌রার] পীড়াপীড়ি, জিদ, জেদ, গোঁ, সঙ্কল্প

آصِرَة ج أَوَاصِر [আছিরাহ্‌] চুক্তি, বন্ধন, সম্পর্ক, প্রতিশ্রুতি, প্রতিজ্ঞা, বাধ্যবাধকতা

أَصْرَحَ (إِصْرَاح) [صرح] [আছ্‌রাহা] প্রকাশ করা, ব্যক্ত করা, স্পষ্ট করা

أَصْرَخَ (إِصْرَاخ) [صرخ] [আছ্‌রাখা] সাহায্য করা

أَصْرَدَ (إِصْرَاد) [صرد] [আছ্‌রাদা] লক্ষ্যে আঘাত করা, লক্ষ্য ভেদ করানো, (তীর) লক্ষ্যভ্রষ্ট হওয়া

أَصْرَفَ (إِصْرَاف) [صرف] [আছ্‌রাফা] অবিমিশ্র রাখা, অবিমিশ্র অবস্থায় পরিবেশন করা

أَصْرَفَ عَنْ [-- 'আন] বিরত করা, বাধা দেওয়া, হটিয়ে দেওয়া, ফিরিয়ে দেওয়া

أَصَّصَ (تَأْصِيص) [أصص] [আছ্‌ছাছা] জোরদার

করা, মজবুত করা, একটির সাথে আরেকটি এঁটে দেওয়া

اِصْطَادَ (اِصْطِيَاد) [صيد] [ইছ্‌তাদা] (প্রাণী) শিকার করা, মারা, ধরা

اِصْطَادَ فِي الْمَاءِ الْعَكِرِ [ইছ্‌তাদা ফিল মা'ইল 'আকির] ঘোলা পানিতে মাছ শিকার করা

اِصْطَافَ (اِصْطِيَاف) [صيف] [ইছ্‌তাফা] গ্রীষ্ম-যাপন করা, গ্রীষ্মকাল কাটানো

اِصْطَبَحَ (اِصْطِبَاح) [صبح] [ইছ্‌তবাহা] সকালের খাদ্য গ্রহণ করা, প্রাতরাশ করা, প্রদীপ জ্বালানো, উজ্জ্বল করা

اِصْطَبَرَ (اِصْطِبَار) [صبر] [ইছ্‌তবারা] সহ্য করা, সবুর করা, ধৈর্য ধরা, ধৈর্যধারণ করা

اِصْطَبْل ج اِصْطَبْلَات [ইছ্‌তব্‌ল] আস্তাবল, অশ্ব-শালা, পশুশালা

اِصْطَحَبَ (اِصْطِحَاب) [صحب] [ইছ্‌তহাবা] সঙ্গে থাকা, সঙ্গী হওয়া, সঙ্গে রাখা, সঙ্গী করা

اِصْطَخَبَ (اِصْطِخَاب) [صخب] [ইছ্‌তখাবা] চিৎকার করা, হৈচৈ করা, শোরগোল করা, কোলাহল তোলা, ডাকাডাকি করা

اِصْطَدَمَ (اِصْطِدَام) [صدم] [ইছ্‌তদামা] সঙ্ঘাত হওয়া, সংঘর্ষ হওয়া, ধাক্কা লাগা, ধাক্কা খাওয়া

اِصْطَرَخَ (اِصْطِرَاخ) [صرخ] [ইছ্‌তরাখা] চিৎকার করা, সাহায্যের জন্য ডাকা, ফরিয়াদ করা

اِصْطَرَعَ (اِصْطِرَاع) [صرع] [ইছ্‌তর'আ] কুস্তি লড়া, লড়াই করা, দ্বন্দ্বযুদ্ধে লিপ্ত হওয়া

اِصْطَفَّ (اِصْطِفَاف) [صفف] [ইছ্‌তফ্‌ফা] সারি-বদ্ধ হওয়া, কাতারবন্দী হওয়া, সারিবদ্ধভাবে দাঁড়ানো

اِصْطِفَاء [صفو] [ইছ্‌তিফা'] মনোনয়ন, বাছাই, পছন্দ

اِصْطَفَى (اِصْطِفَاء) [صفو] [ইছ্‌তফা] মনোনীত করা, বাছাই করা, বেছে নেওয়া, পছন্দ করা

اِصْطَكَّ (اِصْطِكَاك) [صكك] [ইছ্‌তক্কা] (দাঁত) ঠকঠক করা, (হাঁটু) কাঁপা

اِصْطِلَاح [صلح] [ইছ্‌তিলাহ্‌] বন্ধুত্ব স্থাপন, সন্ধি, সম্মতি

اِصْطِلَاح ج اِصْطِلَاحَات [صلح] [ইছ্‌তিলাহ্‌] পরি-ভাষা, ব্যবহার, বাগ্‌ধারা, প্রবচন, প্রচলন, প্রথা

اِصْطِلَاحِيّ [ইছ্‌তিলাহী] পারিভাষিক, পরিভাষা-গত, ব্যবহারিক, প্রচলিত, প্রথাগত

اِصْطَلَحَ (اِصْطِلَاح) [صلح] [ইছ্‌তলাহা] সন্ধি করা, বন্ধুত্ব স্থাপন করা, সম্মত হওয়া, মেনে নেওয়া

اِصْطَلَمَ (اِصْطِلَام) [صلم] [ইছ্‌তলামা] উৎপাটন করা, উৎপাটিত করা, উপড়ানো, মূলোৎপাটন করা

اِصْطَلَى (اِصْطِلَاء) [صلي] [ইছ্‌তলা] (আগুনের) তাপ নেওয়া, তপ্ত হওয়া

اِصْطِنَاع [صنع] [ইছ্‌তিনা'] তৈরীকরণ, উৎপাদন, রচনা, কৃত্রিমতা

اِصْطِنَاعِيّ [ইছ্‌তিনা'ঈ] কৃত্রিম, নকল, বানানো

اِصْطِنَاعِيَّة [صنع] [ইছ্‌তিনা'ইয়্যাহ্‌] কৃত্রিমতা

اِصْطَنَعَ (اِصْطِنَاع) [صنع] [ইছ্‌তনা'আ] তৈরী করা, বানানো, রচনা করা, কৃত্রিম হওয়া

اِصْطَهَرَ (اِصْطِهَار) [صهر] [ইছ্‌তহারা] গলানো, (গিরগিটির) পিঠ সূর্যের তাপে জ্বলজ্বল করা

اِصْطِيَاد [صيد] [ইছ্‌তিয়াদ] (প্রাণী) শিকারকরণ, শিকার, মারণ, ধরণ

اِصْطِيَاف [صيف] [ইছ্‌তিয়াফ] গ্রীষ্মযাপন, গ্রীষ্ম-কাল কাটানো

أَصْعَب [صعب] [আছ্‌'আব] অধিকতর কঠিন, জটিলতর

أَصْعَبَ (إِصْعَاب) [صعب] [আছ্‌'আবা] কঠিন হওয়া, জটিল হওয়া, কঠিন পাওয়া, কঠিন মনে করা

أَصْعَدَ (إِصْعَاد) [صعد] [আছ্‌'আদা] আরোহণ করানো, উপরে উঠানো, আরোহণ করা, ঊর্ধ্বে গমন করা, ভ্রমণ করা

أَصْعَر مث صَعْرَاء ج صُعْر [صعر] [আছ্‌'আর] চেহারা একদিকে বাঁকা এমন

أَصْعَرَ (إِصْعَار) [صعر] الْخَدَّ [আছ্‌'আরাল খাদ্দা] চেহারা বাঁকা করে তাকানো

أَصْعَقَ (إِصْعَاق) [صعق] [আছ্‌'আকা] আঘাত করে ফেলে দেওয়া, আছাড় দেওয়া, অজ্ঞান করে ফেলা, মূর্ছিত করা, মেরে ফেলা

إِصْغَاء [صغو] [ইছ্‌গা'] শ্রবণ, মনোযোগসহকারে শ্রবণ, মনোযোগ

أَصْغَر مث صُغْرَى ج أَصَاغِر [صغر] [আছ্‌গার]

অধিকতর ছোট, ক্ষুদ্রতর, কনিষ্ঠ, কনিষ্ঠতর, নগণ্যতর

الأَصْغَر [صغر] [আল-আছ্গার] ক্ষুদ্রতম, কনিষ্ঠ-তম, নগণ্যতম

الأَصْغَرَان [আল-আছ্গারানি] সবচেয়ে গুরুত্বপূর্ণ ক্ষুদ্রতম অঙ্গদ্বয়ঃ হৃৎপিণ্ড ও জিহ্বা

أَصْغَرَ (إِصْغَار) [صغر] [আছ্গারা] ছোট করা, হেয় করা, লাঞ্ছিত করা, ছোট উভিদ জন্মানো

أَصْغَى (إِصْغَاء) [صغو] إِلَى [আছ্গা] শ্রবণ করা, কান লাগিয়ে শোনা, মনোযোগ দেওয়া

أَصَف [আছফ] একজাতীয় কাঁটাগাছ, caper

اِصْفَارَّ (اِصْفِيرَار) [صفر] [ইছ্ফার্‌রা] হলদে হওয়া, বিবর্ণ হওয়া, (শস্য) পাকা

إِصْفَاق [صفق] [ইছ্ফাক] এক দেহ থেকে অন্য দেহে রক্তসঞ্চালন

أَصْفَدَ (إِصْفَاد) [صفد] [আছ্ফাদা] বাঁধা, শৃংখল পরানো, বেড়ি পরানো

أَصْفَر مث صَفْرَاء ج صُفْر [صفر] [আছ্ফার] হলদে, হলুদ, বিবর্ণ, ফ্যাকাশে

الهَوَاء الأَصْفَر [আল-হাওয়া'উল আছ্ফার] কলেরা

الأَصْفَرَان [আল-আছ্ফারানি] মূল্যবান দুই হলদে বস্তুঃ জাফরান ও স্বর্ণ

أَصْفَرَ (إِصْفَار) [صفر] [আছ্ফারা] খালি করা, শূন্য করা, খালি হওয়া, শূন্য হওয়া

اِصْفَرَّ (اِصْفِرَار) [صفر] [ইছ্ফার্‌রা] হলদে হওয়া, বিবর্ণ হওয়া, (শস্য) পাকা

اِصْفِرَار [صفر] [ইছ্ফিরার] হলুদ রং, বিবর্ণতা, ফ্যাকাশে ভাব

أَصْفَقَ (إِصْفَاق) [صفق] [আছ্ফাকা] (পেয়ালা) পূর্ণ করা, তাড়িয়ে দেওয়া, প্রতিহত করা, (দরজা) বন্ধ করা, (কাপড়) নিরেটভাবে বোনা, একমত হওয়া

إِصْفَهَان [ইছ্ফাহান] ইস্পাহান (নগরী)

أَصْفَى (إِصْفَاء) [صفو] لِ [আছ্ফা] সৎ হওয়া, আন্তরিক হওয়া, বাছাই করা, মনোনীত করা, নির্বাচন করা

أَصْل ج أُصُول [আছ্ল] মূল, আসল, শিকড়, উৎস, ভিত্তি, নীতি, কারণ, জন্ম, সৃষ্টি, বংশ

فِي الأَصْل [ফিল আছ্ল] আসলে, প্রকৃতপক্ষে, মূলত, বস্তুত

أَصُلَ [ك] (أَصَالَة) [আছুলা] খাঁটি হওয়া, সুদৃঢ় হওয়া, দৃঢ়মূল হওয়া, সদ্বংশীয় হওয়া

أَصَّلَ (تَأْصِيل) [أصل] [আছ্ছলা] দৃঢ়মূল করা, শক্ত করা, সুদৃঢ় করা, প্রতিষ্ঠিত করা

أَصْلاً [আছ্লান] মূলত, প্রকৃতপক্ষে, আসলেই, একেবারেই, কোনভাবেই, আদৌ

إِصْلَاح ج إِصْلَاحَات [صلح] [ইছ্লাহ্] সংস্কার, শুদ্ধি, সংশোধন, মেরামত, ঠিককরণ, শান্তি-স্থাপন, উন্নতিসাধন, পুনর্গঠন, পুনর্বাসন

إِصْلَاحِيّ [ইছ্লাহী] সংস্কারমূলক, সংশোধন-মূলক, পুনর্গঠনমূলক

إِصْلَاحِيَّة [صلح] [ইছ্লাহিয়্যাহ] সংশোধনবাদ, সংস্কারবাদ

إِصْلَاحِيَّة ج إِصْلَاحِيَّات [صلح] [ইছ্লাহিয়্যাহ] সংশোধনের উদ্দেশ্যে স্থাপিত প্রতিষ্ঠান, সংশো-ধনাগার, পুনর্গঠনকেন্দ্র, পুনর্বাসনকেন্দ্র

أَصْلَتَ (إِصْلَات) [صلت] [আছ্লাতা] টেনে বের করা, (তরবারি) কোষমুক্ত করা

أَصَلَة ج أَصَلَات [আছলাহ্] বিরাটকায় অজগর, ময়াল সাপ

أَصْلَح [صلح] [আছ্লাহ্] শ্রেয়তর, সঠিকতর, অধিকতর সৎ, যোগ্যতর

أَصْلَحَ (إِصْلَاح) [صلح] [আছ্লাহা] সংস্কার করা, সংশোধন করা, মেরামত করা, ঠিক করা, উন্নতিসাধন করা, পুনর্গঠন করা, পুনর্বাসন করা, ভাল কাজ করা, সন্ধি করা, মিটমাট করা

أَصْلَحَ بَيْنَ [-- বাইনা] বিরোধ মীমাংসা করা, মিল করিয়ে দেওয়া, বন্ধুত্ব স্থাপন করা

أَصْلَدَ (إِصْلَاد) [صلد] [আছ্লাদা] কঠিন হওয়া, শক্ত হওয়া, কঠিন করা, শক্ত করা, (অগ্নিকাঠি) ঘর্ষণে আগুন না জ্বলা

أَصْلَع مث صَلْعَاء ج صُلْع [صلع] [আছ্লা'] মাথায় টাক পড়েছে এমন, টাকযুক্ত, টেকো

أَصْلَم مث صَلْمَاء ج صُلْم [صلم] [আছ্লাম] কান-কাটা, নাক-কাটা, বিকলাঙ্গ

أَصْلَى (إِصْلَاء) [صلي] [আছ্লা] প্রবেশ করানো,

গরম করা, দগ্ধ করা, (আগুনে) নিক্ষেপ করা, ফেলে দেওয়া

[আছ্‌লী] প্রধান, আসল, [أصل] أَصْلِيٌّ مث أَصْلِيَّة
মূল, মৌলিক, মৌল, আদি, প্রাথমিক, খাঁটি, প্রকৃত

['আদাদ আছ্‌লী] মৌলিক সংখ্যা عَدَد أَصْلِيٌّ

[নুস্‌খাহ আছ্‌লিয়্যাহ] মূলকপি نُسْخَة أَصْلِيَّة

[আছম্ম] বধির, কালা, [صمم] أَصَمّ مث صَمَّاء ج صُمّ
শ্রবণশক্তিহীন, বিচারবুদ্ধিহীন, শক্ত, কঠিন, নিরেট

[আছম্মা] শ্রবণশক্তি লোপ [صمم] أَصَمَّ (إِصْمَام)
করা, বধির করা, বধির হওয়া

[আছমাতা] চুপ করা, [صمت] أَصْمَتَ (إِصْمَات)
চুপ করানো, নীরব করা, নিঃশব্দ করা

[আছমাগা] (গাছ) আঠা [صمغ] أَصْمَغَ (إِصْمَاغ)
নির্গত করা, গাম বের করা

[উছমূখ] কর্ণকুহর, [صمخ] أُصْمُوخ ج أَصَامِيخ
কানের ভিতরের ছিদ্র

[আছমা] আঘাত করে [صمي] أَصْمَى (إِصْمَاء)
মেরে ফেলা, সাথে সাথে মেরে ফেলা, শেষ করে দেওয়া

[আছহাব] [صهب] أَصْهَب مث صَهْبَاء ج صُهْب
লাল, লালচে, রক্তবর্ণ, সুন্দর

[আছহারা] বৈবাহিক [صهر] أَصْهَرَ (إِصْهَار)
সম্পর্ক স্থাপন করা, বিবাহসূত্রে সম্পর্কযুক্ত হওয়া, নিকটে আনা, নিকটবর্তী করা

[আছওয়াব] অধিকতর শুদ্ধ বা [صوب] أَصْوَب
সঠিক, সঠিকতর

[উছূল] নীতিমালা, নিয়মাবলী, (أَصْل) أُصُول
বিধি-বিধান, রীতিনীতি, ধনসম্পত্তি, পরিসম্পদ, assets

[উছূলী] মৌলিক, নিয়মসিদ্ধ, [أصل] أُصُولِيٌّ
বিধিসম্মত, নিয়মতান্ত্রিক, নীতিশাস্ত্রীয়, মৌলবাদী

[উছূলী] নীতিবান, নীতি- أُصُولِيٌّ ج أُصُولِيُّون
পরায়ণ, নিয়মানুবর্তী, নীতিশাস্ত্রবিদ, আইনশাস্ত্র-বিদ, বিশেষজ্ঞ, মৌলবাদী

[উছূলিয়্যাহ] নীতিপরায়ণতা, [أصل] أُصُولِيَّة
নিয়মতন্ত্র, মৌলবাদ

[উছীবা] প্রাপ্ত হওয়া, بِ [صوب] أُصِيبَ (أَصَابَ)
আঘাতপ্রাপ্ত হওয়া, আহত হওয়া, বিপদগ্রস্ত হওয়া

[আছইয়াদ] বাঁকা [صيد] أَصْيَد مث صَيْدَاء ج صِيد
ঘাড়বিশিষ্ট, বক্রগ্রীবা, অহঙ্কারী, সিংহ

[আছীছ] ফুল-গাছ লাগানোর أَصِيص ج أُصُص
টব, ফুলের টব, পাত্র, পেশাব-পায়খানা করার পাত্র

[আছীল] খাঁটি, আসল, [أصل] أَصِيل ج أُصَلَاء
নিষ্কলুষ, প্রকৃত, মৌলিক, মূল, উচ্চবংশীয়, অভিজাত, সদ্বংশীয়, ভালজাতের, সুদৃঢ়

[আছীল] সায়াহ্ন, সন্ধ্যা, সাঁঝ أَصِيل ج آصَال

[আছীলুর রা'ই] বিজ্ঞ, বিচক্ষণ, أَصِيل الرَّأْي
বুদ্ধিমান, বিচারবুদ্ধিসম্পন্ন

[আছীলুল 'আকল] যথার্থ বুদ্ধির أَصِيل العَقْل
অধিকারী, প্রকৃত জ্ঞানী

[আদাআ] উজ্জ্বল করা, [ضوأ] أَضَاءَ (إِضَاءَة)
আলোকিত করা, আলোকময় করা

[ইদাআহ] আলোদান, উজ্জ্বলকরণ, [ضوأ] إِضَاءَة
আলোকিতকরণ

[আদা'আ] হারানো, নষ্ট [ضيع] أَضَاعَ (إِضَاعَة)
করা, ধ্বংস করা, খোয়ানো, অপচয় করা

[আদাফা] মেহমানদারি [ضيف] أَضَافَ (إِضَافَة)
করা, স্বাগত জানানো, মেযবান হওয়া, স্বাগতিক হওয়া

[-- ইলা] যোগ করা, সংযোজিত করা, أَضَافَ إِلَى
যুক্ত করা, (ব্যাকরণে) মুদাফ বা সম্বন্ধযুক্ত করা

[ইদাফাহ] যোগকরণ, সংযোজন, [ضيف] إِضَافَة
বৃদ্ধি, (ব্যাকরণে) সম্বন্ধকরণ, সম্বন্ধপদ

[বিল-ইদাফাতি ইলা] অতিরিক্ত, بِالإِضَافَة إِلَى
অধিক, ছাড়াও, ব্যতীত

[ইদাফী] অনুষঙ্গী, আনুষঙ্গিক, [ضيف] إِضَافِيٌّ
অতিরিক্ত, বাড়তি, আপেক্ষিক, (ব্যাকরণে) সম্বন্ধপদ-বিষয়ক

[আদাক্বা] সংকীর্ণ করা, [ضيق] أَضَاقَ (إِضَاقَة)
সংকুচিত করা, অভাবগ্রস্ত হওয়া, কষ্টে পড়া

[আদব্বা] কুয়াশায় [ضبب] أَضَبَّ (إِضْبَاب)
ঢেকে যাওয়া, কুয়াশাচ্ছন্ন হওয়া, চুপ করে থাকা, শোরগোল করা, লুকিয়ে রাখা, গাছপালায় ভরে যাওয়া, (পানি, রক্ত) গড়িয়ে দেওয়া

[ইদ্‌বারাহ] [ضبر] إِضْبَارَة ج أَضَابِير، إِضْبَارَات
ফাইল, নথি, বাণ্ডিল, বোঁচকা, গাঁটরি

[আদ্‌বারা] ফাইলে রাখা, [ضبر] أَضْبَرَ (إِضْبَار)

ফাইলে সংরক্ষণ করা

أَضْبَط مث ضَبْطَاء ج ضُبْط [ضبط] [আদ্‌বাত] উভয় হাতে সমানভাবে কাজ করতে সক্ষম, দুহাত সমানভাবে ব্যবহারে পারদর্শী, সব্যসাচী

أَضْبُور ج أَضَابِير [ضبر] [উদ্‌বূর] ফাইল, নথি, বাণ্ডিল, বোঁচকা, গাঁটরি

أَضَجَّ (إِضْجَاج) [ضجج] [আদজ্জা] শোরগোল করা, হৈচৈ করা, কোলাহল করা, গণ্ডগোল করা, চিৎকার করা

أَضْجَرَ (إِضْجَار) [ضجر] [আদ্‌জারা] রাগানো, ক্ষেপানো, বিরক্ত করা, কষ্ট দেওয়া, অশান্ত করা

أَضْجَعَ (إِضْجَاع) [ضجع] [আদ্‌জা'আ] শয়ন করানো, শোয়ানো, শুইয়ে দেওয়া

اِضَّجَعَ (اِضِّجَاع) [ضجع] [ইদ্দজা'আ] শোয়া, শয়ন করা, শুয়ে পড়া, গা এলিয়ে দেওয়া, হেলান দেওয়া

أَضْحَكَ (إِضْحَاك) [ضحك] [আদ্‌হাকা] হাসানো, হাসির উদ্রেক করা.

أُضْحُوكَة ج أَضَاحِيك [ضحك] [উদ্‌হূকাহ] হাসির বস্তু, হাসির কথা, কৌতুক

أَضْحَى ، أَضْحَاة [ضحو] [আদ্‌হা, আদ্‌হাত] কোরবানির পশু, কোরবানি, উৎসর্গ, ত্যাগ

عِيد الأَضْحَى [ঈদুল আদ্‌হা] *কোরবানির ঈদ,* ঈদুল আযহা

أَضْحَى (إِضْحَاء) [ضحو] [আদ্‌হা] হওয়া, হয়ে যাওয়া, পরিণত হওয়া, পূর্বাহ্নে উপনীত হওয়া

أُضْحِيَّة ج أَضَاحِيّ [ضحو] [উদ্‌হিয়্যাহ] ত্যাগ, উৎসর্গ, কোরবানি, কোরবানির পশু

أَضْخَم [ضخم] [আদ্‌খাম] অধিক বড়, বিরাটতর

أَضْدَاد (ضِدّ) [ضدد] [আদ্‌দাদ] বিপরীত শব্দ, বিপরীত অর্থবোধক শব্দ

أَضَرَّ (إِضْرَار) [ضرر] [আদররা] অপকার করা, ক্ষতি করা, অনিষ্ট করা, দ্বিতীয় স্ত্রী গ্রহণ করা, একাধিক স্ত্রী গ্রহণ করা, অন্ধ হওয়া

أَضَرَّ عَلَى [-- 'আলা] চাপিয়ে দেওয়া, বাধ্য করা

إِضْرَاب [ضرب] عَنْ [ইদ্‌রাব 'আন] বন্ধকরণ, বন্ধ, কর্মবিরতি, ধর্মঘট, হরতাল

إِضْرَاب عَنِ الأَكْل [ইদ্‌রাব 'আনিল আক্‌ল] অনশন ধর্মঘট

إِضْرَاب عَنِ الطَّعَام [ইদ্‌রাব 'আনিত ত'আম] অনশন ধর্মঘট

إِضْرَاب عَنِ العَمَل [ইদ্‌রাব 'আনিল 'আমাল] কর্মবিরতি, ধর্মঘট, হরতাল

إِضْرَار [ضرر] [ইদ্‌রার] ক্ষতিসাধন, ক্ষতি, অপকার, অনিষ্ট

أَضْرَبَ (إِضْرَاب) [ضرب] عَنْ [আদ্‌রবা] বিরত থাকা, বন্ধ রাখা, ধর্মঘট করা, হরতাল করা

أَضْرَبَ فِي [-- ফী] নিবাস স্থাপন করা, বাস করা, অবস্থান করা

أَضْرَسَ (إِضْرَاس) [ضرس] [আদ্‌রসা] (দাঁত) ভোঁতা করা, নষ্ট করা, উদ্বিগ্ন করা, চুপ করানো

أَضْرَمَ (إِضْرَام) [ضرم] [আদ্‌রমা] প্রজ্বলিত করা, জ্বালানো, ধরানো, (আগুন, যুদ্ধ) লাগিয়ে দেওয়া

اِضْطَجَعَ (اِضْطِجَاع) [ضجع] [ইদ্‌তজা'আ] গা এলিয়ে দেওয়া, হেলান দেওয়া, শয়ন করা, শোয়া, শুয়ে পড়া

اِضْطَرَّ (اِضْطِرَار) [ضرر] إِلَى [ইদ্‌তর্‌রা] চাপিয়ে দেওয়া, বাধ্য করা, মজবুর করা, বলপ্রয়োগ করা

أُضْطُرَّ [ضرر] [উদ্‌তুর্‌রা] বাধ্য হওয়া, নিরুপায় হওয়া, মজবুর হওয়া

اِضْطِرَاب ج اِضْطِرَابَات [ضرب] [ইদ্‌তিরাব] অস্থিরতা, অশান্তি, গণ্ডগোল, দাঙ্গা, হাঙ্গামা, বিশৃঙ্খলা, উত্তেজনা, আলোড়ন, কম্পন

اِضْطِرَار [ضرر] [ইদ্‌তিরার] বাধ্যতা, বলপ্রয়োগ, চাপপ্রয়োগ, বাধ্যবাধকতা

اِضْطِرَارِيّ [ইদ্‌তিরারী] বাধ্যতামূলক, আবশ্যিক, জরুরী

اِضْطِرَام [ضرم] [ইদ্‌তিরাম] জ্বলন, প্রজ্বলন, দহন

اِضْطَرَبَ (اِضْطِرَاب) [ضرب] [ইদ্‌তরবা] অস্থির হওয়া, অশান্ত হওয়া, উত্তেজনাপূর্ণ হওয়া, বিশৃঙ্খল হওয়া, কেঁপে ওঠা, আলোড়িত হওয়া, কিংকর্তব্যবিমূঢ় হওয়া

اِضْطَرَمَ (اِضْطِرَام) [ضرم] [ইদ্‌তরামা] প্রজ্বলিত হওয়া, (ক্রোধে) জ্বলে ওঠা, (আগুন, যুদ্ধ) লেগে যাওয়া

اِضْطَغَنَ (اِضْطِغَان) [ضغن] [ইদ্‌তগানা] বিদ্বেষ

পোষণ করা, শত্রুতা করা, ঘৃণা করা

اِضْطَلَعَ (اِضْطِلَاع) [ضلع] بِ [ইদ্‌তলা'আ বি] দায়িত্ব নেওয়া, দায়িত্ব লওয়া, গ্রহণ করা, বহন করা, সুদক্ষ হওয়া, দক্ষ হওয়া, পারদর্শী হওয়া, অভিজ্ঞ হওয়া, পরিচিত হওয়া, ভালভাবে অবগত হওয়া

اِضْطِهَاد ج اِضْطِهَادَات [ضهد] [ইদ্‌তিহাদ] নিপীড়ন, জুলুম, অত্যাচার, নির্যাতন

اِضْطَهَدَ (اِضْطِهَاد) [ضهد] [ইদ্‌তহাদা] নিপীড়ন করা, জুলুম করা, অত্যাচার করা, নির্যাতন করা

أَضْعَف [ضعف] [আদ্'আফ] দুর্বলতর, অধিক দুর্বল

أَضْعَفَ (إِضْعَاف) [ضعف] [আদ্'আফা] দুর্বল করা, দ্বিগুণ করা, বৃদ্ধি করা

أَضْغَاث أَحْلَام [ضغث] [আদ্‌গাছু আহ্‌লাম] খারাপ স্বপ্ন, কুস্বপ্ন, দুঃস্বপ্ন, এলোমেলো স্বপ্ন

أَضْغَطَ (إِضْغَاط) [ضغط] [আদ্‌গাতা] নিষ্পেষণ করা, নিংড়ানো, চাপ দেওয়া

أَضْفَى (إِضْفَاء) [ضفو] عَلَى [আদ্‌ফা] দান করা, প্রদান করা, দেওয়া, মঞ্জুর করা, ধার দেওয়া, আরোপ করা, প্রক্ষেপ করা, প্রতিফলিত করা

أَضَلّ [ضلل] [আদল] অধিক বিভ্রান্ত, অধিকতর বিপথগামী, অত্যন্ত পথভ্রষ্ট

أَضَلَّ (إِضْلَال) [ضلل] [আদল্লা] বিভ্রান্ত করা, বিপথগামী করা, ভুল পথে চালানো

إِضْلَال [ضلل] [ইদ্‌লাল] বিভ্রান্তকরণ, বিপথগামীকরণ

أَضْلَع مث ضَلْعَاء ج ضُلْع [ضلع] [আদ্‌লা'] শক্ত-সবল, বলবান

أَضْلَعَ (إِضْلَاع) [ضلع] [আদলা'আ] বহন করতে না পারা, সক্ষম হওয়া, নোয়ানো, চাপিয়ে দেওয়া

أُضْلُولَة ج أَضَالِيل [ضلل] [উদ্‌লূলাহ্] প্রতারণা, ভ্রান্তি, বিভ্রান্তি, ভুল

إِضْمَار [ضمر] [ইদ্‌মার] গোপনকরণ, লুকায়ন, দমীর বা সর্বনাম ব্যবহার (ব্যা)

اِضْمَحَلَّ (اِضْمِحْلَال) [ضمحل] [ইদ্‌মাহাল্লা] অদৃশ্য হওয়া, অন্তর্হিত হওয়া, বিলুপ্ত হওয়া, বিলীন হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া, হ্রাস পাওয়া

اِضْمِحْلَال [ضمحل] [ইদ্‌মিহ্‌লাল] হ্রাস, ক্ষয়, বিলোপ, বিলুপ্তি, অন্তর্ধান, উধাও

أَضْمَرَ (إِضْمَار) [ضمر] [আদ্‌মারা] গোপন রাখা, লুকানো, মনে মনে রাখা, পোষণ করা, কৃশ করা, দমীর বা সর্বনাম ব্যবহার করা (ব্যা)

أَضْنَى (إِضْنَاء) [ضني] [আদ্‌না] কাহিল করা, দুর্বল করা, ক্ষয় করা, নিঃশেষ করা

أَضْهَدَ (إِضْهَاد) [ضهد] [আদ্‌হাদা] জুলুম করা, অত্যাচার করা, নির্যাতন করা, নিপীড়ন করা

أَضْوَى (إِضْوَاء) [ضوي] [আদ্‌ওয়া] কৃশ করা বা হওয়া, দুর্বল করা বা হওয়া, ক্ষয় করা বা হওয়া, নিঃশেষ করা বা হওয়া

أَضْيَق [ضيق] [আদ্‌ইয়াক] সঙ্কীর্ণতর, অধিকতর সরু, অধিকতর আঁটসাঁট বা সীমাবদ্ধ

أَطَابَ (إِطَابَة) [طيب] [আতাবা] উৎকৃষ্ট করা, উত্তম করা, ভাল করা, সুন্দর করা, সুস্বাদু করা

أَطَاحَ (إِطَاحَة) [طوح ، طيح] [আতাহা] ফেলে দেওয়া, নামিয়ে আনা, নিয়ে যাওয়া, ধ্বংস করা

أَطَارَ (إِطَارَة) [طير] [আতারা] উড়ানো, উড়তে দেওয়া, উড়িয়ে দেওয়া, উধাও করা

إِطَار ج إِطَارَات ، أُطُر [ইতার] আওতা, পরিধি, ক্ষেত্র, বেড়, ঘের, টায়ার, ফ্রেম, কাঠামো, পরিস্থিতি, পারিপার্শ্বিকতা

أَطَاعَ (إِطَاعَة) [طوع] [আতা'আ] আনুগত্য করা, অনুগত হওয়া, মান্য করা, মেনে চলা

إِطَاعَة [طوع] [ইতা'আহ্] আনুগত্য, মান্যতা, বশ্যতা

أَطَافَ (إِطَافَة) [طوف] بِ [আতাফা] চারদিকে ঘুরানো, ঘুরিয়ে আনা, পরিবেশন করা, বেষ্টন করা, সুপরিচিত হওয়া

أَطَاقَ (إِطَاقَة) [طوق] [আতাকা] কষ্ট করে করতে পারা, করতে কষ্ট হওয়া, আয়াসসাধ্য হওয়া, করতে পারা, সক্ষম হওয়া, সমর্থ হওয়া, আয়ত্ত করা, বহন করা, সহ্য করা

لَا يُطَاقُ [লা ইউতাকু] সহ্য করা যায় না এমন, অসহ্য, অসহনীয়

أَطَالَ (إِطَالَة) [طول] [আতালা] দীর্ঘ করা, লম্বা করা, দীর্ঘায়িত করা, প্রলম্বিত করা

أَطَالَ اللّٰهُ عُمْرَهُ [আতালাল্লাহু 'উম্‌রাহূ] আল্লাহ তাকে দীর্ঘজীবী করুন!

أَطْرَش ست طَرْشَاء ج طُرْش [طرش] [আত্‌রশ] বধির, কালা, শ্রবণশক্তিহীন

أُطْرُش [طرش] [উত্‌রুশ] শ্রবণশক্তিহীন, বধির, কালা

أُطْرُغُلّ [উত্‌রুগুল] ঘুঘুজাতীয় পাখিবিশেষ, turtledove

أَطْرَفَ (إِطْرَاف) [طرف] [আত্‌রফা] নতুন কিছু করা, নতুন কিছু উপস্থাপন করা

أَطْرَفَ بِ [-- বি] উপহার দেওয়া, উপঢৌকন দেওয়া

أَطْرَقَ (إِطْرَاق) [طرق] [আত্‌রকা] মাথা নিচু করা, চুপ করে থাকা

أُطْرُوحَة ج أُطْرُوحَات [طرح] [উত্‌রূহাহ্] থিসিস, অভিসন্দর্ভ, গবেষণামূলক প্রবন্ধ

أُطْرُوش [طرش] [উত্‌রূশ] শ্রবণশক্তিহীন, কালা, বধির

أُطْرُوفَة ج أَطَارِيف [طرف] [উত্‌রূফাহ্] মজার জিনিস, বিরল বস্তু, অদ্ভুত ব্যাপার

أَطْرَى (إِطْرَاء) [طرو] [আত্‌রা] অধিক প্রশংসা করা, উচ্চপ্রশংসা করা, তোষামোদ করা

إِطْعَام [طعم] [ইত্‌'আম] খাদ্যদান, আহার প্রদান, খাওয়ানো

أَطْعَمَ (إِطْعَام) [طعم] [আত্‌'আমা] খাওয়ানো, আহার দেওয়া, খেতে দেওয়া

اِطَّعَنَ (اِطِّعَان) [طعن] [ইত্ত'আনা] হানাহানি করা

أَطْغَى [طغي] [আত্‌গা] অত্যন্ত অবাধ্য, অধিক অন্যায়কারী, অধিক সীমালঙ্ঘনকারী

[রমাস্] (চোখের) পিঁচুটি, কেতর رَمَص
[রমিস্বা] (চোখে) পিঁচুটি জমা رَمِصَ [س] (رَمَص)
[রমাদ] প্রখর তাপ, উত্তাপ, উত্তপ্ততা, দাহ, رَمَض
দহন
[রমিদা] দগ্ধ হওয়া, পুড়ে رَمِضَ [س] (رَمَض)
যাওয়া, উত্তপ্ত হওয়া
[রম্‌দা'] দাহ, উত্তাপ, দহন, সূর্যের প্রখর رَمْضَاء
তাপে উত্তপ্ত মাটি
[রমাদান] রমযান (মাস)ঃ আরবী নবম رَمَضَان
মাস
[রমাক] শেষ নিঃশ্বাস, অবশিষ্ট رَمَق ج أَرْمَاق
জীবন
[রমাক্বা] তাকিয়ে থাকা, দৃষ্টি رَمَقَ [ن] (رَمْق)
নিবদ্ধ করা, আকাঙ্ক্ষা করা, পর্যবেক্ষণ করা
[রম্মাক্বা] তাকিয়ে থাকা, رَمَّقَ (تَرْمِيق) [رمق]
দৃষ্টি নিবদ্ধ করা, আকাঙ্ক্ষা করা, পর্যবেক্ষণ করা
[রুম্‌ক্বাহ্‌] প্রয়োজন পূরণকারী অল্প জীবিকা رُمْقَة
[রমাকাহ্‌] رَمَكَة ج رَمَكَات ، رِمَاك ، أَرْمَاك
ঘোটকী, প্রজননের উদ্দেশ্যে পালিত ঘোটকী
[রম্‌ল] বালু, বালুকা, বালি رَمْل ج رِمَال
[রমাল] দ্রুতচলন, দুলে দুলে চলন, হালকা رَمَل
বৃষ্টি, বৃদ্ধি
[আর-রমাল] সঙ্গীতের একটি সুরের নাম, الرَّمَل
আরবী কবিতার একটি ছন্দের নাম
[রমালা] (খাদ্যে) বালি দেওয়া, رَمَلَ [ن] (رَمْل)
(কাপড়ে রক্ত) মাখানো, (কাপড়) পাতলা করে বোনা, সাজানো, (কথা) সাজিয়ে বলা
[রমালা] দ্রুত হাঁটা, رَمَلَ (رَمَل ، رَمَلَان ، مَرْمَل)
দুলে দুলে হাঁটা
[রম্মালা] বালি দেওয়া, رَمَّلَ (تَرْمِيل) [رمل]
বালু ছিটিয়ে দেওয়া, বিধবা করা, বিপত্নীক করা, (কাপড়ে রক্ত) মাখানো, (কাপড়) পাতলা করে বোনা

رَمْلَاء [রম্‌লা'] পায়ের রং কালো এবং অবশিষ্ট সারা দেহের রং সাদা এমন (বকরী), বৃষ্টি ও ফসল কম হয় এমন (বছর)

رَمْلَة ج رَمْلَات [রম্‌লাহ্‌] বালুর কণা, বালুকাময় ভূখণ্ড

رُمْلَة ج رُمَل ، أَرْمَال [রুম্‌লাহ্‌] কালো রেখা

رَمْلِيّ [রম্‌লী] বালুকাময়, বালি-বিষয়ক, বালু-সম্বন্ধীয়, বালুমিশ্রিত

رَمَّمَ (تَرْمِيم) [رمم] [রম্মামা] পুনর্নির্মাণ করা, সংস্কার করা, মেরামত করা

رِمَم [রিমাম] জীর্ণ রশি, পচা দড়ি

رَمْي [রম্‌ই] নিক্ষেপ, নিক্ষেপণ, ক্ষেপণ, গুলিবর্ষণ

رَمَى [ض] (رَمْي) [رمي] بِ [রমা] নিক্ষেপ করা, ছোড়া, অভিযোগ করা, অপবাদ দেওয়া

رَمَى إِلَى [-- ইলা] উদ্দেশ্য করা, তাক করা, লক্ষ্য হওয়া, উদ্দিষ্ট হওয়া

رَمَى بَيْنَ [-- বাইনা] বিবাদ লাগিয়ে দেওয়া, অনৈক্য সৃষ্টি করা, বিভেদ সৃষ্টি করা

رَمْيَة ج رَمَيَات [রম্‌ইয়াহ্‌] নিক্ষেপ, ক্ষেপণ, বর্ষণ, গুলি

رَمِيَّة ج رَمَايَا [رمي] [রমিয়্যাহ্‌] শিকার-করা প্রাণী, শিকার, লক্ষ্যবস্তু, লক্ষ্যস্থল

رُمَيْح [رمح] [রুমাইহ্‌] বর্শা আকারের একপ্রকার মাছ, lancelet

رَمِيس [رمس] [রমীস] প্রস্তরনিক্ষিপ্ত

رَمِيم [رمم] [রমীম] জীর্ণ, ক্ষয়প্রাপ্ত, পচা

رَمِيم ج رِمَام ، أَرِمَّة [رمم] [রমীম] জীর্ণ অস্থি, ক্ষয়প্রাপ্ত হাড়

رَنَّ [ض] (رَنِين) [রন্না] বাজা, অনুরণিত হওয়া, শব্দ করা, ক্রন্দন করা, কাঁদা, বিলাপ করা

رَنَا [রনা] দৃষ্টিনন্দন বস্তু, সুন্দর জিনিস, সৌন্দর্য

رَنَا [ن] (رَنَا ، رُنُوّ) [رنو] إِلَى ، لِ [রনা] দৃষ্টি দেওয়া, তাকানো, অপলক দৃষ্টিতে তাকানো, তাকিয়ে থাকা, চেয়ে থাকা, মনোযোগ দেওয়া

رَنَا عَنْ [-- 'আন] মনোযোগ না দেওয়া, খেয়াল না করা, ভ্রূক্ষেপ না করা, উপেক্ষা করা

رَنَاء [رنو] [রনা'] সৌন্দর্য, রূপ

رَنَّاء [رنو] [রন্না'] অধিক তাকিয়ে থাকে এমন, সুন্দর দৃশ্যের প্রতি তাকিয়ে থাকে এমন, নারীদের প্রতি তাকিয়ে থাকে এমন

رُنَاء ج أَرْنِيَة [رنو] [রুনা'] সুন্দর স্বর, সুর, গান

رَنَّان [رنن] [রন্নান] বাজে বা শব্দ করে এমন, ধ্বনিযুক্ত, সশব্দ, প্রতিধ্বনিপূর্ণ, অনুরণিত

رَنَّانَة ج رَنَّانَات [رنن] [রন্নানাহ্‌] ঘণ্টা বাজানোর কাঁটা বা দণ্ড, tuning fork

رَنَة [রনাহ্‌] বলগা হরিণ

رَنَّة [رنن] [রন্নাহ্‌] ধ্বনি, শব্দ, প্রতিধ্বনি, টঙ্কার-ধ্বনি, অনুরণন, ক্রন্দন, বিলাপ

رَنْح [রন্‌হ্‌] ঘুরানি, ঘূর্ণিরোগ, মাথাঘোরা

رَنَّحَ (تَرْنِيح) [رنح] [রন্নাহা] নোয়ানো, টলানো, ঝুলানো, দোলানো, দুর্বল করা

رُنِّحَ [رنح] [রুন্নিহা] দুর্বল হওয়া, নরম হওয়া, নুয়ে পড়া

رُنِّحَ عَلَى [-- 'আলা] সংজ্ঞা হারানো, অচেতন হয়ে পড়া

رَنْد [রন্‌দ] একজাতীয় চিরহরিৎ গুল্ম, laurel

رِنْغِيت [রিন্‌গীত] রিংগিতঃ মালয়েশিয়ার মুদ্রা

رَنْق [রন্‌ক] কর্দমাক্ততা, পঙ্কিলতা, কর্দমাক্ত, পঙ্কিল, ঘোলা (পানি), মিথ্যা

رَنَق [রনাক] কর্দমাক্ততা, পঙ্কিলতা, কর্দমাক্ত, পঙ্কিল, ঘোলা (পানি)

رَنَقَ [ن] (رَنْق ، رُنُوق) [রনাক্বা] (পানি) ঘোলা হওয়া, কর্দমাক্ত হওয়া, পঙ্কিল হওয়া

رَنِق [রনিক] ঘোলা, কর্দমাক্ত, পঙ্কিল (পানি)

رَنِقَ [س] (رَنَق) [রনিক্বা] (পানি) ঘোলা হওয়া, কর্দমাক্ত হওয়া, পঙ্কিল হওয়া

رَنَّقَ (تَرْنِيق) [رنق] [রন্নাক্বা] (পানি) কর্দমাক্ত করা, ঘোলা করা, (পাখি) ডানা ঝাপটানো, ডানা ভেঙ্গে নিচে পড়া, (চোখে ঘুম) ছেয়ে আসা, (ঘুম, ক্ষুধা, ক্লান্তি ইত্যাদিতে চোখ) ভেঙ্গে আসা, (সূর্য) অস্তগামী হওয়া, (দৃষ্টি) দীর্ঘায়িত করা, মৃত্যু ঘনিয়ে আসা, দুর্বল হওয়া, নিস্তেজ হওয়া, চলতে না পারা, হতবুদ্ধি হওয়া, অবস্থান করা

[রন্‌ক্বা'] ডিমে তা দিচ্ছে এমন رَنْقَاء ج رَنْقَاوَات (মুরগী), গাছপালা জন্মায় না এমন (ভূমি)

[রন্‌ক্বাহ্] ঘোলা পানি, কর্দমাক্ত رَنْقَة ج رَيَانِق পানি

[রন্‌কাহ্] একজাতীয় সুস্বাদু সামুদ্রিক মাছ, رَنْكَة হেরিং মাছ (herring)

[রনাম] সুর, সুরেলা আওয়াজ, ঘন্টাধ্বনি رَنَم

[রনিমা] গান করা, সুর দেওয়া, رَنِمَ [س] (رَنَم) সুর করে গাওয়া, সুরেলা হওয়া

[রন্নামা] গান করা, সুর করে رَنَّمَ (تَرْنِيم) [رنم] গাওয়া, সুর দেওয়া

[রুন্নুম] সুগায়িকাবৃন্দ, সুন্দরী তরুণীগণ رُنُّم

[রন্নানা] বাজানো, (ধনুকে) رَنَّنَ (تَرْنِين) [رنن] টঙ্কারধ্বনি করানো, শব্দ করানো, ক্রন্দন করা

[রন্না] আনন্দ দেওয়া, আকৃষ্ট رَنَّى (تَرْنِيَة) [رنو] করা, মুগ্ধ করা, বিমোহিত করা, দৃষ্টি ফেরাতে না দেওয়া, গান গাওয়া

[রনীন] অনুরণন, শব্দ, টঙ্কারধ্বনি, رَنِين [رنن] প্রতিধ্বনি, ক্রন্দন, বিলাপ

[রহা] আস্তে আস্তে চলা, رَهَا [ن] (رَهْو) [رهو] ধীরে চলা, শান্তভাবে চলা, (ঘোড়া) কদমে চলা, কোমল হওয়া, (সমুদ্র) শান্ত থাকা, (পাখি) ডানা ছড়িয়ে দেওয়া, (দুই পা) ফাঁক করা

[রহা'] প্রশস্ত জায়গা, সমান জিনিস رَهَاء [رهو]

[রুহাব] ভয়, ভীতি, আতঙ্ক, ভয়- رُهَاب [رهب] বিকার, অসুস্থ আতঙ্ক

[রুহাবী] ভয়জনিত, ভীতিমূলক, আতঙ্ক- رُهَابِيّ সূচক

[রহাফাহ্] পাতলা গড়ন, কৃশতা, رَهَافَة [رهف] সূক্ষ্মতা, তীক্ষ্ণতা

[রিহাক, রুহাক] পরিমাণ, সংখ্যা رِهَاق ، رُهَاق

[রিহান] বাজি, পণ رِهَان [رهن]

[রহিবা] ভয় করা, رَهِبَ [س] (رَهْب ، رَهَب) ভয় পাওয়া, ভীত হওয়া, আতঙ্কিত হওয়া

[রহ্‌হাবা] ভয় দেখানো, رَهَّبَ (تَرْهِيب) [رهب] ভীতি প্রদর্শন করা

[রহ্বা'] ভয়, ভীতি, শঙ্কা, আতঙ্ক, رَهْبَاء [رهب] ডর, সন্ত্রাস

[রহ্বান] رَهْبَان ج رَهَابِين ، رَهَابِنَة [رهب] অধিক ভয় পায় এমন, ভীত

[রুহ্বান] সন্ন্যাসী, পাদ্রী رُهْبَان ج رَهَابِين [رهب]

[রহ্বানী, রুহ্বানী] رَهْبَانِيّ ، رُهْبَانِيّ [رهب] সন্ন্যাসী, সন্ন্যাসবাদী

[রহ্বানিয়্যাহ্, রুহ্বানিয়্যাহ্] رَهْبَانِيَّة ، رُهْبَانِيَّة [رهب] সন্ন্যাসবাদ, সন্ন্যাসধর্ম, বৈরাগ্য

[রহ্বাহ্] ভয়, ভীতি, শঙ্কা, ডর, আতঙ্ক, رَهْبَة সন্ত্রাস

[রহ্বানাহ্] সন্ন্যাসবাদ, সন্ন্যাস- رَهْبَنَة [رهب] ধর্ম, বৈরাগ্য

[রহাবূত] ভয়, ভীতি, শঙ্কা, ডর, رَهَبُوت [رهب] আতঙ্ক, সন্ত্রাস

[রহ্বা, রুহ্বা] ভয়, ডর, رَهْبَى ، رُهْبَى [رهب] ভীতি, শঙ্কা, আতঙ্ক, সন্ত্রাস

[রহ্জ, রহাজ] ধূলি, ধুলো, দাঙ্গা, رَهْج ، رَهَج বিশৃংখলা, গোলযোগ, বৃষ্টিহীন মেঘ

[রহাসা] মাড়িয়ে যাওয়া, পদ- رَهَسَ [ف] (رَهْس) দলিত করা

[রহ্ত, রহাত] দল, رَهْط ، رَهَط ج أَرْهَاط ، أَرْهُط গ্রুপ, গোষ্ঠী, গোত্র, ব্যক্তি, ভ্রাতৃত্ব

[রহাতা] লোলুপভাবে খাওয়া, رَهَطَ [ف] (رَهْط) গোগ্রাসে গেলা, বড় বড় গ্রাসে খাওয়া

[রহাফা] পাতলা করা, সূক্ষ্ম رَهَفَ [ف] (رَهْف) করা, তীক্ষ্ণ করা, ধারালো করা, ধার দেওয়া

[রহুফা] পাতলা হওয়া, কৃশ رَهُفَ [ك] (رَهَافَة) হওয়া, সূক্ষ্ম হওয়া, তীক্ষ্ণ হওয়া, ধারালো হওয়া

[রহাক] অন্যায়, পাপ, অপকর্ম, বাড়াবাড়ি, رَهَق জুলুম, নির্যাতন, নির্বুদ্ধিতা, অজ্ঞতা, অবাধ্যতা

[রহিক্বা] নির্বোধ হওয়া, বোকা رَهِقَ [س] (رَهَق) হওয়া, অজ্ঞ হওয়া, বাড়াবাড়ি করা, অন্যায় করা, পাপ করা, মিথ্যা বলা, দ্রুত হওয়া, কাছে আসা, নিকটবর্তী হওয়া, আপতিত হওয়া, এসে পড়া, আচ্ছন্ন করা

[রহ্‌হাক্বা] অন্যায়কারী رَهَّقَ (تَرْهِيق) [رهق] বলা, অপকর্মের অপবাদ দেওয়া

[রহিল] নরম, কোমল, থলথলে رَهِل

رَهِلَ [س] (رَهَل) [রহিলা] নরম হওয়া, কোমল হওয়া, থলথলে হওয়া

رَهْن ج رِهَان، رُهُون [রহ্ন] বন্ধক, পণ, জামিন, জামানত

رَهْن بِـ [রহ্ন বি] নির্ভরশীল, অধীন

رَهْنَ [রহ্না] অধীনে, অনুযায়ী, তে, এ

رَهْنَ إِشَارَتِهِ [রহ্না ইশারতিহী] তার ইঙ্গিতে, তার নির্দেশে

رَهْنَ التَّحْقِيق [রহ্নাত তাহ্ক্বীক] তদন্তাধীন

رَهَنَ [ف] (رَهْن) [রহানা] বন্ধক রাখা, অবস্থান করা, স্থায়ী হওয়া, স্থায়ী করা

رَهْنِيَّة [رهن] [রহ্নিয়্যাহ্] বন্ধক, পণ, জামানত

رَهْو [রহ্ও] নিশ্চলতা, স্থিরতা, শান্তভাব, নিশ্চল, স্থির, শান্ত, (ঘোড়ার) দুলকি চাল, মানুষের দল, পাতলা (কাপড়), প্রশস্ত (কূপ)

رَهْو ج رِهَاء [রহ্ও] সারস (পাখি), উঁচু জায়গা, নিচু জায়গা

رَهْوَان [رهو] [রহ্ওয়ান] দুলকি চালে চলে এমন ঘোড়া, নরম ভূমি, সমতলভূমি

رَهْوَة ج رِهَاء [رهو] [রহ্ওয়াহ্] উঁচু জায়গা, নিচু জায়গা, মানুষের দল

رَهِيب [رهب] [রহীব] ভীত, ভয়ানক, ভয়ঙ্কর, ভীতিজনক

رَهِيف [رهف] [রহীফ] পাতলা, ছিপছিপে, কৃশ, সূক্ষ্ম, তীক্ষ্ণ

رَهِيق [رهق] [রহীক] মদ, মদ্য, সুরা, শরাব

رَهِين [رهن] [রহীন] বন্ধকরূপে প্রদত্ত, পণবন্দী, জামিন, বন্দী, নির্ভরশীল, অধীন

رَهِينَة ج رَهَائِن [رهن] [রহীনাহ্] বন্ধক, গচ্ছিত বস্তু, পণ, পণবন্দী, জামিন

رَوّ [روي] [রও] উর্বরতা, পর্যাপ্ততা, প্রাচুর্য

رَوَاء [روي] [রওয়া'] তৃষ্ণা-নিবারক, মিষ্ট, মিঠা, টাটকা (পানি, পানীয়)

رِوَاء ج أَرْوِيَة [روي] [রিওয়া'] উটের পিঠে মাল-পত্র বাঁধার রশি

رُوَاء [روي] [রুওয়া'] সৌন্দর্য, কমনীয়তা, লাবণ্য

رِوَائِيّ [روي] [রিওয়া'ঈ] বর্ণনামূলক, গল্পরূপী, কাহিনীমূলক, উপন্যাস-সম্বন্ধীয়, ঔপন্যাসিক, কথাসাহিত্যিক

رَوَاج [روج] [রওয়াজ] রেওয়াজ, চল, প্রচলন, চাহিদা, গতি

رَوَاح [روح] [রওয়াহ্] গমন, প্রস্থান, সন্ধ্যায় গমন, সান্ধ্য ভ্রমণ, শান্তি, আরাম, বিশ্রাম

رَوَاسِب (رَاسِب) [رسب] [রওয়াসিব] পানি-বাহিত আবর্জনাদির তলানি, পলি

رَوَاسِي ، رَوَاسٍ [رسو] [রওয়াসী] অনড় পর্বত

رَوَاغ [روغ] [রওয়াগ] কৌশল, চাতুর্য, প্রতারণা, ছল, ধূর্ততা

رَوَّاغ [روغ] [রওওয়াগ] কৌশলবাজ, চতুর, ধূর্ত, প্রতারক, ধোঁকাবাজ

رِوَاق ، رُوَاق ج أَرْوِقَة [রিওয়াক, রুওয়াক] তাঁবু, পর্দা, উন্মুক্ত গ্যালারী, বারান্দা, করিডোর, দর-দালান, হলঘর

رِوَاقِيّ [রিওয়াক্বী] (গ্রীক দার্শনিক) জেনোর মতা-বলম্বী, জেনোবাদী, stoic

رِوَاقِيَّة [রিওয়াক্বিয়্যাহ্] (গ্রীক দার্শনিক) জেনোর মতবাদ, জেনোবাদ, stoicism

رُوَال [রুওয়াল] (মুখের) লালা, লাল

رَوَامِس [رمس] [রওয়ামিস] রাতে বের হয় এমন পাখি বা পশু, নিশাচর, ধূলা-আবর্জনা উড়িয়ে এনে নিদর্শনাদি ঢেকে দেয় এমন বাতাস

رُوَانْدَا [রুওয়ান্দা] রুয়ান্ডা (দেশ)

رِوَايَة ج رِوَايَات [روي] [রিওয়ায়াহ্] উপন্যাস, গল্প, কাহিনী, ঘটনা, বর্ণনা, রিপোর্ট, কথা-সাহিত্য

رِوَايَة بُولِيسِيَّة [রিওয়ায়াহ বূলীসিয়্যাহ্] পুলিশ রিপোর্ট, গোয়েন্দা কাহিনী

رِوَايَة تَارِيخِيَّة [রিওয়ায়াহ তারীখিয়্যাহ্] ঐতি-হাসিক উপন্যাস

رِوَايَة غَرَامِيَّة [রিওয়ায়াহ গারামিয়্যাহ্] রোমান্টিক উপন্যাস, প্রেম-কাহিনী

رِوَايَة قَصِيرَة [রিওয়ায়াহ ক্বাছীরাহ্] ক্ষুদ্রাকার উপন্যাস, ছোট উপন্যাস, ছোটগল্প

رِوَايَة مُحْزِنَة [রিওয়ায়াহ মুহ্যিনাহ্] বিয়োগান্ত উপন্যাস, ট্রাজেডি

رِوَايَة مُضْحِكَة [রিওয়ায়াহ মুদ্হিকাহ্] কমেডিঃ

হাস্যরসাত্মক গল্প

رِوَايَة هَزْلِيَّة [রিওয়ায়াহ হাযলিয়্যাহ] কমেডিঃ হাস্যরসাত্মক গল্প

رَوَّأَ (تَرْوِيئ ، تَرْوِئَة) [روأ] فِي [রাওওয়াআ] ভেবে চিন্তে দেখা

رَوْب [রাওব] (দুধ) ঘনীভূতকরণ, জমাটবদ্ধকরণ, ঘনীভূত দুধ, জমাটবদ্ধ দুধ, দই, ছানা

رَوَّبَ (تَرْوِيب) [روب] [রাওওয়াবা] (দুধ) ঘনীভূত করা, জমাটবদ্ধ করা, দই বা ছানায় পরিণত করা

رُوبَايَة [রূবায়াহ] রুপিয়াঃ ইন্দোনেশিয়ার মুদ্রা

رَوْبَة [রাওবাহ] (দইয়ের) দম্বল, সাজা, দধিবীজ, অবশিষ্ট দুধ

رُوبَة [রূবাহ] (দইয়ের) দম্বল, সাজা, দধিবীজ, অভাব, দারিদ্র, মাংসের টুকরা, রাতের অংশ

رَوْبَصَة [রাওবাছাহ] নিদ্রাবস্থায় বিচরণ, ঘুমের ঘোরে ভ্রমণ, স্বপ্নে ভ্রমণ, স্বপ্নচারিতা

رُوبِل [রূবিল] রূবলঃ রাশিয়ার মুদ্রা

رُوبِيَان [রূবিয়ান] চিংড়িমাছ, বাগদা চিংড়ি, গলদা চিংড়ি

رُوبِيَّة [রূবিয়্যাহ] রুপীঃ পাকিস্তান ও ভারতের মুদ্রা

رَوْتَشَ (رَوْتَشَة) [রাওতাশা] (উৎকর্ষসাধনের জন্য) একটুআধটু রদবদল করা, অল্পসল্প পরিবর্তন করা

رُوتِين [রূতীন] রুটিন (routine)

رَوْث ج أَرْوَاث [রাওছ] পশুর পায়খানা, পশুমল

رَوَّجَ (تَرْوِيج) [روج] [রাওওয়াজা] চালু করা, প্রচলিত করা, গতিময় করা, দ্রুত করা, (কথা) সাজিয়ে বলা, মর্ম অস্পষ্ট রাখা

رَوْجَة [রাওজাহ] দ্রুততা, গতিময়তা

رَوْح [রাওহ] আরাম, শান্তি, বিশ্রাম, আনন্দ, দয়া, অনুগ্রহ, ন্যায়বিচার, সাহায্য, পবিত্র

رَوَح [রাওয়াহ] প্রশস্ততা, প্রসার, বিস্তৃতি, ফাঁক

رَوِحَ [س] (رَوَح) [রবিহা] প্রশস্ত হওয়া, চওড়া হওয়া, বিস্তৃত হওয়া

رَوَّحَ (تَرْوِيح) [روح] [রাওওয়াহা] প্রফুল্ল করা, বিনোদনের ব্যবস্থা করা, আরাম দেওয়া, বিশ্রাম দেওয়া, বাতাস দেওয়া, বাতাস করা, সন্ধ্যায় গমন করা, (পশুকে) সন্ধ্যায় বাসস্থানে ফিরিয়ে নেওয়া, তারাবীহ্ নামায পড়ানো, (তেল) সুবাসিত করা, নষ্ট করা, বের করে দেওয়া, অকালে প্রসব করা

رُوح ج أَرْوَاح [রূহ] রূহ, রূহ্, প্রাণ, জান, আত্মা, জীবন, প্রাণশক্তি, প্রেরণা, ওহী, নির্যাস, সারাংশ

الرُّوح [আর-রূহ] মহান আত্মা, পবিত্র আত্মাঃ জিবরাঈল (আ)-এর উপাধি

الرُّوح الأَعْظَم [আর-রূহুল আ'যম] সর্বোচ্চ আত্মাঃ আল্লাহ

الرُّوح الأَمِين [আর-রূহুল আমীন] বিশ্বস্ত আত্মাঃ জিবরাঈল (আ)-এর উপাধি

رُوح شِرِّيرَة [রূহ শিররীরাহ] দুষ্ট আত্মা, খারাপ আত্মা

رُوح القُدُس [রূহুল কুদুস] পবিত্র আত্মাঃ জিবরাঈল (আ)-এর উপাধি

رُوح مَعْنَوِيَّة [রূহ মা'নাবিয়্যাহ] মনোবল, প্রাণশক্তি

رُوحَانِيّ [روح] [রূহানী] আত্মিক, আধ্যাত্মিক, রূহানী

رُوحَانِيَّة ج رُوحَانِيَّات [روح] [রূহানিয়্যাহ] আত্মিকতা, আধ্যাত্মিকতা, রূহানিয়াত

رُوحِيّ [রূহী] আত্মাসংক্রান্ত, আত্মিক, আধ্যাত্মিক, প্রাণশক্তিমূলক

رُوحِيَّة [روح] [রূহিয়্যাহ] আত্মিকতা, আত্মিকবাদ, আধ্যাত্মিকতা, অধ্যাত্মবাদ

رَوْد [রাওদ] তালাশ, অনুসন্ধান, পথ প্রবর্তন, কোমল (বাতাস)

رَوَّدَ (تَرْوِيد) [رود] [রাওওয়াদা] তালাশ করানো, অন্বেষণ করতে পাঠানো, সামনে পাঠানো

رَوْز [রাওয] পরীক্ষা, যাচাই, পরখ, বিশ্লেষণ, ওজন

رُوزْنَامَة [রোযনামাহ] রোজনামা, রোজনামচা, দিনলিপি, দিনপঞ্জিকা, ক্যালেণ্ডার

رُوسِيَا [রূসিয়া] রাশিয়া (দেশ)

رُوسْتُو [রোস্তো] রোস্ট, ঝলসানো গোশত

رَوْسَم ج رَوَاسِم [رسم] [রাওসাম] খোদাই-করা

পাত, লেখার ছাপযুক্ত পাত, মুদ্রণপ্লেট (printing plate)

[আর-রূস] রুশ জাতি, রাশিয়ার মানুষ الرُّوس

[রাওসাব] দুর্যোগ, বিপদ رَوْسَب

[রাওসাম] দুর্যোগ, বিপদ, [رسم] رَوْسَم ج رَوَاسِم ছাপ, চিহ্ন

[রূসী] রুশ, রাশিয়ান, রাশিয়ার رُوسِيّ

[আর-রূসিয়্যাহ] রুশ ভাষা الرُّوسِيَّة

[রাওশান] আলো আসার [رشن] رَوْشَن ج رَوَاشِن জন্য ছাদে বা দেয়ালে তৈরী ছোট জানালা, আলো প্রবেশের ফাঁক বা ছিদ্র

[রাওদ] বাগান, বাগ, رَوْض ج رِيَاض ، رِيضَان উদ্যান, কানন, বাগিচা, তৃণভূমি, তৃণক্ষেত্র

[রাওওয়াদা] পোষা, [روض] رَوَّضَ (تَرْوِيض) পোষ মানানো, প্রশিক্ষণ দেওয়া, অভ্যস্ত করা, (নদী) শাসন করা

[রাওদাহ] বাগান, বাগ, رَوْضَة ج رَوْضَات ، رِيَاض বাগিচা, তৃণভূমি, তৃণক্ষেত্র, রওযা, সমাধি, কবর

[রাওদাতুল আত্‌ফাল] নার্সারি স্কুল, رَوْضَة الأَطْفَال শিশু শিক্ষালয়, কিন্ডারগার্টেন

[রাও'] ভয়, ভীতি, শঙ্কা, ডর, আতঙ্ক, মুগ্ধ رَوْع

[রাওয়া'] সৌন্দর্য, শোভা رَوَع

[রাবি'আ] মেধাবী হওয়া, ধীমান (رَوَع) [س] رَوِعَ হওয়া, বুদ্ধিমান হওয়া, বিচক্ষণ হওয়া

[রাওওয়া'আ] ভয় দেখানো, [روع] رَوَّعَ (تَرْوِيع) ভীতিপ্রদর্শন করা, ভীত করা, মুগ্ধ করা

[রূ'] অন্তর, হৃদয়, মন, আত্মা, বুদ্ধি رُوع

[রাও'আহ] ভয়, ভীতি, শঙ্কা, চমৎকারিত্ব, رَوْعَة সৌন্দর্য, কমনীয়তা, আকর্ষণ, বিস্ময়

[রাওওয়াগা] (খাদ্যে) তেল [روغ] رَوَّغَ (تَرْوِيغ) দেওয়া

[রাওয়াগান] কৌশলে পথ পরিবর্তন, ছল, رَوَغَان চাতুরি, প্রতারণা, ধোঁকা

[রাওক] তাঁবু, পর্দা, শিং, দল, ভাগ, رَوْق ج أَرْوَاق অংশ, (যৌবনের) প্রারম্ভ, (রাতের) সূচনা, বারান্দা, করিডোর, দরদালান, গ্যালারি, হলঘর, নির্ভীক মানুষ, বীরপুরুষ, নেতা, মানুষের দেহ, সুন্দর ঘোড়া, বৃষ্টি, জীবন, খাঁটি প্রেম, বিশুদ্ধ পানি

[রাওওয়াকা] পরিষ্কার করা, [روق] رَوَّقَ (تَرْوِيق) পরিস্রুত করা, শোধন করা, পরিশোধন করা, স্বচ্ছ করা, সুস্থ হয়ে ওঠা, (ঘরে) বারান্দা দেওয়া, (রাত) অন্ধকার হওয়া

[রাওকাহ] অপরূপ সৌন্দর্য رَوْقَة

[রূকাহ] অপরূপ সুন্দর, সেরা মানুষ رُوقَة

[রাওম] ইচ্ছা, কামনা, বাসনা, প্রত্যাশা, আগ্রহ, رَوْم উদ্দেশ্য, কানের লতি

[রাওওয়ামা] ইচ্ছুক করা, بِ [روم] رَوَّمَ (تَرْوِيم) আগ্রহী করা, প্রত্যাশী করা, অবস্থান করা, থামা

[আর-রূম] রোমান, গ্রীক (জাতি), রোম الرُّوم (সাম্রাজ্য), সূরা আর-রূমঃ পবিত্র কোরআনের ৩০তম সূরা

[আর-রূম আল-কাছোলীক] الرُّوم الكَاثُولِيك রোমান ক্যাথলিক

[রূমা] রোম (নগরী)ঃ ইটালির রাজধানী رُومَا

[আর-রূমান] রোমান, গ্রীক (জাতি) الرُّومَان

[রোমানতীকী] রোমান্টিক رُومَانْتِيكِيّ ، رُومَانْطِيقِيّ (romantic)

[রোমানতীকিয়্যাহ] رُومَانْتِيكِيَّة ، رُومَانْطِيقِيَّة রোমান্টিকতা, রোমান্টিসিজম (romanticism)

[রূমানী] রোমান, রুমানীয়, রুমানিয়ার رُومَانِيّ

[রূমানিয়া] রুমানিয়া (দেশ) رُومَانِيَا

[রূমাহ] রোম (নগরী)ঃ ইটালির রাজধানী رُومَة

[রূমী] মোরগজাতীয় একপ্রকার গৃহপালিত رُومِيّ পাখি, টার্কি

[রূমী] রোমান, গ্রীক رُومِيّ ج أَرْوَام

[রূনাহ] প্রচণ্ডতা, বড় অংশ, প্রধান অংশ رُونَة

[রাওনাক] উজ্জ্বলতা, শোভা, সৌন্দর্য, [رنق] رَوْنَق বাহার

[রাওয়া] বর্ণনা করা, [روي] (رِوَايَة) رَوَى [ض] উদ্ধৃত করা, রিপোর্ট করা, গল্প বলা

[রাওয়া] পানি দেওয়া, পান [روي] (رَيّ) رَوَى করতে দেওয়া, তৃষ্ণা নিবারণ করা, সিক্ত করা, সেচ দেওয়া

[রাবী] তৃষ্ণা-নিবারক, (কবিতায়) [روي] رَوِيّ

অন্ত্যমিল-বর্ণ

رَوِيَ [س] (رَيٌّ ، رِيٌّ) [রবিয়া] পরিতৃপ্ত হওয়া, সিক্ত হওয়া, পানিসিঞ্চিত হওয়া

رَوَّى (تَرْوِيَة) [روي] [রাওওয়া] সিক্ত করা, পানি দেওয়া, তৃষ্ণা নিবারণ করা

رُوِيَ [রুবিয়া] বর্ণিত আছে, কথিত আছে

رَوِيَّة [روي] [রবিয়্যাহ্] সতর্কতা, ধীরতা, চিন্তা, ধ্যান, বিবেচনা

بِرَوِيَّة ، عَنْ رَوِيَّة [বি-রবিয়্যাহ, 'আন রবিয়্যাহ] সতর্কতার সাথে, ধীরস্থিরভাবে, চিন্তাভাবনা করে

رُوَيْدًا [রুওয়াইদান] আস্তে আস্তে, ধীরে ধীরে, শান্তভাবে, কিছুকালের জন্য

رُوَيْدَكَ [রুওয়াইদাকা] আস্তে! ধীরে! আস্তে আস্তে যাও! আস্তে আস্তে কর! ধীরে চল! ধীরে কর!

رُوَيْغَة [روغ] [রুওয়াইগাহ্] কৌশল, প্রতারণা, ছল, চাতুরি

رَيّ [روي] [রাই] সেচ, সিঞ্চন, তৃষ্ণা নিবারণ

رِيّ [روي ، ريي] [রী] সেচ, সিঞ্চন, স্বচ্ছলতা, ভাল অবস্থা, সুন্দর দৃশ্য, সুন্দর আকৃতি

رَيَّا [روي] [রাইয়্যা] সুগন্ধ, সুঘ্রাণ, সুরভি, সৌরভ

رِيَاء [رأي] [রিয়া'] প্রদর্শন, আত্মপ্রদর্শন, ভান, কপটতা, মোনাফেকি, ভণ্ডামি

رِيَادَة [رود] [রিয়াদাহ্] অনুসন্ধান, তালাশ, পথ প্রবর্তন

رِيَاسَة [رأس] [রিয়াসাহ্] সভাপতিত্ব, নেতৃত্ব, কর্তৃত্ব, প্রেসিডেন্টের পদ

رَيَّاش [ريش] [রাইয়াশ] তীরে পালক লাগানোর কাজ করে এমন, তীরে পালক সংযোগকারী

رِيَاش [রিয়াশ] আসবাবপত্র, শৌখিন পোশাক, জীবিকা, সম্পদ, সমৃদ্ধি, ভাল অবস্থা

الرِّيَاض [আর-রিয়াদ] রিয়াদ (নগরী)ঃ সৌদী আরবের রাজধানী

رِيَاضَة ج رِيَاضَات [روض] [রিয়াদাহ্] ব্যায়াম, খেলাধুলা, অনুশীলন, চর্চা, সাধনা, প্রশিক্ষণ, গণিতশাস্ত্র

رِيَاضِيّ [রিয়াদী] ক্রীড়াসংক্রান্ত, ক্রীড়া-বিষয়ক, গণিত-সম্বন্ধীয়, গাণিতিক; ক্রীড়াবিদ, গণিত-শাস্ত্রবিদ

الرِّيَاضِيَّات [روض] [আর-রিয়াদিয়্যাত] গণিত-শাস্ত্র, অঙ্কশাস্ত্র

رِيَال ج رِيَالَات [রিয়াল] রিয়ালঃ সৌদী আরবের মুদ্রা

رِيَال ، رِيَالَة [ريل] [রিয়াল, রিয়ালাহ্] (মুখের) লালা, লাল

رَيَّان مث رَيَّا ج رِوَاء [روي] [রাইয়ান] পরিতৃপ্ত, সুসিক্ত, উত্তমরূপে সিঞ্চিত, পরিপূর্ণ, ভরা, নরম, কোমল

رَيْب [রাইব] সন্দেহ, সংশয়, অবিশ্বাস, অনুমান, ধারণা, অনিশ্চয়তা, প্রয়োজন, অভাব

رَيْب الْمَنُون [রাইবুল মানুন] কালচক্র, জীবনের দুঃখকষ্ট, বিপদাপদ

رِيبَة ج رِيَب [রীবাহ্] সন্দেহ, সংশয়, অবিশ্বাস, মানসিক অস্থিরতা, উদ্বেগ

رَيْث [রাইছ] সময়কাল, অবকাশ, পরিমাণ, দেরি, বিলম্ব, ধীরতা

رَيِّث [রাইয়িছ] ধীর, বিলম্বিত

رَيْثَمَا [রাইছামা] যতক্ষণ পর্যন্ত, যে সময়ে, যে পরিমাণ, যতটুকু

رَيِّح [ريح] [রাইয়িহ] ভাল বাতাস আছে এমন, প্রবল বাতাসযুক্ত, ঝড়ো

رِيح ج رِيَاح [রীহ্] বায়ু, বাতাস, হাওয়া, শ্বাস, পেটের গ্যাস, ক্ষমতা, ঘ্রাণ

رِيح مَوْسِمِيَّة [রীহ মাওসিমিয়্যাহ্] মৌসুমী বায়ু

أَخْرَجَ رِيحًا [আখরজা রীহান] পেটের গ্যাস ছাড়া, পাদ দেওয়া

رَيْحَان ج رَيَاحِين [روح] [রাইহান] সুগন্ধ গুল্ম, সুগন্ধ ফুল, পুদিনাজাতীয় একপ্রকার গুল্ম, দয়া, জীবিকা

رَيْحَانَة ج رَيْحَانَات [روح] [রাইহানাহ্] শস্য-ফুল, ভাল স্ত্রীলোক, উত্তম নারী

رِيحَة [রীহাহ্] ঘ্রাণ, গন্ধ, বাতাস, বায়ু

رَيَّسَ (تَرْيِيس) [رأس] [রাইয়াছা] নেতা বানানো, নেতৃত্বে আসীন করা

رَيَّشَ (تَرْيِيش) [ريش] [রাইয়াশা] পালকযুক্ত করা, পালক লাগানো, পালক গজানো

رِيش ج أَرْيَاش রীশ] (পাখির) পালক, সম্পদ, প্রাচুর্য, সমৃদ্ধি, জীবিকা, আসবাবপত্র, পোশাক-পরিচ্ছদ, সাজসজ্জা

رِيشَة ج رِيشَات [রীশাহ্] (পাখির) পালক, নিব, লেখনী, কলম, পেন্সিল, তুলি, পাখা

رِيشِيّ [রীশী] পালকের মত, পালকসদৃশ, তুল-তুলে

رَيْع [রই'] উৎকর্ষ, সূচনা, প্রারম্ভ, শ্রেষ্ঠাংশ

رَيْع ج رُيُوع [রই'] আয়, লাভ, মুনাফা, ফল, ফসল, উঁচু স্থান, টিলা, পথ, রাস্তা

رَيَّعَ (تَرْيِيع) [ريع] [রইয়া'আ] বাড়ানো, বৃদ্ধি করা, বৃদ্ধি পাওয়া

رِيع ج رُيُوع ، أَرْيَاع [রী'] উঁচু স্থান, টিলা, মঠ, কবুতরের খোপ, পথ, রাস্তা

رَيْعَان [রই'আন] উৎকর্ষ, সূচনা, প্রারম্ভ, সেরা অংশ, শ্রেষ্ঠাংশ

رَيِّف [ريف] [রইয়িফ] উর্বর (জায়গা)

رِيف ج أَرْيَاف ، رُيُوف [রীফ] পল্লী এলাকা, গ্রাম, কৃষি-জমি, উর্বর ভূমি, উপকূল

رِيفِيّ [রীফী] গ্রামীণ, গ্রাম্য, গ্রামবাসী, গ্রামের লোক

رِيق ج أَرْيَاق ، رِيَاق [রীক] থুথু, থুতু, নিষ্ঠীবন, লালা, শেষ নিঃশ্বাস

عَلَى الرِّيق ['আলার রীক] কিছু না খেয়ে, খালি পেটে

رَيْم [রইম] বৃদ্ধি, বাড়তি, টিলা, সমাধি, সন্ধ্যা, দীর্ঘকাল, শ্বেত হরিণ, ধাপ

رِيم ج آرَام [রীম] সাদা হরিণ, শ্বেত হরিণ, ফেনা, গাঁজলা

رَيْهُقَان [রইহুক্বান] কুমকুম, জাফরান

رِيُو دِي جَانِيرُو [রিউ দী জানীরো] রিও ডি জেনিরো (নগরী)

ز

[যা'] যাঃ আরবী বর্ণমালার ১১শ হরফ ز

[যা'] যা'ঃ ز বর্ণের নাম زاء

[যা'ইদ] অতিরিক্ত, উদ্বৃত্ত, অধিক, বেশী, বর্ধনশীল زائد [زيد]

[যা'ইদাহ] অতিরিক্ত বস্তু, বাড়তি জিনিস, বর্ধিত অংশ زائدة ج زوائد [زيد]

[যা'ইদাহ আন্‌ফিয়্যাহ] নাকের পিছন দিকে গলার কাছে একপ্রকার নরম মাংসখণ্ড, গলরসগ্রন্থি, adenoids زائدة أنفية

[যা'ইদাহ দুদিয়্যাহ] উদগত উপাঙ্গ-বিশেষ, উপান্ত্র, appendix زائدة دودية

[ইল্‌তিহাবুয যা'ইদাহ আদ-দুদিয়্যাহ] উপান্ত্রের প্রদাহ, অ্যাপেনডিসাইটিস (appendicitis) التهاب الزائدة الدودية

[যা'ইর] গর্জনকারী (সিংহ) زائر [زأر]

[যা'ইর] সাক্ষাতের উদ্দেশ্যে আগমনকারী, সাক্ষাৎকারী, আগন্তুক, পরিদর্শনকারী, যিয়ারতকারী, ভ্রমণকারী, অতিথি زائر ج زوّار ، زُوّر ، زائرون [زور]

[যা'ইগ] বিচ্যুত, ভ্রষ্ট, বক্র, বাঁকা زائغ [زيغ]

[যা'ইফ] জাল, নকল (মুদ্রা) زائف [زيف]

[যা'ইল] ধ্বংসশীল, নশ্বর, অস্থায়ী, অনিত্য زائل [زول]

[যা'ঈর] জায়েরে (দেশ) زائير

[যাবানা] ধাক্কা দেওয়া, ঠেলা দেওয়া زابن (مزابنة) [زبن]

[যাতা] তেল দেওয়া, তেল লাগানো, তেল ভরা, তৈলাক্ত করা زات [ض] (زيت) [زيت]

[যাজ] সালফেট, vitriol (রাসায়নিক পদার্থ) زاج

[যাজ আখ্‌দর] আয়রন সালফেট, green vitriol زاج أخضر

[যাজ আয্‌রক] কপার সালফেট, তুঁতে, blue vitriol زاج أزرق

[যাইতুয যাজ] সালফেট-তেল, ঘনীভূত সালফিউরিক এসিড زيت الزاج

[যাজা] বিরোধ সৃষ্টি করা, বিরোধ লাগানো, ঝগড়া বাঁধানো زاج [ن] (زوج) [زوج] بين

[যাজির] ধমক দানকারী, তিরস্কারকারী, বিরতকারী, বাধাদানকারী, বিতাড়ক, বাধা, বিবেক زاجر [زجر]

[যাজিরাহ] প্রতিবন্ধকতা, বাধা, সীমাবদ্ধতা, নিয়ন্ত্রণ-ব্যবস্থা زاجرة ج زواجر [زجر]

[যাহা] দূরে যাওয়া, দূর হওয়া, চলে যাওয়া, সরে যাওয়া زاح [ن] (زوح) [زوح] عن

[যাহা] দূর হওয়া, দূরে যাওয়া, চলে যাওয়া, সরে যাওয়া زاح [ض] (زيح ، زيوح) [زيح] عن

[যাহিফ] হামাগুড়ি দিয়ে চলে এমন, হামাগুড়িরত, লতানো (উদ্ভিদ) زاحف [زحف]

[যাহিফ, যাহিফাহ] বুকে ভর দিয়ে চলে এমন প্রাণী, সরীসৃপ زاحف ، زاحفة ج زواحف [زحف]

[যাহামা] চাপাচাপি করা, ঠাসাঠাসি করা, ঠেলাঠেলি করা, ধাক্কা দেওয়া, প্রতিযোগিতা করা, কাছাকাছি আসা, ভিড় করা زاحم (مزاحمة ، زحام) [زحم]

[যাখির] স্ফীত, উদার, বদান্য, পূর্ণ, পরিপূর্ণ, কানায় কানায় পূর্ণ زاخر [زخر]

[যাদ] পাথেয়, সম্ভার, খাদ্যসম্ভার, সঞ্চয়, সরবরাহ زاد ج أزواد، أزودة [زود]

[যাদা] পাথেয় যোগাড় করা, পাথেয় লওয়া زاد [ن] (زود) [زود]

[যাদা] বৃদ্ধি করা, বাড়ানো, বৃদ্ধি পাওয়া, অধিক হওয়া زاد [ض] (زيادة) [زيد] على ، عن

[যারা] পরিদর্শন করা, সাক্ষাৎ করা, যিয়ারত করা, ভ্রমণ করা زار [ن] (زيارة) [زور]

[যারা'আ] (জমিতে) বীজ বপন করা, চারা রোপণ করা, কৃষি করা, চাষাবাদ করা, ফসলের ভাগে জমি চাষ করতে দেওয়া, বরগা দেওয়া زارع (مزارعة) [زرع]

زَارِع ج زُرَّاع [زرع] [যারি'] রোপণকারী, বপনকারী, স্থাপনকারী, চাষাবাদকারী, চাষী, কৃষক

زَارِعَة الأَلْغَام [যারি'আতুল আলগাম] মাইন পাতার জাহাজ বা বিমান

زَاعِم [زعم] [যা'ইম] ধারণাকারী, দাবিদার, ভানকারী

زَاغ ج زِيغَان [যাগ] কাক, ছোট কাক, দাঁড়কাক

زَاغَ [ن] (زَوْغ ، زَوَغَان) [زوغ] [যাগা] লক্ষ্যচ্যুত হওয়া, বিচ্যুত হওয়া, সরে যাওয়া, (দৃষ্টি) স্থির না থাকা, নুয়ে পড়া, (উটকে) লাগাম ধরে টানা

زَاغَ [ض] (زَيْغ ، زَيَغَان) [زيغ] عَنْ [যাগা] ভ্রষ্ট হওয়া, বিচ্যুত হওয়া, বক্র হওয়া, সরে যাওয়া, (সূর্য) অস্তগামী হওয়া, (দৃষ্টি) নিস্তেজ হয়ে আসা

زَافَ [ض] (زَيْف ، زُيُوف) [زيف] [যাফা] (মুদ্রা) জাল হওয়া, নকল হওয়া, জাল বলে গণ্য করা

زَافِرَة ج زَوَافِر [زفر] [যাফিরাহ্] স্কন্ধমূল ও তার নিম্নাংশ, পাঁজরের হাড়, দুর্যোগ, বিপদ, ধনুক, দল, বাহিনী, গোত্রীয় লোকজন, সমর্থকবৃন্দ, ভর, ঠেক, বড় উট, বড় নেতা

زَالَ [ن] (زَوْل ، زَوَال ، زُؤُول) [زول] [যালা] দূর হওয়া, বিলুপ্ত হওয়া, বিলীন হওয়া, মিটমিট করে জ্বলা, (সূর্য) হেলে পড়া, ঢলে পড়া

زَالَ [س] (زَيْل) [زيل] [যালা] আলাদা হওয়া, পৃথক হওয়া, ক্ষান্ত হওয়া, নিরস্ত হওয়া, উধাও হওয়া, শেষ হওয়া

مَا زَالَ ، لاَ زَالَ [মা যালা, লা যালা] অব্যাহত থাকা, চলতে থাকা, ক্ষান্ত না হওয়া, শেষ না হওয়া

زَامْبِيَا [যাম্বিয়া] *জাম্বিয়াঃ আফ্রিকার একটি দেশ*

زَامَلَ (مُزَامَلَة) [زمل] [যামালা] সহকর্মী হওয়া, সঙ্গী হওয়া, সহযাত্রী হওয়া

زَامَنَ (مُزَامَنَة ، زِمَان) [زمن] [যামানা] এক সময়ের হওয়া, সমকালীন হওয়া, সমসাময়িক হওয়া

زَامِن [زمن] [যামিন] কঠিন (সময়)

زَان [যান] লম্বা ও সোজা একপ্রকার গাছ ও তার কাঠ, beech

زَانَ [ض] (زَيْن) [زين] [যানা] সাজানো, সজ্জিত করা, সুন্দর করা

زَانَى (مُزَانَاة ، زِنَاء) [زني] [যানা] যেনা করা, ব্যভিচার করা, অবৈধ যৌনাচার করা

زَانِي ج زُنَاة [زني] [যানী] যেনাকারী, ব্যভিচারী, অবৈধ যৌনাচারী

زَانِيَة ج زَوَانِي [زني] [যানিয়াহ্] যেনাকারিণী, ব্যভিচারিণী, অবৈধ যৌনাচারকারিণী

زَاهِد ج زُهَّد ، زُهَّاد [زهد] [যাহিদ] সংসারত্যাগী, সন্ন্যাসী, তাপস, দরবেশ, অনাগ্রহী, উদাসীন

زَاهِر [زهر] [যাহির] উজ্জ্বল, আলোকময়, পুষ্পিত, মুকুলিত

زَاهِق [زهق] [যাহিক] ধ্বংসশীল, মরণশীল, নশ্বর

زَاهِي ، زَاهٍ مث زَاهِيَة [زهو] [যাহী, যাহিন] উজ্জ্বল, সুন্দর, চমৎকার, সেরা

زَاوَجَ (مُزَاوَجَة ، زِوَاج) [زوج] [যাওয়াজা] মেলামেশা করা, মিলিত হওয়া, জোড়া গঠন করা, জোড়াবদ্ধ করা, মিলিত করা, দ্বিগুণ করা

زَاوَرَة ، زَاوِرَة [زور] [যাওয়ারাহ, যাবিরাহ্] *(পাখির) পাকস্থলি, পাকাশয়*

زَاوَلَ (مُزَاوَلَة) [زول] [যাওয়ালা] লেগে থাকা, নিয়োজিত থাকা, রত হওয়া, অনুশীলন করা, চর্চা করা

زَاوُورَة [زور] [যাবুরাহ্] (পাখির) পাকস্থলি

زَاوُوق [যাবুক] পারদ, পারা

زَاوِيّ [زوي] [যাবী] কোণ-বিষয়ক, কোণযুক্ত, কৌণিক, কোণী, কোণাচে

زَاوِيَة ج زَوَايَا [زوي] [যাবিয়াহ্] কোণ, কোনা, প্রান্ত

زَاوِيَة خَارِجَة ، زَاوِيَة خَارِجِيَّة [যাবিয়াহ খারিজাহ, যাবিয়াহ খারিজিয়্যাহ্] বাইরের কোণ

زَاوِيَة دَاخِلَة ، زَاوِيَة دَاخِلِيَّة [যাবিয়াহ দাখিলাহ, যাবিয়াহ দাখিলিয়্যাহ্] ভিতরের কোণ

حَجَر الزَّاوِيَة [হাজারুয যাবিয়াহ্] ভিত্তিপ্রস্তর

زَايَدَ (مُزَايَدَة) [زيد] [যায়াদা] অধিক মূল্য হাঁকা, নিলাম ডাকা, বাড়াবার প্রতিযোগিতা করা

زَايَلَ (مُزَايَلَة) [زيل] [যায়ালা] পৃথক হওয়া, ত্যাগ করা, ছেড়ে যাওয়া

[যুআম] হঠাৎ, আকস্মিক, সহিংস (মৃত্যু) زُؤَام

[যুআন] মুখমণ্ডলের কালোমাথা ব্রণবিশেষ, একপ্রকার উদ্ভিদ, darnel زُؤَان

[যা'বারা] (কাপড়ের) রোঁয়া বের করা, আঁশ বের করা, (কাপড়) রোঁয়াযুক্ত হওয়া, আঁশযুক্ত হওয়া زَأْبَرَ (زَأْبَرَة)

[যি'বার] কাপড়ের রোঁয়া বা আঁশ زِئْبِر

[যা'বাক্কা] পারদের প্রলেপ দেওয়া, পারদ লাগানো زَأْبَقَ (زَأْبَقَة)

[যি'বাক, যি'বিক] পারদ, পারা زِئْبَق ، زِئْبِق

[যাআরা] (সিংহ) গর্জন করা, হুঙ্কার ছাড়া زَأَرَ [ف] (زَئِير)

[যা'ইর] গর্জনকারী, নিনাদী (সিংহ) زَئِر

[যা'ঈর] (সিংহের) গর্জন, হুঙ্কার, নিনাদ زَئِير [زأر]

[যাব্বাব] কিশমিশ বিক্রেতা, কিশমিশওয়ালা زَبَّاب [زبب]

[যাবাবাহ] ছুঁচোজাতীয় প্রাণী, shrew زَبَابَة

[যাবাদ] খাটাশ, গন্ধগোকুল, খাটাশের দেহের গ্রন্থি থেকে তৈরী গন্ধদ্রব্য زَبَاد

[যাব্বাল] মেথর, ঝাড়ুদার, সুইপার زَبَّال [زبل]

[যুবাল, যিবাল] ক্ষুদ্র বস্তু, সামান্য পরিমাণ زُبَال ، زِبَال

[যুবালাহ, যিবালাহ] ময়লা, আবর্জনা, জঞ্জাল زُبَالَة ، زِبَالَة [زبل]

[যুবানা] হুল, কাঁটা, শুঁড়, শুঙ্গ زُبَانَى ج زُبَانَيَات [زبن]

[যাবানিয়াহ] পুলিশ, জাহান্নামীদের জাহান্নামে নিয়ে যাওয়ার দায়িত্বে নিয়োজিত ফেরেশতাবৃন্দ زَبَانِيَة [زبن]

[যাবাদ] ফেনা, গাঁজলা, কাইট, গাদ, সর زَبَد ج أَزْبَاد

[যাবাদা] (দুধের) মাখন তোলা زَبَدَ [ن] (زَبْد)

[যাব্বাদা] (দুধের উপর) মাখন ওঠা, সর পড়া, ফেনা ওঠা زَبَّدَ (تَزْبِيد) [زبد]

[যুব্দ, যুব্দাহ] মাখন, মাখম, ননী زُبْد ، زُبْدَة

[যুব্দাহ] শ্রেষ্ঠাংশ, সারাংশ, সার-কথা, মূলকথা زُبْدَة ج زُبَد

[যাবাদী] ফেনাযুক্ত, ফেনায়িত, ফেনিল زَبَدِيّ

[যুব্দী] মাখন-সম্বন্ধীয়, মাখনের মত زُبْدِيّ

[যাব্দিয়্যাহ, যিব্দিয়্যাহ, যুব্দিয়্যাহ] গামলা, বাটি, সরা, সরাজাতীয় পাত্র زَبْدِيَّة ، زُبْدِيَّة ج زَبَادِيّ

[যিব্র] লিখিত বস্তু, বই, গ্রন্থ, বুদ্ধি زِبْر ج زُبُور

[যুব্রাহ] খণ্ড, টুকরা, লোহার পাত, লৌহখণ্ড, কামারের নেহাই زُبْرَة ج زُبَر ، زُبُر

[যাবরজা] সুন্দর করা, সজ্জিত করা, অলংকৃত করা زَبْرَجَ (زَبْرَجَة)

[যিব্রিজ] সাজ, সজ্জা, ভূষণ, অলংকার, স্বর্ণ, সুন্দর বস্তু, সোনালী মেঘ زِبْرِج ج زَبَارِج

[যাবার্‌জাদ] গোমেদঃ পীতবর্ণ মণিবিশেষ زَبَرْجَد

[যাব্যাব] গর্তবাসী একপ্রকার ছোট আকারের নিশাচর প্রাণী, ব্যাজার (badger) زَبْزَب ج زَبَازِب

[যাবালা] (জমিতে) সার দেওয়া زَبَلَ [ض] (زَبْل)

[যাব্বালা] (জমিতে) সার দেওয়া زَبَّلَ (تَزْبِيل) [زبل]

[যিব্ল, যিব্লাহ] পশুমল, সার زِبْل ، زِبْلَة

[যাবানা] ধাক্কা দেওয়া, ঠেলা দেওয়া, দূরে সরিয়ে দেওয়া, (উট) লাথি মারা, গাছে থাকা অবস্থায় (ফল) বিক্রি করা زَبَنَ [ض] (زَبْن)

[যাবূর] গ্রন্থ, পুস্তক, কিতাব, বই زَبُور ج زُبُر

[আয-যাবূর] যাবূরঃ দাঊদ (আ)-এর নিকট অবতীর্ণ আসমানী কিতাব الزَّبُور

[যাবূন] লাথি মারে এমন (উট), তীব্র, প্রচণ্ড (যুদ্ধ), বোকা زَبُون

[যাবূন] খরিদ্দার, খদ্দের, ক্রেতা, মক্কেল زَبُون ج زُبُن ، زَبَائِن

[যাবীব] কিশমিশ, মনাক্কা, সাপের বিষ زَبِيب

[যাবীবাহ] কিশমিশ, মনাক্কা, হাতের ঘা, মুখের ফেনা زَبِيبَة

[যুবইয়াহ] হিংস্র প্রাণী শিকারের জন্য নির্মিত গর্ত, পানি উঠতে পারে না এমন উঁচু স্থান زُبْيَة ج زُبًى

[যাবীল] পশুমল, গোবর, زَبِيل ج زُبُل ، زُبْلَان

সার, ঝুড়ি, গাছের পাতার তৈরী ঝুড়ি, খেজুর পাতার ঝুড়ি, খড়ের তৈরী থলে

زِبِّيل ج زَبَابِيل [যিব্বীল] ঝুড়ি, গাছের পাতার তৈরী ঝুড়ি, খেজুর পাতার ঝুড়ি, খড়ের তৈরী থলে

زَجَّ [ن] (زَجّ) [যাজ্জা] নিক্ষেপ করা, তাড়িয়ে দেওয়া, ঠেলে দেওয়া, চাপ দেওয়া, জড়িত করা

زُجّ ج زِجَاج ، أَزْجَاج ، أَزِجَّة ، زِجَجَة [যুজ্জ] তীর বা বর্শার ফলা, ধাতব আংটা

زَجَا [ن] (زَجْو) [زجو] [যাজা] ঠেলে দেওয়া, তাড়িয়ে নেওয়া, চাপ দেওয়া

زَجَّاج [زجج] [যাজ্জাজ] কাঁচ প্রস্তুতকারী, কাঁচ-বিক্রেতা, কাঁচ ব্যবসায়ী, জানালা ইত্যাদিতে কাঁচ লাগানোর মিস্ত্রি

زَجَاج ، زِجَاج [زجج] [যাজাজ, যিজাজ] কাঁচ, কাচ, শিশা

زُجَاج [زجج] [যুজাজ] কাঁচ, কাচ, শিশা

زِجَاجَة [زجج] [যিজাজাহ] কাঁচ ব্যবসা, কাঁচের কাজ, কাঁচের টুকরা, শিশি, বোতল

زُجَاجَة [زجج] [যুজাজাহ] কাঁচের টুকরা, কাঁচ, শিশি, বোতল, কাঁচের পাত্র

زُجَاجِيّ [যুজাজী] কাঁচ-সম্বন্ধীয়, কাঁচের তৈরী, কাঁচের ন্যায়, কাঁচবিক্রেতা, কাঁচওয়ালা, কাঁচ ব্যবসায়ী

زَجَّجَ (تَزْجِيج) [زجج] [যাজ্জাজা] কাচসদৃশ করা, কাচে পরিণত করা, কাচীভূত করা, কাচ লাগানো, (জ্রতে) সুরমা লাগানো, মেরামত করা

زَجْر [যাজ্‌র] ধমক, তিরস্কার, বিতাড়ন, বারণ, নিষেধকরণ

زَجَرَ [ن] (زَجْر) [যাজারা] ধমক দেওয়া, নিষেধ করা, বারণ করা, তিরস্কার করা, তাড়িয়ে দেওয়া, উড়িয়ে দেওয়া

زَجْرَة [যাজ্‌রাহ] ধমক, তিরস্কার, বিকট শব্দ

زَجَل ج أَزْجَال [যাজাল] হৈচৈ, শোরগোল, শব্দ, নিনাদ, গর্জনকারী মেঘ, খেলা, লোক-কবিতা

زَجَلَ [ن] (زَجْل) [যাজালা] নিক্ষেপ করা, ছুঁড়ে মারা, আঘাত করা, (কবুতর) দূরে পাঠানো

زَجِل [যাজিল] জোরে গান গায় এমন, হৈচৈকারী

زَجِلَ [س] (زَجَل) [যাজিলা] গান গাওয়া, হৈচৈ করা, খেলা

زَجْلَة ج زَجَلَات [যাজ্‌লাহ] হৈচৈ, শোরগোল

زُجْلَة ج زُجَل [যুজ্‌লাহ] মানুষের দল, সামান্য পরিমাণ, টুকরা, অবস্থা

زَجَّى (تَزْجِيَة) [زجو] [যাজ্জা] তাড়িয়ে নেওয়া, ঠেলে দেওয়া, চাপ দেওয়া

زُحَار [যুহার] আমাশয় (রোগ), আর্তনাদ, ক্রন্দন, গোঙানি, কোঁকানি

زَحَّاف ، زَحَّافَة ج زَحَّافَات [زحف] [যাহ্হাফ, যাহ্হাফাহ] বুকে ভর দিয়ে চলে এমন প্রাণী, সরীসৃপ

زِحَاف [যিহাফ] যিহাফঃ ছন্দের মাপে পরিবর্তন-বিশেষ (ছন্দ)

زِحَام [زحم] [যিহাম] ভিড়, চাপ, ঠাস, গাদা-গাদি, জট

زَحَرَ [ف] (زُحَار ، زَحِير) [যাহারা] কাতরানো, কোঁকানো, গোঙানো, আর্তনাদ করা, আঘাত করা

زَحَّرَ (تَزْحِير) [زحر] [যাহ্হারা] আর্তনাদ করা, কাতরানো, কোঁকানো, গোঙানো, আঘাত করা

زُحِرَ [যুহিরা] আমাশয়ে আক্রান্ত হওয়া

زَحْزَاح [যাহ্যাহ] দূর, দূরবর্তী

زَحْزَح [যাহ্যাহ] দূরত্ব

زَحْزَحَ (زَحْزَحَة) [زحزح] [যাহ্যাহা] সরিয়ে দেওয়া, হটিয়ে দেওয়া, দূরীভূত করা, অপসারিত করা

زَحْف [যাহ্ফ] হামাগুড়ি, কুচকাওয়াজ

زَحْف ج زُحُوف [যাহ্ফ] যুদ্ধের ময়দান, সৈন্য-দল

زَحَفَ [ف] (زَحْف) [যাহাফা] বুকে ভর করে হাঁটা, হামাগুড়ি দেওয়া, এগিয়ে যাওয়া, কুচ-কাওয়াজ করা

زَحَلَ [ف] (زَحْل ، زُحُول) [যাহালা] সরে আসা, চলে আসা, দূর হওয়া

زَحَّلَ (تَزْحِيل) [زحل] [যাহ্হালা] দূরে সরিয়ে দেওয়া, দূর করে দেওয়া, তাড়িয়ে দেওয়া

زَحِل [যাহিল] দূরে অবস্থিত, দূরবর্তী

زُحَل [যুহাল] শনি (গ্রহ); ভাল-মন্দ সব কাজ

থেকে দূরে থাকে এমন (লোক)

[যুহালাহ] কাছে সফরকারী, ভাল-মন্দ সব زُحَلَة কাজ থেকে দূরে থাকে এমন (লোক), দেহের পশ্চাদ্ভাগ আগে ঢুকিয়ে আস্তানায় প্রবেশ করে এমন পশু

[যাহ্‌লাফা] দূর করা, সরিয়ে زَحْلَفَ (زَحْلَفَة) দেওয়া, ঠেলে দেওয়া, তাড়াতাড়ি করা, ভরে দেওয়া

[যাহ্‌লাক্বা] দূর করা, زَحْلَقَ (زَحْلَقَة) [زحلق] সরিয়ে দেওয়া, ঠেলে দেওয়া, গড়িয়ে দেওয়া, পিছলিয়ে দেওয়া

[যুহ্‌লুফাহ] ঢালু পিচ্ছিল জায়গা, زُحْلُوفَة [زحلف] গড়িয়ে নামানোর যন্ত্র বা ব্যবস্থা

[যুহ্‌লুক্বাহ] ঢালু পিচ্ছিল জায়গা, زُحْلُوقَة [زحلق] গড়িয়ে নামানোর যন্ত্র বা ব্যবস্থা, বেগে চলার জন্য পায়ের নিচে লাগানো পাতলা পাত, স্কি (ski)

[যাহ্‌ম, যাহ্‌মাহ] ভিড়, চাপ, জট, زَحْم ، زَحْمَة ঠাস, গাদাগাদি

[যাহামা] ভিড় করা, زَحَمَ [ف] (زَحْم ، زِحَام) চাপ দেওয়া, ঠাসা, চাপাচাপি করে বসা, গাদাগাদি করা

[যাহীর] আর্তনাদ, কোঁকানি, গোঙানি, زَحِير আমাশয় (রোগ)

[যাখ্‌খার] স্ফীত, পূর্ণ, কানায় زَخَّار [زخر] কানায় পূর্ণ, পরিপূর্ণ

[যাখারা] ভরে যাওয়া, زَخَرَ [ف] (زَخْر ، زُخُور) কানায় কানায় পূর্ণ হওয়া, উপচে পড়া, স্ফীত হওয়া, উত্তেজিত হওয়া, টগবগ করা, (উদ্ভিদ) লম্বা হওয়া, পূর্ণ করা, স্ফীত করা, সুসজ্জিত করা, আনন্দ দেওয়া

[-- বি] গর্ব করা, গর্ববোধ করা, গর্বিত زَخَرَ بِ হওয়া

[যাখ্‌রফা] সজ্জিত زَخْرَفَ (زَخْرَفَة) [زخرف] করা, সাজানো, অলঙ্কৃত করা, সাজিয়ে বলা

[যুখ্‌রুফ] সাজ, ভূষণ, শোভা, زُخْرُف ج زَخَارِف চাকচিক্য, কারুকাজ, স্বর্ণ, সোনা

[আয-যুখ্‌রুফ] সূরা আয-যুখ্‌রুফঃ পবিত্র الزُّخْرُف কোরআনের ৪৩তম সূরা

[যাখ্‌রফাহ] অলঙ্করণ, ভূষণ, زَخْرَفَة [زخرف] সজ্জা, সাজ, কারুকার্য

[যুখ্‌রুফী] অলঙ্করণ-সম্বন্ধীয়, কারুময়, زُخْرُفِيّ শোভামূলক, শোভাবর্ধক

[যাখামা] ঠেলে দেওয়া, হটিয়ে زَخَمَ [ف] (زَخْم) দেওয়া

[যাখিম] পচা, দুর্গন্ধময়, পূতিগন্ধময় (মাংস) زَخِم

[যাখিমা] (মাংস) পচে যাওয়া, زَخِمَ [س] (زَخَم) দুর্গন্ধ ছড়ানো

[যাখামাহ] দুর্গন্ধ, পূতিগন্ধ, পচা গন্ধ زَخَمَة

[যাখ্‌ওয়ার] ডালপালায় আচ্ছাদিত (গাছ) زَخْوَر

[যাখ্‌ওয়ারী] ডালপালায় আচ্ছাদিত زَخْوَرِيّ (গাছ), অহমিকাপূর্ণ (কথা)

[যার্‌রা] (জামায়) বোতাম লাগানো, زَرَّ [ن] (زَرّ) জড়ো করা, স্তূপীকৃত করা, (চোখ) ছোট করা, চাপ দেওয়া, তাড়িয়ে দেওয়া, কামড় দেওয়া, আঘাত করা, (আসবাবপত্র) ঝাড়া, (চুল) টান দিয়ে উঠানো

[যির্‌] বোতাম, নব, (ফুলের) زِرّ ج أَزْرَار ، زُرُور কুঁড়ি, হৃৎপিণ্ডের নিম্নস্থ ছোট হাড়, উরুর গর্ত, পেরেক, কীলক, (তরবারির) ধার

[যার্‌রাদ] বর্মনির্মাতা زَرَّاد [زرد]

[যার্‌রা'] অধিক زَرَّاع ج زَرَّاعُون ، زَرَّاعَة [زرع] চাষকারী, চাষী, কৃষক, চোগলখোর

[যিরা'আহ] কৃষি, কৃষিকাজ, চাষ, زِرَاعَة [زرع] শস্য

['ইল্‌মুয যিরা'আহ] কৃষিবিজ্ঞান, عِلْم الزِّرَاعَة চাষাবাদ

[যিরা'ঈ] কৃষি-বিষয়ক, কৃষি-সম্বন্ধীয় زِرَاعِيّ

[যারাফাহ] জিরাফ زَرَافَة ج زَرَافَات ، زَرَافَى (প্রাণী), দল

[যার্‌রাক্বাহ] (ইনজেকশনের) زَرَّاقَة [زرق] সিরিঞ্জ

[যুরাম] পেশাব বন্ধ হওয়া, মূত্রবদ্ধতা زُرَام

[যিরায়াহ] ঘৃণা, অবজ্ঞা,তিরস্কার, زِرَايَة [زري] নিন্দা, ভর্ৎসনা, দোষারোপ

[যার্‌ব, যির্‌ব] পশুর زَرْب ، زِرْب ج زُرُوب খোঁয়াড়, বেড়া, পশুশালা

[যারবা] (পশুকে) খোঁয়াড়ে زَرَبَ [ن] (زَرْب)
আবদ্ধ রাখা, বেড়া দিয়ে রাখা, আটকে রাখা

[যারিবা] (পানি) প্রবাহিত زَرِبَ [س] (زَرَب)
হওয়া, গড়িয়ে যাওয়া, ছিদ্র দিয়ে বেয়ে পড়া

[যার্‌রবা] (পশু) খোঁয়াড়ে زَرَّبَ (تَزْرِيب) [زرب]
আবদ্ধ রাখা, বেড়া দিয়ে রাখা, আটকে রাখা

[যুর্‌বী] মখমল, কার্পেট, গালিচা, زُرْبِيّ ج زَرَابِيّ
বালিশ

[যার্‌বিয়্যাহ] মখমল, কার্পেট, زَرْبِيَّة ج زَرَابِيّ
গালিচা, বালিশ

[যার্‌রাহ] কামড়, কামড়ে সৃষ্ট ক্ষত, زَرَّة [زرر]
তরবারির কোপের জখম

[যির্‌রাহ] কামড়ের দাগ, বুদ্ধি زِرَّة [زرر]

[যারজূন] আঙ্গুর গাছ, দ্রাক্ষালতা, মদ, زَرَجُون
লাল রং, প্রস্তরখণ্ডে জমে থাকা স্বচ্ছ বৃষ্টির পানি

[যারজূনাহ] আঙ্গুর গাছ, দ্রাক্ষালতা زَرَجُونَة

[যারদ] বর্ম, শিকল زَرَد ج زُرُود

[হিমারুয যারদ] জেব্রা (প্রাণী) حِمَارُ الزَّرَد

[যারদা] গলা টিপে ধরা, শ্বাস- زَرَدَ [ن] (زَرْد)
রোধ করা, গিলে ফেলা

[যার্‌দাহ] খাদ্য, খাবার زَرْدَة

[যারদাহ] শিকলের আংটা زَرَدَة ج زَرَدَات

[যারদিয়্যাহ] সাঁড়াশি, প্লাস, زَرَدِيَّة ج زَرَدِيَّات
বর্ম

[যার্‌ররা] বোতাম লাগানো زَرَّرَ (تَزْرِير) [زرر]

[যুরযুর] একপ্রকার পাখি, স্টার্লিং زُرْزُر ج زَرَازِر
পাখি (starling)

[যুর্‌যূর] একপ্রকার পাখি, স্টার্লিং زُرْزُور ج زَرَازِير
পাখি (starling)

[যার্‌'] বপন, রোপণ, চাষ زَرْع

[যার্‌'] বীজ, শস্য, ক্ষেত, কৃষি, زَرْع ج زُرُوع
ফসল, চারা

[যার'আ] বপন করা, রোপণ زَرَعَ [ف] (زَرْع)
করা, চাষ করা, ক্ষেত করা, (মাইন) পাতা

[যার'আহ, যির্‌'আহ] বীজ বপনের زَرَعَة ، زِرْعَة
জায়গা, বীজতলা, ক্ষেত

[যুর্‌'আহ] বীজ বপনের জায়গা, ক্ষেত, বীজ زُرْعَة

[যারক] নীল রঙ, দৃষ্টিহীনতা, অন্ধত্ব زَرَق

[যারক্বা] (পাখি) পায়খানা زَرَقَ [ن] [ض] (زَرْق)
করা, মলত্যাগ করা, পিছনের দিকে বের করে
দেওয়া, খোঁচা মারা, ইনজেকশন দেওয়া

[যারিক্বা] নীল হওয়া, زَرِقَ [س] (زَرَق ، زُرْقَة)
(চোখ) অন্ধ হওয়া, দৃষ্টিহীন হওয়া

[যুর্‌ক] নীল, আসমানী (أَزْرَق-এর বহুবচন) زُرْق

[যার্‌ক্বা'] নীল, আসমানী (أَزْرَق-এর زَرْقَاء [زرق]
স্ত্রীলিঙ্গ)

[আয-যার্‌ক্বা', الزَّرْقَاء ، الْقُبَّةُ الزَّرْقَاء [زرق]
আল-কুব্বাতুয যার্‌ক্বা'] নীলাকাশ

[যুর্‌ক্বাহ] নীল রঙ, দৃষ্টিহীনতা, অন্ধত্ব, ইন- زُرْقَة
জেকশন

[যার্‌কাশ] বুটিদার বস্ত্র, বুটি, সূচিকর্ম زَرْكَش

[যার্‌কাশা] (বস্ত্রে) বুটি তোলা, زَرْكَشَ (زَرْكَشَة)
সূচিকর্ম করা, সজ্জিত করা

[যার্‌নাব] একপ্রকার সুগন্ধ উদ্ভিদ, বুনো زَرْنَب
গরু, বন্য গাভী

[যির্‌নীখ, যির্‌নীক] আর্সেনিক زِرْنِيخ ، زِرْنِيق
(arsenic)

[যারা] ঘৃণা করা, অবজ্ঞা زَرَى [ض] (زِرَايَة)
করা, নিন্দা করা, দোষ ধরা

[যারী] ঘৃণ্য, তুচ্ছ, নিকৃষ্ট, নীচ زَرِيّ [زري]

[যির্‌ইয়াব] একপ্রকার পাখি, jay زِرْيَاب

[যারীবাহ] زَرِيبَة ج زَرَائِب ، زِرَاب [زرب]
গবাদি পশু রাখার জন্য ঘেরা জায়গা, খোঁয়াড়,
সিংহের আস্তানা, শিকারীর লুকিয়ে থাকার গর্ত

[যারী'আহ] বীজ, চারা, শস্য, কৃষি, زَرِيعَة [زرع]
ক্ষেত

[যুরইক, আবূ যুরইক] এক- زُرَيْق ، أَبُو زُرَيْق
প্রকার পাখি, jay

[যুরইক্বা'] খাটাশজাতীয় একপ্রকার প্রাণী, زُرَيْقَاء
genet

[যুর্‌রীক্বাহ] একপ্রকার ক্ষুদ্র গায়ক পাখি, زُرَيْقَة
wren

زُعَاف [যু'আফ] জীবননাশক, মারাত্মক (বিষ)

زُعَاق [যু'আক] তিক্ত, লবণাক্ত (পানি, খাদ্য)

زَعَامَة ، زِعَامَة [زعم] [যা'আমাহ, যি'আমাহ] নেতৃত্ব, কর্তৃত্ব, সর্দারি, জিম্মাদারি, দায়িত্ব

زَعَانِف (زِعْنِفَة) [যা'আনিফ] (মাছ ইত্যাদির) সাঁতারে সহায়তাকারী ডানা

زَعْتَر [যা'তার] সুগন্ধী পাতাওয়ালা একপ্রকার গুল্ম

زَعَج [যা'আজ] বিরক্তি, অস্থিরতা, কষ্ট, অসুবিধা

زَعَجَ [ف] (زَعْج) [যা'আজা] বিরক্ত করা, অস্থির করা, কষ্ট দেওয়া, অসুবিধা ঘটানো, অপসারণ করা, তাড়িয়ে দেওয়া, শব্দ করা

زَعِجَ [س] (زَعَج) [যা'ইজা] বিরক্ত হওয়া, অস্থির হওয়া, কষ্ট পাওয়া, অসুবিধায় পড়া

زَعِر [যা'ইর] পাতলা চুলওয়ালা, স্বল্পকেশ, কম গাছপালাবিশিষ্ট (স্থান)

زَعِرَ [س] (زَعَر) [যা'ইরা] (চুল, পালক) পাতলা হওয়া, কম হওয়া, (স্থান) কম গাছপালাবিশিষ্ট হওয়া

زُعْرُور [যু'রূর] আপেলজাতীয় একপ্রকার ফল ও তার গাছ

زُعْرُور ج زَعَارِير [যু'রূর] রাগী, বদমেজাজী, খিট-খিটে

زَعْزَع [যা'যা'] প্রবল বাতাস, ঝড়

زَعْزَعَ (زَعْزَعَة) [زعزع] [যা'যা'আ] প্রবলভাবে নাড়া দেওয়া, প্রচণ্ড ঝাঁকুনি দেওয়া, ওলটপালট করা

زَعْزَعَة ج زَعَازِع [زعزع] [যা'যা'আহ] ঝাঁকুনি, কম্পন; আলোড়ন, নাড়া, ধাক্কা

زَعْفَرَ (زَعْفَرَة) [যা'ফারা] জাফরান দ্বারা রঞ্জিত করা, (খাদ্যে) জাফরান দেওয়া

زَعْفَرَان [যা'ফারান] জাফরান, কুমকুম

زَعَقَ [ف] (زَعْق) [যা'আকা] চেঁচানো, চিৎকার করা, চিৎকার করে (পশু) তাড়িয়ে নেওয়া, উড়িয়ে নেওয়া, ভয় দেখানো, দংশন করা

زَعِق [যা'ইক] ভয়-পাওয়া, রাতে ভয় পায় এমন

زَعِقَ [س] (زَعَق) ، زُعِقَ [যা'ইকা, যু'ইকা] ভয় পাওয়া, রাতে ভয় পাওয়া

زَعْقَة ج زَعَقَات [যা'কাহ] চিৎকার, আওয়াজ

زَعْم [যা'ম] ধারণা, অনুমান, চিন্তা, দাবি

زَعَمَ [ن] [ف] (زَعْم) [যা'আমা] অনুমান করা, ধারণা করা, চিন্তা করা, বলা, দাবি করা

زَعِمَ [س] (زَعَم) [যা'ইমা] পেতে চাওয়া, লোভ করা

زَعْنَفَة ، زِعْنِفَة ج زَعَانِف [যা'নাফাহ, যি'নিফাহ] খর্ব, খাট, নিকৃষ্ট অংশ, বর্জিতাংশ, ইতর শ্রেণী, দেহের পার্শ্বস্থ অঙ্গ (হাত, পা ইত্যাদি), সাঁতারে সহায়তাকারী (মাছের) ডানা

زَعِيم ج زُعَمَاء [زعم] [যা'ঈম] নেতা, প্রধান, কর্তা, সর্দার, জিম্মাদার, মুখপাত্র, কর্নেল (পদ)

زَغَب [যাগাব] কোমল কেশ বা পালক, কাপড়ের রোঁয়া বা আঁশ

زَغِب [যাগিব] কোমল কেশ বা পালকবিশিষ্ট

زُغْبَة [যুগ্‌বাহ] একজাতীয় বড় ইঁদুর, dor-mouse

زَغْبَر [যাগ্‌বার] কোমল কেশ বা পালক, কাপড়ের রোঁয়া বা আঁশ

زَغْرِب [যাগ্‌রিব] জাগরেব (নগরী)ঃ ক্রোয়েশিয়ার রাজধানী

زَغْرَدَ (زَغْرَدَة) [زغرد] [যাগ্‌রদা] কম্পিতস্বরে উচ্চারণ করা, তারস্বরে উল্লাস করা

زَغْرَدَة ج زَغَارِيد [زغرد] [যাগ্‌রদাহ] কম্পিত কণ্ঠস্বর, তারস্বরে উল্লাস, উচ্চ আনন্দরোল

زَغْزَغَ (زَغْزَغَة) [زغزغ] [যাগ্‌যাগা] লুকিয়ে রাখা, গোপন করা, চুপি চুপি বলা

زَغَل [যাগাল] ভেজাল, জালিয়াতি, প্রতারণা

زَغَلَ [ف] (زَغْل) [যাগালা] ঢেলে দেওয়া, গড়িয়ে দেওয়া, ভেজাল দেওয়া, জাল করা

زُغْلُول ج زَغَالِيل [যুগ্‌লূল] শিশু, বাচ্চা কবুতর, কর্মতৎপর

زُغْلِيّ [যুগ্‌লী] জালিয়াত, জুয়াচোর, নকলবাজ, প্রতারক

زُغَيْم [যুগাইম] একপ্রকার পাখি, cutthroat

زَفَّ [ن] (زَفّ ، زِفَاف) [যাফ্‌ফা] কনেকে বরের

কাছে পাঠানো, কন্যা সম্প্রদান করা, বউ নিয়ে আসা

زَفَّ [ض] (زَفّ ، زَفِيف) [যাফ্ফা] দ্রুত চলা, (পাখি) ডানা মেলে অবতরণ করা

زَفَّ الْبُشْرَى [যাফ্ফাল বুশ্‌রা] সুসংবাদ দেওয়া

زَفَاف ، زِفَاف [যাফাফ, যিফাফ] বিয়ে, বিবাহ, বিবাহোৎসব

زَفَّتَ (تَزْفِيت) [زفت] [যাফ্ফাতা] পিচ ঢালা, আলকাতরা লাগানো

زِفْت [যিফ্‌ত] পিচ, আলকাতরা

زَفَّة [زفف] [যাফ্ফাহ্] বরযাত্রা, বার, দফা

زَفَّتَان [যাফ্ফাতান] একবার

زَفَرَ [ض] (زَفْر ، زَفِير) [যাফারা] নিঃশ্বাস ত্যাগ করা, *দীর্ঘশ্বাস* ছাড়া

زِفْر ج أَزْفَار [যিফ্‌র] বোঝা, মশক, সেনাদল, সফরের আসবাবপত্র

زُفَر [যুফার] সিংহ, সাহসী, নেতা, উদার, অনেক দান, নদী, সমুদ্র, সেনাদল

زَفْرَة ج زَفَرَات [যাফ্‌রাহ্] দীর্ঘশ্বাস, নিঃশ্বাস, (গাধার) ডাক, দুর্ভাগ্য

زَفُوف [যাফূফ] উটপাখি, দ্রুতগামী (উট)

زَفَى [ض] (زَفْي ، زَفَيَان) [যাফা] (ধনুক) শব্দ করা, টুংটাং করা, (উটপাখি) ডানা ছড়ানো, (বাতাস) জোরে প্রবাহিত হওয়া, তাড়িয়ে নেওয়া, উড়িয়ে নেওয়া, দান করা, উৎসর্গ করা

زَفِير [زفر] [যাফীর] দীর্ঘশ্বাস, নিঃশ্বাস, বিলাপ, গাধার ডাক, দুর্যোগ, বিপদ

زَقَّ [ن] (زَقّ) [যাক্কা] (পাখি) ঠোঁট দ্বারা বাচ্চাকে খাওয়ানো, মাথা থেকে পা পর্যন্ত চামড়া ছোলা

زِقّ ج زِقَاق ، أَزْقَاق [যিক্] *(পানির)* মশক, ভিস্তি, থলি

زَقَا [ن] (زَقْو) [زقو] [যাক্বা] (পাখি) ডাকা, চিঁ চিঁ শব্দ করা, কিচিরমিচির শব্দ করা

زَقَّاق [যাক্কাক] মশক প্রস্তুতকারী, মশকবিক্রেতা, ভিস্তিওয়ালা

زُقَاق ج أَزِقَّة ، زُقَّان [যুক্বাক] সংকীর্ণ রাস্তা, সরু পথ, গলি, প্রণালী

زُقَّة [যুক্কাহ্] একপ্রকার জলচর পাখি, darter

زَقْزَاق [যাক্‌যাক] আস্তে আস্তে হাঁটে এমন, তিতির পাখি, একপ্রকার পিঁপড়া

زَقْزَقَ (زَقْزَقَة) [যাক্‌যাক্বা] (পাখি) ঠোঁট দ্বারা বাচ্চাকে খাওয়ানো, কিচিরমিচির ডাকা, চিঁচিঁ শব্দ করা, (বাচ্চাকে) সোহাগ করা, আদর করা, দোলানো

زَقَّقَ (تَزْقِيق) [زقق] [যাক্কাক্বা] মাথা থেকে পা পর্যন্ত চামড়া ছোলা, চুল কেটে ফেলা

زُقَّق [যুক্কাক] একপ্রকার জলচর পাখি, darter

زَقَمَ [ن] (زَقْم) [যাক্বামা] গলাধঃকরণ করা, গিলে ফেলা

زَقَّمَ (تَزْقِيم) [زقم] [যাক্কামা] নলের সাহায্যে পাকস্থলিতে খাদ্য প্রবেশ করানো, পাইপ দিয়ে খাওয়ানো

زَقُّوم [যাক্কূম] যাক্কূমঃ তিক্ত ফলবিশিষ্ট এক-প্রকার কন্টকবৃক্ষ, ভারী খাবার

زُقَيْقِيَّة [যুক্বাইক্বিয়্যাহ্] একপ্রকার গায়কপাখি, linnet

زَكَا [ن] (زَكَاء) [زكو] [যাকা] পবিত্র হওয়া, বৃদ্ধি পাওয়া, বর্ধিত হওয়া, উর্বর হওয়া, স্বচ্ছল হওয়া, সঠিক হওয়া

زَكَا بِ [-- বি] যোগ্য হওয়া, উপযোগী হওয়া, যথোপযুক্ত হওয়া, খাপ খাওয়া

زَكَاء [زكو] [যাকা'] পবিত্রতা, সততা, বৃদ্ধি

زَكَاة ، زَكْوة ج زَكَوَات [زكو] [যাকাত] যাকাত, পবিত্রতা, পরিচ্ছন্নতা

زُكَام [যুকাম] সর্দি, ঠাণ্ডা, শ্লেষ্মা

زَكَانَة ، زَكَانِيَة [زكن] [যাকানাহ, যাকানিয়াহ] আত্মচেতনা, সঠিক উপলব্ধি, বিচক্ষণতা, প্রজ্ঞা

زُكْرَة ج زُكَر [যুক্‌রাহ্] মশক, ছোট পাত্র, নাভি

زَكَرِيَّا [যাকারিয়্যা] হযরত যাকারিয়া (আ)

زُكِمَ [যুকিমা] ঠাণ্ডা লাগা, সর্দিতে আক্রান্ত হওয়া

زَكْمَة [যাক্‌মাহ্] সর্দি, ঠাণ্ডা, শ্লেষ্মা

زُكْمَة [যুক্‌মাহ্] মা-বাবার শেষ সন্তান, কঠোর মানুষ

زَكِيَ [س] (زَكًى) [زكو] [যাকিয়া] বৃদ্ধি পাওয়া, বর্ধিত হওয়া, পবিত্র হওয়া, সঠিক হওয়া

زَكَّى (تَزْكِيَة) [زكو] [যাক্কা] পবিত্র করা, পবিত্র

বলা, বৃদ্ধি করা, সঠিক বলা, ভাল বলা, প্রশংসা করা, সুপারিশ করা, যাকাত আদায় করা

زَكِيٌّ [زكو] [যাকী] সুগন্ধময়, সুরভিত

زَكِيٌّ ج أَزْكِيَاء [زكو] [যাকী] পবিত্র, নির্দোষ, সৎ, ন্যায়পরায়ণ

زَلَّ [ض] [س] (زَلٌّ ، زَلَل) [যাল্লা] পিছলে যাওয়া, স্খলিত হওয়া, হোঁচট খাওয়া, ভুল করা

زِلٌّ ، زِلَّة [যিল্, যিল্লাহ্] মসৃণ পাথর, পিচ্ছিল পাথর

زُلٌّ [যুল্] পিচ্ছিল জায়গা, পিছলানোর জায়গা, হালকা নিতম্ববিশিষ্ট, দ্রুত গতিসম্পন্ন (أَزَلّ-এর বহুবচন)

زَلَّاء [زلل] [যাল্লা'] হালকা নিতম্ববিশিষ্ট, দ্রুত গতিসম্পন্ন (أَزَلّ-এর স্ত্রীলিঙ্গ)

قَوْس زَلَّاء [ক্বাওস যাল্লা'] দ্রুত তীর বেরিয়ে যায় এমন ধনুক

زَلَابِيَة ج زَلَابِيَات [যালাবিয়াহ্] একপ্রকার কেক, প্যানকেক, খোলাপিঠা

زِلَاج [যিলাজ] (দরজার) খিল, অর্গল

زَلَّاجَة [زلج] [যাল্লাজাহ্] স্কেট (skate)

زَلَاقَة [زلق] [যালাক্বাহ্] পিচ্ছিলতা, মসৃণতা

زَلَّاقَة ج زَلَّاقَات [زلق] [যাল্লাক্বাহ্] পিছলে চলার গাড়ি, স্লেজ গাড়ি, পিচ্ছিল জায়গা

زُلَال [যুলাল] (ডিমের) সাদা অংশ, সস্য, প্রোটিন, অ্যালবুমিন (albumin), গ্লুটেন (gluten), ঠাণ্ডা, সুপেয় (পানি)

زَلَّة [زلل] [যাল্লাহ্] স্খলন, হোঁচট, ত্রুটি, ভ্রান্তি

زِلَّة [زلل] [যিল্লাহ্] মসৃণ পাথর, পিচ্ছিল পাথর

زُلَّة [زلل] [যুল্লাহ্] শ্বাসকষ্ট

زَلْج [যাল্জ] পিচ্ছিল, মসৃণ, দ্রুততা, অর্গলবদ্ধতা

زَلَج [যালাজ] পিচ্ছিল, মসৃণ

زَلَجَ [ن] (زَلْج) [যালাজা] (দরজা) অর্গলবদ্ধ করা, হুড়কা লাগানো, খিল লাগানো

زَلَجَ [ض] (زَلْج ، زَلِيج ، زَلَجَان) [যালাজা] দ্রুত চলা, আগে যাওয়া

زَلِج [যালিজ] পিচ্ছিল, মসৃণ

زَلِجَ [س] (زَلَج ، زُلُوج) [যালিজা] পিছলে যাওয়া, (পানীয়) গলা থেকে পেটে যাওয়া, (কথা) মুখ ফসকে বেরিয়ে যাওয়া

زَلَّجَ (تَزْلِيج) [زلج] [যাল্লাজা] (কথা) ছড়িয়ে দেওয়া, কোনমতে (জীবিকা) নির্বাহ করা

زَلْزَال ، زِلْزَال ج زَلَازِل [যাল্যাল, যিল্যাল] কম্পন, ভূকম্পন, ভূকম্প, ভূমিকম্প, বিপদ

عِلْم الزَّلَازِل ['ইল্মুয যালাযিল] ভূমিকম্প-বিদ্যা, ভূকম্পতত্ত্ব

الزِّلْزَال [আয-যিল্যাল] সূরা আয-যিল্যালঃ পবিত্র কোরআনের ৯৯তম সূরা

زَلْزَلَ (زَلْزَلَة) [زلزل] [যাল্যালা] কম্পিত করা, কাঁপানো

زَلْزَلَة ج زَلَازِل [যাল্যালাহ্] কম্পন, কম্প, ভূমি-কম্প, ভূকম্পন

زَلْف ، زَلَف [যাল্ফ, যালাফ] নৈকট্য, নিকটত্ব, মর্যাদা

زَلَفَ [ن] (زَلْف) إِلَى [যালাফা ইলা] নিকটবর্তী হওয়া, কাছে যাওয়া, অগ্রসর হওয়া, নিকটবর্তী করা, কাছে নেওয়া, এগিয়ে দেওয়া

زَلَّفَ (تَزْلِيف) [زلف] فِي [যাল্লাফা ফী] বাড়া-বাড়ি করা, বাড়িয়ে বলা, অতিরঞ্জন করা

زُلْف [যুল্ফ] রাতের প্রহর

زُلْفَة [যুল্ফাহ্] নৈকট্য, নিকটত্ব, মর্যাদা

زُلْفَة ج زُلَف [যুল্ফাহ্] রাতের অংশ, রাতের প্রথমাংশ

زُلْفَى [زلف] [যুল্ফা] নৈকট্য, নিকটত্ব, মর্যাদা

زَلْق [যাল্ক] পিচ্ছিলতা, মসৃণতা, পিচ্ছিল জায়গা

زَلَق [যালাক] পিচ্ছিলতা, মসৃণতা, পিচ্ছিল, মসৃণ, পিচ্ছিল জায়গা, মসৃণ জায়গা

زَلَقَ [ن] (زَلْق) [যালাক্বা] পিছলে যাওয়া, স্খলিত হওয়া

زَلَقَ [ض] (زَلْق) [যালাক্বা] সরিয়ে দেওয়া, দূর করা, পিছলে দেওয়া, স্খলিত করা, মসৃণ করা, (মাথা) মুণ্ডন করা

زَلِق [যালিক] পিচ্ছিল, মসৃণ, পিচ্ছিল জায়গা, মসৃণ জায়গা, দ্রুত বেগে যায় এমন

زَلِقَ [س] (زَلَق) [যালিক্বা] সরে যাওয়া, পিছলে যাওয়া, স্খলিত হওয়া

زَلَّقَ (تَزْلِيق) [زلق] [যাল্লাক্বা] পিছলে দেওয়া, স্খলিত করা, সরিয়ে দেওয়া, পিচ্ছিল করা, তৈলাক্ত করা, মসৃণ করা, অকালে প্রসব করা

زَلَقَة [যালাক্বাহ্] মসৃণ প্যাথর, আয়না

زَلَل [যালাল] স্খলন, হোঁচট, ত্রুটি, ভ্রান্তি, পিচ্ছিল জায়গা

زَلَم ج أَزْلَام [যালাম] তীর, শুভ-অশুভ নির্ণয়ের তীর, পশুর পায়ের খুর, বীজ ও ফুল হয় না এমন একপ্রকার তৃণ

زَلُوتِي [যালোতী] জলোটিঃ পোল্যান্ডের মুদ্রা

زَلُوج [যালূজ] দ্রুতগামী দূরবর্তী, সুদূর

زَلُوف [যালূফ] দূরবর্তী, সুদূর

زَلُوق [যালূক] দ্রুতগামী, দূরবর্তী, সুদূর

زَلِيج [زلج] [যালীজ] পিচ্ছিল, মসৃণ

زُلَيْج [যুলাইজ] চিত্রবিচিত্র মাটির পাত্র, চীনা-মাটির পাত্র

زَمَّ [ن] (زَمّ) [যাম্মা] আটকানো, বাঁধা, টাইট করা, একত্র করা, জুতায় ফিতা বাঁধা

زَمَّار [زمر] [যাম্মার] বাঁশীতে সুর তোলে এমন, বংশীবাদক

زَمَّار الرَّمْل [যাম্মারুর রম্‌ল] কাঁদাখোঁচা পাখি

زَمَّارَة ، زُمَّارَة ج زَمَامِير [زمر] [যাম্মারাহ, যুম্মা-রাহ] বাঁশী, বংশী, মুরলী, সাইরেন

زُمَازِم [زمزم] [যুমাযিম] প্রচুর, পর্যাপ্ত, অনেক (পানি)

زَمَالَة ، زِمَالَة [زمل] [যামালাহ, যিমালাহ] সঙ্গ, সাহচর্য, বন্ধুত্ব

زِمَام ج أَزِمَّة [যিমাম] লাগাম, রাস, রশি, দড়ি, তত্ত্বাবধান, কর্তৃত্ব, কর্তা, নেতা

زَمَان ج أَزْمِنَة [যামান] সময়, কাল, যুগ, জামানা

زَمَانَة [زمن] [যামানাহ] দীর্ঘদিনের অসুস্থতা, দুরারোগ্য ব্যাধি, অক্ষমতা, দুর্বলতা, ভালবাসা

زَمَانِيّ [যামানী] সময়-নির্ধারিত, সাময়িক, অস্থায়ী, পার্থিব, জাগতিক

زُمَّج ج زَمَامِج [যুম্মাজ] একপ্রকার শিকারী পাখি

زَمْجَرَ (زَمْجَرَة) [زمجر] [যামজারা] গর্জন করা, বিকট শব্দ করা

زَمْر ج زُمُور [যামর] বাঁশী, সুর, গান

زَمَرَ [ن][ض] (زَمْر ، زَمِير) [যামারা] বাঁশীতে সুর তোলা, বাঁশী বাজানো, (পাত্র) পূর্ণ করা, উত্তে-জিত করা, ক্ষেপিয়ে তোলা

زَمَرَ بِ [-- বি] ছড়িয়ে দেওয়া, প্রচার করা

زَمَّرَ (تَزْمِير) [زمر] [যাম্মারা] বাঁশী বাজানো, বাঁশীতে সুর তোলা, (পাত্র) পূর্ণ করা

الزُّمَر [আয-যুমার] সূরা আয-যুমারঃ পবিত্র কোরআনের ৩৯তম সূরা

زُمْرَة ج زُمَر [যুম্‌রাহ] দল, গ্রুপ, চক্র

زُمْرَة الدَّم [যুম্‌রতুদ দাম] রক্তের গ্রুপ, রক্তের ধরন

زُمُرُّد [যুমুর্‌রুদ] পান্না, মরকত (মণি)

زَمْزَام [زمزم] [যাম্‌যাম] প্রচুর, পর্যাপ্ত, অনেক (পানি)

زَمْزَم [যাম্‌যাম] পর্যাপ্ত, প্রচুর (পানি), যমযম (কূপ), যমযমের পানি

زَمْزَمَ (زَمْزَمَة) [زمزم] [যাম্‌যামা] (সিংহ) গর্জন করা, (বজ্র) গুড়ুম গুড়ুম শব্দ করা, আটকানো, একত্র করা

زَمْزَمَة ج زَمَازِم [যাম্‌যামাহ্] সিংহের গর্জন, আগুন জ্বলার শব্দ, বজ্রের গুড়ুম গুড়ুম শব্দ

زَمَّعَ (تَزْمِيع) [زمع] بِ ، عَلَى [যাম্মা'আ] মনস্থ করা, সংকল্প করা, সিদ্ধান্ত করা

زُمْعَة ج زُمَع [যুম্‌'আহ্] টুকরা, খণ্ড, অংশ

زِمِكّ ، زِمِكَّى [যিমিক, যিমিক্কা] (পাখির) লেজ, লেজের গোড়া, পাছা, পুচ্ছমূল

زَمَلَ [ن] (زَمْل) [যামালা] বহন করা, পিছনে আরোহণ করানো, অনুসরণ করা

زَمَّلَ (تَزْمِيل) [زمل] [যাম্মালা] বস্ত্রাবৃত করা, ঢেকে রাখা, লুকিয়ে রাখা

زِمْل ج أَزْمَال [যিম্‌ল] পিছনের আরোহী, বোঝা, দুর্বল, ভীরু, অলস

زُمْلَة [যুম্‌লাহ্] দল, সঙ্গীদল

زَمَن ج أَزْمَان ، أَزْمُن [যামান] সময়, কাল, যুগ, জামানা

زَمِن ج زَمْنَى [যামিন] দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত, দীর্ঘদিন যাবৎ অসুস্থ, পক্ষাঘাতগ্রস্ত

زَمِنَ [س] (زَمَانَة) [যামিনা] দীর্ঘদিন যাবৎ অসুস্থ থাকা, দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত হওয়া

زَمَنِيّ [যামানী] সময়-নির্ধারিত, অস্থায়ী, ক্ষণস্থায়ী, সাময়িক, পার্থিব, জাগতিক

زَمْهَرَ (زَمْهَرَة) [যাম্‌হারা] (চোখ) রাগে লাল হওয়া, (ক্ষত, ফোড়া) ফুলে ওঠা, পেকে ওঠা

زَمْهَرِير [زمهر] [যাম্‌হারীর] তীব্র ঠাণ্ডা, প্রচণ্ড শীত, হিম, শৈত্য

زَمْوَهَ (زَمْوَهَة) [যাম্‌ওয়াহা] শুষ্ক করা, আর্দ্রতা-মুক্ত করা

زَمِير ج زِمَار [زمر] [যামীর] খাটো, বেঁটে, সুন্দর, সুদর্শন

زَمِيع ج زُمَعَاء [زمع] [যামী'] কর্মতৎপর, সাহসী, প্রজ্ঞাবান, বিচক্ষণ

زَمِيل ج زُمَلَاء [زمل] [যামীল] সঙ্গী, সফরসঙ্গী, সহযাত্রী, সহকর্মী, সহপাঠী, বন্ধু

زَمِين ج زَمْنَى [زمن] [যামীন] দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত, দীর্ঘদিন যাবৎ অসুস্থ, পক্ষাঘাতগ্রস্ত

زَنَّاء [زني] [যান্না'] অধিক যেনাকারী, ব্যভিচারী

زِنَاء [زني] *[যিনা'] (নারী-পুরুষের) অবৈধ* যৌনকর্ম, যেনা, ব্যভিচার

زَنَّاءَة [زني] [যান্না'আহ] অধিক যেনাকারিণী, ব্যভিচারিণী

زِنَاد ج أَزْنِدَة [যিনাদ] চকমকি (পাথর), বন্দুকের ঘোড়া, ট্রিগার

زُنَّار ج زَنَانِير [যুন্নার] ফিতা, বেল্ট, ব্যান্ড

زِنَاق ج زُنُق [যিনাক] (পশুর) গলার দড়ি, গলা-বন্ধনী, কলার, বেড়ি, নিগড়

زِنْبَار ج زَنَابِير [যিন্‌বার] ভীমরুল, বোলতা, মিষ্ট ডুমুর

زُنْبُر ج زَنَابِر [যুম্‌বুর] চঞ্চল, তৎপর, ত্বরিৎ জবাব দেয় এমন, বেঁটে, খর্বকায়

زُنْبُرُك ، زُنْبَرَك ج زَنَابِك [যুম্‌বুরুক, যুম্‌বারক] স্প্রিং, বন্দুকের ঘোড়া, ট্রিগার

زَنْبَق ج زَنَابِق [যাম্‌বাক] লিলিফুল, পদ্মফুল

زَنْبَق الماء [যাম্‌বাকুল মা'] জলপদ্ম (ফুল)

زَنْبَقَة [যাম্‌বাক্বাহ] লিলিফুল, পদ্মফুল

زُنْبُور ج زَنَابِير [زنبر] [যুম্‌বুর] ভীমরুল, বোলতা

زِنْبِير ج زَنَابِير [যিন্‌বীর] ভীমরুল, বোলতা, মিষ্ট ডুমুর

زَنْبِيل ، زِنْبِيل ج زَنَابِيل [زنبل] [যাম্‌বীল, যিম্‌বীল] গাছের পাতার তৈরী ঝুড়ি, খেজুর পাতার ঝুড়ি

زِنَة [وزن] [যিনাহ] ওজন, মাপ, পরিমাপ

زَنْج ، زِنْج ج زُنُوج [যান্‌জ, যিন্‌জ] কৃষ্ণকায় মানুষ, কালো মানুষ, নিগ্রো

زِنْجَار [যিন্‌জার] তামা, পিতল ইত্যাদির সবুজ মরচে, তাম্রমল

زَنْجِبَار [যান্‌জিবার] জাঞ্জিবার (দেশ)

زَنْجَبِيل [যান্‌জাবীল] আদা, আদ্রক

زَنْجَرَ (زَنْجَرَة) [যান্‌জারা] শাহাদত অঙ্গুলির নখ দ্বারা বৃদ্ধাঙ্গুলির নখে টোকা দেওয়া, শিকল দিয়ে বাঁধা, শৃঙ্খলিত করা

زُنْجُفْر ، زِنْجَفْر [যুন্‌জুফ্‌র, যিন্‌জাফ্‌র] সিঁদুর

زَنْجِيّ ، زِنْجِيّ [যান্‌জী, যিন্‌জী] কালো মানুষ, কৃষ্ণকায় ব্যক্তি, নিগ্রো

زِنْجِير [যিন্‌জীর] জিঞ্জির, শিকল, শৃঙ্খল, নিগড়, বেড়ি

زَنَخ [যানাখ] দুর্গন্ধ, পূতিগন্ধ, পচন

زَنِخ [যানিখ] দুর্গন্ধযুক্ত, পূতিগন্ধময়, পচা

زَنِخَ [س] (زَنَخ) [যানিখা] পূতিগন্ধময় হওয়া, দুর্গন্ধযুক্ত হওয়া, পচে যাওয়া

زَنَّخَ (تَزْنِيخ) [زنخ] [যান্নাখা] দুর্গন্ধযুক্ত হওয়া, পূতিগন্ধময় হওয়া, পচে যাওয়া

زَنْد ج زِنَاد ، أَزْنَاد [যান্‌দ] অগ্নিকাঠি, আগুন ধরানোর কাঠি, বন্দুকের ঘোড়া, ট্রিগার

زَنْد ج زُنُود [যান্‌দ] কনুই থেকে কবজি পর্যন্ত হাত, কবজি

زَنَدَ [ن] [ض] (زَنْد) [যানাদা] (আগুন) ধরানো,

(পাত্র) পূর্ণ করা, ভরা

زَنِدَ [س] (زَنَد) [যানিদা] তৃষ্ণা লাগা, পিপাসা লাগা, তৃষ্ণার্ত হওয়া, পিপাসার্ত হওয়া

زَنَّدَ (تَزْنِيد) [زند] [যান্নাদা] মিথ্যা বলা, আগুন জ্বালানো, (পাত্র) পূর্ণ করা, কঠোরতা করা

زَنْدَقَة [زندق] [যান্‌দাক্বাহ্‌] নাস্তিকতা, নাস্তিক্য

زِنْدِيق ج زَنَادِقَة [زندق] [যিন্‌দীক] অবিশ্বাসী, নাস্তিক, যিনদীক

زَنَرَ [ن] (زَنْر) [যানারা] ফিতা দিয়ে বাঁধা, বেল্ট পরানো

ظَلَمَ [ض] (ظُلْم، ظَلْم، مَظْلِمَة) [যলামা] জুলুম করা, অত্যাচার করা, অবিচার করা, নির্যাতন করা, নিপীড়ন করা, অন্যায় আচরণ করা, অপাত্রে স্থাপন করা

ظَلِم [যলিম] অন্ধকার, অন্ধকারাচ্ছন্ন (রাত)

ظَلِمَ [س] (ظَلَم) [যলিমা] (রাত) অন্ধকার হওয়া, অন্ধকারাচ্ছন্ন হওয়া

ظَلَّمَ (تَظْلِيم) [ظلم] [যল্লামা] জুলুম আরোপ করা, জালেম বলা, অত্যাচারী বলা, জালেমের জুলুমের বিরুদ্ধে ন্যায়বিচার করা

ظُلْم [যুল্‌ম] অত্যাচার, অবিচার, জুলুম, নির্যাতন, নিপীড়ন, উৎপীড়ন, অন্যায় আচরণ, অপাত্রে স্থাপন

ظُلْمًا [যুল্‌মান] জুলুম করে, অন্যায়ভাবে

ظَلْمَاء [ظلم] [যল্‌মা'] অন্ধকার, আঁধার, তিমির, তমসা, অন্ধকারাচ্ছন্ন (রাত)

ظُلْمَة ، ظُلُمَة ج ظُلُمَات ، ظُلَم [যুল্‌মাহ্, যুলুমাহ্] অন্ধকার, আঁধার, তিমির, তমসা

ظَلُوم [ظلم] [যলূম] মহা অত্যাচারী, বড় জালেম

ظِلِّيَّة [ظلل] [যিল্লিয়্যাহ্] ছায়াচিত্র

ظَلِيف ج ظُلُف ، ظُلُف [ظلف] [যলীফ] পবিত্র, শক্ত, কঠিন, দুর্দশাগ্রস্ত

ظَلِيل [ظلل] [যলীল] ছায়াবিশিষ্ট, ছায়াময়, ছায়াবহুল, শীতল, নিবিড়

ظَلِيم [ظلم] [যলীম] অত্যাচারিত, উৎপীড়িত, নিপীড়িত, নির্যাতিত, মজলুম

ظَلِيم ج ظِلْمَان [যলীম] পুরুষ উটপাখি

ظِلِّيم [ظلم] [যিল্লীম] জালিম, অত্যাচারী, উৎপীড়ক, নির্যাতনকারী

ظَمَاء [ظمأ] [যমা'] তৃষ্ণা, পিপাসা, প্রবল কামনা

ظَمَأ [যমা'] তৃষ্ণা, পিপাসা, প্রবল কামনা

ظَمِئ ج ظِمَاء [ظمأ] [যমি'] তৃষ্ণার্ত, পিপাসার্ত, প্রবল আকাংক্ষী

ظَمِئَ [س] (ظَمَأ ، ظَمَاء) [ظمأ] [যমিআ] তৃষ্ণার্ত হওয়া, পিপাসার্ত হওয়া, প্রবলভাবে কামনা করা

ظَمَّأ (تَظْمِئَة) [ظمأ] [যম্মাআ] পিপাসার্ত করা, তৃষ্ণার্ত করা, তৃষ্ণা জাগানো, আকাংক্ষা জাগানো

ظَمْآن مث ظَمْأَى ج ظِمَاء [ظمأ] [যম্‌আন] তৃষ্ণার্ত, পিপাসার্ত, প্রবল আকাংক্ষী

ظَنّ ج ظُنُون [যন্] অনুমান, অনুমিতি, আন্দাজ, ধারণা, চিন্তা, সন্দেহ

ظَنَّ [ن] (ظَنّ) [ظنن] [যন্না] আন্দাজ করা, ধারণা করা, অনুমান করা, সন্দেহ করা, চিন্তা করা, মনে করা

ظَنَّان [ظنن] [যন্নান] ধারণাপ্রবণ, সন্দেহপ্রবণ, সন্দিহান, অবিশ্বাসী

ظِنَانَة [ظنن] [যিনানাহ্] খারাপ ধারণা, সন্দেহ, অপবাদ, অভিযোগ

ظُنْبُوب ج ظَنَابِيب [যুন্‌বূব] হাঁটু ও গোড়ালির মধ্যবর্তী (পায়ের) সামনের হাড়, জংঘাস্থি

ظِنَّة ج ظِنَن ، ظِنَّات [ظنن] [যিন্নাহ্] অপবাদ, অভিযোগ, খারাপ ধারণা, সন্দেহ

ظَنُون [ظنن] [যনূন] ধারণাপ্রবণ, সন্দেহপ্রবণ, সন্দিগ্ধচিত্ত, সন্দিহান, অবিশ্বাসী

ظَنِّيّ [যন্নী] অনুমানভিত্তিক, ধারণামূলক, ধারণাপ্রসূত, আন্দাজী, সন্দেহপূর্ণ, অপবাদমূলক

ظَنِّيَّة [ظنن] [যন্নিয়্যাহ্] ধারণা, আন্দাজ, অনুমান, সন্দেহ

ظَنِين ج أَظِنَّاء [ظنن] [যনীন] অভিযুক্ত, সন্দেহ করা হয়েছে এমন, অবিশ্বাসযোগ্য

ظِهَار [ظهر] [যিহার] যিহারঃ স্ত্রীর সাথে সম্পর্ক ছিন্ন করার জন্য তাকে বলা, "তুমি আমার জন্য আমার মায়ের পিঠের মত নিষিদ্ধ"

ظُهَار [ظهر] [যুহার] পিঠের ব্যথা, পিঠব্যথা

ظِهَارَة [ظهر] [যিহারাহ্] (কাপড়ের) বাইরের দিক, সঠিক পাশ, বহিরাবরণ, আচ্ছাদন

ظَهْر ج ظُهُور ، أَظْهُر [যহ্‌র] পিঠ, পৃষ্ঠ, পৃষ্ঠদেশ, বহির্ভাগ, উপরিভাগ, পিছন, পিছনের দিক, পশ্চাদ্ভাগ, (জাহাজ ইত্যাদির) ডেক

بَيْنَ أَظْهُرِهِمْ [বাইনা আয্‌হুরিহিম] তাদের মাঝে, তাদের মধ্যে

ظَهَرَ [ف] (ظُهُور) [যহারা] স্পষ্ট হওয়া, প্রকাশিত হওয়া, জাহির হওয়া, আবির্ভূত হওয়া, আত্মপ্রকাশ করা, দেখা দেওয়া, উপরে ওঠা

ظَهَرَ عَلَى [-- 'আলা] বিজয়ী হওয়া, পরাস্ত করা, পরাভূত করা, প্রাধান্য বিস্তার করা, অবহিত হওয়া

ظَهِر [যহির] পিঠের ব্যথায় আক্রান্ত, পিঠের ব্যথায় কষ্ট পায় এমন

ظَهِرَ [س] (ظَهَر) [যহিরা] পিঠব্যথা করা, পিঠের ব্যথায় কষ্ট পাওয়া

ظَهَّرَ (تَظْهِير) [ظهر] [যহ্হারা] (চেক ইত্যাদির) পিছনে সই করা, পিছনে লেখা, এনডোর্স করা, (ফিলম ইত্যাদি) পরিস্ফুট করা, দ্বিপ্রহরে করা

ظُهْر ج أَظْهَار ، ظُهُور [যুহ্‌র] মধ্যাহ্ন, দ্বিপ্রহর, দুপুর, যোহর (নামায)

بَعْدَ الظُّهْر [বা'দায যুহ্‌র] অপরাহ্ন, বিকেল, p.m.

قَبْلَ الظُّهْر [ক্বাব্‌লায যুহ্‌র] পূর্বাহ্ন, সকাল, a.m.

الظَّهْرَان [আয-যহ্রান] দাহ্রান (নগরী)

بَيْنَ ظَهْرَانَيْهِمْ [বাইনা যহ্রানাইহিম] তাদের মাঝে, তাদের মধ্যে

ظَهَرَة [ظهر] [যহারাহ্] আসবাবপত্র, পরিবার, গোত্র

ظِهْرَة ، ظُهْرَة [ظهر] [যিহ্রাহ, যুহ্রাহ] সাহায্য, সহায়তা, সমর্থন, সাহায্যকারী, সহায়ক, গোত্র, পরিবার

ظِهْرِيّ ج ظَهَارِيّ [ظهر] [যিহ্রী] যা পিছনে ফেলে রাখা হয়, অবহেলিত বিষয়, ভুলে-যাওয়া বস্তু, তৈরী উট

ظِهْرِيًّا [যিহ্রিয়্যান] অবহেলায়, অবহেলাভরে, ভুলে গিয়ে

ظُهُور [ظهر] [যুহূর] প্রকাশ, আবির্ভাব, আত্ম-প্রকাশ, সংঘটন

ظَهِير ج ظُهَرَاء [ظهر] [যহীর] শক্ত পিঠবিশিষ্ট, সাহায্যকারী, পৃষ্ঠপোষক, পিঠের ব্যথায় আক্রান্ত, (ফুটবলে) ব্যাক

ظَهِير مُسَاعِد [যহীর মুসা'ইদ] (ফুটবলে) হাফ-ব্যাক

ظَهِيرَة [ظهر] [যহীরাহ্] মধ্যাহ্ন, দ্বিপ্রহর, দুপুর, দুপুরের তাপ

ظَيّ [যই] মধু, মৌ

ظَيَّان [যইয়ান] মধু, মৌ, বন্য জুঁই (উদ্ভিদ)

ع

['আইন] 'আইনঃ আরবী বর্ণমালার ১৮শ হরফ ع

['আ'ইব] দোষযুক্ত, দোষী, ত্রুটি- [عيب] عَائِب
যুক্ত, ত্রুটিপূর্ণ, দোষী বা দোষযুক্ত করে এমন, দোষী বা দোষযুক্ত বলে এমন, দোষ আরোপ-কারী

['আ'ইছ] অনিষ্টকারী, অনিষ্টকর, [عيث] عَائِث
ক্ষতিকর, বিরক্তকারী

['আ'ইদ] প্রত্যাবর্তনকারী, [عود] عَائِد ج عُوَّاد
প্রত্যাগমনকারী, প্রত্যাগত, প্রত্যাবর্তনশীল, অসুস্থ ব্যক্তিকে দেখতে যায় এমন, রোগী দেখতে যায় এমন, উৎপন্ন, লব্ধ, আগত

['আ'ইদ] রাজস্ব, আয়, [عود] عَائِد ج عَائِدَات
মুনাফা, লাভ

['আ'ইদ] صِلَة-এর মধ্যে [عود] عَائِد ج عَوَائِد
مَوْصُول-এর দিকে প্রত্যাবর্তনকারী সর্বনাম (ব্যা)

['আ'ইদাহ] [عود] عَائِدَة ج عَائِدَات ، عَوَائِد
মুনাফা, লাভ, আয়, উপার্জন, উপকার

['আ'ইয] আশ্রয় গ্রহণকারী, [عوذ] عَائِذ ج عُوَّذ
আশ্রয়প্রার্থী, শরণার্থী, আশ্রিত

['আ'ইযাহ] আশ্রয়প্রার্থী, [عوذ] عَائِذَة ج عَوَائِذ
শরণার্থী, আশ্রিত (স্ত্রী)

['আ'ইয] দরিদ্র, নিঃস্ব, অভাবগ্রস্ত, [عوز] عَائِز
রিক্তহস্ত

['আ'ইশ] জীবিত, সুখী জীবন [عيش] عَائِش
যাপনকারী, সচ্ছল

['আ'ইফ] ঘৃণাকারী, অপছন্দকারী, [عيف] عَائِف
বিরক্ত, পাখি ইত্যাদির সাহায্যে ভবিষ্যদ্বাণী করে এমন, ভবিষ্যৎ সম্বন্ধে পূর্বাভাসদাতা

['আ'ইক] বাধাদানকারী, [عوق] عَائِق ج عُوَّق
বিরতকারী, বাধাগ্রস্তকারী

[--, 'আ'ইক্বাহ] [عوق] عَائِق ، عَائِقَة ج عَوَائِق
বাধা, প্রতিবন্ধকতা

['আ'ইল] ভরণপোষণকারী, অধিক [عول] عَائِل
পরিবার-পরিজনবিশিষ্ট, পোষ্যবহুল

['আ'ইল] [عيل] عَائِل ج عَالَة ، عُيَّل ، عِيل
দরিদ্র, গরীব, অভাবগ্রস্ত, নিঃস্ব

['আ'ইলাহ] পরিবার, স্ত্রী, [عول] عَائِلَة ج عَائِلَات
সহধর্মিণী, বিবি

['আ'ইলী] পরিবারসংক্রান্ত, পারিবারিক عَائِلِيّ

['আ'ইম] সন্তরণকারী, সাঁতার কাটে [عوم] عَائِم
এমন, পানিতে ভাসে এমন, সাঁতাররত, ভাসমান

['আ'ইহ] অক্ষম, দুর্বল, প্রতিবন্ধী, [عوه] عَائِه
বিকলাঙ্গ

['আবা] ত্রুটিযুক্ত হওয়া, দোষ- (عَيْب) [ض] عَابَ
যুক্ত হওয়া, দোষী হওয়া, দোষী করা

['আবি'] খেয়ালকারী, মনোযোগ [عبأ] عَابِئ
দানকারী, ভ্রূক্ষেপকারী, গুরুত্ব প্রদানকারী

[গাইর 'আবি'] মনোযোগ বা গুরুত্ব غَيْر عَابِئ
দেয় না এমন, খেয়াল বা ভ্রূক্ষেপ করে না এমন

['আবাছা] মজা করা, [عبث] (مُعَابَثَة) عَابَثَ
কৌতুক করা

['আবিছ] কৌতুককারী, তামাশা- [عبث] عَابِث
কারী, রসিক, ছেবলা

['আবিদ] [عبد] عَابِد ج عَبَدَة ، عُبَّاد ، عَابِدُون
এবাদতকারী, উপাসনাকারী, উপাসক, পূজারী, ধার্মিক, ধর্মপ্রাণ, সেবক

['আবিদাহ] [عبد] عَابِدَة ج عَوَابِد ، عَابِدَات
এবাদতকারিণী, উপাসনাকারিণী, উপাসিকা, পূজারিণী, ধর্মপ্রাণা, সেবিকা (স্ত্রী)

['আবির] [عبر] عَابِر ج عُبَّار ، عَبَرَة ، عَابِرُون
অতিক্রমকারী, পথ অতিক্রমকারী, পথচারী, পথিক, মোসাফির, পর্যবেক্ষণকারী, সাময়িক, ক্ষণস্থায়ী, অতীত

['আবিরুস সাবীল] পথচারী, পথিক, عَابِر السَّبِيل
মোসাফির

['আবিস] ভ্রূকুটিপূর্ণ, গোমড়ামুখো, [عبس] عَابِس
কঠোর, রূঢ়

['আবিক] (সুবাস) লেগে আছে বা [عبق] عَابِق
ভরে আছে এমন, সুবাসযুক্ত

['আতাবা] নিন্দা [عتب] (مُعَاتَبَة ، عِتَاب) عَاتَبَ

করা, তিরস্কার করা, ভর্ৎসনা করা

['আতিক] মুক্তিপ্রাপ্ত, মুক্ত, পুরাতন [عتق] عَاتِق

['আতিক] কাঁধ ও [عتق] عَاتِق ج عَوَاتِق ، عُتُق ঘাড়ের মধ্যবর্তী স্থান, কাঁধ, স্কন্ধ, মুক্ত দাস, তরুণী, পুরাতন মদ, পুরাতন ধনুক, প্রশস্ত পাত্র

['আতিক্বাহ্] পুরাতন ধনুক عَاتِقَة ج عَوَاتِق

['আতিম] অন্ধকার, অন্ধকারাচ্ছন্ন, [عتم] عَاتِم মেঘাচ্ছন্ন, অস্পষ্ট, দ্বিধান্বিত, বিলম্বিত

['আতিমাত] অস্পষ্ট তারকারাজি [عتم] عَاتِمَات

['আতী] প্রচণ্ড, তীব্র [عتو] عَاتِي ، عَاتٍ ست عَاتِيَة *(ঝড়), ঝড়ো (হাওয়া), অন্ধকারাচ্ছন্ন (রাত)*

['আতী] [عتو] عَاتِي ، عَاتٍ ج عُتَاة ، عُتِيّ অবাধ্য, উদ্ধত, অহঙ্কারী, অত্যাচারী, স্বেচ্ছা-চারী, সীমালঙ্ঘনকারী, নির্দয়

['আছা] [عيث] فِي (عَيْث ، عُيُوث) [ض] عَاثَ ক্ষয়ক্ষতি করা, ক্ষতিসাধন করা, অসুবিধা ঘটানো, ধ্বংস করা, বিনষ্ট করা

['আছির] খারাপ, মন্দ, অশুভ [عثر] عَاثِر

['আছূর] আকস্মিক বাধা, [عثر] عَاثُور ج عَوَاثِير অপ্রত্যাশিত বিপদ, জটিলতা, গর্ত

['আজ] হাতির দাঁত, গজদন্ত, আই- [عوج] عَاج ভরি (ivory), কচ্ছপের খোলা

[সাহিলুল 'আজ] আইভরিকোস্ট سَاحِل العَاج (দেশ)

['আজা] থামা, بِ ، عَلَى [عوج] (عَوْج) [ن] عَاجَ যাত্রাবিরতি করা, ঝোঁকা, আকৃষ্ট হওয়া, ফিরে আসা, অবস্থান করা, অবস্থান করানো

['আজা] মনোযোগ بِ [عيج] (عَيْج) [ض] عَاجَ দেওয়া, নির্ভর করা, সন্তুষ্ট হওয়া, উপকৃত হওয়া

['আজিয] খাটো, [عجز] عَاجِز ج عَوَاجِز ، عَجَزَة খাটো (কাপড়), অক্ষম, অপারগ, দুর্বল

['আজালা] দ্রুত করা, [عجل] (مُعَاجَلَة) عَاجَلَ তাড়াতাড়ি করা, আগে আগে করা, দ্রুত ধরে ফেলা

['আজিল] দ্রুত, ক্ষিপ্র, ত্বরিত, [عجل] عَاجِل তাৎক্ষণিক, শীঘ্র, ব্যস্ত

['আজিলান] শীঘ্র, সত্বর, দ্রুত, তৎক্ষণাৎ, عَاجِلاً তাৎক্ষণিকভাবে, সাথে সাথে, অবিলম্বে

['আজিলান আও আজিলান] দ্রুত عَاجِلاً أَوْ آجِلاً কিংবা দেরিতে, তৎক্ষণাৎ কিংবা বিলম্বে

[আল-'আজিলাহ্] এই দুনিয়া, [عجل] العَاجِلَة ইহকাল, ইহজীবন, ইহজগৎ, বর্তমান সময়

['আজী] হাতির দাঁতের তৈরী, গজদন্তসদৃশ عَاجِيّ

['আদ] আদঃ একটি প্রাচীন আরব জনগোষ্ঠী عَاد ও তাদের পূর্ব পুরুষের নাম

['আদা] ফিরে আসা, إِلَى [عود] (عَوْدَة) [ن] عَادَ ফিরে যাওয়া, প্রত্যাবর্তন করা, সংঘটিত হওয়া, সংশ্লিষ্ট হওয়া, সম্পৃক্ত হওয়া

['আদা] [عود] (عَوْد ، عِيَاد ، عِيَادَة) عَادَ (অসুস্থ ব্যক্তিকে) দেখতে যাওয়া, (ডাক্তার) রোগী দেখা

['আদ্] গণনাকারী, হিসাবকারী [عدد] عَادّ

['আদ্দা] সংখ্যায় [عدد] (مُعَادَّة ، عِدَاد) عَادَّ বেশী হওয়ার প্রতিযোগিতা করা, যুদ্ধে প্রতিরোধ করা, প্রতিপক্ষ হওয়া, সমানভাবে ভাগ করে নেওয়া

['আদাহ্] অভ্যাস, স্বভাব, [عود] عَادَة ج عَادَات আদত, রীতি, প্রথা, আচার

['আদাতান] অভ্যাসমত, স্বভাবত, রীতি عَادَةً অনুযায়ী, প্রথানুসারে, স্বাভাবিকভাবে

['আদালা] সমান হওয়া, [عدل] (مُعَادَلَة) عَادَلَ সমমান হওয়া, সমকক্ষ হওয়া, বক্র হওয়া

[-- বাইনা] সমমান করা, সমীকরণ عَادَلَ بَيْنَ করা, একই রকম মনে হওয়া

['আদিল] ন্যায়বিচারক, [عدل] عَادِل ج عُدُول ন্যায়পরায়ণ, নিরপেক্ষ, ন্যায়, ন্যায্য, সঠিক

['আদিম] নেই এমন, শেষ [عدم] عَادِم ج عَوَادِم হয়ে গিয়েছে এমন, অবিদ্যমান, অস্তিত্বহীন, (ইঞ্জিন ইত্যাদি থেকে) বাষ্পাদির নির্গমনপথ, নির্গম নল, exhaust

['আদা] বিরোধী [عدو] (مُعَادَاة ، عِدَاء) عَادَى হওয়া, বৈরী আচরণ করা, শত্রুতা করা, শত্রু হওয়া

['আদী] [عدو] عَادِي ، عَادٍ ج عُدَاة ، عَادُون শত্রু, দুশমন, সীমালঙ্ঘনকারী, শত্রুতাপূর্ণ, বৈরী

['আদী, 'আদিন] [عدو] عَادِي ، عَادٍ ست عَادِيَة

ধাবনকারী, ধাবমান

['আ'দী] অভ্যাসগত, স্বভাবগত, عَادِيٌّ [عود]
স্বাভাবিক, সাধারণ, নিয়মিত, প্রথাগত, প্রাচীন

['আ'দী] স্বাভাবিক বস্তু, عَادِيٌّ ج عَادِيَات [عود]
সাধারণ জিনিস, নিয়মিত ব্যাপার, স্বভাবগত বিষয়, প্রচলিত রীতি, প্রাচীন নিদর্শন

['আ'দিয়াহ্] عَادِيَة ج عَادِيَات ، عَوَادٍي [عدو]
অন্যায়, অত্যাচার, দুর্ব্যবহার, বিপদ, বাধা, ধাবমান অশ্ব, লড়াইয়ের জন্য ছুটন্ত বাহিনী

[আল-'আ'দিয়াত] সূরা আল-'আদিয়াতঃ اَلْعَادِيَات
পবিত্র কোরআনের ১০০তম সূরা

['আ'যা] আশ্রয় عَاذَ [ن] (عِيَاذ ، مَعَاذ) [عوذ]
চাওয়া, আশ্রয় নেওয়া, আশ্রয় লওয়া

['আ'যিল] عَاذِل ج عُذَّل ، عُذَّال ، عَذَلَة [عذل]
নিন্দাকারী, তিরস্কারকারী, ভর্ৎসনাকারী, নিন্দুক

['আ'যিলাহ্] عَاذِلَة ج عَوَاذِل ، عَاذِلَات [عذل]
নিন্দাকারিণী, তিরস্কারকারিণী (স্ত্রী)

['আ'র] দোষ, লজ্জা, অপমান, عَار ج أَعْيَار [عير]
অসম্মান

['আ'রা] একচক্ষুহীন করা, عَارَ [ن] (عَوْر) [عور]
কানা করা, নষ্ট করা, ধ্বংস করা

['আ'রা] দ্বিধা সহকারে عَارَ [ض] (عَيْر) [عير]
যাওয়া আসা, সিদ্ধান্তহীনভাবে ঘোরা, ইতস্তত ঘুরে বেড়ানো, পথ হারানো, (কবিতা) মানুষের মধ্যে চালু হওয়া, দোষ দেওয়া, নষ্ট করা

['আ'রদা] বিরোধিতা عَارَضَ (مُعَارَضَة) [عرض]
করা, বিরোধী হওয়া, বিরুদ্ধে দাঁড়ানো, বিপরীতে করা, পাল্টা কাজ করা, ফিরে আসা

['আ'রিদ] উপস্থাপনকারী, পেশ- عَارِض [عرض]
কারী, প্রদর্শনকারী, হঠাৎ আগত, আপতিত

['আ'রিদ] প্রতিবন্ধক, عَارِض ج عَوَارِض [عرض]
বাধা, হঠাৎ আগত বিষয়, আপতিত বস্তু, (রোগের) আক্রমণ, মেঘ, পাহাড়, গাল, কপোল

['আ'রিদাহ্] কপোল, عَارِضَة ج عَوَارِض [عرض]
গাল, আড়াআড়ি বস্তু, আড়া, বীম, কড়িকাঠ, মুখের পাশের দাঁত, হাসির সময় মুখের যে অংশ দেখা যায়

['আ'রিদী] অস্থায়ী, সাময়িক, আকস্মিক عَارِضِيٌّ

['আ'রিফ] জ্ঞাত, অবহিত, অভিজ্ঞ, عَارِف [عرف]
পরিচিত, ধৈর্যশীল, সহনশীল

['আ'রিফাহ্] অবহিত, عَارِفَة ج عَوَارِف [عرف]
জ্ঞাত, অভিজ্ঞ, পরিচিত (স্ত্রী); দান

['আ'রকা] যুদ্ধ عَارَكَ (مُعَارَكَة ، عِرَاك) [عرك]
করা, সংগ্রাম করা, সংঘাতে লিপ্ত হওয়া

['আ'রিম] তীব্র, প্রচণ্ড, অত্যন্ত عَارِم ج عُرَمَة [عرم]
ঠাণ্ডা, বিরাট, বিশাল, প্রকাণ্ড, কঠোর, রূঢ়

['আ'রিমাহ্] তীব্র, অত্যন্ত عَارِمَة ج عَوَارِم [عرم]
ঠাণ্ডা, বিরাট, প্রকাণ্ড, কঠোর, রূঢ় (স্ত্রী)

['আ'রী, 'আ'রিন] عَارِي ، عَارٍ ج عُرَاة [عري]
নগ্ন, উলঙ্গ, বিবস্ত্র, শূন্য, মুক্ত

['আ'রিয়াহ্] عَارِيَة ج عَارِيَات ، عَوَارِي [عور]
নগ্ন, উলঙ্গ, বিবস্ত্র, শূন্য, মুক্ত (স্ত্রী); ধার, কর্জ, ধারের বস্তু

['আ'যা] প্রয়োজন অনুভব عَازَ [ن] (عَوْز) [عوز]
করা, চাওয়া, প্রয়োজন থাকা, অভাব থাকা

['আ'যিব] দূরে অবস্থিত, একাকী, عَازِب [عزب]
অবিবাহিত, তালাকপ্রাপ্ত

['আ'যিবাহ্] দূরে আছে عَازِبَة ج عَوَازِب [عزب]
এমন, একাকিনী, অবিবাহিতা, তালাকপ্রাপ্তা (স্ত্রী)

['আ'যিফ] যে বাদ্যযন্ত্র বাজায়, عَازِف [عزف]
বাদক, যন্ত্রী, গায়ক

['আ'যিল] (বিদ্যুতের) অন্তরক, ইন- عَازِل [عزل]
সুলেটর (insulator)

['আ'যিম] সঙ্কল্পকারী, স্থির- عَازِم ج عَزَمَة [عزم]
সিদ্ধান্ত, দৃঢ়সঙ্কল্প, সিদ্ধান্ত করা হয়েছে এমন, স্থিরীকৃত, পাকাপাকি

['আ'স] নৈশ عَاسّ ج عَسَس ، عَسِيس [عسس]
প্রহরী, রাতে অন্বেষণকারী

['আ'সারা] কঠোরতা করা, عَاسَرَ (مُعَاسَرَة) [عسر]
কঠোর আচরণ করা

['আ'শা] عَاشَ [ض] (عَيْش ، مَعِيشَة) [عيش]
বেঁচে থাকা, জীবনযাপন করা, জীবিকা নির্বাহ করা

['আ'শিব] তৃণাচ্ছাদিত, ঘাস- عَاشِب [عشب]
বহুল, তৃণভোজী

['আ'শারা] সঙ্গী হওয়া, عَاشَرَ (مُعَاشَرَة) [عشر]
মেলামেশা করা, ঘনিষ্ঠ হওয়া, অন্তরঙ্গ হওয়া

عَاشِر ج عُشُّر [عشر] ['আশির] দশম, দশ দিনে একবার পানি পান করে এমন (উট)

عَاشِرَة ج عَوَاشِر [عشر] ['আশিরাহ] দশম (স্ত্রী)

عَاشِق ج عُشَّاق [عشق] ['আশিক] প্রেমিক, প্রণয়ী, অনুরাগী

عَاشِقَة ج عَوَاشِق [عشق] ['আশিকাহ] প্রণয়িনী, প্রেমিকা, অনুরাগিনী

عَاشُور [عشر] ['আশূর] মুহাররম মাসের দশম দিন, ১০ই মুহাররম, আশূরা

عَاشُورَاء ، عَاشُورَى [عشر] ['আশূরা', 'আশূরা] আশূরাঃ মুহাররম মাসের দশম দিন, ১০ই মুহাররম

عَاصَ [س] (عَوَص ، عِيَاص) [عوص] ['আছা] কঠিন হওয়া, কঠোর হওয়া, দুর্বোধ্য হওয়া

عَاصَرَ (مُعَاصَرَة) [عصر] ['আছরা] সমসাময়িক হওয়া, একই যুগের হওয়া

عَاصِر ج عَصَرَة [عصر] ['আছির] কৃপণ, কিপটে, ব্যয়কুণ্ঠ

عَاصِرَة ج عَوَاصِر [عصر] ['আছিরাহ] ব্যয়কুণ্ঠ, কৃপণ, কিপটে (স্ত্রী)

عَاصِف [عصف] ['আছিফ] ঝড়ো, ঝড়ের বেগে প্রবাহিত, প্রবল, প্রচণ্ড (বাতাস)

عَاصِف ج عَوَاصِف ['আছিফ] প্রবল বাতাস, ঝড়, ঘূর্ণিঝড়

عَاصِفَة ج عَوَاصِف [عصف] ['আছিফাহ] প্রবল বাতাস, ঝড়, ঘূর্ণিঝড়

عَاصِم [عصم] ['আছিম] রক্ষাকারী, রক্ষক, হেফাজতকারী, প্রতিরক্ষাকারী

عَاصِمَة ج عَوَاصِم [عصم] ['আছিমাহ] রাজধানী, প্রধান নগরী

عَاصَى (مُعَاصَاة) [عصي] ['আছা] অমান্য করা, অবাধ্য হওয়া, বিরোধিতা করা, বিদ্রোহ করা

عَاصِي ، عَاصٍ ج عُصَاة [عصي] ['আছী, 'আছিন] অবাধ্য, বিদ্রোহী, পাপী

عَاضّ [عضض] ['আদ্] দাঁত দিয়ে কামড়ে ধরে এমন, snapish

عَاضَ [ن] (عِوَض ، عِيَاض) [عوض] ['আদা] প্রতিদান দেওয়া, ক্ষতিপূরণ দেওয়া, পরিবর্তে দেওয়া

عَاضَّ (مُعَاضَّة ، عِضَاض) [عضض] ['আদ্দা] একটি আরেকটিকে কামড়ানো, কামড়াকামড়ি করা

عَاضَدَ (مُعَاضَدَة) [عضد] ['আদাদা] সাহায্য করা, সহায়তা করা, সমর্থন করা

عَاطِر [عطر] ['আতির] সুগন্ধযুক্ত, সুবাসিত

عَاطِر ج عُطُر [عطر] ['আতির] সুগন্ধপ্রিয়, অধিক সুগন্ধ ব্যবহারকারী

عَاطِش [عطش] ['আতিশ] তৃষ্ণার্ত, পিপাসার্ত

عَاطِف [عطف] ['আতিফ] সহানুভূতিশীল, সদয়, সহানুভূতিমূলক, (ব্যাকরণে) সংযোজক

عَاطِف ج عَوَاطِف [عطف] ['আতিফ] সংযোজক অব্যয়, conjunction (ব্যা)

عَاطِفَة ج عَوَاطِف [عطف] ['আতিফাহ] আবেগ, অনুভূতি, সহানুভূতি, দয়া

عَاطِفِيّ ['আতিফী] আবেগময়, আবেগপ্রবণ, অনুভূতিপ্রবণ

عَاطِفِيَّة [عطف] ['আতিফিয়্যাহ] আবেগময়তা, আবেগপ্রবণতা, অনুভূতিপ্রবণতা

عَاطِل [عطل] ['আতিল] শূন্য, কর্মহীন, বেকার, অকেজো, অলস

عَاطِل ج عَوَاطِل ، عُطَّل ، أَعْطَال ['আতিল] কর্মহীন ব্যক্তি, বেকার লোক, অলস মানুষ, গায়ে গয়না নেই এমন স্ত্রীলোক

عَاطِلَة ج عَاطِلَات ، عَوَاطِل [عطل] ['আতিলাহ] শূন্য, বেকার, কর্মহীন, অকেজো, অলস (স্ত্রী), গায়ে গয়না নেই এমন স্ত্রীলোক, অসম্ভ্রান্ত নারী

عَاطُوس [عطس] ['আতূস] (নাকের) নস্য, নস্যি

عَافَ [ن] (عَوْف) [عوف] ['আফা] (পাখি) ছোঁ মারার জন্য চক্কর দেওয়া

عَافَ [ض] [س] (عَيْف ، عِيَاف) [عيف] ['আফা] অপছন্দ করা, ঘৃণা করে রেখে দেওয়া, ছোঁ মারার জন্য চক্কর দেওয়া

عَافَى (مُعَافَاة ، عِفَاء) [عفو] ['আফা] আরোগ্য দান করা, সুস্থ করা, বিপদ থেকে রক্ষা করা

عَافِي ج عُفِيّ ، عُفَاة ، عَافُون [عفو] ['আফী] মাফকারী, ক্ষমাকারী, মার্জনাকারী, নিশ্চিহ্ন

عَافِي ج عُفَاة ، عُفِيّ ، عَافِيَة [عفو] ['আফী] অনুগ্রহপ্রার্থী, দয়াপ্রার্থী, অতিথি, আগন্তুক

عَافِيَة ج عَوَافِي [عفو] ['আফিয়াহ্] সুস্থতা, সুস্বাস্থ্য, অতিথি, জীবিকা অন্বেষণকারী, অনুগ্রহপ্রার্থী, অতিথি

عَاقَ [ن] (عَوْق) [عوق] ['আক্বা] বাধা দেওয়া, আটকে রাখা, বিরত রাখা, বাধাগ্রস্ত করা

عَاقّ ج عَقَقَة ، أَعِقَّة [عقق] ['আক্ব] কথা মানে না এমন, অবাধ্য (সন্তান)

عَاقَّ (مُعَاقَّة) [عقق] ['আক্বা] বিরোধিতা করা, কথা না মানা, অবাধ্য হওয়া

عَاقَبَ (مُعَاقَبَة ، عِقَاب) [عقب] ['আক্বাবা] শাস্তি দেওয়া, সাজা দেওয়া, বদল করা, পিছনে পিছনে আসা

عَاقِب [عقب] ['আক্বিব] পরে আগত, পরবর্তী

عَاقِبَة ج عَوَاقِب [عقب] ['আক্বিবাহ্] পরিণতি, পরিণাম, ফল, ফলাফল

عَاقَّة ج عَوَاقّ ، عَاقَّات [عقق] ['আক্বাহ্] অবাধ্য, কথা মানে না এমন (স্ত্রী)

عَاقَدَ (مُعَاقَدَة) [عقد] ['আক্বাদা] চুক্তিবদ্ধ হওয়া, চুক্তি করা

عَاقِد ج عَقَدَة [عقد] ['আক্বিদ] অনুষ্ঠানকারী, একত্রকারী, চুক্তিকারী, চুক্তিবদ্ধ

عَاقَرَ (مُعَاقَرَة) [عقر] ['আক্বারা] আসক্ত হওয়া, লেগে থাকা, গালাগালি করা, নিন্দা করা

عَاقِر ج عُقَّر ، عَوَاقِر [عقر] ['আক্বির] সন্তান হয় না এমন, নিঃসন্তান, বন্ধ্যা (স্ত্রীলোক)

عَاقِف ج عَوَاقِف [عقف] ['আক্বিফ] রোগাক্রান্ত হয়ে পা বাঁকা হয়ে গিয়েছে এমন (ছাগল)

عَاقِل ج عُقَلَاء ، عَاقِلُون [عقل] ['আক্বিল] জ্ঞানী, বুদ্ধিমান, বোধশক্তিসম্পন্ন

عَاقِل ج عَاقِلَة [عقل] ['আক্বিল] নিহতের রক্তমূল্য পরিশোধকারী, দিয়াত প্রদানকারী, বন্য ছাগল

عَاقِلَة ج عَوَاقِل ، عَاقِلَات [عقل] ['আক্বিলাহ্] জ্ঞানী, বুদ্ধিমতী, বোধশক্তিসম্পন্না (স্ত্রী), বুদ্ধি, পিতার দিকের আত্মীয়স্বজন, জ্ঞাতিবর্গ

عَاكَسَ (مُعَاكَسَة) [عكس] ['আকাসা] বিরোধিতা করা, বিপরীত আচরণ করা, উল্টে দেওয়া, একে অপরের মাথার সামনের চুল ধরা

عَاكِس [عكس] ['আকিস] ছায়াপাতকারী, প্রতিফলনকারী

عَاكِس ، عَاكِسَة ج عَاكِسَات [عكس] ['আকিস, 'আকিসাহ্] প্রতিফলক, reflector, ঢাকনা, shade

عَاكِف ج عُكَّف ، عُكُوف [عكف] ['আকিফ] বাসিন্দা, বসবাসকারী, স্থায়ীভাবে অবস্থানকারী, এ'তেকাফকারী

عَالَ [ن] (عَوْل) [عول] ['আলা] অবিচার করা, ন্যায়বিচার না করা, পক্ষপাতিত্ব করা, ন্যায়পথ থেকে সরে যাওয়া, (ওজন) কম হওয়া, (ওজনে) কম দেওয়া, (তীর) লক্ষ্যে আঘাত না করা, লক্ষ্যভ্রষ্ট হওয়া, কঠিন হওয়া

عَالَ (عَوْل ، عِيَالَة) [عول] ['আলা] ভরণপোষণ করা, বড় পরিবার থাকা

عَالَ [ض] (عَيْل ، عُيُول) [عيل] ['আলা] দরিদ্র হওয়া, গরীব হওয়া, নিঃস্ব হওয়া, রিক্তহস্ত হওয়া, পরিবার-পরিজন বেশী হওয়া, (ওজন) কম হওয়া, (ওজনে) কম দেওয়া

عَالَة ج عَالَ [عول] ['আলাহ্] বৃষ্টি থেকে রক্ষাকারী চাল বা ছাতা, উটপাখি

عَالَة [عيل] ['আলাহ্] দারিদ্র, অভাব, পোষ্যবর্গ

عَالَجَ (مُعَالَجَة ، عِلَاج) [علج] ['আলাজা] চেষ্টা করা, অনুশীলন করা, লেগে থাকা, চিকিৎসা করা, প্রতিকার করা, প্রতিবিধান করা

عَالِق [علق] ['আলিক] ঝুলে বা লেগে আছে এমন, ঝুলন্ত, সংলগ্ন

عَالَم ج عَوَالِم ، عَالَمُون ['আলাম] জগৎ, পৃথিবী, বিশ্ব, দুনিয়া, সৃষ্টিজগৎ, আলম

العَالَم الثَّالِث [আল-'আলামুছ ছালিছ] তৃতীয় বিশ্ব

عَالِم ج عُلَمَاء ، عَالِمُون [علم] ['আলিম] জ্ঞানী, বিদ্বান, পণ্ডিত, শিক্ষিত, বিজ্ঞানী, বৈজ্ঞানিক

عَالِم طَبِيعِيّ ['আলিম তবী'ঈ] পদার্থবিজ্ঞানী

عَالَمِيّ ['আলামী] বিশ্ব-, বিশ্বজনীন, জাগতিক, বৈশ্বিক, পার্থিব, আন্তর্জাতিক

عَالَمِيَّة ['আলামিয়্যাহ্] বৈশ্বিকতা, আন্তর্জাতিকতা, বিশ্বজনীনতা

عَالِي [علو] ['আলী] উপর, উপরিভাগ, উপরের

বস্তু

['আলী, 'আলিন] عَالِي ، عَالٍ ست عَالِيَة [علو] উচ্চ, উঁচু, মহান, বড়, সম্ভ্রান্ত

['আলী] ঊর্ধ্বতন, عَالِي ، عَالٍ ج عَالُون [علو] উচ্চ মর্যাদাসম্পন্ন, প্রাধান্যপ্রাপ্ত, অবাধ্য, অহঙ্কারী

['আলিয়াহ] عَالِيَة ج عَالِيَات ، عَوَالِي [علو] উচ্চ, উঁচু, মহান, বড়, সম্ভ্রান্ত, উচ্চ মর্যাদাসম্পন্ন (স্ত্রী), উপরিভাগ, উচ্চতর অংশ, উপরের দিক

['আম] বছর, বৎসর, বর্ষ, عَام ج أَعْوَام [عوم] সন, সাল, অব্দ

['আম দিরাসী] শিক্ষাবর্ষ, সেশন عَام دِرَاسِيّ (session)

['আমা] সাঁতার কাটা, عَامَ[ن] (عَوْم) [عوم] সন্তরণ করা, সাঁতরানো, ভাসা

['আম্] ব্যাপক, সাধারণ, সার্বজনীন, عَامّ [عمم] জন-, গণ-, সরকারী (খাত)

['আম্মাহ] সাধারণ মানুষ, عَامَّة ج عَوَامّ [عمم] জনসাধারণ

['আম্মাতুন নাস] সাধারণ মানুষ, عَامَّة النَّاس জনসাধারণ

['আম্মাতান, বি-'আম্মাতিন] সাধা- عَامَّةً ، بِعَامَّةٍ রণত, সাধারণভাবে

['আমির] বসতিপূর্ণ, উন্নত, সমৃদ্ধ, عَامِر [عمر] সভ্য, পূর্ণ, পরিপূর্ণ, বিরাট

[উম্ 'আমির] হায়না (হিংস্র প্রাণী) أُمّ عَامِر

['আমালা] আচরণ করা, عَامَلَ (مُعَامَلَة) [عمل] লেনদেন করা

['আমিল] যে কাজ করে, عَامِل ست عَامِلَة [عمل] সক্রিয়, কার্যকর, ক্রিয়াশীল

['আমিল] কর্মী, عَامِل ج عُمَّال ج عَامِلُون [عمل] কর্মচারী, চাকর, শ্রমিক, গভর্নর, আমলকারী

['আমিল] কারণ, হেতু, عَامِل ج عَوَامِل [عمل] কার্যকারণ, উপাদান, দাবি, চাহিদা, চালিকা-শক্তি, (ব্যাকরণে) অন্য শব্দের চালক শব্দ

['আমী] বাৎসরিক, বার্ষিক عَامِيّ

['আম্মী] সাধারণ, প্রচলিত, কথ্য, عَامِّيّ [عمم] আঞ্চলিক (ভাষা)

[আল-'আম্মিয়্যাহ, اَلْعَامِّيَّة ، اَللُّغَة الْعَامِّيَّة [عمم] আল-লুগাতুল 'আম্মিয়্যাহ] কথ্য ভাষা, আঞ্চলিক ভাষা

['আনাহ] বন্য গাধার পাল, عَانَة ج عَانَات ، عُوْن গাধী, নাভির তলদেশ, তলপেট, তলপেটের চুল

['আনাদা] অবাধ্য عَانَدَ (مُعَانَدَة ، عِنَاد) [عند] হওয়া, বিরোধিতা করা, একগুঁয়েমি করা, বিদ্রোহ করা

['আনিস] বয়স্ক অবিবাহিত লোক, عَانِس [عنس] আইবুড়ো পুরুষ, চিরকুমার

['আনিস] বয়স্ক عَانِس ج عُنَّس ، عُنُس ، عَوَانِس অবিবাহিত মহিলা, আইবুড়ো মহিলা, চিরকুমারী

['আনাক্বা] গলাগলি করা, عَانَقَ (مُعَانَقَة) [عنق] কোলাকুলি করা, আলিঙ্গন করা, গলায় দুই হাত রেখে বুকে জড়িয়ে ধরা

['আনা] ভোগ করা, সহ্য عَانَى (مُعَانَاة) [عني] করা, কষ্ট করা, কষ্ট পাওয়া

['আনী] বন্দী, বিনীত, বাধ্য, عَانِي ج عُنَاة [عنو] অনুগত, দুর্দশাগ্রস্ত, দুঃস্থ, উদ্বিগ্ন, উৎকণ্ঠিত, আগ্রহী, মনোযোগী, প্রবাহিত (রক্ত, পানি)

['আনিয়াহ] عَانِيَة ج عَانِيَات ، عَوَانِي [عنو] বন্দী, বিনীত, বাধ্য, অনুগত, দুর্দশাগ্রস্ত, দুঃস্থ, উদ্বিগ্ন, উৎকণ্ঠিত, আগ্রহী, মনোযোগী (স্ত্রী)

['আহাহ] ব্যাধি, عَاهَة ج عَاهَات [عوه ، عيه] দুর্বলতা, অক্ষমতা, দৈহিক খুঁত, বিকলাঙ্গতা

['আহাদা] প্রতিজ্ঞা করা, عَاهَدَ (مُعَاهَدَة) [عهد] চুক্তি করা, প্রতিশ্রুতি দেওয়া, প্রতিজ্ঞাবদ্ধ হওয়া

['আহারা] ব্যভিচার করা, عَاهَرَ (مُعَاهَرَة) [عهر] যেনা করা

['আহির] লম্পট, عَاهِر ج عُهَّار ، عَاهِرُون [عهر] ব্যভিচারী, যেনাকারী

['আহির] ব্যভিচারিণী, عَاهِر ج عَوَاهِر [عهر] যেনাকারিণী, পতিতা, বেশ্যা

['আহিরাহ] ব্যভিচারিণী, عَاهِرَة ج عَوَاهِر [عهر] যেনাকারিণী, পতিতা, বেশ্যা

['আহিল] রাজা, عَاهِل ج عَوَاهِل ، عُهَّال [عهل] সম্রাট, শাসক, স্বামীবিহীন স্ত্রীলোক, পতিহীনা

['আহিন] (দেহের) অঙ্গ, عَاهِن ج عَوَاهِن [عهن] খেজুর গাছের ডাল, নিঃস্ব, দরিদ্র, ঢিলে, অলস

['আহিনাহ] খেজুর গাছের ডাল عَاهِنَة ج عَوَاهِن

أَلْقَى الْكَلَامَ عَلَى عَوَاهِنِهِ [আল্‌কাল কালামা 'আলা 'আওয়াহিনিহী] বল্গাহীনভাবে কথা বলা, এলোমেলোভাবে কথা বলা, চিন্তা না করে কথা বলা

عَاوَدَ (مُعَاوَدَة ، عِوَاد) [عود] ['আওয়াদা] ফিরে আসা, আবার আসা, প্রত্যাবর্তন করা, পুনরায় করা, (রোগ) আবার আক্রমণ করা, অভ্যাস থেকে করা

عَاوَضَ (مُعَاوَضَة) [عوض] ['আওয়াদা] পরিবর্তে দেওয়া, বদল করা, বিনিময় করা, প্রতিদান দেওয়া, ক্ষতিপূরণ দেওয়া

عَاوَمَ (مُعَاوَمَة) [عوم] ['আওয়ামা] (গাছে) এক বছর পর পর ফল ধরা, বছর হিসেবে চুক্তি করা

عَاوَنَ (مُعَاوَنَة) [عون] ['আওয়ানা] সাহায্য করা, সহায়তা করা, সহায়তা দেওয়া

عَايَدَ (مُعَايَدَة) [عيد] ['আয়াদা] ঈদের শুভেচ্ছা জানানো, উৎসব উপলক্ষে অভিনন্দন জানানো

عَايَرَ (مُعَايَرَة ، عِيَار) [عير] ['আয়ারা] ওজন বা মাপ যাচাই করা, ওজন বা মাপ ঠিক করা, গৌরব-প্রতিযোগিতা করা

عَايَشَ (مُعَايَشَة) [عيش] ['আয়াশা] সঙ্গে বাস করা, একত্রে বসবাস করা

عَايَنَ (مُعَايَنَة ، عِيَان) [عين] ['আয়ানা] চোখে দেখা, প্রত্যক্ষ করা, ভাল করে দেখা, পর্যবেক্ষণ করা, নিরীক্ষণ করা

عَبَّ [ن] (عَبّ) [عبب] ['আব্বা] গিলে ফেলা

عِبّ ، عُبّ ج عِبَاب ['ইব্, 'উব্] (জামার) বুক, বুকপকেট, আস্তিন, হাতা

عَبَاء ج أَعْبِئَة ['আবা'] আবাঃ একপ্রকার ঢিলা জামা

عَبَاءَة ج عَبَاءَات ['আবাআহ্] আবাঃ একপ্রকার ঢিলা জামা

عُبَاب [عبب] ['উবাব্] তরঙ্গ, ঢেউ, ঢল, স্রোত

عَبَّاد [عبد] ['আব্বাদ্] অধিক ইবাদতকারী

عَبَّاد الشَّمْس ، عَبَّادَة الشَّمْس ['আব্বাদুশ শাম্স, 'আব্বাদাতুশ শাম্স] সূর্যমুখী (ফুল)

عِبَادَة [عبد] ['ইবাদাহ্] এবাদত, বন্দেগি, পূজা, উপাসনা, অর্চনা, দাসত্ব, সেবা

عِبَارَة ج عِبَارَات [عبر] ['ইবারাহ্] অর্থপূর্ণ শব্দ-সমষ্টি, পাঠাংশ, বর্ণনা, প্রকাশ, কথা, বর্ণনাভঙ্গি, প্রকাশভঙ্গি, অর্থ

عِبَارَة عَنْ ['ইবারাহ্ 'আন] হল, হচ্ছে, (মধ্যে) আছে

بِعِبَارَةٍ أُخْرَى [বি-'ইবারাতিন উখ্‌রা] অন্যভাবে বললে, অন্য কথায়, অর্থাৎ

عَبَّاس [عبس] ['আব্বাস্] অধিক ভ্রূকুটিকারী, গোমড়ামুখো, রূঢ়, কঠোর

عَبَّاسِيّ ['আব্বাসী] আব্বাসী, আব্বাসীয়, আব্বাসী বংশীয়, আব্বাসী শাসনামলের

عَبَايَة ج عَبَايَات ['আবায়াহ্] আবাঃ একপ্রকার ঢিলা জামা

عَبَأَ [ف] (عَبْء) ['আবাআ] প্রস্তুত করা, সাজিয়ে রাখা, বিন্যস্ত করা

عَبَأَ بِ [-- বি] খেয়াল করা, মনোযোগ দেওয়া, ভ্রূক্ষেপ করা, গুরুত্ব দেওয়া, পরোয়া করা

مَا عَبَأَ بِ [মা 'আবাআ বি] মনোযোগ না দেওয়া, খেয়াল না করা, ভ্রূক্ষেপ না করা, পরোয়া না করা, গুরুত্ব না দেওয়া

عَبَّأَ (تَعْبِئَة) [عبأ] ['আব্বাআ] প্রস্তুত করা, বিন্যস্ত করা, সজ্জিত করা, (সৈন্য) সমাবেশ করা, একটার উপর একটা রাখা, ভরা, বোঝাই করা, গাদানো, কৌটায় ভরা

عِبْء ج أَعْبَاء ['ইব্'] বোঝা, ভার, বোঝাই-করা বস্তু, দায়িত্ব

عَبَث ['আবাছ্] খেলা, তামাশা, কৌতুক, নিরর্থক

عَبَثًا ['আবাছান] নিরর্থক, অমূলক, বৃথা, অযথা

عَبِثَ [س] (عَبَث) ['আবিছা] খেলা করা, তামাশা করা, নিরর্থক কাজ করা

عَبِثَ بِ [-- বি] হালকা মনে করা, গুরুত্বহীন মনে করা, অবজ্ঞা করা

عَبْد ج عِبَاد ، عَبِيد ['আব্‌দ্] দাস, ক্রীতদাস, গোলাম, উপাসক, সেবক, বান্দা

عَبَدَ [ن] (عِبَادَة) ['আবাদা] এবাদত করা, পূজা করা, উপাসনা করা, দাসত্ব করা, সেবা করা

عَبُدَ [ك] (عُبُودَة ، عُبُودِيَّة) ['আবুদা] পূর্বপুরুষ থেকে দাস হওয়া

عَبَّدَ (تَعْبِيد) [عبد] ['আব্বাদা] দাস বানানো, দাসে পরিণত করা, বশীভূত করা, (পথ) সুগম করা, (রাস্তা) তৈরী করা, উন্মুক্ত করা

عَبْدِيَّة [عبد] ['আব্দিয়্যাহ্] দাসত্ব, আনুগত্য, গোলামি, সেবা

عَبْر ['আব্র] অতিক্রমণ, পাড়ি, পারাপার, অপর পার

عَبْرَ ['আব্রা] পার হয়ে, উপর দিয়ে, মধ্য দিয়ে, জুড়ে

عَبَرَ [ن] (عَبْر ، عُبُور) ['আবারা] পার হওয়া, পাড়ি দেওয়া, অতিক্রম করা, অতিক্রান্ত হওয়া, মরে যাওয়া

عَبَرَ بِـ [-- বি] পার করা, পার করে দেওয়া, পার করে নেওয়া

عَبَرَ (عَبْر) ['আবারা] অশ্রু ঝরানো, ক্রন্দন করা, কাঁদা, শব্দ না করে (বই) পড়া, (মুদ্রা, পণ্য) পরীক্ষা করে দেখা, নিরীক্ষণ করা

عَبَرَ (عَبْر ، عِبَارَة) ['আবারা] (স্বপ্নের) তাৎপর্য ব্যাখ্যা করা, তাবীর করা

عَبِرَ [س] (عَبَر) ['আবিরা] অশ্রু ঝরানো, ক্রন্দন করা, কাঁদা, শিক্ষা গ্রহণ করা

عَبَّرَ (تَعْبِير) [عبر] ['আব্বারা] (স্বপ্নের) ব্যাখ্যা করা, তাৎপর্য ব্যাখ্যা করা, তাবীর করা, পার করা

عَبَّرَ عَنْ [-- 'আন] ব্যক্ত করা, প্রকাশ করা, অর্থ করা, নির্দেশ করা, ঘোষণা করা

عِبْرَانِيّ ['ইব্রানী] হিব্রু (Hebrew)

العِبْرَانِيَّة [আল-'ইব্রানিয়্যাহ্] হিব্রু ভাষা

عَبْرَة ج عَبَرَات ['আব্রাহ্] অশ্রু, চোখের পানি, আঁখিজল, আঁসু

عِبْرَة ج عِبَر ['ইব্রাহ্] শিক্ষা, উপদেশ, দৃষ্টান্ত

عِبْرِيّ ['ইব্রী] হিব্রু (Hebrew)

العِبْرِيَّة [আল-'ইব্রিয়্যাহ] হিব্রু ভাষা

عَبَسَ ['আবাসা] সূরা 'আবাসাঃ পবিত্র কোরআনের ৮০তম সূরা

عَبَسَ [ض] (عَبْس ، عُبُوس) ['আবাসা] ভ্রূকুটি করা, রূঢ় হওয়া, কঠোর হওয়া, মুখ মলিন করা

عَبِق ['আবিক] সুবাস ছড়ায় এমন, সুবাসযুক্ত, সুরভিত

عَبِقَ [س] (عَبَق ، عَبَاقَة ، عَبَاقِيَة) ['আবিক্বা] সুরভিত হওয়া, সুগন্ধময় হওয়া, সুবাস ছড়ানো

عَبِقَ بِـ [-- বি] (সুবাস ইত্যাদিতে) ভরে যাওয়া, পূর্ণ হওয়া, (ঘ্রাণ) লেগে থাকা, বাস করা

عَبْقَر ['আব্ক্বার] জ্বিন-পরীদের দেশ, পরীস্থান

عَبْقَرِيّ ['আব্ক্বারী] প্রতিভাবান, মেধাবী, মহান, পূর্ণ, বড়, শক্তিশালী, নেতা, একপ্রকার মূল্যবান বিছানা

عَبْقَرِيّ ج عَبَاقِرَة ['আব্ক্বারী] প্রতিভাবান ব্যক্তি, মহান ব্যক্তি, বড় ব্যক্তিত্ব

عَبْقَرِيَّة ['আব্ক্বারিয়্যাহ্] প্রতিভা, মেধা

عَبْل ، عَبِل ج عِبَال ['আব্ল, 'আবিল] বিরাট, হৃষ্টপুষ্ট, মোটাসোটা, সুগোল, সুডৌল

عَبِلَ [س] (عَبَل) ['আবিলা] বিরাট হওয়া, হৃষ্টপুষ্ট হওয়া, মোটাসোটা হওয়া

عَبُلَ [ك] (عَبَالَة ، عُبُول) ['আবুলা] বিরাটকায় হওয়া, হৃষ্টপুষ্ট হওয়া, মোটাসোটা হওয়া

عُبُوَّة ج عُبُوَّات [عبو] ['উবুওওয়াহ্] ভরার বস্তু, ভরাট, পূর্তি, পূরণ, প্যাকেট

عُبُوَّة نَاسِفَة ['উবুওওয়াহ নাসিফাহ্] বিস্ফোরক, বোমা

عُبُودَة ، عُبُودِيَّة [عبد] ['উবূদাহ, 'উবূদিয়্যাহ্] দাসত্ব, গোলামি, বন্দেগি, এবাদত, সেবা

عُبُور [عبر] ['উবূর] অতিক্রমণ, পারাপার, পাড়ি

عَبُوس [عبس] ['আবূস] ভ্রূকুটিপূর্ণ, কঠোর, রূঢ়, মলিনমুখ

عُبُوس [عبس] ['উবূস] ভ্রূকুটি, কঠোর দৃষ্টি, কঠোরতা, রূঢ়তা

عَبَّى (تَعْبِئَة) [عبي] ['আব্বা] ভরা, ভর্তি করা, ভরাট করা, পূর্ণ করা, (সৈন্য) সমাবেশ করা, প্রস্তুত করা

عَبِير ['আবীর] সুগন্ধ, সুবাস, সুরভি, সৌরভ

عَتَا [ن] (عُتُوّ ، عِتِيّ ، عُتِيّ) [عتو] ['আতা] উদ্ধত হওয়া, অবাধ্য হওয়া, অহমিকা প্রদর্শন করা, সীমালঙ্ঘন করা, তীব্র হওয়া, বয়োবৃদ্ধ হওয়া

عِتَاب [عتب] ['ইতাব] তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা

عَتَاد ج عُتُد ، أَعْتُد ، أَعْتِدَة ['আতাদ] সরঞ্জাম, সম্ভার, সামগ্রী

عَتَّار [عتر] ['আত্তার] শক্তিশালী, সাহসী, বন্য

عُتَاق [عتق] ['উতাক] উন্নতমানের পুরাতন মদ

عَتَاقَة [عتق] ['আতাক্বাহ] প্রাচীনত্ব, স্বাধীনতা, মুক্তি

عَتَّال [عتل] ['আত্তাল] ভারবাহী, বোঝাবাহক, কুলি, মুটে

عِتَالَة [عتل] ['ইতালাহ] বোঝাবহন, কুলিগিরি, বোঝাবহনের পারিশ্রমিক, কুলি-ভাড়া, মুটে-ভাড়া

عَتَاهَة [عته] ['আতাহাহ] দিগ্‌ভ্রান্তি, হতভম্বতা, মস্তিষ্কবিকৃতি, বুদ্ধির স্বল্পতা, বোকামি, নির্বুদ্ধিতা

عَتَاهِيَة [عته] ['আতাহিয়াহ] দিগ্‌ভ্রান্তি, হতভম্বতা, মস্তিষ্কবিকৃতি, বুদ্ধির স্বল্পতা, নির্বুদ্ধিতা; দিগ্‌ভ্রান্ত, হতভম্ব, নির্বোধ, বোকা, স্বল্পবুদ্ধি

عَتْب ['আত্‌ব] নিন্দা, তিরস্কার, ভর্ৎসনা, খঞ্জত্ব

عَتَب ['আতাব] কষ্ট, অপছন্দনীয় জিনিস, ত্রুটি, শক্ত ভূমি, দুই আঙ্গুলের (তর্জনী ও মধ্যমা অথবা অনামিকা ও মধ্যমা) মধ্যবর্তী ফাঁক, দুই পাহাড়ের মধ্যবর্তী ফাঁক, গোলযোগ

عَتَبَة ج عَتَب ، عَتَبَات ['আতাবাহ] চৌকাঠের নিম্নাংশ, গোবরাট, সরদল, lintel, শক্ত ভূমি, অপছন্দনীয় জিনিস, কষ্ট, সিঁড়ির ধাপ

عُتْبَة ['উত্‌বাহ] উপত্যকার বাঁক, পাহাড়ে আরোহণের পথ

عُتْبَى ['উত্‌বা] সন্তুষ্টি, খুশি, অনুগ্রহ

عَتُدَ [ك] (عَتَاد ، عَتَادَة) ['আতুদা] তৈরী হওয়া, প্রস্তুত হওয়া

عَتَّدَ (تَعْتِيد) [عتد] ['আত্তাদা] তৈরী করা, প্রস্তুত করা

عَتَقَ [ض] (عَتْق ، عِتْق) ['আতাক্বা] পুরাতন হওয়া, বয়স্ক হওয়া, মুক্ত হওয়া, মুক্তি পাওয়া

عَتُقَ [ك] (عِتْق ، عَتَاقَة) ['আতুক্বা] পুরাতন হওয়া, পুরান হওয়া, প্রাচীন হওয়া, মুক্ত হওয়া, শ্রেষ্ঠ হওয়া

عَتَّقَ (تَعْتِيق) [عتق] ['আত্তাক্বা] পুরাতন করা, কামড় দেওয়া

عِتْق ['ইত্‌ক] প্রাচীনত্ব, শ্রেষ্ঠত্ব, মুক্তি, স্বাধীনতা, খাঁটি বংশ, বংশ-মর্যাদা, আভিজাত্য, সৌন্দর্য

عُتُق ['উতুক] ধনুক বানানোর একপ্রকার গাছ

عَتَلَ [ن] [ض] (عَتْل) ['আতালা] (বোঝা) বহন করা, উপরে তোলা, উঠানো, জোরে টেনে আনা, জোরে ঠেলে দেওয়া, নিয়ে যাওয়া

عُتُلّ ['উতুল্] দুষ্ট, রূঢ়, বদমেজাজ, পেটুক

عَتَلَة ج عَتَل ، عَتَلَات ['আতালাহ] মাটির বড় পিণ্ড, ভার উত্তোলনের কাজে ব্যবহৃত লৌহদণ্ড, লিভার (lever), শক্ত লাঠি, শাবল

عَتَمَ [ض] (عَتْم) ['আতামা] দ্বিধা করা, ইতস্তত করা, দেরি করা, বিলম্বিত করা, (রাতের) কিছু অংশ অতিবাহিত হওয়া

عَتَّمَ (تَعْتِيم) [عتم] ['আত্তামা] কালক্ষেপণ করা, ইতস্তত করা, দ্বিধা করা, অন্ধকার করা, অস্পষ্ট করা, অন্ধকারে করা, অন্ধকারে চলা

عُتْم ، عُتْمَة ['উত্‌ম, 'উত্‌মাহ] বন্য জলপাই গাছ

عَتَمَة ['আতামাহ] অন্ধকার, তমসা, অনুজ্জ্বলতা, অস্পষ্টতা, রাতের প্রথম তৃতীয়াংশ, রাতের অন্ধকার, বিলম্ব, দেরি

عَتَه ['আতাহ] দিগ্‌ভ্রান্তি, হতভম্বতা, নির্বুদ্ধিতা, বোকামি, বুদ্ধির স্বল্পতা, মস্তিষ্কবিকৃতি

عَتِهَ [س] (عُتْه ، عَتَه) ، عُتِهَ ['আতিহা, 'উতিহা] দিগ্‌ভ্রান্ত হওয়া, হতভম্ব হওয়া, বিকৃতমস্তিষ্ক হওয়া, বোকা হওয়া, নির্বোধ হওয়া, স্বল্পবুদ্ধি হওয়া

عُتْه ['উত্‌হ] দিগ্‌ভ্রান্তি, হতভম্বতা, মস্তিষ্কবিকৃতি, নির্বুদ্ধিতা, বোকামি, বুদ্ধির স্বল্পতা

عُتُوّ ['উতু] অবাধ্যতা, ঔদ্ধত্য, অহমিকা, ধৃষ্টতা, অত্যাচার, শক্তি, তীব্রতা

عَتِيّ ج أَعْتَاء [عتو] ['আতী] উদ্ধত, অত্যাচারী, জালেম, অহঙ্কারী, কঠোর

عِتِيّ ، عُتِيّ [عتو] ['ইতী, 'উতী] ঔদ্ধত্য, ধৃষ্টতা, অহমিকা, অহঙ্কার

بَلَغَ مِنَ الْعُمْرِ عِتِيًّا [বালাগা মিনাল 'উম্‌রি 'ইতিয়্যান] অনেক বয়স্ক হওয়া, বয়োবৃদ্ধ হওয়া

عَتِيد [عتد] ['আতীদ] প্রস্তুত, উপস্থিত, প্রাচীন, সুপরিচিত, প্রবীণ

['আতীদাহ্] প্রাচীন, প্রস্তুত, [عتد] عَتِيدَة ج عَتَائِد
উপস্থিত, সুপরিচিত (স্ত্রী), (নববধূর) প্রসাধন-সামগ্রী রাখার বাক্স বা পাত্র

['আতীক] [عتق] عَتِيق ج عُتَقَاء ، عُتُق ، عِتَاق
প্রাচীন, পুরান, শ্রেষ্ঠ, মহান, মুক্ত, সম্ভ্রান্ত, ভাল জাতের (ঘোড়া, উট), সুন্দর, চমৎকার

[আল-বাইতুল 'আতীক] সুপ্রাচীন الْبَيْت العَتِيق
গৃহঃ পবিত্র কাবাঘর

['আতীক্বাহ্] প্রাচীন, শ্রেষ্ঠ, [عتق] عَتِيقَة ج عَتَائِق
সম্ভ্রান্ত, মুক্ত, ভাল জাতের (স্ত্রী), সুন্দরী নারী

['উছ্ছাহ্] বস্ত্র পশম চামড়া عُثَّة ج عُثّ ، عُثَث
ইত্যাদি কাটার পোকা, মথপোকা (moth), দেয়ালী পোকা, চেলোপোকা (mite)

['আছা] গোলযোগ সৃষ্টি [عثو] (عُثُوّ) [ن] عَثَا
করা, অপরাধ করা, অপকর্ম করা, অন্যায় করা, ক্ষতি করা

['আছারা] অব- عَثَرَ [ن] (عَثْر ، عُثُور) بِ ، عَلَى
হিত হওয়া, জানতে পারা, আবিষ্কার করা, সন্ধান পাওয়া, এসে পড়া, আঘাত করা

['আছারা] হোঁচট (عَثْر ، عِثَار) [ن] [ض] عَثَرَ
খাওয়া, স্খলিত হওয়া, আছাড় খাওয়া

['আছ্ছারা] আছাড় দেওয়া, [عثر] (تَعْثِير) عَثَّرَ
হোঁচট খাওয়ানো, স্খলিত করা

['আছ্রাহ্] আছাড়, হোঁচট, ভুল, عَثْرَة ج عَثَرَات
স্খলন

['উছ্কূল] কলার কাঁদি عُثْقُول ج عَثَاقِيل

['উছ্কূল] খেজুরের ছড়া عُثْكُول ج عَثَاكِيل

['উছ্মানী] (তুরস্কের) ওসমানী বংশীয়, عُثْمَانِيّ
ওসমানী শাসনামলের, অটোমান

['উছ্নূন] দাড়ি, শ্মশ্রু عُثْنُون ج عَثَانِين

['আছূর] অধিক হোঁচট বা আছাড় [عثر] عَثُور
খায় এমন, বারবার পড়ে যায় এমন

['উছূর] আবিষ্কার, সন্ধানলাভ [عثر] عُثُور

['আছা] ক্ষতি [عثي] (عِثِيّ ، عُثِيّ) [ض] عَثَى
করা, অন্যায় করা, অপরাধ করা, অপকর্ম করা, গোলযোগ সৃষ্টি করা

['আছিয়া] ক্ষতি [عثي] (عِثِيّ ، عُثِيّ) [س] عَثِيَ
করা, অন্যায় করা, অপরাধ করা, অপকর্ম করা, গোলযোগ সৃষ্টি করা

['ইছ্ইয়ার] ধূলিকণা, বালুকণা عِثْيَر

['আজ্] শোরগোল, হৈচৈ, গর্জন عَجّ

['আজ্জা] [عجج] (عَجّ ، عَجِيج) [س] [ض] عَجَّ
উচ্চ শব্দ করা, গর্জন করা, শোরগোল করা, (বাতাস) ধূলি উড়ানো, (উট) তাড়ানো

['উজাব] আশ্চর্যজনক, বিস্ময়কর [عجب] عُجَاب

['আজাবুন 'উজাব] অতি আশ্চর্য- عَجَبٌ عُجَاب
জনক বস্তু, অত্যন্ত বিস্ময়কর ব্যাপার

['আজাজ] ধূলি, ধুলো, ধোঁয়া, [عجج] عَجَاج
শোরগোল, হৈচৈ, নির্বোধ, বোকা

['আজ্জাজ] শোরগোলপূর্ণ, হৈচৈ- [عجج] عَجَّاج
পূর্ণ, গর্জনকারী, চিৎকারকারী, শোরগোলকারী, হৈচৈকারী

['ইজাফ] শীর্ণ, কৃশ, শীর্ণকায়, [عجف] عِجَاف
ছিপছিপে, হালকা-পাতলা (أَعْجَف-এর বহুবচন)

['আজ্জাল] অত্যন্ত তাড়াহুড়াকারী [عجل] عَجَّال

['উজালাহ্] যা তাড়াতাড়ি করা [عجل] عُجَالَة
হয়, দ্রুত কাজ, ত্বরিত কর্ম, মেহমানের জন্য তাড়াতাড়ি পরিবেশিত খাদ্য, ত্বরিত মেহমানদারি

['উজাম, 'উজামাহ্] [عجم] عُجَام ، عُجَامَة
কিশমিশ আনার খেজুর ইত্যাদির বীচি

['আজ্জান] ময়দার তাল বানানোর [عجن] عَجَّان
কাজ করে এমন, বোকা, হাবা, নির্বোধ

['ইজান] উরুদ্বয়ের মাঝখানে পুরুষের عِجَان
অণ্ডাশয় আর নারীর যোনিদ্বার ও মলদ্বারের মধ্যবর্তী স্থান, perineum

['আজাব] বিস্ময়, আজব বস্তু, عَجَب ج أَعْجَاب
আশ্চর্য, আশ্চর্যের ব্যাপার, (আল্লাহ্‌র) সন্তুষ্টি

['আজাবান, ইয়া লাল- عَجَبًا ، يَا لَلْعَجَب
'আজাব] কী আশ্চর্য! আশ্চর্যের ব্যাপার!

['আজিবা] বিস্মিত হওয়া, (عَجَب) [س] عَجِبَ
অবাক হওয়া, আশ্চর্যান্বিত হওয়া

[-- ইলা] আকৃষ্ট হওয়া, মুগ্ধ হওয়া عَجِبَ إِلَى

['আজ্জাবা] বিস্মিত [عجب] (تَعْجِيب) عَجَّبَ
করা, অবাক করা, আশ্চর্যান্বিত করা

عُجْب ['উজ্‌ব] অহমিকা, দম্ভ, অহঙ্কার, বড়াই

عُجَّة ج عُجَّات [عجج] ['উজ্জাহ্] ডিমের বড়া, মামলেট

عَجَّجَ (تَعْجِيج) [عجج] ['আজ্জাজা] (ধূলি) উড়ানো, (ঘর ধোঁয়ায়) ভরে ফেলা

عُجْرَة ج عُجَر ['উজ্‌রাহ্] গিঁট, গাঁট, কুঁজ

عَجْرَفَة [عجرف] ['আজ্‌রফাহ্] অহমিকা, দম্ভ, ঔদ্ধত্য, রূঢ়তা, কঠোরতা

عَجْز ['আজ্‌য] অক্ষমতা, অপারগতা, দুর্বলতা, বার্ধক্য, ঘাটতি

عَجْز ج أَعْجَاز ['আজ্‌য] পশ্চাদ্ভাগ, পিছনের অংশ, পাছা, শ্লোকের দ্বিতীয়ার্ধ, গাছের শিকড়, কাণ্ড

عَجَزَ [ض]، عَجِزَ [س] (عَجْز) عَنْ ['আজাযা, 'আজিযা] অক্ষম হওয়া, অপারগ হওয়া

عَجِز ج أَعْجَاز ['আজিয] পশ্চাদ্ভাগ, পিছনের অংশ, পাছা, নিতম্ব, অক্ষম, অপারগ

عَجِزَ [س] (عَجَز ، عُجْز) ['আজিযা] পাছা বড় হওয়া, বড় নিতম্ববিশিষ্ট হওয়া

عَجُز ج أَعْجَاز ['আজুয] পশ্চাদ্ভাগ, নিতম্ব, পাছা, (কবিতার) দ্বিতীয় শ্লোকার্ধ, অক্ষম, অপারগ

عَجُزَ [ك] (عُجُوز) ['আজুযা] বৃদ্ধ হয়ে যাওয়া, বার্ধক্যে উপনীত হওয়া

عَجَّزَ (تَعْجِيز) [عجز] ['আজ্জাযা] অক্ষম করা, অপারগ করা, দুর্বল করা, বৃদ্ধ হয়ে যাওয়া, বার্ধক্যে উপনীত হওয়া

عِجْز ، عُجْز ج أَعْجَاز ['ইজ্‌য, 'উজ্‌য] পশ্চাদ্ভাগ, পিছনের অংশ

عَجْعَجَ (عَجْعَجَة) [عجعج] ['আজ্‌'আজা] হৈচৈ করা, শোরগোল করা, গণ্ডগোল করা

عَجْعَجَة [عجعج] ['আজ্‌'আজাহ্] হৈচৈ, শোরগোল, গণ্ডগোল

عَجَف ['আজাফ] কৃশতা, শীর্ণতা, হালকা-পাতলা গড়ন

عَجَفَ [ن] [ض] (عَجْف ، عُجُوف) ['আজাফা] দুর্বল করা, কাহিল করা, শীর্ণ করা, খাদ্যগ্রহণ থেকে বিরত থাকা, খাওয়া ছেড়ে দেওয়া

عَجِف ج عِجَاف ['আজিফ] দুর্বল, কাহিল, কৃশ, শীর্ণ

عَجِفَ [س]، عَجُفَ [ك] (عَجَف) ['আজিফা, 'আজুফা] দুর্বল হওয়া, কাহিল হওয়া, কৃশ হওয়া, শীর্ণ হওয়া, (অঞ্চল) অনাবৃষ্টিকবলিত হওয়া

عُجْف ['উজ্‌ফ] শীর্ণ, কৃশ, শীর্ণকায়, ছিপছিপে, হালকা-পাতলা, দুর্বল (أَعْجَف-এর বহুবচন)

عَجْفَاء [عجف] ['আজ্‌ফা'] দুর্বল, কাহিল, শীর্ণ, কৃশ, ছিপছিপে (أَعْجَف-এর স্ত্রীলিঙ্গ)

عَجَل ['আজাল] দ্রুততা, ক্ষিপ্রতা, ত্বরা, তাড়া, তাড়াহুড়া, ব্যস্ততা

عَجِل ['আজিল] দ্রুত, ক্ষিপ্র, ত্বরিত, তাড়াহুড়া-কারী, ব্যস্ত, অবিলম্বে সম্পন্ন

عَجِلَ [س] (عَجَل) ['আজিলা] তাড়াহুড়া করা, ত্বরা করা

عَجَّلَ (تَعْجِيل) [عجل] ['আজ্জালা] দ্রুত করা, তাড়াতাড়ি করা, ত্বরান্বিত করা, আগে আগে করা, অগ্রিম দেওয়া

عَجُل ['আজুল] দ্রুত, ক্ষিপ্র, ত্বরিত, তাড়াহুড়া-কারী, ব্যস্ত, অবিলম্বে সম্পন্ন

عِجْل ج عُجُول ['ইজ্‌ল] বাছুর, গোবৎস

عُجْل ['উজ্‌ল] যা তাড়াতাড়ি করা হয়, দ্রুত কাজ, ত্বরিত কর্ম, মেহমানের জন্য তাড়াতাড়ি পরিবেশিত খাদ্য, ত্বরিত মেহমানদারি

عَجْلَان مث عَجْلَى ج عَجَالَى ، عِجَال ['আজ্‌লান] দ্রুত, ক্ষিপ্র, দ্রুততাসম্পন্ন, তাড়াহুড়াকারী

عَجَلَة ['আজালাহ্] দ্রুততা, ক্ষিপ্রতা, ত্বরা, তাড়া, তাড়াহুড়া, ব্যস্ততা

عَجَلَة ج عَجَل ، عَجَلَات ، عِجَال ['আজালাহ্] গাড়ির চাকা, গাড়ি

عَجَلَة الْقِيَادَة ['আজালাতুল ক্বিয়াদাহ্] (গাড়ির) স্টিয়ারিং হুইল (steering wheel)

عُجْلَة ['উজ্‌লাহ্] যা তাড়াতাড়ি করা হয়, দ্রুত কাজ, ত্বরিত কর্ম, মেহমানের জন্য তাড়াতাড়ি পরিবেশিত খাদ্য, ত্বরিত মেহমানদারি

عَجْم ['আজ্‌ম] লেজের গোড়া

عَجَم ['আজাম] (ফলের) আঁটি, বীচি, দানা

عَجَم ج أَعْجَام ['আজাম] অনারব, পারসিক,

ইরানী

عَجَمَ [ن] (عَجْم) ['আজামা] পরীক্ষা করা, যাচাই করা, (হরফে) নোকতা দেওয়া, (শব্দে) হরকত দেওয়া

عَجَّمَ (تَعْجِيم) [عجم] ['আজ্জামা] (হরফে) নোকতা দেওয়া, (শব্দে) হরকত দেওয়া

عُجْم ['উজ্‌ম] অনারব, পারসিক, ইরানী (জাতি), লেজের গোড়া

عَجْمَاء [عجم] ['আজ্‌মা'] অশুদ্ধভাষী, নির্বাক, বোবা, অনারব, আজম (أَعْجَم-এর স্ত্রীলিঙ্গ)

عَجْمَاء ج عَجْمَاوَات [عجم] ['আজ্‌মা'] (নির্বাক) পশু, (বোবা) জীব-জন্তু

عَجَمَة ['আজামাহ্] (ফলের) আঁটি, বীচি, দানা, বীচি থেকে গজানো খেজুরগাছ

عُجْمَة ['উজ্‌মাহ্] অস্পষ্টতা, অশুদ্ধতা, আরবী ভাষায় ব্যবহৃত বিদেশী শব্দ, অনারবত্ব

عَجَمِيّ [عجم] ['আজামী] অনারব, পারসিক, ইরানী

عَجَنَ [ن] [ض] (عَجْن) ['আজানা] (ময়দা) তাল বানানো, গলানো, ভিজানো, ভর দেওয়া

عَجْوَة ['আজ্‌ওয়াহ্] পিষ্ট খেজুর, আঁটি, বীচি

عَجُوز ج عُجُز ، عَجَائِز [عجز] ['আজূয] বৃদ্ধ, বৃদ্ধা, বয়োবৃদ্ধ, অক্ষম, মদ, বিপদ, দুর্যোগ, আগুন, জাহাজ, রাস্তা, ধনুক

عَجُول ج عُجُل ، عَجَائِل [عجل] ['আজূল] তাড়াহুড়াপ্রিয়, তাড়াহুড়াপ্রবণ, হঠকারী

عَجِيب [عجب] ['আজীব] আশ্চর্যজনক, বিস্ময়কর, অদ্ভুত, অবাক, আজব

عَجِيبَة ج عَجَائِب [عجب] ['আজীবাহ্] আজব জিনিস, আশ্চর্যজনক বস্তু, বিস্ময়

عَجِيج [عجج] ['আজীজ] শোরগোল, চিৎকার, হৈচৈ, গর্জন

عُجَيْرَة ج عُجَيْرَات [عجر] ['উজাইরাহ্] ক্ষুদ্র গ্রন্থি বা স্ফীতি

عَجِيزَة [عجز] ['আজীযাহ্] (নারীর) নিতম্ব, পাছা

عَجِيل ج عِجَال [عجل] ['আজীল] দ্রুত, ত্বরিত, ক্ষিপ্র, তাড়াহুড়াপ্রিয়

عَجِين ج عُجُن [عجن] ['আজীন] ময়দার তাল, আঠা, লেই

عَجِينَة ج عَجَائِن [عجن] ['আজীনাহ্] ময়দার তাল, আঠা, লেই

عَدّ ['আদ্] গণনা, গণন, হিসাব, বিবেচনা

عَدَّ [ن] (عَدّ) [عدد] ['আদ্দা] গণনা করা, গণন করা, গনা, গোনা, হিসাব করা, গণ্য করা, মনে করা, ধারণা করা, বিবেচনা করা

عِدّ ج أَعْدَاد [عدد] ['ইদ্] বিরাট সংখ্যা, বিপুল পরিমাণ, অফুরন্ত পানি, পানির কূপ, ঝরনা, সমকক্ষ, প্রতিপক্ষ

عُدَّ [عدد] ['উদ্দা] গণ্য হওয়া, পরিগণিত হওয়া, মোট পরিমাণ হওয়া

عَدَا ، مَا عَدَا ، فِيمَا عَدَا [عدو] ['আদা, মা 'আদা, ফীমা 'আদা] ব্যতীত, বিনা, ছাড়া, বাদে

عَدَا [ن] (عَدْو ، عَدَوَان ، عُدُوّ) [عدو] ['আদা] দৌড়ানো, ধাবিত হওয়া, ছুটে যাওয়া

عَدَا (عَدْو ، عُدْوَان) ['আদা] ফেরানো, ফিরিয়ে আনা, ফিরিয়ে দেওয়া, সীমালঙ্ঘন করা

عَدَا عَلَى [-- 'আলা] শত্রুতা করা, অন্যায় করা, জুলুম করা, বাড়াবাড়ি করা

عَدَاء ، عِدَاء [عدو] ['আদা', 'ইদা'] দুশমনি, শত্রুতা, বৈরিতা, অনুরূপ, ব্যস্ততা, দৌড়, ছুট

عَدَّاء [عدو] ['আদ্দা'] দ্রুত ধাবনকারী, দৌড়বিদ

عَدَائِيّ ، عِدَائِيّ ['আদাঈ, 'ইদাঈ] বৈরিতাপূর্ণ, শত্রুতামূলক, বৈরী, আক্রমণাত্মক

عَدَائِيَّة ، عِدَائِيَّة [عدو] ['আদাইয়্যাহ, 'ইদাইয়্যাহ্] আক্রমণাত্মক মনোভাব, শত্রুতা, বৈরিতা, শত্রুভাবাপন্নতা

عَدَّاد ج عَدَّادَات [عدد] ['আদ্দাদ] গণনা-যন্ত্র, কাউন্টার, পরিমাপ-যন্ত্র, মিটার

عِدَاد ['ইদাদ] সংখ্যা, হিসাব, পরিমাণ, গণনা, সমকক্ষ, সমান, দান, মৃত্যুর সময়

فِي عِدَادِ [ফী 'ইদাদি] মধ্যে, মাঝে, অন্যতম

عَدَالَة [عدل] ['আদালাহ্] ন্যায়, ন্যায্যতা, ন্যায়-বিচার, ইনসাফ, ন্যায়পরায়ণতা

عَدَّان ج عَدَادِين ['আদ্দান] সময়, কাল, আমল,

শ্রেষ্ঠ সময়, প্রারম্ভকাল

عِدَانَة [عدن] ['ইদানাহ] খনিজবিজ্ঞান, mineralogy

عَدَاوَة [عدو] ['আদাওয়াহ] শত্রুতা, বৈরিতা, দুশমনি

عِدَة [وعد] ['ইদাহ] প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি, ওয়াদা

عِدَّة [عدد] ['ইদ্দাহ] গণনা, সংখ্যা, কতগুলো, কতিপয়, কতক, কয়েক, অনেকগুলো; ইদ্দতঃ তালাকপ্রাপ্ত মহিলাদের সময়কাল

عُدَّة [عدد] ['উদ্দাহ] প্রস্তুতি, উদ্যোগ, আয়োজন

عُدَّة ج عُدَد ، عُدَّات [عدد] ['উদ্দাহ] সরঞ্জাম, আসবাবপত্র, যন্ত্রপাতি

عَدَد ج أَعْدَاد ['আদাদ] সংখ্যা, পরিমাণ, গণনা

عَدَد أَصْلِيّ ['আদাদ আছ্লী] মৌলিক সংখ্যা

عَدَد تَرْتِيبِيّ ['আদাদ তার্তীবী] ক্রমিক সংখ্যা

عَدَد شَفْعِيّ ['আদাদ শাফ্'ঈ] জোড় সংখ্যা

عَدَد وَتْرِيّ ['আদাদ ওয়াত্রী] বিজোড় সংখ্যা

عَدَّدَ (تَعْدِيد) [عدد] ['আদ্দাদা] বারবার গণনা করা, গুণে গুণে রাখা, গুণে দেওয়া, (মৃতের জন্য) বিলাপ করা, (মৃত ব্যক্তির) প্রশংসা করা

عَدَس ['আদাস] ডাল, মসুর ডাল, মসুরি ডাল

عَدَسَة ج عَدَسَات ['আদাসাহ] ডাল, মসূর ডাল, মসূর ডালের ন্যায় শরীরের গোটা, গুটিবসন্ত, দৃষ্টিসহায়ক কাঁচ, লেন্স, বিবর্ধক কাঁচ, magnifying glass

عَدْل ج أَعْدَال ['আদ্ল] ন্যায়, ন্যায্যতা, ইনসাফ, ন্যায়বিচার, নিরপেক্ষতা, ন্যায়বিচারক, বিনিময়, অদল-বদল, সমকক্ষ

العَدْل [আল-'আদ্ল] পরম ইনসাফকারীঃ আল্লাহ

عَدَلَ [ض] (عَدْل) ['আদালা] ন্যায্য হওয়া, ন্যায়বান হওয়া, ন্যায়বিচার করা, ইনসাফ করা, সমান করা, ঠিক করা, বিনিময় করা

عَدَلَ (عُدُول) عَنْ ['আদালা 'আন] ফিরে আসা, পরিবর্তন করা, পরিত্যাগ করা

عَدُلَ [ك] (عَدَالَة) ['আদুলা] ন্যায্য হওয়া, ন্যায়বান হওয়া, ন্যায়পরায়ণ হওয়া, সঠিক হওয়া

عَدَّلَ (تَعْدِيل) [عدل] ['আদ্দালা] সঠিকভাবে করা, ঠিক করা, সোজা করা, সুবিন্যস্ত করা, সংস্কার করা, সংশোধন করা, পরিমার্জিত করা, উন্নত করা, পরিবর্তন করা, মীমাংসা করা

عَدِل ['আদিল] ন্যায়, ন্যায্য, ন্যায়বিচারক, ন্যায়বান, ইনসাফকারী

عِدْل ج عُدُول ، أَعْدَال ['ইদ্ল] সমান, অনুরূপ, সমতুল্য, সমকক্ষ, বোঝার সমান অর্ধেক, বস্তা, ব্যাগ

عَدْلِيّ ['আদ্লী] বিচার-সম্বন্ধীয়, বিচার-বিষয়ক

عَدْلِيَّة ['আদ্লিয়্যাহ] বিচার, ন্যায়বিচার

عَدَم ['আদাম] অস্তিত্বহীনতা, অবিদ্যমানতা, অ-, অনুপস্থিতি, অবর্তমানতা, শূন্যতা, অভাব

عَدَم الإِنْحِيَاز ['আদামুল ইন্‌হিয়ায] নিরপেক্ষতা, জোটনিরপেক্ষতা

عَدِمَ [س] (عَدَم ، عُدْم) ['আদিমা] না পাওয়া, বঞ্চিত হওয়া, হারিয়ে ফেলা

عُدْم ['উদ্ম] অভাব, অস্তিত্বহীনতা, অবর্তমানতা, শূন্যতা, রিক্ততা

عُدِمَ ['উদিমা] অস্তিত্বহীন হওয়া, বিলীন হওয়া, না থাকা; হারিয়ে যাওয়া

عَدَمِيّ ['আদামী] নাস্তিবাদী, nihilist, nihilistic

عَدَمِيَّة ['আদামিয়্যাহ] নাস্তিবাদ, nihilism

عَدْن ['আদ্ন] বসবাস, নিবাস, শান্তিময় স্থান, মনোরম উদ্যান, শাশ্বত বাসস্থান, স্বর্গ, এডেন (নগরী)

عَدَن ['আদান] এডেন (নগরী)

عَدَنَ [ن] [ض] (عَدْن ، عُدُون) ['আদানা] বাস করা, অবস্থান করা, নিবাস স্থাপন করা

عَدَنَ [ض] (عَدْن) ['আদানা] (পাথর) খনন করা, (জমিতে) সার দেওয়া

عَدَّنَ (تَعْدِين) [عدن] ['আদ্দানা] ভূমি খনন করা, খনি খোঁড়া, খনিজসম্পদ উত্তোলন করা, জমিতে সার দেওয়া

عَدْو ['আদ্ও] দৌড়, ধাবন, ছুট, অত্যাচার, বাড়াবাড়ি, সীমালঙ্ঘন

عَدُوّ ج أَعْدَاء جج أَعَادِي ['আদু] শত্রু, দুশমন, বৈরী, বিপক্ষ

عُدْوَان [عدو] ['উদ্‌ওয়ান] শত্রুতা, বৈরিতা, দুশমনি, অত্যাচার, বাড়াবাড়ি, সীমালঙ্ঘন

عُدْوَانِيّ [عدو] ['উদ্‌ওয়ানী] শত্রুতামূলক, বৈরী, বৈরিতাপূর্ণ, আক্রমণাত্মক

عُدْوَانِيَّة [عدو] ['উদ্‌ওয়ানিয়্যাহ্] শত্রুতা, শত্রুভাবাপন্নতা, বৈরিতা, আক্রমণাত্মক মনোভাব

عِدْوَة ج عِدَاء ، عِدَوَات [عدو] ['ইদ্‌ওয়াহ্] উঁচু জায়গা, নদীর তীর, উপত্যকার পার, দিক

عُدْوَة ج عِدَاء ، عُدَوَات [عدو] ['উদ্‌ওয়াহ্] উঁচু জায়গা, দূরবর্তী স্থান, নদী বা উপত্যকার পার

عُدُول [عدل] ['উদূল] এড়িয়ে চলন, পরিত্যাগ, পরিহার, না করণ, মত পথ ইত্যাদি পরিবর্তন

عَدْوَى [عدو] ['আদ্‌ওয়া] সংক্রমণ, সংক্রামক ব্যাধি, শত্রুতা

عَدَّى (تَعْدِيَة) [عدو] ['আদ্দা] অতিক্রম করা, (ক্রিয়া) সকর্মক করা (ব্যা)

عَدَّى عَنْ [-- 'আন] ছেড়ে দেওয়া, বাদ দেওয়া, উপেক্ষা করা, ফিরানো

عَدِيد ج عَدَائِد ، أَعْدَاد [عدد] ['আদীদ] সংখ্যা, কতক, কতিপয়, কয়েক, কিছুসংখ্যক, অনেক, বহুসংখ্যক, অংশ

عَدِيدَة ج عَدَائِد [عدد] ['আদীদাহ্] অংশ, ভাগ, কতক, কতিপয়, কয়েক, কিছুসংখ্যক, অনেক, বহুসংখ্যক (স্ত্রী)

عَدِيل ج عُدَلَاء ، أَعْدَال [عدل] ['আদীল] সমান, অনুরূপ, সমকক্ষ, সমতুল্য, শ্যালিকার স্বামী, ভায়রা

عَدِيم [عدم] ['আদীম] নেই এমন, অবিদ্যমান, অস্তিত্বহীন, বিলুপ্ত, শূন্য, মুক্ত, বিহীন

عَدِيم ج عُدَمَاء ['আদীম] নিঃস্ব, দরিদ্র, নির্বোধ, পাগল

عَدِيم الْفَائِدَة ['আদীমুল ফা'ইদাহ্] যাতে কোন উপকার নেই, কোন কাজে আসে না এমন, অকেজো

عَدِيم النَّظِير ['আদীমুন নাযীর] যার মত কেউ নেই, যার কোন সমকক্ষ নেই, বেনজির, অতুল

عَذَاب ج أَعْذِبَة ['আযাব] আযাব, শাস্তি, সাজা, নির্যাতন, কষ্ট

عِذَار ج عُذُر ['ইযার] চিবুক, গাল, দাড়ি, শ্মশ্রু, লজ্জা

خَلَعَ عِذَارَهُ [খালা'আ 'ইযারহূ] লজ্জা-শরম ঝেড়ে ফেলা, নির্লজ্জের মতো আচরণ করা, উচ্ছৃঙ্খল হওয়া

عَذَّال [عذل] ['আয্‌যাল] অধিক তিরস্কারকারী, বেশী নিন্দাকারী, নিন্দুক, কড়া সমালোচক

عَذْب ['আয্‌ব] মিষ্টি, মিষ্ট, সুমিষ্ট, মিঠা, মিঠে, সুস্বাদু, সুন্দর

عَذُبَ [ك] (عُذُوبَة) ['আযুবা] মিষ্টি হওয়া, মিঠা হওয়া, সুমিষ্ট হওয়া, সুস্বাদু হওয়া

عَذَّبَ (تَعْذِيب) [عذب] ['আয্‌যাবা] কষ্ট দেওয়া, নির্যাতন করা, আযাব দেওয়া, শাস্তি দেওয়া, সাজা দেওয়া

عَذَرَ [ض] (عُذْر، مَعْذِرَة) ['আযারা] ওজর মেনে নেওয়া, কৈফিয়ত গ্রহণ করা, ক্ষমা করে দেওয়া

عَذَرَ (عَذْر) ['আযারা] খাৎনা করা, পবিত্র করা

عَذَّرَ (تَعْذِير) [عذر] ['আয্‌যারা] মিথ্যা অজুহাত দেখানো, বেশী বেশী ওজর পেশ করা, অজুহাত না টেকা, গালে পশম গজানো, দাড়ি গজানো

عُذْر ج أَعْذَار ['উয্‌র] ওজর, কৈফিয়ত, অজুহাত, ক্ষমা

عَذْرَاء ج عَذَارَى [عذر] ['আয্‌রা'] অবিবাহিত বালিকা, কুমারী, কন্যা

الْعَذْرَاء [আল-'আয্‌রা'] কন্যারাশিঃ রাশিচক্রের ষষ্ঠ রাশি, ঈসা (আ)-এর কুমারী মা মরিয়ম (আ)

عُذْرَة ['উয্‌রাহ্] কুমারীত্ব, কৌমার্য, একটি আরব গোত্রের নাম, উয্‌রা গোত্র

عُذْرَة ج عُذَر ['উয্‌রাহ্] কেশগুচ্ছ, কেশর

عُذْرِيّ ['উয্‌রী] উয্‌রা গোত্রীয়, নিষ্কাম, পবিত্র (প্রেম)

الْهَوَى الْعُذْرِيّ [আল-হাওয়াল 'উয্‌রী] উয্‌রা গোত্রীয় প্রেম, নিষ্কাম প্রেম, পবিত্র ভালবাসা

عَذْق ج أَعْذُق ، عِذَاق ['আয্‌ক] ফলধারী খেজুর-গাছ

عَذِق ['আযিক] সুন্দর ঘ্রাণযুক্ত, সুগন্ধ

عِذْق ج عُذُوق ، أَعْذَاق ['ইয্‌ক] (ফলের) থোকা,

গুচ্ছ, কাঁদি

عَذْل ['আয্‌ল] নিন্দা, ভর্ৎসনা, তিরস্কার

عَذَلَ [ض] (عَذْل) ['আযালা] নিন্দা করা, ভর্ৎসনা করা, তিরস্কার করা

عَذَّلَ (تَعْذِيل) [عذل] [আয্‌যালা] ভর্ৎসনা করা, নিন্দা করা, তিরস্কার করা

عُذُوبَة [عذب] ['উযূবাহ্] মিষ্টতা, মধুরতা, মজা, সুস্বাদ

عَذُول [عذل] ['আযূল] অধিক নিন্দাকারী, বেশী বেশী তিরস্কারকারী, কড়া সমালোচক

عَرّ ['আর্] দোষ, ত্রুটি, পাঁচড়া, খোস-পাঁচড়ায় আক্রান্ত

عَرَّ [ن] (عَرّ) ['আর্‌রা] লজ্জিত হওয়া, লজ্জিত করা, অসম্মান করা, কষ্ট দেওয়া, (উট) খোস-পাঁচড়ায় আক্রান্ত হওয়া, পাঁচড়াযুক্ত হওয়া

عَرَّ [ض] (عِرَار) ['আর্‌রা] (উটপাখি) আওয়াজ দেওয়া, ডাকা

عُرَّ ['উর্‌রা] (উট) খোস-পাঁচড়ায় আক্রান্ত হওয়া, পাঁচড়াযুক্ত হওয়া

عَرَا [ن] (عَرْو) [عرو] ['আরা] আপতিত হওয়া, এসে পড়া, সংঘটিত হওয়া, আঘাত দেওয়া

عَرَاء [عري] ['আরা'] নগ্নতা, উলঙ্গতা, বিবস্ত্রতা

عَرَاء ج أَعْرَاء [عري] ['আরা'] খোলা জায়গা, তৃণবিহীন প্রান্তর

عَرَّاب [عرب] ['আর্‌রাব] ধর্মপিতা, আরবীতে অনুবাদকারী

عَرَّابَة ج عَرَّابَات [عرب] ['আর্‌রাবাহ্] ধর্মমাতা

عَرَّادَة ج عَرَّادَات [عرد] ['আর্‌রাদাহ্] একপ্রকার যুদ্ধাস্ত্র যা দ্বারা পাথর নিক্ষেপ করা যায়

عَرَار ['আরার] সুন্দর ঘ্রাণওয়ালা হলুদ রঙের একপ্রকার নরম মরিচ, বন্য নার্গিস (ফুল)

عِرَاض ج عُرْض ['ইরাদ] প্রান্ত, পার্শ্ব, অংশ, বড় অংশ, প্রধান অংশ, অর্ধেক

عُرَاض ['উরাদ] প্রশস্ত, চওড়া, বড়

عَرَّاف [عرف] ['আর্‌রাফ] ভবিষ্যদ্বক্তা, গণক, গণৎকার, জ্যোতিষী, চিকিৎসক, ডাক্তার

عِرَافَة [عرف] ['ইরাফাহ্] গণকবৃত্তি, গণকের পেশা, ভবিষ্যদ্বাণী

عِرَاق ج عُرُق ، عُرُق ، أَعْرِقَة ['ইরাক] সমুদ্র বা নদীর লম্বা তীর, দীর্ঘ উপকূল, (নখের) পার্শ্ব-বর্তী মাংস, (কানের) প্রান্ত, বেষ্টনকারী পার্শ্বদেশ, আঙ্গিনা, প্রাঙ্গন

العِرَاق [আল-'ইরাক] ইরাক (দেশ)

العِرَاقَان [আল-'ইরাক্বানি] দুই ইরাকঃ ইরাকের দুই ঐতিহ্যবাহী নগরীঃ বসরা ও কূফা

عُرَاق ['উরাক] মাংসশূন্য হাড়, প্রবল বৃষ্টি, স্বচ্ছ পানি

عَرَاقَة [عرق] ['আরাক্বাহ্] সুগভীর শিকড়, সুদৃঢ় মূল, সুপ্রাচীনত্ব, বংশীয় ঐতিহ্য, প্রাচীন বংশ

عُرَاقَة [عرق] ['উরাক্বাহ্] প্রবল বৃষ্টি, স্বচ্ছ পানি

عِرَاقِيّ ['ইরাক্বী] ইরাকসম্বন্ধীয়, ইরাকী, ইরাকের

عَرَاقِيل (عَرْقَلَة) ['আরাক্বীল] বিপদাপদ, বাধা-বিঘ্ন, কষ্টক্লেশ, অসুবিধাসমূহ

عِرَاك ['ইরাক] যুদ্ধ, লড়াই, সংগ্রাম, সঙ্ঘাত

عُرَام ['উরাম] তীব্রতা, প্রচণ্ডতা, লাম্পট্য

عَرَب ج أَعْرُب ، عُرُوب ، أَعْرَاب ['আরব] আরব, আরব জাতি, খাঁটি আরব, বেদুঈন

عَرِب ['আরিব] শুদ্ধভাষী, বিশুদ্ধভাষী, স্পষ্টভাষী, স্বচ্ছ বেশী পানি

عَرِبَ [س] (عَرَب) ['আরিবা] ভাষা স্পষ্ট হওয়া, স্পষ্টভাষী হওয়া, পাকস্থলি নষ্ট হওয়া, (ক্ষত) ফুলে ওঠা ও পুঁজযুক্ত হওয়া, (কূপের) পানি বেশী হওয়া

عَرُبَ [ك] (عُرُوبَة ، عُرُوبِيَّة) ['আরুবা] আরব হওয়া, খাঁটি আরব হওয়া, শুদ্ধ আরবী বলা

عَرَّبَ (تَعْرِيب) [عرب] ['আর্‌রবা] আরবীতে অনুবাদ করা, আরবী করা, আরব করা

عُرْب ج أَعْرُب ، عُرُوب ['উর্‌ব] আরব, আরব জাতি

عَرَبَات (عَرَبَة) ['আরবাত] বাগদাদে টাইগ্রিস নদীর স্থির নৌকা

عَرْبَان [عرب] ['আর্‌বান] শুদ্ধভাষী, বিশুদ্ধভাষী, স্পষ্টভাষী

عُرْبَان [عرب] ['উর্‌বান] আরব, খাঁটি আরব

['উর্বান] বায়না عُرْبَان ج عَرَابِين [عربن]

['আরবাহ্] গাড়ি, ঠেলাগাড়ি, عَرَبَة ج عَرَبَات
টানাগাড়ি, ওয়াগন, বগি, বাগদাদে টাইগ্রিস নদীর স্থির নৌকা

['আর্বাদা] ঝগড়া বাধানো, দাঙ্গা عَرْبَدَ (عَرْبَدَة)
বাঁধানো, হৈ-হুল্লোড় করা, কলহপ্রিয় হওয়া

['আর্বাদাহ্] ঝগড়া, দাঙ্গা, হৈ-হুল্লোড়, عَرْبَدَة
শোরগোল, কলহ, কলহপ্রিয়তা

['আর্বানা] বায়না দেওয়া, বায়না عَرْبَنَ (عَرْبَنَة)
করা

['উর্বুন] বায়না, অগ্রিম, عُرْبُون ج عَرَابِين [عربن]
আমানত, দাদন, বন্ধক

['আরবী] আরবী, আরবীয়, আরবীভাষী, عَرَبِيّ
আরব

['আরবিয়্যাহ্] টানা- عَرَبِيَّة ج عَرَبِيَّات [عرب]
গাড়ি, ঠেলাগাড়ি

[আল-'আরবিয়্যাহ্] আরবী العَرَبِيَّة [عرب]
ভাষা

['ইর্বীদ] কলহপ্রিয়, গণ্ডগোল- عِرْبِيد [عربد]
প্রিয়, দাঙ্গাবাজ

['আর্রাহ্] দোষ, ত্রুটি, খারাপ স্বভাব, কষ্ট عَرَّة

['উর্রাহ্] খোস-পাঁচড়া, লজ্জাজনক বস্তু, عُرَّة
অসম্মানজনক বস্তু, অপরাধ, মস্তিষ্কবিকৃতি

['আরজ] খঞ্জত্ব, খঞ্জতা عَرَج

['আরজা] আরোহণ করা, চড়া, عَرَجَ [ن] عُرُوج
ওপরে ওঠা

['আরিজা] খোঁড়া হওয়া, খঞ্জ عَرِجَ [س] (عَرَج)
হওয়া

['আর্রজা] খোঁড়া করা, عَرَّجَ (تَعْرِيج) [عرج]
খোঁড়া বানানো, আঁকাবাঁকা করা, অবস্থান করা, সূর্যাস্তের সময়ে প্রবেশ করা

[-- 'আলা] দেখতে যাওয়া, অভিমুখী عَرَّجَ عَلَى
হওয়া, থামা

[-- 'আন] বিমুখ হওয়া, ফিরে যাওয়া, عَرَّجَ عَنْ
ছেড়ে দেওয়া

['উর্জ] খোঁড়া, খঞ্জ (أَعْرَج-এর বহুবচন) عُرْج

['আর্জা'] খোঁড়া, খঞ্জ (أَعْرَج-এর عَرْجَاء [عرج]
স্ত্রীলিঙ্গ), হায়েনা (হিংস্র প্রাণী)

['আরজান] খঞ্জত্ব, খঞ্জতা, খোঁড়া عَرَجَان [عرج]
ব্যক্তির অক্ষমতা, বিকলাঙ্গতা

['আর্জাহ্, 'উর্জাহ্] ক্রমনিম্নতা عَرْجَة ، عُرْجَة

['উর্জুন] খেজুরের কাঁদির عُرْجُون ج عَرَاجِين
শুকনো দণ্ড

['আরর] খোস-পাঁচড়া عَرَر

['ইর্যাল] কুড়েঘর, কুটীর عِرْزَال ج عَرَازِيل

['ইর্স] স্বামী, স্ত্রী عِرْس ج أَعْرَاس

[ইব্ন 'ইর্স] নেউল, اِبْن عِرْس ج بَنَات عِرْس
বেজি, নকুল (প্রাণী)

['উর্স] বিয়ে, عُرْس ، عُرُس ج أَعْرَاس ، عُرُسَات
বিবাহ, বিয়ের খাবার, বিয়ের ভোজ, বাসর, শাবক

['আর্শ] (আল্লাহর) عَرْش ج عُرُوش ، أَعْرَاش
আরশ, (রাজার) সিংহাসন, প্রাসাদ, ছাদ, মাচা, চালাঘর, তাঁবু, নীড়, শক্তি, নেতা, গোত্র

['আরশা] মাচা তৈরী عَرَشَ [ن] [ض] (عَرْش)
করা, উঁচু করা, উঁচু করে নির্মাণ করা, (লতাগাছ) মাচায় উঠিয়ে দেওয়া

['আর্রশা] মাচা তৈরী عَرَّشَ (تَعْرِيش) [عرش]
করা, (ঘরে) চাল দেওয়া, ছাদ তৈরী করা, (লতাগাছ) মাচায় উঠিয়ে দেওয়া, মাচায় উঠে যাওয়া

['আর্ছাহ্] عَرْصَة ج عَرَصَات، عِرَاص ، أَعْرَاص
আঙ্গিনা, প্রাঙ্গন, উঠান, চত্বর, ফাঁকা জায়গা

['আর্দ] প্রদর্শন, উপস্থাপন, প্রস্তাবনা, عَرْض
প্রশস্ততা, বিস্তৃতি, ব্যাপকতা, সরবরাহ

['আর্দ] عَرْض ج عُرُوض ، عِرَاض ، أَعْرَاض
প্রস্থ, প্রদর্শনী, মেলা, প্রস্তাব, কুচকাওয়াজ, পণ্য, জিনিসপত্র, সামগ্রী, বিরাট সেনাদল, বাহিনী, পাহাড়, পাহাড়ের ঢাল, উপত্যকা, মেঘ

['আর্দ আয্ইয়া'] ফ্যাশন শো عَرْض أَزْيَاء
(fashion show)

['আর্দ عَرْض حَال ، عَرْضُحَال ج عَرْضُحَالَات
হাল, 'আর্দুহাল] দরখাস্ত, আবেদনপত্র

['আর্দ 'আস্কারী] সামরিক عَرْض عَسْكَرِيّ
কুচকাওয়াজ

[আল-'আরদ ওয়াত-তলাব] العَرْض وَالطَّلَب
সরবরাহ ও চাহিদা

['আরদ] সামগ্রী, আসবাবপত্র, عَرَض ج أَعْرَاض
মালামাল, অত্যাবশ্যাক নয় এমন বস্তু, নশ্বর বস্তু, পার্থিব জিনিস, দান, গনীমত, আকস্মিক ঘটনা, লক্ষণ

غَبَطَ [ض] (غَبْط ، غِبْطَة) [গাবাতা] অন্যের ন্যায় সুখ বা উন্নতি কামনা করা, ঈর্ষা করা

غَبَّطَ (تَغْبِيط) [গাব্বাতা] ঈর্ষা করতে উদ্বুদ্ধ করা, ঈর্ষান্বিত করা, ঈর্ষাযোগ্য করা, সুখী মনে করা

غِبْطَة [গিব্‌তাহ্] অন্যের ন্যায় সুখ কামনা, ঈর্ষা, সুখ, খুশি, আনন্দ

غَبْن ، غَبَن ج غُبُون [গাব্‌ন, গাবান] প্রতারণা, প্রবঞ্চনা, অত্যাচার, দুর্ব্যবহার

غَبَنَ [ن] [ض] (غَبْن) [গাবানা] ঠকানো, প্রবঞ্চনা করা, প্রতারণা করা, কম দেওয়া, জুলুম করা, (কাপড়) ছোট করার জন্য ভাজ দিয়ে সেলাই করা

غُبْن ج غُبُون [গুব্‌ন] প্রতারণা, প্রবঞ্চনা, অত্যাচার, দুর্ব্যবহার

غَبْوَة ، غُبْوَة [গাব্‌ওয়াহ্, গুব্‌ওয়াহ্] অসতর্কতা, অমনোযোগিতা

غَبُوق [غبق] [গাবূক] যা সন্ধ্যায় পান করা হয়, সন্ধ্যাকালীন পানীয়, সন্ধ্যায় দোহনকৃত দুধ

غَبِيّ ج أَغْبِيَاء [غبو] [গাবী] নির্বোধ, হাবা, গবা, হাবলা, গবেট, বোকা, অজ্ঞ

غَبِيَ [س] (غَبَاوَة) [غبو] [গাবিয়া] হাবা হওয়া, গবা হওয়া, হাবলা হওয়া, গবেট হওয়া, বোকা হওয়া, নির্বোধ হওয়া, অজ্ঞ হওয়া, অজ্ঞাত হওয়া

غَبَّى (تَغْبِيَة) [غبي] [গাব্বা] লুকিয়ে রাখা, ঢেকে রাখা, অজ্ঞাত রাখা, (চুল) ছেঁটে দেওয়া, খাটো করা

غُبِيّ [غبو] [গুবী] অজ্ঞতা, নির্বুদ্ধিতা, বোকামি, গবেটপনা

غَبِيط ج غُبُط [غبط] [গাবীত] দুই পাশ উঁচু এমন নিম্নভূমি, উঁচু ভূমি ভেঙে দেয় এমন জলস্রোত, উটের জিন

غَبِين [غبن] [গাবীন] বোকাটে, হাবা, প্রতারক, ধোঁকাবাজ

غَبِينَة [غبن] [গাবীনাহ] প্রতারণা, ধোঁকা

غَتَّ [ن] (غَتّ) [গাত্তা] শ্বাসরোধ করা, ডুবিয়ে দেওয়া, চুবানো, (পানি) ঢক ঢক করে পান করা, (হাসি) চেপে রাখা, মুখে হাত কিংবা কাপড় দিয়ে লুকানো

غَثّ [গাছ্ছ] কৃশ, শীর্ণ, দুর্বল, কাহিল, খারাপ, বাজে (কথা)

غَثَّ [ض] (غَثَاثَة ، غُثُوثَة) [গাছ্ছা] কৃশ হওয়া, দুর্বল হওয়া, (কথা) খারাপ হওয়া, বাজে হওয়া

غَثَّ (غَثّ ، غَثِيث) [গাছ্ছা] পুঁজ হওয়া, পুঁজ ঝরা, পেকে ওঠা

غَثَا [ن] (غَثْو ، غُثُوّ) [غثو] [গাছা] (উপত্যকা) জঞ্জালপূর্ণ হওয়া, (ঢল) আবর্জনাযুক্ত হওয়া

غُثَاء [غثو] [গুছা'] আবর্জনা, জঞ্জাল, ময়লা

غَثَاثَة [গাছাছাহ] কৃশতা, শীর্ণতা, দুর্বলতা

غُثُوثَة [غثث] [গুছুছাহ] কৃশতা, শীর্ণতা, দুর্বলতা

غَثْي [গাছই] অসুস্থতা, রুগ্নতা, বমনেচ্ছা, অরুচি

غَثَى [ض] (غَثْي) [غثي] [গাছা] (কথা) গুলিয়ে ফেলা, এলোমেলো করা, বিশৃঙ্খল করা, (ভূমি) গাছপালাপূর্ণ হওয়া, (উপত্যকা) আবর্জনাযুক্ত হওয়া, (আকাশ) মেঘাচ্ছন্ন হওয়া, অস্থির হওয়া, অসুস্থ হওয়া, বমি আসা

غَثَتْ نَفْسُهُ [গাছাত নাফসুহু] অসুস্থ বোধ করা, বমি বমি লাগা

غَثِيَ [س] (غَثَي ، غَثَى ، غَثَيَان) [গাছিয়া] (কথা) গুলিয়ে ফেলা, এলোমেলো করা, বিশৃঙ্খল করা, (ভূমি) গাছপালাপূর্ণ হওয়া, অস্থির হওয়া, অসুস্থ হওয়া, বমি আসা

غَثِيَتْ نَفْسُهُ [গছিয়াত নাফসুহু] বমি বমি লাগা, অসুস্থ বোধ করা

غَثِيث [غثث] [গাছীছ] কৃশ, জীর্ণ, দুর্বল, পুঁজ

غَجَّرَ (تَغْجِير) [غجر] [গাজ্জারা] গালমন্দ করা, কটু বাক্য ব্যবহার করা

غَجَرِيّ ج غَجَر [গাজারী] জিপসি, যাযাবর, বেদে

غَد [গাদ] আগামী কাল, পরের দিন, ভবিষ্যৎ

غَدَّ [ن] [س] (غَدّ) [غدد] [গাদ্দা] (উটের) প্লেগ হওয়া, লালাগ্রন্থি (গ্ল্যান্ড) হওয়া

غُدَّ [غدد] [গুদ্দা] (উটের) প্লেগ হওয়া, লালাগ্রন্থি (গ্ল্যান্ড) হওয়া

غَدَا [ن] (غُدُوّ ، غُدْوَة) [غدو] [গাদা] প্রত্যুষে করা, প্রভাতে চলা, সকালে যাওয়া বা আসা, চলে যাওয়া, পরিণত হওয়া

غَدَا وَرَاحَ [গাদা ওয়া রাহা] (সকাল-বিকাল) আসা-যাওয়া করা, যাওয়া-আসা করা

غَدًا [গাদান] আগামীকাল, পরের দিন, ভবিষ্যতে

غَدَاء ج أَغْدِيَة [غدو] [গাদা'] দুপুরের খাবার, সকালের নাশতা, প্রাতরাশ

غَدَاة ج غَدَوَات [غدو] [গাদাত] প্রত্যুষ, প্রভাত, সকাল, ভোর, খুব ভোর

غَدَّار [غدر] [গাদ্দার] বিশ্বাসঘাতক, প্রতারক, গাদ্দার (পুং ও স্ত্রী)

غَدَّارَة ج غَدَّارَات [غدر] [গাদ্দারাহ] পিস্তল

غُدَارَة ج غُدَارَات [غدر] [গুদারাহ] অবশিষ্টাংশ

غُدَاف ج غِدْفَان [গুদাফ] লম্বা কালো চুল, কালো ডানা, বড় ডানাবিশিষ্ট একপ্রকার কালো কাক, দাঁড়কাক, একপ্রকার পালকবহুল শকুন

غِدَان [গিদান] আলনা, (কাপড় রাখার) হ্যাঙ্গার, তাক, হুক

غُدَّة ج غُدَد ، غَدَائِد [غدد] [গুদ্দাহ] লালাগ্রন্থি, গ্ল্যান্ড

غَدَد ج غِدَاد [গাদাদ] উটের প্লেগ, উষ্ট্রপ্লেগ

غُدَدَة ج غُدَد ، غَدَائِد [غدد] [গুদাদাহ] উটের প্লেগ, উষ্ট্রপ্লেগ, লালাগ্রন্থি, গ্ল্যান্ড

غَدْر [গাদর] বিশ্বাসঘাতকতা, প্রতারণা, গাদ্দারি

غَدْرًا [গাদরান] প্রতারণাপূর্বক, বিশ্বাসঘাতকতা

করে

[গাদারা] গাদ্দারি (غَدْر ، غَدَرَان) غَدَرَ[ن] [ض] করা, বিশ্বাসঘাতকতা করা, প্রতারণা করা

[গাদাফ] প্রাচুর্য, সমৃদ্ধি, পর্যাপ্ত জীবিকা غَدَف

[গাদাক] (বৃষ্টির) প্রচুর পানি, প্রচুর সম্পদ, পর্যাপ্ত জীবিকা غَدَق

[গাদিক] প্রচুর, পর্যাপ্ত, অনেক (পানি, বৃষ্টি) বর্ষণসিক্ত (স্থান) غَدِق

[গাদিক্বা] (বৃষ্টি) প্রচুর হওয়া, (غَدَق) غَدِقَ[س] পর্যাপ্ত হওয়া, অনেক হওয়া

[গাদ্ও, গুদু, গুদ্ওয়াহ্] غَدْو ، غُدُوّ ، غُدْوَة প্রত্যুষ, প্রভাত, সকাল, প্রত্যুষে গমন বা আগমন

[গাদাত] প্রত্যুষ, প্রভাত, [غدو] غَدْوَة ج غَدَوَات সকাল, ভোর, খুব ভোর

[গাদূর] অধিক বিশ্বাস ভঙ্গ- [غدر] غَدُور ج غُدُر কারী, বিশ্বাসঘাতক, প্রতারক, (পুং ও স্ত্রী)

[গাদিয়া] সকালের [غدو] (غَدَى) غَدِيَ[س] নাশতা খাওয়া, দুপুরের খাবার খাওয়া

[গাদ্দা] সকালের নাশতা [غدو] (تَغْدِيَة) غَدَّى খাওয়ানো, দুপুরের খাবার দেওয়া

[গুদ্দী] লালাগ্রন্থি-সম্পর্কিত, গ্ল্যাণ্ড- [غدد] غُدِّيّ বিষয়ক

[গাদিয়্যাহ্] [غدو] غَدِيَّة ج غَدَايَا ، غَدِيَّات প্রত্যুষ, প্রভাত, সকাল, ভোর

[গাদীর] পুকুর, চৌবাচ্চা, غَدِير ج غُدُر ، غُدْرَان ছোট নদী

[গাদীরাহ্] চুলের বেণী, বিনুনি, غَدِيرَة ج غَدَائِر ঝুঁটি, টিকি, কেশগুচ্ছ

[গায্যা] (ক্ষত) পুঁজযুক্ত হওয়া, (غَذّ) غَذَّ[ض] পেকে ওঠা

[গিযা'] খাদ্য, খাবার, পথ্য, [غذو] غِذَاء ج أَغْذِيَة রসদ

[গিযা'ঈ] খাদ্যসংক্রান্ত, পথ্য-বিষয়ক غِذَائِيّ

[মাওয়াদ্দ্ গিযা'ইয়্যাহ্] খাদ্যদ্রব্য, مَوَادّ غِذَائِيَّة পুষ্টিদ্রব্য, রসদ

[গায্যা] খাওয়ানো, খেতে [غذو] (تَغْذِيَة) غَذَّى দেওয়া, খাদ্য দেওয়া, ভরণপোষণ করা, রসদ যোগানো

[গার] তরবারির ধার, ভাঁজ, পরত, غَرّ ج غُرُور ফাঁক, ফাটল

[গার্রা] ধোঁকা দেওয়া, প্রতারিত (غُرُور) غَرَّ[ن] করা, ঠকানো

[গার্রা] অনভিজ্ঞ হওয়া, (غَرّ ، غِرَار) غَرَّ[ن] অদক্ষ হওয়া, ভদ্র হওয়া

[গার্রা] উজ্জ্বল (غَرَر ، غُرَّة ، غَرَارَة) غَرَّ[س] ললাটবিশিষ্ট হওয়া, শুভ্র হওয়া, সুন্দর হওয়া

[গির্] অনভিজ্ঞ, অদক্ষ, অজ্ঞ, কাঁচা, غِرّ ج أَغْرَار নতুন, অমনোযোগী

[গুর্] উজ্জ্বল, সুন্দর, সুদর্শন, শুভ্র দাগযুক্ত, غُرّ অভিজাত (أَغَرّ-এর বহুবচন)

[গারা] (লাগানোর) আঠা [غرو] غَرًا

[গারা] লাগিয়ে দেওয়া, [غرو] (غَرْو) غَرَا[ن] আঠা দিয়ে লাগানো

[গার্রা'] উজ্জ্বল, সুন্দর, সুদর্শন, [غرر] غَرَّاء শুভ্র দাগযুক্ত, অভিজাত (أَغَرّ-এর স্ত্রীলিঙ্গ)

[গিরা'] (লাগানোর) আঠা [غرو] غِرَاء

[গিরা'ঈ] লেগে থাকে এমন, আঠালো غِرَائِيّ

[গুরাব] غُرَاب ج أَغْرُب ، أَغْرِبَة ، غِرْبَان ، غُرْب কাক, বায়স, কাউয়া

[গারাবাহ্] বিস্ময়, অভিনবত্ব, অপরিচিতি, غَرَابَة (ভাষার) দুর্বোধ্যতা, অস্পষ্টতা (অল্প)

[গার্রার] প্রতারক, প্রবঞ্চক, ধোঁকা- [غرر] غَرَّار বাজ, প্রতারণামূলক

[গিরার] তরবারির ধার, নমুনা, উদাহরণ, غِرَار ত্বরা

['আলা গিরার] নমুনায়, মত, ন্যায়, عَلَى غِرَار তাড়াতাড়ি, দ্রুত

[গারারাহ্] অনভিজ্ঞতা, সাদামাঠা [غرر] غَرَارَة ভাব, সরলতা, অমনোযোগিতা

[গিরারাহ্] ব্যাগ, থলিয়া, [غرر] غِرَارَة ج غَرَائِر থলে, ঝুলি, বস্তা, ছালা

[গার্রাস] রোপণকারী, কৃষক, [غرس] غَرَّاس চাষী

[গিরাস] (গাছের) চারা, চারা রোপণের غِرَاس সময়, রোপণকাল

[গিরাসাহ্] রোপণ, চারা রোপণ, غِرَاسَةٌ [غرس] বৃক্ষরোপণ, উৎপাদন, চাষাবাদ

[গার্‌রাফ] বেশী বেশী নেয় এমন, غَرَّاف [غرف] বড় বড় পা ফেলে দ্রুত চলে এমন (ঘোড়া), অনেক পানি আছে এমন (নদী), প্রবল (বর্ষণ), পানিচালিত চাকা

[গিরাফ] শস্যের মাপবিশেষ, শস্য মাপার غِرَاف বড় পাত্র

[গার্‌রাফাহ্] কাচের غَرَّافَة ج غَرَّافَات [غرف] জগ, carafe

[গুরাফাহ্] যা অঞ্জলি ভরে নেওয়া غُرَافَة [غرف] হয় (পানি ইত্যাদি)

[গারাম] অনুরাগ, আসক্তি, কামনা, প্রেম, غَرَام জরিমানা, ধ্বংস, কষ্ট

[গারামাহ্] জরিমানা, غَرَامَة ج غَرَامَات [غرم] অর্থদণ্ড, ক্ষতিপূরণ, ক্ষতি, কষ্ট

[গারামী] প্রেমবিষয়ক, অনুরাগ-সম্পর্কিত, غَرَامِيّ প্রেমের

[গুর্‌রান] পানির ফেনা, জলবুদ্বুদ غُرَّان

[গুরানিক] প্রশস্ত ডানা غُرَانِق ج غَرَانِيق ، غَرَانِقَة ও লম্বা পা-বিশিষ্ট একপ্রকার জলচর পাখি, সারসপাখি, সুদর্শন যুবক, সুন্দরী মেয়ে

[গার্‌ব] পশ্চিম, পশ্চিম দিক, পশ্চিমাঞ্চল, غَرْب পাশ্চাত্য, প্রতীচী, তেজ, উৎসাহ, প্রাণশক্তি

[গার্‌ব] অশ্রু, আঁসু, বড় বালতি غَرْب ج غُرُوب

[আল-গার্‌ব] পাশ্চাত্য, পশ্চিমা জগৎ الغَرْب

[গারব] মদ, স্বর্ণ, রৌপ্য, পাত্র, পেয়ালা, غَرَب রৌপ্যের পেয়ালা, একপ্রকার দুর্বল গাছ, (পশুর) চোখের রোগবিশেষ

[গারবা] অস্তমিত হওয়া, غَرَبَ [ن] (غُرُوب) অস্ত যাওয়া, ডুবে যাওয়া, চলে যাওয়া, প্রস্থান করা, দূরে চলে যাওয়া

[গারুবা] দেশ ছেড়ে غَرُبَ [ك] (غَرَابَة ، غُرْبَة) যাওয়া, প্রবাসী হওয়া, বিদেশী হওয়া, অদ্ভুত হওয়া, অপরিচিত হওয়া, (শব্দ) দুর্বোধ্য হওয়া

[গার্‌রবা] প্রস্থান করা, غَرَّبَ (تَغْرِيب) [غرب] চলে যাওয়া, দূরে যাওয়া, নির্বাসিত করা, বিতাড়িত করা, দূর করে দেওয়া, পশ্চিমে যাওয়া

[গার্‌বান] পশ্চিমে, পশ্চিম দিকে غَرْبًا

[গির্‌বাল] চালা বা ছাঁকার জন্য غِرْبَال ج غَرَابِيل ছিদ্রযুক্ত পাত্র, চালনি, চালুনি, ছাঁকনি, ঝাঁঝরি, চোগলখোর ব্যক্তি, কুৎসাকারী, দফ (বাদ্যযন্ত্র)

[গুর্‌বাহ্] দেশত্যাগ, নির্বাসন, একাকীত্ব, غُرْبَة নির্জনতা, প্রবাস, প্রবাসজীবন

[গার্‌বালা] চালুনি দ্বারা غَرْبَلَ (غَرْبَلَة) [غربل] ছাঁকা, চালা, ছেঁকে ফেলা, আলাদা করে ফেলা

[গার্‌বী] পশ্চিমসংক্রান্ত, পশ্চিম দিকের, غَرْبِيّ পশ্চিমা, পাশ্চাত্য, প্রতীচ্য

[গার্‌বী] পাশ্চাত্যের অধিবাসী, غَرْبِيّ ج غَرْبِيُّونَ পশ্চিম ইউরোপের বাসিন্দা, পশ্চিমা লোক

[গির্‌বীব] কালো (পাহাড়), غِرْبِيب ج غَرَابِيب কালো চুলবিশিষ্ট (বৃদ্ধলোক), কাল আঙ্গুর

[গির্‌রাহ্] অমনোযোগিতা, غِرَّة ج غِرَر [غرر] অসতর্কতা, আকস্মিকতা, অনভিজ্ঞ দল

['আলা গির্‌রতিন, عَلَى غِرَّةٍ ، عَلَى حِينِ غِرَّةٍ 'আলা হীনি গির্‌রতিন] অসতর্ক মুহূর্তে, আকস্মিকভাবে, অপ্রত্যাশিতভাবে

[গুর্‌রাহ্] ঘোড়ার কপালের শুভ্রতা, غُرَّة ج غُرَر শুভ্র দাগ, উজ্জ্বল চিহ্ন, ভোরের আলো, আরম্ভ, শুরু, সূচনা

[গারিদা] গাওয়া, গান গাওয়া, غَرِدَ [س] (غَرَد) গান করা

[গার্‌রদা] গাওয়া, গান غَرَّدَ (تَغْرِيد) [غرد] গাওয়া, গান করা

[গারিদ, গির্‌দ] গান গায় এমন, غَرِد ، غِرْد গায়ক, সঙ্গীতরত (পাখি)

[গারর] শুভ্রতা, উজ্জ্বলতা, বিপদ, ঝুঁকি غَرَر

[গার্‌ররা] প্রতারিত করা, غَرَّرَ (تَغْرِير) [غرر] بِ ধোঁকা দেওয়া, প্ররোচিত করা, বিপথগামী করা, বিপদে ফেলা

[গার্‌য] আরোহীর পা-দান, রেকাব, غَرْز ج غُرُوز মাটিতে প্রোথিত খুঁটি, গোঁজ

[গারযা] পোঁতা, গাড়া, প্রবেশ غَرَزَ [ض] (غَرْز) করানো, ঢোকানো

[গার্‌রযা] প্রবেশ করানো, غَرَّزَ (تَغْرِيز) [غرز] ঢোকানো, পোঁতা, গাড়া

غُرْزَة ج غُرَز [গুর্যাহ] (সেলাইয়ের) ফোঁড়

غَرْس [গার্স] রোপণ, স্থাপন

غَرْس ج غِرَاس ، أَغْرَاس [গার্স] যা রোপণ করা হয়, রোপিত বস্তু, (গাছের) চারা

غَرَسَ [ض] (غَرْس) [গারসা] রোপণ করা, পোঁতা, পুঁতে রাখা, লাগানো, বসানো, ঢুকানো

غِرْس ج أَغْرَاس [গির্স] যা রোপণ করা বা পুঁতে রাখা হয়, রোপিত বস্তু, (গাছের) চারা, ছোট কাক, মায়ের পেট থেকে বের হওয়া সন্তানের সাথে সংলগ্ন পিচ্ছিল বস্তু

غَرْسَة [গার্সাহ্] (গাছের) চারা

غَرْض ج فِرْضَان ، غُرْضَان ، أَغْرُض [গার্দ] গর্ত, ফাটল, চিড়, ভাঁজ

غَرْض ج أَغْرَاض ، غُرُوض [গার্দ] উটের জিন বাঁধার পেটি

غَرَض ج أَغْرَاض [গারদ] উদ্দেশ্য, লক্ষ্য, ইচ্ছা, অভিপ্রায়, লক্ষ্যবস্তু, গরজ, স্বার্থ, প্রয়োজন

غَرَضَ [ض] (غَرْض) [গারদা] বিচ্ছিন্ন না করে ভাঙ্গা, (পাত্র) ভরা, তাজা অবস্থায় আহরণ করা, বিরত থাকা

غَرِض [গারিদ] আগ্রহী, ইচ্ছুক, অভিলাষী, কামী

غَرِضَ [س] (غَرَض) إِلَى [গারিদা] আগ্রহী হওয়া, ইচ্ছুক হওয়া, কামনা করা, পেতে চাওয়া

غَرِضَ مِنْ [-- মিন] বিরক্ত হওয়া, ভয় করা

غَرُضَ [ك] (غِرَض ، غَرَاضَة) [গারুদা] টাটকা হওয়া, তাজা হওয়া, রসযুক্ত হওয়া, নরম হওয়া

غَرَّضَ (تَغْرِيض) [غرض] [গার্রদা] তাজা মাংস খাওয়া, টাটকা অবস্থায় আহরণ করা, লক্ষ্যবস্তু করা, রসিকতা করা, কৌতুক করা

غُرْضَة ج غُرْض ، غُرُض [গুর্দাহ্] উটের জিন বাঁধার পেটি

غُرْضُوف ج غَرَاضِيف [গুর্দূফ] কোমলাস্থি, নরম হাড়

الغُرْضُوفَان [আল-গুর্দূফানি] উষ্ট্রজিনের মধ্যভাগ ও পশ্চাদ্ভাগের মাঝে ডানে-বামে বাঁধা কাষ্ঠখণ্ডদ্বয়

غَرَضِيَّة [غرض] [গারদিয়্যাহ্] পক্ষপাত, পক্ষপাতিত্ব

غَرْغَرَ (غَرْغَرَة) [غرغر] [গার্গারা] গড়গড়া দেওয়া, গড়গড় শব্দ করা, টগবগ করা

غِرْغِر ، غِرْغِرَة [غرغر] [গির্গির, গির্গিরাহ্] গিনি-মোরগ, টার্কি (turkey)

غَرْغَرَة [غرغر] [গার্গারাহ্] গড়গড়া, গড়গড় শব্দ, টগবগানি

غَرَفَ [ن] [ض] (غَرْف) [গারফা] অঞ্জলি ভরে লওয়া, চামচ ভরে তোলা

غُرْفَة ج غُرَف، غُرُفَات [গুর্ফাহ্] কক্ষ, কামরা, প্রকোষ্ঠ, ঘর, চেম্বার (chamber)

غُرْفَة ج غِرَاف [গুর্ফাহ্] অঞ্জলি, এক অঞ্জলি পানি

غُرْفَةُ التِجَارَة [গুর্ফাতুত তিজারাহ্] চেম্বার অব কমার্স (chamber of commerce)

غَرْق ، غَرَق [গার্ক, গারক] নিমজ্জন, নিমগ্নতা, ডুব

غَرِق [গারিক] নিমজ্জিত, ডুবন্ত, নিমগ্ন, প্লাবিত

غَرِقَ [س] (غَرَق) [গারিকা] নিমজ্জিত হওয়া, ডুবে যাওয়া, ডুব দেওয়া, নিমগ্ন হওয়া

غَرَّقَ (تَغْرِيق) [غرق] [গার্রকা] নিমজ্জিত করা, ডুবানো, ডুবিয়ে দেওয়া, নিমগ্ন করা, প্লাবিত করা

غِرْقِئ [গির্কি'] ডিমের সাদা অংশের পাতলা আবরক, ডিমের সাদা অংশ

غُرْلَة ج غُرَل [গুর্লাহ্] লিঙ্গাগ্রের ত্বক

غَرِمَ [س] (غَرْم، غُرْم، غَرَامَة، مَغْرَم) [গারিমা] জরিমানা দেওয়া, লোকসান দেওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া, (ঋণ ইত্যাদি) পরিশোধ করা

غَرَّمَ (تَغْرِيم) [غرم] [গার্রমা] জরিমানা করা, জরিমানা ধার্য করা, অর্থদণ্ড ধার্য করা, (ঋণ ইত্যাদি) পরিশোধ করতে বলা

غُرْم [গুর্ম] জরিমানা, অর্থদণ্ড, ক্ষতিপূরণ, ক্ষতি, লোকসান

غَرْنَاطَة [গার্নাতাহ্] গ্রানাডা (নগরী)

غُرْنُوق ، غِرْنِيق [غرنق] ج غَرَانِيق [গুর্নূক, গির্নীক] সারসপাখি, সুদর্শন যুবক, সুন্দরী মেয়ে

(غَرْو) لَا غَرْوَ [লা গার্ওয়া] আশ্চর্য হবার কিছু নেই

غُرُوب [غرب] [গুরূব] অস্ত, অস্তগমন

غُرُوب الشَّمْس [গুরূবুশ শাম্‌স] সূর্যাস্ত

غَرُور [غرر] [গারূর] প্রতারক, প্রবঞ্চক, প্রতারণাপূর্ণ, প্রবঞ্চনামূলক

غُرُور [غرر] [গুরূর] প্রতারণা, প্রবঞ্চনা, ধোঁকা, মিথ্যে আশা, অহঙ্কার, অহমিকা

غَرْوَى [গার্‌ওয়া] আসক্তি, অনুরাগ, টান

لَا غَرْوَى [লা গার্‌ওয়া] আশ্চর্য হবার কিছু নেই

غَرَوِيّ ، غِرَوِيّ [غرو] [গারবী, গিরবী] লেগে থাকে এমন, আঠালো

غَرِيَ [س] (غَرَاء) بِ [গারিয়া] অনুরক্ত হওয়া, আসক্ত হওয়া, শক্তভাবে ঝুলে থাকা, লেগে থাকা

غَرِيَ [س] (غَرَاة) بِ [গারিয়া] লেগে থাকা, ঝুলে থাকা

غَرَّى (تَغْرِيَة) [غرو] [গার্‌রা] লাগিয়ে দেওয়া, আঠা দিয়ে লাগানো

غُرِيَ ، غُرِّيَ بِ [গুরিয়া, গুর্‌রিয়া] লেগে থাকা, ঝুলে থাকা, আসক্ত হওয়া, অনুরক্ত হওয়া

غَرِيب [غرب] [গারীব] অদ্ভুত, বিস্ময়কর, বিরল, দুর্বোধ্য, অপরিচিত, অপ্রচলিত (শব্দ)

غَرِيب ج غُرَبَاء [গারীব] বিদেশী, প্রবাসী, আগন্তুক, বহিরাগত

الحَدِيث الغَرِيب [আল-হাদীছুল গারীব] গরীব হাদীসঃ যে হাদীসের সনদের কোন এক স্তরে অথবা প্রত্যেক স্তরে মাত্র একজন রাবী আছেন, মাত্র একজন রাবী বর্ণিত হাদীস

غَرِيب الأَطْوَار [গারীবুল আত্‌ওয়ার] অদ্ভুত ধরনের, খামখেয়ালী, পাগলাটে

غَرِيبَة ج غَرَائِب [غرب] [গারীবাহ] বিস্ময়কর বস্তু, বিস্ময়, অদ্ভুত বিষয়, বিরল বস্তু (স্ত্রী)

غِرِّيد [غرد] [গির্‌রীদ] গান গায় এমন, সঙ্গীতরত, গানের পাখি

غَرِير [غرر] [গারীর] প্রতারিত, প্রবঞ্চিত, বিভ্রান্ত

غَرِير ج أَغِرَّة ، أَغْرَاء [গারীর] অদক্ষ, অনভিজ্ঞ, কাঁচা, অজ্ঞ, নতুন

غَرِيرَة ج غَرِيرَات ، غَرَائِر [غرر] [গারীরাহ] অদক্ষ, অনভিজ্ঞ, অজ্ঞ, কাঁচা, নতুন (স্ত্রী)

غَرِيزَة ج غَرَائِز [غرز] [গারীযাহ] স্বভাব, প্রকৃতি, চরিত্র, সহজাত বাসনা

غَرِيزِيّ [গারীযী] স্বভাবজাত, স্বভাবগত, প্রকৃতিগত, স্বাভাবিক, চারিত্রিক

غَرِيس [غرس] [গারীস] রোপণকৃত, প্রতিষ্ঠিত, স্থাপিত, ভেড়ী (পশু)

غَرِيسَة ج غَرَائِس [غرس] ، غِرَاس [গারীসাহ] (গাছের) চারা, কচি গাছ, চারাগাছ, (ফলের) বীচি, আঁটি

غَرِيض ج أَغَارِيض [غرض] [গারীদ] নতুন গান, ভাল গায়ক, সাদা বস্তু, বৃষ্টির পানি, তাজা, টাটকা (মাংস, খেজুর)

غَرِيف [غرف] [গারীফ] ঝোপ, ঝাড়, জঙ্গল

غَرِيق ج غَرْقَى [غرق] [গারীক] ডুবে গিয়েছে এমন, নিমজ্জিত, ডুবন্ত (মানুষ)

غَرِيم ج غُرَمَاء ، غُرَّام [غرم] [গারীম] ঋণগ্রস্ত, ঋণী, বিপক্ষ, প্রতিপক্ষ

غَرِين ، غِرْيَن [গারীন, গির্‌ইয়ান] পলি, ক্লেদ, কাদামাটি, চর

غِرِينْلَنْد [গ্রীন্‌লান্‌দ] গ্রীনল্যান্ড (দেশ)

غَرِينِيّ [গারীনী] পাললিক, পলিজ

غَزَا [ن] (غَزْو) [غزو] [গাযা] চাওয়া, উদ্দেশ্য করা, মনস্থ করা

غَزَا [ن] (غَزْو ، غَزَاوَة ، غَزَوَان) [غزو] [গাযা] অভিযান চালানো, অভিযানে যাওয়া, আক্রমণ করা, আগ্রাসন চালানো, দখল করা, পরাভূত করা, প্লাবিত করা

غَزَاة ج غَزَوَات [غزو] [গাযাত] অভিযান, যুদ্ধ, আগ্রাসন, আক্রমণ, দখল

غَزَّار [غزر] [গায্‌যার] নল-খাগড়া (তৃণ)

غَزَارَة [غزر] [গাযারাহ] আধিক্য, প্রাচুর্য, পর্যাপ্তি, বহুলতা

غَزَال ج غِزْلَان ، غِزْلَة [গাযাল] হরিণ, কুরঙ্গ, মৃগ, হরিণশাবক

غَزَّال [غزل] [গায্‌যাল] যে চরকায় সুতা কাটে

غَزَالَة ج غَزَالَات [غزل] [গাযালাহ] হরিণী, মৃগী, কুরঙ্গিনী, উদীয়মান সূর্য, প্রারম্ভকাল

غَزْر [গায্‌র] আধিক্য, প্রাচুর্য, পর্যাপ্তি, বহুলতা

غَزْر ج غُزُر [গায্‌র] গাছের পাতা দ্বারা তৈরী ঝুড়ি বা পাত্র

غَزُرَ [ك] (غَزْر ، غُزْر ، غَزَارَة) [গাযুরা] প্রচুর হওয়া, অধিক হওয়া, বহুল হওয়া, পর্যাপ্ত হওয়া

غَزُرَتِ النَّاقَةُ [গাযুরতিন নাকাতু] (উষ্ট্রীর) দুধ বেশী হওয়া

غَزْل [গায্‌ল] সুতা কাটার কাজ, সুতার বুনট বা পাক, কাটা সুতা, বয়নশিল্প

غَزَل [গাযাল] প্রেম, প্রণয়, প্রেমালাপ, প্রেমকাব্য

غَزَلَ [ض] (غَزْل) [গাযালা] (চরকায়) সুতা কাটা, পাক খাওয়ানো, ঘুরানো

غَزِل [গাযিল] প্রেমালাপকারী, প্রেম নিবেদনকারী প্রণয়প্রার্থী, প্রেমিক

غَزِلَ [س] (غَزَل) بِ [গাযিলা] প্রেমের কথা বলা, প্রেমালাপ করা, প্রেম নিবেদন করা, প্রেম করা, ছিনালি করা, প্রশংসা করা

غَزْو [গায্‌ও] আক্রমণ, অভিযান, যুদ্ধ, আগ্রাসন, দখল

غَزْوَة ج غَزَوَات [গায্‌ওয়াহ্] অভিযান, আক্রমণ, যুদ্ধ, ইসলামের যে যুদ্ধে স্বয়ং রসূলুল্লাহ (স) অংশগ্রহণ করেন

غَزَّى (تَغْزِيَة) [غزو] [গায্‌যা] অভিযানে সেনা পাঠানো, অভিযান চালানো, ঋণ পরিশোধে সময় দেওয়া

غَزِير [غزر] [গাযীর] প্রচুর, পর্যাপ্ত, বেশী, অনেক

غَزِيرَة ج غِزَار [غزر] [গাযীরাহ্] প্রচুর, পর্যাপ্ত, বেশী, অনেক (স্ত্রী), বেশী দুধ দেয় এমন উষ্ট্রী, অধিক অশ্রু ঝরায় এমন চোখ, অনেক পানি আছে এমন কূপ বা ঝরনা

غَزِيل [غزل] [গাযীল] প্রেমালাপকারী, প্রেমিক, প্রেম নিবেদনকারী, প্রণয়প্রার্থী

غَسَّاق [غسق] [গাস্‌সাক] দুর্গন্ধময় (পানি), তীব্র ঠাণ্ডা, পুঁজ

غَسَّال [غسل] [গাস্‌সাল] যে বেশী ধৌত করে, ধোপা, রজক

غَسَّالَة ج غَسَّالَات [غسل] [গাস্‌সালাহ্] ধোয়ার যন্ত্র, washing machine, ধোপানী, রজকিনী

غُسَالَة [غسل] [গুসালাহ্] যে পানি দ্বারা ধোয়া হয়েছে, ব্যবহৃত পানি, ময়লা পানি, ধোয়ার ফলে নির্গত ময়লা, ধোয়ার কাপড়

غَسَّان [গাস্‌সান] যৌবনের তেজ, একটি প্রাচীন আরব গোত্র

غَسَق [গাসাক] অন্ধকার, আঁধার, তিমির, তমসা, প্রথম রাতের অন্ধকার

غَسَقَ [ض] (غَسْق ، غَسَق ، غَسَقَان) [গাসাকা] অন্ধকার হওয়া, অন্ধকারাচ্ছন্ন হওয়া

غَسْل [গাস্‌ল] ধৌতকরণ, প্রক্ষালন, ধোলাই, গোসল

غَسْل الدِمَاغ [গাস্‌লুদ দিমাগ] মগজধোলাই, brainwash

غَسَلَ [ض] (غَسْل ، غُسْل) [গাসালা] ধৌত করা, ধোয়া, ধুয়ে পরিষ্কার করা, ধোলাই করা, গোসল করানো, ধোলাই দেওয়া

غَسَّلَ (تَغْسِيل) [غسل] [গাস্‌সালা] উত্তমরূপে ধৌত করা, ভালভাবে ধোয়া, গোসল করানো

غِسْل ج أَغْسَال [গিস্‌ল] যদ্দারা ধোয়া হয়, ধোয়ার পানি

غُسْل ج أَغْسَال [গুস্‌ল] যদ্দারা ধোয়া হয়, ধোয়ার পানি, গোসলের পানি, গোসল, স্নান

غَسْلَة ج غَسْلَات [গাস্‌লাহ্] ধৌতকরণ, প্রক্ষালন, ওয়াশ (wash)

غِسْلَة [গিস্‌লাহ্] যদ্দারা ধোয়া হয়, ধোয়ার পানি

غِسْلِين [গিস্‌লীন] পুঁজ, অত্যন্ত গরম পানি

غَسُول [غسل] [গাসূল] যদ্দারা ধোয়া হয়, ধোয়ার পানি, গোসলের পানি, পরিষ্কারক, ওয়াশ (wash), লোশন (lotion)

غَسِيل [غسل] [গাসীল] ধোয়া হয়েছে এমন, ধৌত, প্রক্ষালিত, বিধৌত, ধোয়ার কাপড়

غَسِيل ج غَسْلَى ، غُسَلَاء [গাসীল] যাকে গোসল করানো হয়েছে (পুং)

غَسِيلَة ج غَسَالَى [غسل] [গাসীলাহ্] যাকে গোসল করানো হয়েছে (স্ত্রী)

غَشّ [গাশ্‌] প্রতারণা, প্রবঞ্চনা, ঠকবাজি, জুয়া-চুরি, নকল, জাল, ভেজাল

غَشَّ [ن] (غَشّ) [গাশ্‌শা] অসৎ কাজ করা, জুয়া-

চুরি করা, প্রতারণা করা, জালিয়াতি করা, নকল করা

[গিশ্] অবিশ্বাস, বিশ্বাসঘাতকতা, প্রতারণা, غِشّ জালিয়াতি, ঠগবাজি, বিদ্বেষ

[গুশ্] প্রতারক, প্রবঞ্চক, ঠগ, ঠক غُشّ ج غُشُون

[গাশা] আগমন করা, [غشو] (غَشْو) [ن] غَشَا আসা, এসে পড়া, আসা-যাওয়া করা, ঢেকে দেওয়া

[গিশা'] আবরণ, পর্দা, [غشي] غِشَاء ج أَغْشِيَة আচ্ছাদন, ঢাকনা, ঝিল্লী, প্রলেপ, ছাল

[গিশাঈ] আবরণসংক্রান্ত, ঝিল্লী-সম্বন্ধীয়, غِشَائِيّ ঝিল্লীময়

[গাশাশ, গিশাশ] [غشش] غَشَاش ، غِشَاش রাতের শুরু বা শেষ, অল্প, সামান্য, দ্রুততা

[গাশাশান] দ্রুততার সাথে, দ্রুত গতিতে غَشَاشًا

['আলা গিশাশিন] দ্রুততার সাথে, عَلَى غِشَاشٍ দ্রুত গতিতে

[গাশ্শাশ] প্রতারক, [غشش] غَشَّاش ج غَشَّاشَة প্রবঞ্চক, ঠগ, জুয়াচোর, জালিয়াত, নকলবাজ, অসৎ লোক

[গাশ্শাম] অত্যাচারী, দখলদার [غشم] غَشَّام

[গাশাওয়াহ্] আবরণ, আচ্ছাদন, [غشو] غَشَاوَة ঢাকনা, পর্দা, অস্পষ্টতা

[গিশাওয়াহ্, গুশাওয়াহ্] [غشو] غِشَاوَة ، غُشَاوَة আবরণ, আচ্ছাদন, ঢাকনা, পর্দা

[গিশায়াহ্, গুশায়াহ্] [غشي] غِشَايَة ، غُشَايَة আবরণ, আচ্ছাদন, ঢাকনা, পর্দা

[গাশ্শাশা] অতিশয় [غشش] (تَغْشِيش) غَشَّشَ জালিয়াতি করা, অতিমাত্রায় প্রতারণা করা, বেশী নকল করা

[গাশামা] অত্যাচার করা, (غَشْم) [ض] [ن] غَشَمَ জুলুম করা, অন্যায় করা, দুর্ব্যবহার করা

[গাশ্ওয়াহ্, গিশ্-ওয়াহ্, গুশ্ওয়াহ্] [غشو] غَشْوَة ، غِشْوَة ، غُشْوَة আবরণ, আচ্ছাদন, ঢাকনা, পর্দা, অস্পষ্টতা

[গাশূম] অন্যায়কারী, অত্যাচারী, [غشم] غَشُوم জালিম

[গাশ্ই, গুশ্ই] সংজ্ঞাহীনতা, মূর্ছা, غَشْي ، غُشْي অচেতন অবস্থা

[গাশিয়া] [غشي] (غَشْي ، غِشَاوَة) [س] غَشِيَ আবৃত করা, আচ্ছাদিত করা, ঢাকা, ছেয়ে ফেলা, অন্ধকার হওয়া

[গাশিয়া] [غشي] (غِشْيَان ، غَشَيَان) غَشِيَ আসা, দেখতে আসা, পরিদর্শন করা, উপরে ওঠা, যৌন সঙ্গম করা

[গুশিয়া 'আলাইহি] মূর্ছিত [غشي] غُشِيَ عَلَيْهِ হওয়া, মূর্ছা যাওয়া, সংজ্ঞাহীন হওয়া

[গাশ্শা] আবৃত করা, [غشي] (تَغْشِيَة) غَشَّى আচ্ছাদিত করা, ঢেকে দেওয়া, ছেয়ে ফেলা, অস্পষ্ট করা

[গিশ্ইয়ান] আগমন, পরিদর্শন, [غشي] غِشْيَان আরোহণ

[গাশ্ইয়াহ্] মূর্ছা, সংজ্ঞাহীনতা, অচেতন غَشْيَة অবস্থা

[গাশীম] অখোদাইকৃত পাথর, অজ্ঞ ব্যক্তি, غَشِيم অনভিজ্ঞ ব্যক্তি, নির্বোধ ব্যক্তি

[গাচ্ছা] بِـ (غَصّ ، غَصَص) [س] [ن] غَصَّ শ্বাসরুদ্ধ করা, গলায় আটকা পড়া, ভিড়ে আটকা পড়া, (জায়গা) ভরে যাওয়া, সংকীর্ণ হওয়া

[গাছ্ব] অপহরণ, জবরদখল, জবরদস্তি, غَصْب বলপ্রয়োগ, ধর্ষণ

[গাছ্বান, বিল-গাছ্বি] জোর- غَصْبًا ، بِالْغَصْبِ পূর্বক, বলপূর্বক

[গাছ্বান 'আন] ইচ্ছার বিরুদ্ধে, জোর غَصْبًا عَنْ করে

[গাছবা] কেড়ে নেওয়া, (غَصْب) [ض] غَصَبَ জবরদখল করা, অপহরণ করা, ধর্ষণ করা

[-- 'আলা] জোর করা, বাধ্য করা, غَصَبَ عَلَى জবরদস্তি করা, বলপ্রয়োগ করা

[গুছ্ছাহ্] [غصص] غُصَّة ج غُصَّات ، غُصَص যন্ত্রণা, কষ্ট, গোঙানি, গলায় আটকে পড়া খাদ্য, গলগ্রহ, দুঃখ, দুশ্চিন্তা

[গাছনা] (গাছের) ডাল টান (غَصْن) [ض] غَصَنَ দেওয়া, ডাল কাটা, নিয়ে নেওয়া

[-- 'আন] ফিরিয়ে নেওয়া, বিরত রাখা غَصَنَ عَنْ

[গাছ্ছনা] (গাছে) ডাল [غصن] (تَغْصِين) غَصَّنَ

গজানো, (থোকায়) ফল বড় হওয়া

[গুছ্‌ন] ডাল, غُصْن ج غُصُون ، أَغْصَان ، غِصَنَة শাখা

[গুছ্‌নাহ] ছোট ডাল, প্রশাখা غُصْنَة

[গুছাইন] ছোট ডাল, প্রশাখা غُصَيْن

[গাদ্] তাজা, টাটকা, সজীব, নরম, কোমল غَضّ ج غِضَاض

[গাদ্দা] غَضَّ [ن] (غَضّ ، غَضَاض ، غَضَاضَة) নিচু করা, নত করা, অবনত করা, ছোট করা, হ্রাস করা, (গাছের ডাল) ভাঙ্গা, (দৃষ্টি) ফিরিয়ে নেওয়া

[--মিন] হেয় করা, অমর্যাদা করা, অবমূল্যায়ন করা غَضَّ مِنْ

[গাদ্দা] غَضَّ [ض] [س] (غَضَاضَة ، غُضُوضَة) তাজা হওয়া, সজীব হওয়া, কোমল হওয়া

[গাদ্দান নাযরা, গাদ্দাত তর্‌ফা] غَضَّ النَّظَرَ، غَضَّ الطَّرْفَ দৃষ্টি অবনত করা, দৃষ্টি না দেওয়া, উপেক্ষা করা, ভ্রূক্ষেপ না করা

[বি-গাদ্দিন নাযরি 'আন] بِغَضِّ النَّظَرِ عَنْ দৃষ্টি না দিয়ে, ভ্রূক্ষেপ না করে, উপেক্ষা করে, নির্বিশেষে

[গাদা] ঝোপ, ঝাড়, জঙ্গল, ঝাউগাছ غَضَا

[গুদাবী] সহজেই রেগে যায় এমন, রাগী, ক্রোধপ্রবণ, কোপনস্বভাব, রগচটা, গোমড়ামুখী غُضَابِيّ

[গাদাত] ঝোপ, ঝাড়, জঙ্গল, ঝাউগাছ غَضَاة

[গাদার] সবুজ রঙের আঠালো নরম মাটি, মৃৎপাত্র তৈরীর মাটি, মৃৎপাত্র غَضَار [غضر]

[গাদারাহ] বড় বাটি, গামলা, সবুজ রঙের আঠালো নরম মাটি, মৃৎপাত্র তৈরীর মাটি, মৃৎপাত্র, সমৃদ্ধি, প্রাচুর্য, আরাম, সতেজতা غَضَارَة ج غَضَائِر [غضر]

[গাদাদাহ] কলঙ্ক, লাঞ্ছনা, ত্রুটি, সতেজতা, সজীবতা, সরসতা, কোমলতা, টাটকা অবস্থা, ঘাটতি غَضَاضَة ج غَضَائِض [غضض]

[গাদব] রাগ, ক্রোধ, রোষ, কোপ, গজব غَضَب

[গাদিব] রাগান্বিত, ক্রোধান্বিত, ক্রুদ্ধ, কোপন, ক্ষিপ্ত غَضِب ج غَضْبَى ، غَضَابَى ، غِضَاب

[গাদিবা] রাগ করা, ক্রুদ্ধ হওয়া, রাগান্বিত হওয়া, ক্রোধান্বিত হওয়া غَضِبَ [س] (غَضَب)

[গাদ্‌বান] ক্রুদ্ধ, রাগান্বিত, ক্রোধান্বিত, কোপন, ক্ষিপ্ত غَضْبَان ج غَضْبَى ، غَضَابَى ، غِضَاب

[গাদ্‌বানাহ, গাদ্‌বা] ক্রুদ্ধ, রাগান্বিত, ক্রোধান্বিত, কোপন, ক্ষিপ্ত (স্ত্রী) غَضْبَانَة ، غَضْبَى [غضب]

[গুদ্দাহ] লাঞ্ছনা, ত্রুটি, দোষ, ঘাটতি, অভাব غُضَّة ج غُضَض [غضض]

[গাদর] সতেজতা, সমৃদ্ধি, প্রাচুর্য, আরাম غَضَر

[গাদরা] (আল্লাহ্‌) সমৃদ্ধি প্রদান করা, প্রাচুর্যের মধ্যে রাখা غَضَرَ [ن] [ض] (غَضْر)

[গাদরা] আটক রাখা, বিরত রাখা, (চামড়া) উত্তমরূপে পাকা করা غَضَرَ [ض] (غَضْر)

[-- 'আলা] সহানুভূতিশীল হওয়া, দয়া করা غَضَرَ عَلَى

[-- 'আন] ফিরে আসা, পরিত্যাগ করা غَضَرَ عَنْ

[-- লি] (সম্পদের) একাংশ প্রদান করা, অংশ বরাদ্দ করা غَضَرَ لِ

[গাদির] সমৃদ্ধ, সচ্ছল, প্রাচুর্যপূর্ণ, তাজা غَضِر

[গাদিরা] প্রাচুর্যপূর্ণ হওয়া, সমৃদ্ধ হওয়া, সচ্ছল হওয়া, উর্বর হওয়া غَضِرَ [س] (غَضَر ، غَضَارَة)

[গুদ্রূফ] নরম হাড়, কোমলাস্থি, উপাস্থি غُضْرُوف ج غَضَارِيف [غضرف]

[গাদ্দদা] কলঙ্কিত হওয়া, ত্রুটিপূর্ণ হওয়া, কোমল হওয়া, নরম হওয়া, তাজা জিনিস খাওয়া غَضَّضَ (تَغْضِيض) [غضض]

[গাদ্‌ন, গাদন] ভাঁজের দাগ, ভাঁজ, কষ্ট غَضْن ، غَضَن ج غُضُون

[গাদনা] আটকে রাখা, বিরত রাখা غَضَنَ [ن] [ض] (غَضْن ، غَضَان) عَنْ

[গাদ্দনা] ভাঁজ দেওয়া, ভাঁজ করা, কুঞ্চিত করা, কুঁচকানো, (আকাশ) অবিরাম বৃষ্টি বর্ষণ করা غَضَّنَ (تَغْضِين) [غضن]

[গাদন্‌ফার] সিংহ, মৃগেন্দ্র, কেশরী, পশুরাজ غَضَنْفَر

[গাদূব] সহজেই রেগে যায় এমন, রাগী, ক্রোধপ্রবণ, কোপনস্বভাব, রগচটা, রাগান্বিত, ক্রোধান্বিত, ক্রুদ্ধ, ক্ষিপ্ত, গোমড়ামুখী غَضُوب ج غَضْبَى ، غَضَابَى ، غِضَاب

[গুদূদাহ] কোমলতা, টাটকা غُضُوضَة [غضض]

অবস্থা, সজীবতা, সরসতা

[গুদূন] ভাঁজ, ভাঁজের দাগ, মধ্য, [غضن] غُضُون ভিতর, অভ্যন্তর

[ফী গুদূনি] মধ্যে, ভিতরে, অভ্যন্তরে, فِي غُضُونِ সময়ের মধ্যে

[গাদা] ঝোপ, ঝাড়, জঙ্গল, ঝাউগাছ غَضَى

[গাদ্ইয়া'] ঝাউগাছ জন্মে এমন [غضي] غَضْيَاء ভূমি, অনেক ঝোপ আছে এমন (স্থান)

[গাদীর] তাজা, সতেজ, সজীব, [غضر] غَضِير সবুজ, নরম, কোমল, সমৃদ্ধ, প্রাচুর্যপূর্ণ

[গাদীদ] [غضض] غَضِيض ج أَغِضَّاء ، أَغِضَّة নরম, কোমল, মোলায়েম, তুলতুলে, তাজা, টাটকা, ত্রুটিপূর্ণ, হেয়, হীন

[গাদীদাহ] নরম, [غضض] غَضِيضَة ج غَضَائِض কোমল, মোলায়েম, তুলতুলে, তাজা, টাটকা, ঘাটতি, ত্রুটি, দোষ, হীনতা

[গাত্তা] ডুবিয়ে দেওয়া, নিমজ্জিত غَطَّ [ن] (غَطّ) করা, জোরে চাপ দেওয়া

[গাত্তা] (ঘুমের মধ্যে) নাক غَطَّ [ض] (غَطِيط) ডাকা

[গাতা] অন্ধকার [غطو] غَطَا [ن] (غَطْو ، غُطُوّ) হওয়া, অন্ধকার ছড়িয়ে দেওয়া, ঢেকে দেওয়া, লুকিয়ে রাখা, (পানি) বৃদ্ধি পাওয়া, উঁচু হওয়া

[গিতা'] আবরণ, ঢাকনা, [غطو] غِطَاء ج أَغْطِيَة আচ্ছাদন, পর্দা, ছত্রছায়া

[গাত্তাস] ডুবুরী, ডুবুরী পাখি- [غطس] غَطَّاس বিশেষ

[গিত্তাস] খ্রীষ্টধর্মে দীক্ষা, খ্রীষ্টোৎসব غِطَاس

[গিত্রাফ] দান- غِطْرَاف ج غَطَارِفَة ، غَطَارِيف শীল ব্যক্তি, সুদর্শন যুবক, নেতা

[গাত্রাসা] অহঙ্কার করা, দম্ভ غَطْرَسَ (غَطْرَسَة) করা, অহমিকা প্রদর্শন করা

[গিত্রিস] অহঙ্কারী, দাম্ভিক غِطْرِس ج غَطَارِس

[গাত্রাসাহ] অহঙ্কার, দম্ভ, দাম্ভিকতা, غَطْرَسَة অহমিকা, ঔদ্ধত্য

[গাত্রাফা] অহঙ্কার করা, দম্ভ غَطْرَفَ (غَطْرَفَة) করা, অহমিকা প্রদর্শন করা

[গাত্রাফাহ] অহঙ্কার, দাম্ভিকতা, দম্ভ, غَطْرَفَة অহমিকা, ঔদ্ধত্য

[গুত্রূফ] সুন্দর, সুদর্শন, غُطْرُوف ج غَطَارِيف সুদর্শন তরুণ

[গিত্রীস] উদ্ধত, [غطرس] غِطْرِيس ج غَطَارِيس অহঙ্কারী, দাম্ভিক

[গিত্রীফ] দানশীল ব্যক্তি, غِطْرِيف ج غَطَارِيف সুদর্শন যুবক, নেতা, বাজপাখি, মাছি

[গাত্স] নিমজ্জন, ডুব غَطْس

[গাতসা] নিমজ্জিত করা, غَطَسَ [ض] (غَطْس) ডুবানো, ডোবা, ডুব দেওয়া

[গাত্তাসা] নিমজ্জিত [غطس] غَطَّسَ (تَغْطِيس) করা, ডুবানো, ডুবিয়ে দেওয়া

[গাত্সাহ] নিমজ্জন, ডুব غَطْسَة

[গাতশা] অন্ধকার হওয়া, غَطَشَ [ض] (غَطْش) ধীরে ধীরে হাঁটা

[গাত্গাতা] (সমুদ্র) গর্জন করা, غَطْغَطَ (غَطْغَطَة) উত্তাল হওয়া, (রান্নার হাড়ি) ফুটে ওঠা, টগবগ শব্দ করা, (ঘুম) পরাভূত করা, চেপে আসা

[গাতা] অন্ধ- [غطي] غَطَى [ض] (غَطْي ، غُطْي) কার হওয়া, অন্ধকার ছড়িয়ে দেওয়া, ঢেকে দেওয়া, লুকিয়ে রাখা, (পানি) বৃদ্ধি পাওয়া, (গাছ) ডালপালা ছড়িয়ে দেওয়া, (যৌবন) পূর্ণ হওয়া

[গাত্তা] ঢাকা, ঢেকে রাখা, [غطو] غَطَّى (تَغْطِيَة) ঢেকে দেওয়া, আবৃত করা, অন্তর্ভুক্ত করা

[গাতীত] নাক-ডাকা, নাক ডাকার [غطط] غَطِيط শব্দ

[গাফা] ঘুমিয়ে [غفو] غَفَا [ن] (غَفْو ، غُفُوّ) পড়া, হালকা নিদ্রা যাওয়া, তন্দ্রা যাওয়া, অল্প ঘুমানো

[গাফ্ফার] ক্ষমাপরায়ণ, ক্ষমাবান, [غفر] غَفَّار ক্ষমাশীল

[আল-গাফ্ফার] পরম ক্ষমাশীলঃ [غفر] الغَفَّار আল্লাহ

[গিফারাহ] ঢাকনা, মস্তকাবরণী غِفَارَة ج غَفَائِر

[গাফ্ফারাহ] ধর্মযাজকের পরিচ্ছদ- [غفر] غَفَّارَة বিশেষ, cope

غَفَرَ [ض] (غَفْر ، غُفْرَان ، مَغْفِرَة) [গাফারা] ক্ষমা করা, মাফ করা, মার্জনা করা, লুকিয়ে রাখা, ঢেকে রাখা

غَفَّرَ (تَغْفِير) [غفر] [গাফ্ফারা] লুকিয়ে রাখা, ঢেকে রাখা, "আল্লাহ তোমাকে মাফ করুন" বলা

غُفْرَان [غفر] [গুফরান] ক্ষমা, মাফ, মার্জনা

غُفْرَة [গুফ্রাহ] আবরণ, আচ্ছাদন, ঢাকনা

غَفَل [গাফাল] অসতর্কতা, অন্যমনস্কতা, প্রাচুর্য, স্বাচ্ছন্দ্য, সচ্ছলতা

غَفَلَ [ن] (غَفْل ، غَفْلَة ، غُفُول) عَنْ [গাফালা] অসতর্ক থাকা, ভুলে থাকা, অন্যমনস্ক হওয়া, উপেক্ষা করা

غَفَّلَ (تَغْفِيل) [غفل] [গাফ্ফালা] অমনোযোগী করা, অমনোযোগী আখ্যা দেওয়া, অন্যমনস্ক করা, অন্যমনস্ক বলা, ভুলিয়ে রাখা, লুকিয়ে রাখা, ঢেকে রাখা

غُفْل ج أَغْفَال [গুফল] চিহ্নবিহীন গবাদিপশু বা বস্তু, মূল্যহীন জিনিস, গুরুত্বহীন ব্যক্তি বা বস্তু, লেখকের নামবিহীন বই, অজ্ঞাতনামা কবির কবিতা, অজ্ঞাতনামা কবি, ঘরবাড়িশূন্য (ভূমি), বৃষ্টি পড়েনি এমন (জমি), কাজকর্মের অভিজ্ঞতা নেই এমন (লোক), চিহ্ন দেওয়া হয়নি এমন (গবাদিপশু)

غَفْلَان [غفل] [গাফ্লান] অমনোযোগী, বিস্মৃত, অন্যমনস্ক, অযত্নবান

غُفْلَان [غفل] [গুফ্লান] অমনোযোগিতা, অন্যমনস্কতা, গাফলতি, উপেক্ষা, অমনোযোগী, অন্যমনস্ক, অযত্নবান

غَفْلَة [গাফ্লাহ] অমনোযোগিতা, অন্যমনস্কতা, অসতর্কতা, গাফলতি, উপেক্ষা, আকস্মিকতা

عَلَى غَفْلَةٍ ['আলা গাফ্লাতিন] অজান্তে, হঠাৎ

عَلَى حِينِ غَفْلَةٍ ['আলা হীনি গাফ্লাতিন] অন্যমনস্ক থাকাকালে, অসতর্ক মুহূর্তে, হঠাৎ

غَفْوَة ج غَفَوَات [গাফ্ওয়াহ] হালকা নিদ্রা, তন্দ্রা

غَفُور [غفر] [গাফূর] ক্ষমাপরায়ণ, ক্ষমাশীল

الغَفُور [غفر] [আল-গাফূর] অসীম ক্ষমাপরায়ণ, পরম ক্ষমাশীলঃ আল্লাহ

غَفِيَ [س] (غَفْيَة) [غفو] [গাফিয়া] হালকা নিদ্রা যাওয়া, তন্দ্রা যাওয়া, ঘুমিয়ে পড়া

غَفِير [غفر] [গাফীর] অনেক, বহু, বহুল, বিপুল, পর্যাপ্ত, অসংখ্য

غَلَّ [ن] (غَلّ) [গাল্লা] প্রবেশ করা, প্রবিষ্ট হওয়া, প্রবেশ করানো, প্রবিষ্ট করা, ঢুকিয়ে দেওয়া, গোপনে নিয়ে নেওয়া, বেড়ি পরানো, হাতকড়ি দেওয়া, বাঁধা, বেঁধে ফেলা, বন্দী করা, (ফসল) উৎপন্ন করা, (পানি) প্রবাহিত হওয়া

غَلَّ [ن] (غُلُول) [গাল্লা] প্রবেশ করা, গমন করা, আত্মসাৎ করা, চুরি করা

غَلَّ [ض] (غِلّ ، غَلِيل) [গাল্লা] বিদ্বেষী হওয়া, প্রতিহিংসাপরায়ণ হওয়া

غِلّ [গিল্] প্রতিহিংসা, বিদ্বেষ, মনে মনে শত্রুতা, গোপন শত্রুতা

غُلّ ج أَغْلَال ، غُلُول [গুল্] বেড়ি, নিগড়, হাতকড়া, তীব্র পিপাসা, স্ত্রী

غُلَّ (غُلّ ، غُلَّة) [গুল্লা] পিপাসায় কাতর হওয়া, তৃষ্ণাকাতর হওয়া, অত্যন্ত পিপাসার্ত হওয়া

غَلَا [ن] (غُلُوّ) [غلو] [গালা] সীমালঙ্ঘন করা, বাড়াবাড়ি করা, বেশী হওয়া, বৃদ্ধি পাওয়া

غَلَا (غَلَاء) [غلو] [গালা] (মূল্য) অধিক হওয়া, উচ্চমূল্য হওয়া

غَلَاء [غلو] [গালা'] মূল্যবৃদ্ধি, উচ্চ মূল্য, চড়া দাম

غَلَّاب ج غَلَّابُونَ [غلب] [গাল্লাব] বড় বিজয়ী

غِلَاظَة [غلظ] [গিলাযাহ] কঠোরতা, নির্দয়তা, রূঢ়তা, পুরুত্ব

غِلَاف ج غُلُف ، أَغْلِفَة ، غِلَافَات [গিলাফ] গেলাফ, আবরণ, ঢাকনা, মোড়ক, খাম, খাপ

غِلَالَة ج غَلَائِل [غلل] [গিলালাহ] পাতলা গাউন-বিশেষ, অন্তর্বাস

غُلَام ج غِلْمَان ، غِلْمَة ، أَغْلِمَة [গুলাম] বালক, ছেলে, বাচ্চা, চাকর, দাস

غُلَامَة [গুলামাহ] বালিকা, মেয়ে, চাকরানী, দাসী

غُلَامِيَّة [غلم] [গুলামিয়্যাহ] তারুণ্য, দাসত্ব

غَلَّايَة ج غَلَّايَات [غلي] [গাল্লায়াহ] ফুটানোর

পাত্র, কেতলি

[গালাব] জয়, বিজয়, পরাজয়, পরাভব غَلْب

[গালাবা] غَلَبَ[ض] (غَلْب ، غَلَبَة ، مَغْلَبَة) عَلَى জয়ী হওয়া, বিজয়ী হওয়া, পরাজিত করা, পরাভূত করা, প্রভাব বিস্তার করা, প্রাধান্য বিস্তার করা

[গালিবা] ঘাড় মোটা হওয়া, غَلِبَ[س] (غَلَب) মোটা ঘাড়বিশিষ্ট হওয়া

[গাল্লাবা] বিজয়ী করা, غَلَّبَ (تَغْلِيب) [غلب] **প্রাধান্য দেওয়া**

[গাল্‌বা'] মোটা ঘাড়বিশিষ্ট, ঘন غَلْبَاء ج غُلْب **গাছপালাবিশিষ্ট (বাগান)** [أَغْلَب-এর স্ত্রীলিঙ্গ]

[গালাবাহ] জয়, বিজয়, প্রাধান্য, শ্রেষ্ঠত্ব غَلَبَة

[গাল্লাহ] ফসল, غَلَّة ج غَلَّات ، غِلَال [غلل] শস্য, ফল, আয়

[গুল্লাহ] প্রবল তৃষ্ণা, তীব্র পিপাসা غُلَّة [غلل]

[গালাস] অন্ধকার, আঁধার, শেষ- غَلَس ج أَغْلَاس **রাতের অন্ধকার, ভোররাত**

[গাল্লাসা] অন্ধকারে غَلَّسَ (تَغْلِيس) [غلس] সম্পন্ন করা, অন্ধকারে আগমন করা

[গাল্‌ছমাহ] মাথা ও ঘাড়ের غَلْصَمَة ج غَلَاصِم মধ্যবর্তী মাংস, জিহবামূল, আলজিভ, নেতৃবর্গ, দল

[গালাত] ভুল, গলদ, অশুদ্ধ غَلَط ج أَغْلَاط

[গালিতা] ভুল করা, ভুল হওয়া غَلِطَ[س] (غَلَط)

[গাল্লাতা] ভুল সাব্যস্ত করা, غَلَّطَ (تَغْلِيط) [غلط] অশুদ্ধ বলে অভিহিত করা, ভুল করানো

[গাল্‌তাহ] ভুল, বিভ্রম, গলদ غَلْطَة ج غَلَطَات

[গাল্‌য] শক্ত ভূমি غَلْظ

[গালুযা] শক্ত غَلُظَ[ك] (غِلَظ ، غِلَاظَة ، غِلْظَة) **হওয়া, মোটা হওয়া, পুরু হওয়া, কঠোর হওয়া, রূঢ় হওয়া**

[গাল্লাযা] শক্ত করা, মোটা غَلَّظَ (تَغْلِيظ) [غلظ] **করা, পুরু করা, ঘন করা, কঠিন করা**

[গিলায] কাঠিন্য, কঠোরতা, রূঢ়তা, **পুরুত্ব** غِلَظ

[গিল্‌যাহ] কাঠিন্য, কঠোরতা, অনমনীয়তা, غِلْظَة রূঢ়তা, পুরুত্ব, শক্রতা

[গাল্‌গাল] মাটির গভীরে প্রবিষ্ট غَلْغَل ج غَلَاغِل গাছের শিকড়

[গাল্‌গালা] দ্রুত চলা, মিশিয়ে غَلْغَلَ (غَلْغَلَة) দেওয়া

[-- ফী] কষ্ট করে প্রবেশ করা, মিশে غَلْغَلَ فِي যাওয়া

[গাল্‌ফ] চামড়া পাকা করার কাজে লাগে غَلْف এমন একপ্রকার গাছ

[গালাফা] আচ্ছাদিত করা, غَلَفَ[ن] (غَلْف) গেলাফ পরানো, খামে ভরা, মোড়কবদ্ধ করা, (বই) বাঁধাই করা

[গালিফা] অখাৎনাকৃত হওয়া غَلِفَ[س] (غَلَف)

[গাল্লাফা] আচ্ছাদিত غَلَّفَ (تَغْلِيف) [غلف] করা, গেলাফ পরানো, খামে ভরা, মোড়কবদ্ধ করা, (বই) বাঁধাই করা

[গুল্‌ফ] খাৎনা করানো হয়নি এমন, অভদ্র, غُلْف **অশিষ্ট, গেলাফবদ্ধ, মোড়কবদ্ধ, অনুভূতিহীন (অন্তর)** [أَغْلَف-এর বহুবচন]

[গাল্‌ফা'] খাৎনা করানো হয়নি غَلْفَاء [غلف] এমন, অশিষ্ট, অভদ্র, গেলাফবদ্ধ, মোড়কবদ্ধ, অনুভূতিহীন (অন্তর) [أَغْلَف-এর স্ত্রীলিঙ্গ]

[গুল্‌ফাহ] লিঙ্গাগ্রের ত্বক (যা খাৎনা غُلْفَة ج غُلَف করার সময় কেটে ফেলা হয়)

[গালাক] যদ্দারা দরজা غَلَق ج أَغْلَاق جج أَغَالِيق বন্ধ করা হয়, খিল, অর্গল, তালা, বড় দরজা

[গালাক্বা] (দরজা) আটকানো, غَلَقَ[ض] (غَلْق) বন্ধ করা

[গালিক] অস্পষ্ট, দুর্বোধ্য (কথা), বদরাগী, غَلِق কোপনস্বভাব

[গালিক্বা] আটকা পড়া, আটক غَلِقَ[س] (غَلَق) হওয়া, (বন্ধকী জিনিস) বাজেয়াপ্ত হওয়া, বন্ধকগ্রহীতার মালিকানাধীন হয়ে যাওয়া, রেগে যাওয়া, বিরক্ত হওয়া, বদরাগী হওয়া

[গাল্লাক্বা] বন্ধ করা, তালা- غَلَّقَ (تَغْلِيق) [غلق] বন্ধ করা, তালা দেওয়া, আটকানো

[গালাল] তীব্র পিপাসা, প্রচণ্ড তৃষ্ণা, غَلَل ج أَغْلَال গাছের গোড়ায় গোড়ায় প্রবাহিত পানি, ছাঁকনি, ছাড়ানোর সময় চামড়ার সাথে রেখে দেওয়া মাংস

غَلَّلَ (تَغْلِيل) [غلل] [গাল্লালা] বেড়ি পরানো, হাতকড়ি দেওয়া, বেঁধে ফেলা, বন্দী করা

غَلِم [গালিম] যৌন লালসায় উত্তেজিত, কামার্ত, কামাতুর, কামুক, কামান্ধ

غَلِمَ [س] (غَلَم، غُلْمَة) [গালিমা] যৌন লালসায় উত্তেজিত হওয়া, কামাতুর হওয়া, কামার্ত হওয়া

غُلْمَة [গুল্‌মাহ্‌] লালসা, কামনা, উত্তেজনা, যৌন লালসা, কাম-লালসা

غُلُوّ [গুলু] বাড়াবাড়ি, সীমালঙ্ঘন, আতিশয্য

غُلَوَاء [غلو] [গুল্‌ওয়া'] বাড়াবাড়ি, সীমালঙ্ঘন

غُلْوَان [غلو] [গুল্‌ওয়ান] তেজ, উদ্দীপনা, প্রাণ-শক্তি

غَلُوطَة [غلط] [গালূতাহ্‌] ভ্রান্তিকর কথা বা বিষয়, কুটিল প্রশ্ন

غُلُومَة [غلم] [গুলূমাহ্‌] তারুণ্য, কামপ্রবৃত্তি

غُلُومِيَّة [غلم] [গুলূমিয়্যাহ্‌] তারুণ্য, ছেলেমি

غَلَى [ض] (غَلْي، غَلَيَان) [غلي] [গালা] সিদ্ধ হওয়া, টগবগ করে ফোটা, উথলানো

غَلَّى (تَغْلِيَة) [غلي] [গাল্লা] ফুটানো, সিদ্ধ করা, মূল্য বাড়ানো, বেশী দাম চাওয়া

غَلِيظ ج غِلَاظ [غلظ] [গালীয] মোটা, পুরু, শক্ত, কঠোর, নির্দয়, রূঢ়

غَلِيل [غلل] [গালীল] প্রবল তৃষ্ণা, তীব্র পিপাসা, বিদ্বেষ, প্রতিশোধস্পৃহা, প্রতিহিংসা

غِلِّيم [غلم] [গিল্লীম] কামুক, কামাসক্ত, কামান্ধ

غَلْيُون ج غَلَاوِين ، غَلَايِين [গাল্‌ইয়োন] (ধূম-পানের) পাইপ, রণতরীবিশেষ, galleon

غَمّ ج غُمُوم [গাম্‌] দুঃখ, বিষণ্ণতা, কষ্ট, দুশ্চিন্তা, উদ্বেগ, দুঃখপূর্ণ, কষ্টপূর্ণ, উষ্ণ, উত্তপ্ত (দিন)

غَمَّ [ن] (غَمّ) [গাম্মা] দুঃখ দেওয়া, বিষণ্ণ করা, কষ্ট দেওয়া, উদ্বিগ্ন করা, দুশ্চিন্তাগ্রস্ত করা, ঢেকে রাখা, লুকিয়ে রাখা, ছেয়ে ফেলা, (দিন) উষ্ণ হওয়া

غُمَّ [غمم] [গুম্মা] অস্পষ্ট হওয়া, গোপন থাকা

غَمَّاء [غمم] [গাম্মা'] দুঃখ, বিষণ্ণতা, দুশ্চিন্তা, বিপদ, কষ্ট, মেঘাচ্ছন্ন (রাত)

غِمَاء ج أَغْمَاء ، أَغْمِيَة [غمي] [গিমা'] (ঘরের) ছাদ, চাল, (ঘোড়ার) চোখের ঠুলি

غَمَار ، غُمَار [গামার, গুমার] মানুষের ভিড়, কষ্ট

غَمَارَة [গামারাহ্‌] ভিড়, অজ্ঞতা, অনভিজ্ঞতা

غُمَارَة [গুমারাহ্‌] মানুষের ভিড়, কষ্ট

غَمَّاز [غمز] [গাম্মায] অধিক কটাক্ষকারী, বড় নিন্দুক, বিশ্বাসঘাতক, ষড়যন্ত্রকারী, (বন্দুকের) ঘোড়া, ট্রিগার

غَمَّازَة ج غَمَّازَات [غمز] [গাম্মাযাহ্‌] (গালের) টোল

غَمَّاسَة ج غَمَّاس [غمس] [গাম্মাসাহ্‌] ডুব দিয়ে পানির অনেক গভীরে যেতে পারে এমন একপ্রকার পাখি, পানকৌড়ি, মাংসের গভীরে প্রবিষ্ট (বর্শার কোপ)

غَمَام [গামাম] মেঘ, সাদা মেঘ, শিলা, করকা

غَمَامَة ج غَمَائِم [غمم] [গামামাহ্‌] মেঘ, মেঘখণ্ড

غِمَامَة ج غَمَائِم [غمم] [গিমামাহ্‌] (পশুর মুখে বা চোখে পরানোর) ঠুলি

غُمَّة ج غُمَم [গুম্মাহ্‌] দুঃখ, কষ্ট, বিষণ্ণতা, উদ্বেগ, দুশ্চিন্তা, সন্দেহপূর্ণ, অস্পষ্ট, জটিল

غَمَدَ [ن] [ض] (غَمْد) [গামাদা] (তরবারি) খাপে রাখা, কোষবদ্ধ করা, ঢেকে রাখা, মেরামত করা

غَمِدَ [س] (غَمَد) [গামিদা] (কূপের) পানি বেড়ে যাওয়া কিংবা কমে যাওয়া, (রাত) অন্ধকার হওয়া

غَمَّدَ (تَغْمِيد) [غمد] [গাম্মাদা] আচ্ছাদিত রাখা, ঢেকে রাখা, গোপন করা, দোষ গোপন করা, অপরাধ ঢেকে রাখা

غِمْد ج غُمُود ، أَغْمَاد [গিম্‌দ] তরবারির খাপ, কোষ, যোনিনালী

غَمْر [গাম্‌র] নিমজ্জন, প্লাবন

غَمْر ج غِمَار ، غُمُور ، أَغْمَار [গাম্‌র] উদার, দানশীল, অনভিজ্ঞ, অদক্ষ, গভীর পানি

غَمَر ج غُمُور [গামার] বিদ্বেষ, মূর্খ, অনভিজ্ঞ, দল

غَمَرَ [ن] (غَمْر) [গামারা] ডুবানো, প্লাবিত করা, ডুবিয়ে দেওয়া, নিমজ্জিত করা, ভরে দেওয়া

غَمِر [গামির] অধিক চর্বিযুক্ত, তৈলাক্ত

غَمِرَ [س] (غَمَر ، غِمْر) [গামিরা] (অন্তর) বিদ্বেষ-পূর্ণ হওয়া, (হাতে) মাংসের চর্বি কিংবা গন্ধ লেগে থাকা, অজ্ঞ ও অনভিজ্ঞ হওয়া

غَمُرَ [ك] (غَمَارَة ، غُمُورَة) [গামুরা] (পানি) প্রচুর হওয়া, পর্যাপ্ত হওয়া, অজ্ঞ হওয়া, অদক্ষ হওয়া, অনভিজ্ঞ হওয়া

غُمِرَ عَلَي [গুমিরা 'আলা] সংজ্ঞাহীন হওয়া, মূর্ছা যাওয়া, অচেতন হওয়া

غِمْر ج أَغْمَار [গিম্‌র] বিদ্বেষ, পিপাসা, তৃষ্ণা, মূর্খ, অদক্ষ, অনভিজ্ঞ

غُمْر ج أَغْمَار [গুম্‌র] মূর্খ, অনভিজ্ঞ, জাফরান, জাফরান থেকে তৈরী একপ্রকার প্রলেপ

غَمْرَة ج غَمَرَات [গাম্‌রাহ] গভীর পানি, বিপুল পরিমাণ, ভিড়, চাপ, কষ্ট, অজ্ঞতা, মূর্খতা

فِي غَمْرَةِ [ফী গাম্‌রাতি] মধ্যে, মাঝে

غَمَرَاتُ الْمَوْت [গামারাতুল মাওত] মৃত্যু-যন্ত্রণা, মৃত্যুকালীন কষ্ট

غُمْرَة [গুম্‌রাহ] জাফরান, জাফরান থেকে তৈরী একপ্রকার প্রলেপ

غَمْز [গাম্‌য] চোখের ইশারা, পলক, কটাক্ষ, খোঁচা

غَمَزَ [ض] (غَمْز) [গামাযা] ইশারা করা, পলক ফেলা, কটাক্ষ করা, খোঁচা মারা, স্পর্শ করা

غَمَزَ بِ ، عَلَى [-- বি] অপবাদ দেওয়া, নিন্দা করা, কুৎসা রটানো

غَمْزَة ج غَمَزَات [গাম্‌যাহ] চোখের ইশারা, পলক, কটাক্ষ, খোঁচা

غَمَسَ [ض] (غَمْس) [গামাসা] ডুবানো, ডুবিয়ে দেওয়া, নিমজ্জিত করা

غَمَّسَ (تَغْمِيس) [غمس] [গাম্মাসা] সজোরে ডুবানো, ডুবিয়ে দেওয়া, (পশুকে) কম পানি পান করানো

غَمَص [গামাছ] (চোখের) সাদা ময়লা, ঝাপসা দৃষ্টি, ছানি

غَمَصَ [ض] (غَمْص) [গামাছা] তুচ্ছ জ্ঞান করা, অবজ্ঞা করা, অবমূল্যায়ন করা

غَمِصَ [س] (غَمَص) [গামিছা] (চোখে) সাদা ময়লা হওয়া, সাদা ময়লা ঝরা, দৃষ্টি ঝাপসা হওয়া, ছানি পড়া

غُمْص [গুম্‌ছ] চোখে সাদা ময়লা আছে এমন, ঝাপসা দৃষ্টিসম্পন্ন, ক্ষীণদৃষ্টি (أَغْمَص-এর বহুবচন)

غَمْصَاء [غمص] [গাম্‌ছা'] চোখে সাদা ময়লা আছে এমন, ঝাপসা দৃষ্টিসম্পন্ন, ক্ষীণদৃষ্টি (أَغْمَص -এর স্ত্রীলিঙ্গ)

غَمَضَ [ن] (غُمُوض) [গামাদা] (কথা) অস্পষ্ট অর্থবোধক হওয়া, দুর্বোধ্য হওয়া, (চোখ) বন্ধ হওয়া

غَمَّضَ (تَغْمِيض) [غمض] [গাম্মাদা] (কথা) অস্পষ্ট করা, দুর্বোধ্য করা, (চোখ) বন্ধ করা

غُمْض [গুম্‌দ] ঘুম, নিদ্রা, নিদ, সুপ্তি

غَمْضَة ج غَمَضَات [গাম্‌দাহ] (চোখের) পলক

فِي غَمْضَةِ عَيْنٍ [ফী গাম্‌দতি 'আইনিন] চোখের পলকে, তাৎক্ষণিকভাবে

غَمَطَ [ض] (غَمْط) [গামাতা] অবজ্ঞা করা, তুচ্ছ জ্ঞান করা, অবমূল্যায়ন করা, (অধিকার) না মানা, অস্বীকার করা, (নেয়ামতের) শোকর না করা, না-শোকরি করা

غَمْغَمَ (غَمْغَمَة) [গাম্‌গামা] অস্ফুটভাবে বলা, বিড়বিড় করে বলা, শোরগোল করা, হৈচৈ করা

غَمْغَمَة ج غَمَاغِم [غمغم] [গাম্‌গামাহ] অস্ফুট কথা, বিড়বিড়ানি, শোরগোল, হৈচৈ, নিনাদ

غِمْلَاج ، غَمْلَج ، غُمَلَّج [গিম্‌লাজ, গাম্‌লাজ, গামাল্লাজ] অস্থির, চঞ্চল, খামখেয়ালী

غَمُوس [غمس] [গামূস] বিপজ্জনক, দুর্যোগপূর্ণ, কঠিন, অশুভ, বিদ্ধকারী (খোঁচা), মিথ্যা (শপথ)

غَمُوس ج غُمُس [গামূস] কঠিন কাজ, বিপজ্জনক বিষয়, বিদ্ধকারী খোঁচা, অশুভ শক্তি, শক্তিশালী ও সাহসী লোক

غَمُوص [গামূছ] মিথ্যাবাদী, মিথ্যা (শপথ)

غُمُوض [غمض] [গুমূদ] অস্পষ্টতা, দুর্বোধ্যতা, রহস্য, অনিশ্চয়তা

غُمُوضَة [غمض] [গুমূদাহ] দুর্বোধ্যতা, রহস্য, অস্পষ্টতা, অনিশ্চয়তা, ত্রুটি, খুঁত

غَمْي [গাম্‌ই] মূর্ছা, সংজ্ঞাহীনতা, অচেতন অবস্থা

غَمًى ج أَغْمَاء ، أَغْمِيَة [গামা] (ঘরের) ছাদ, চাল, (ঘোড়ার) চোখের ঠুলি

غَمَى [ض] (غَمْي) [غمي] [গামা] (গৃহে) ছাদ দেওয়া, চাল দেওয়া

غَمًى [غمم] [গাম্মা] ধূলি, অন্ধকার, তীব্রতা

غَمَّى (تَغْمِيَة) [غمي] [গাম্মা] ঢেকে রাখা, চোখ ঢেকে রাখা

غُمِيَ عَلَى [গুমিয়া 'আলা] মূর্ছা যাওয়া, অচেতন হওয়া, সংজ্ঞাহীন হওয়া

غُمَّى [غمم] [গুম্মা] দুঃখ, কষ্ট, বিষণ্ণতা, দুশ্চিন্তা, বিপদ

غَمِير ج غِمَار [গামীর] বেশী পানি, অনেক পানি

غَمِيزَة [غمز] [গামীযাহ] দোষ, ত্রুটি, ব্যর্থতা, দুর্বলতা

غُمَيْضَاء [غمض] [গুমাইদা'] কানামাছি (খেলা)

غَمِيضَة [غمض] [গামীদাহ] দোষ, ত্রুটি, খুঁত

غُمَّيْضَة [غمض] [গুম্মাইদাহ] কানামাছি (খেলা)

غَنَّ [س] (غَنّ ، غُنَّة) [গান্না] গুন্না করা, নাকে বাজিয়ে উচ্চারণ করা, অধিক গাছপালা হওয়া

غَنَاء [غني] [গানা'] অমুখাপেক্ষিতা, ধনাঢ্যতা, ধন, সম্পদ, প্রাচুর্য, যোগ্যতা, উপকারিতা

غَنَّاء [غنن] [গান্না'] নাকি সুরে কথা বলে এমন, সুরেলা, সুমধুর, ঘন গাছপালাবিশিষ্ট, বসতিপূর্ণ (أَغَنّ-এর স্ত্রীলিঙ্গ)

غِنَاء [غني] [গিনা'] গান, গীত, গীতি, সঙ্গীত, সুরেলা আওয়াজ, সুর

غِنَائِيّ [গিনা'ঈ] গানসম্বন্ধীয়, সঙ্গীত-বিষয়ক, গীতিধর্মী, গীতিময়

شَاعِر غِنَائِيّ [শা'ইর গিনা'ঈ] গীতিকবি

شِعْر غِنَائِيّ [শি'র গিনা'ঈ] গীতি-কবিতা, গীতি-কাব্য

غِنَائِيَّة [غني] [গিনা'ইয়্যাহ] গীতিময়তা, গীতি-ধর্মিতা

غُنَاج [গুনাজ] প্রণয়লীলার ভান, ছিনালি, ঢং

غَنَّام [غنم] [গান্নাম] মেষপালক, মেষওয়ালা

غُنَّة [غنن] [গুন্নাহ] নাকে বাজিয়ে উচ্চারণ, গুন্না

غَنِج [গানিজ] লীলাময়, ছিনালিপূর্ণ, ঢংওয়ালা

غَنِجَ [س] (غَنْج) [গানিজা] ছিনালি করা, ছিনালি খেলা, ঢং করা, প্রণয়লীলার ভান করা

غَنْج ، غُنُج [গুনজ, গুনুজ] প্রণয়লীলার ভান, প্রেমের অভিনয়, ছিনালি, ঢং

غُنْدُر [গুনদুর] মোটাসোটা, গোলগাল

غَنْدُور ج غَنَادِرَة [غندر] [গানদূর] পোশাকী বাবু, ফুলবাবু

غَنَم ج أَغْنَام ، غُنُوم ، أَغَانِم [গানাম] ছাগল, ছাগ, মেষ, ভেড়া

غَنِمَ [س] (غُنْم ، غَنْم ، غَنَم ، غَنِيمَة) [গানিমা] গনীমত লাভ করা, গনীমত হিসেবে পাওয়া, বিনাকষ্টে পাওয়া, সাফল্য লাভ করা

غُنْم [গুনম] গনীমত, বিনাকষ্টে অর্জন, সুযোগ, প্রাপ্তি

غَنِيّ ج أَغْنِيَاء [গানী] ধনী, ধনবান, সম্পদশালী, অমুখাপেক্ষী, প্রয়োজনমুক্ত, অভাবমুক্ত

الغَنِيّ [আল-গানী] মহাধনী, অমুখাপেক্ষী সত্তাঃ আল্লাহ

غَنِيَ [س] (غِنًى ، غَنَاء ، غُنْيَان) [গানিয়া] ধনী হওয়া, ধনবান হওয়া, সম্পদশালী হওয়া, অভাব-মুক্ত হওয়া

غَنِيَ عَنْ [-- 'আন] অমুখাপেক্ষী হওয়া, অভাব-মুক্ত হওয়া, প্রয়োজনমুক্ত হওয়া

غَنِيَ (غَنًى ، مَغْنًى) بِـ [-- বি] অবস্থান করা, বাস করা, নিবাস স্থাপন করা

غَنَّى (غِنَاء) [غني] [গান্না] গাওয়া, গান করা, গান গাওয়া, স্তুতি গাওয়া, প্রশংসা করা

غِنًى [গিনা] অমুখাপেক্ষিতা, প্রাচুর্য, ধনাঢ্যতা, ধন, সম্পদ

هُوَ فِي غِنًى [হুওয়া ফী গিনান] তার কোন অভাব বা প্রয়োজন নেই

لَا غِنًى عَنْهُ [লা গিনা 'আনহু] বাদ দেওয়া যায় না এমন, অত্যাবশ্যক, অপরিহার্য

غُنْيَة ، غِنْيَة [غني] [গুনইয়াহ, গিনইয়াহ] ধন, সম্পদ, যথেষ্টতা, অমুখাপেক্ষিতা

غَنِيم ج غَنَائِم [غنم] [গানীম] গনীমত, যুদ্ধলব্ধ সম্পদ, গনীমতের মাল, বিনাকষ্টে অর্জিত সম্পদ

غَنِيمَة ج غَنَائِم [غنم] [গানীমাহ] গনীমত, যুদ্ধ-

লব্ধ সম্পদ, গনীমতের মাল, বিনাকষ্টে অর্জিত সম্পদ, সুযোগ

غَوٍ (غَوِي) [غوي] [গাবিন] বিভ্রান্ত, বিপথগামী, পথভ্রষ্ট

غُوَاتِيمَالَا [গুওয়াতীমালা] গুয়েতেমালা (দেশ)

غَوَاث، غُوَاث [গাওয়াছ, গুওয়াছ] ত্রাণ, সাহায্য

غَوَّاص [غوص] [গাওওয়াছ] ডুব দিতে অভ্যস্ত, ডুবুরি, ডুবুরী, ডুবরী, ডুবারু, ডুবুরী পাখিবিশেষ

غَوَّاصَة ج غَوَّاصَات [غوص] [গাওওয়াছাহ] ডুব দিতে অভ্যস্ত, ডুবুরী (স্ত্রী), ডুব দিয়ে শত্রুর জাহাজ আক্রমণ করতে পারে এমন যুদ্ধজাহাজ, ডুবোজাহাজ, সাবমেরিন

غُوَافَا، غُوَافَة [গুওয়াফা, গুওয়াফাহ] পেয়ারা, guava (ফল)

غَوَايَة [غوي] [গাওয়াইয়াহ] ভ্রান্তি, বিভ্রান্তি, ভ্রষ্টতা

غَوْث [গাওছ] সাহায্য, ত্রাণ, ফরিয়াদ

غَوَّثَ (تَغْوِيث) [غوث] [গাওওয়াছা] সাহায্যের জন্য ডাকাডাকি করা, ফরিয়াদ করা

غَوْر ج أَغْوَار [গাওর] নিম্নভূমি, গভীরতা, তলা, তলদেশ, গর্ত, গুহা, প্রকৃত অবস্থা, বাস্তবতা

غَوَّرَ (تَغْوِير) [غور] [গাওওয়ারা] নিম্নভূমিতে আসা, তলায় পড়া, নিচে নামা, ডুবে যাওয়া, অস্ত যাওয়া, (পানি) মাটির মধ্যে চলে যাওয়া, পরাজিত করা

غِوَر [গিওয়ার] নিহত ব্যক্তির রক্তমূল্য, দিয়ত তলদেশ, গর্ত, গুহা, প্রকৃত অবস্থা, বাস্তবতা

غَوْرَة [গাওরাহ] দুপুরের ঘুম, সূর্য তলদেশ, গর্ত, গুহা, প্রকৃত অবস্থা, বাস্তবতা

غُورِيلَّا [গোরীল্লা] গরিলা (প্রাণী)

غَوْص [গাওছ] ডুব, নিমজ্জন, অবগাহন

غَوَّصَ (تَغْوِيص) [غوص] [গাওওয়াছা] ডুবানো, ডুব দেওয়ানো, নিমজ্জিত করা, চুবানো

غَوْط ج غُوط، أَغْوَاط، غِيَاط، غِيطَان [গাওত] গর্ত, খাদ, নিম্নভূমি, নিম্নাঞ্চল

غَوَّطَ (تَغْوِيط) [غوط] [গাওওয়াতা] (কূপ) গভীর করা, গভীরতর করা, গভীরে নেওয়া

غَوْطَة গাওতাহ] গর্ত, খাদ, নিম্নভূমি, নিম্নাঞ্চল

غُوطَة [গূতাহ] পানি ও বৃক্ষবহুল স্থান, মরূদ্যান

الغُوطَة [আল-গূতাহ] আল-গূতাহঃ দামেস্কের দক্ষিণ পার্শ্বস্থ উর্বর মরূদ্যানের নাম

غَوْغَاء [غوغ] [গাওগা'] উচ্ছৃঙ্খল জনতা, হৈচৈ, শোরগোল, গণ্ডগোল, হাঙ্গামা

غَوْل [গাওল] নেশা, মাতালতা, মাথাব্যথা, কষ্ট, বিপদ, জটিলতা, নিম্নভূমি, *নির্জন প্রান্তর*

غُول ج أَغْوَال، غِيلَان [গূল] ভূত, প্রেত, মৃত্যু, ধ্বংস, বিনাশ, বিপদ, সাপ

غَوَى [ض] (غَيّ، غَوَايَة) [غوي] [গাওয়া] ভ্রষ্ট করা, বিভ্রান্ত করা, পথভ্রষ্ট করা, প্রলুব্ধ করা, বিভ্রান্ত হওয়া, বিপথে যাওয়া

غَوٍ، غَوِيّ [গাবী] পথভ্রষ্ট, বিভ্রান্ত, বিপথগামী

غَوِيَ [س] (غَوًى، غَوَايَة) [গাবিয়া] ভ্রষ্ট হওয়া, বিভ্রান্ত হওয়া, বিপথে যাওয়া, পেতে চাওয়া, বিভ্রান্ত করা, বিপথে নেওয়া

غَوَّى (تَغْوِيَة) [غوي] [গাওওয়া] বিভ্রান্ত করা, ভ্রষ্ট করা, বিপথে নেওয়া, বিপথগামী করা

غُويَانَا [গূয়ানা] গায়ানা (দেশ)

غَوِيَّة [গাবিয়্যাহ] শখ, শখের জিনিস

غَوِيث [غوث] [গাবীছ] সাহায্য, ত্রাণ

غَيّ [غوي] [গাই] ভ্রান্তি, বিভ্রান্তি, ভ্রষ্টতা

غَيَاب [গায়াব] কবর, গোর, (গাছের) শিকড়

غَيَّاب [غيب] [গাইয়াব] অধিক অনুপস্থিত, (গাছের) শিকড়

غِيَاب [গিয়াব] অনুপস্থিতি, অদৃশ্যতা, অন্তর্ধান, অস্ত, সূর্যাস্ত

غَيَابَة ج غَيَابَات [غيب] [গায়াবাহ] গভীর গর্ত, কূপ ইত্যাদির তলদেশ, গোপন আস্তানা, কবর

غِيَاث [غوث] [গিয়াছ] সাহায্য, ত্রাণ, ফরিয়াদ

غِيَار [গিয়ার] পরিবর্তন, বদল, বিনিময়

غِيَار ج غِيَارَات [গিয়ার] (ক্ষতের) পটি, ব্যান্ডেজ ড্রেসিং

قِطَع الغِيَار [কিতা'উল গিয়ার] খুচরা যন্ত্রাংশ

غَيْب [গাইব] অনুপস্থিতি, অদৃশ্য, লুক্কায়িত

[গাইব] গুপ্ত রহস্য, গোপন তত্ত্ব, غَيْب ج غُيُوب গায়েব, নিচু ভূমি

[গাইয়াবা] অদৃশ্য করা, غَيَّبَ (تَغْيِيب) [غيب] লুকিয়ে রাখা, লুকিয়ে ফেলা, গায়েব করা

[গাইবান] মুখস্থ, স্মৃতিগতভাবে غَيْبًا

[গাইবাহ্] অনুপস্থিতি, অদৃশ্যতা, অন্তর্ধান, غَيْبَة নিচু ভূমি, কবর

[গীবাহ্] কুৎসা, পরনিন্দা, পরোক্ষে নিন্দা, غِيبَة গীবত

[গাইবূবাহ্] অনুপস্থিতি, অন্তর্ধান, غَيْبُوبَة [غيب] অদৃশ্যতা, অস্ত, সাময়িক অচৈতন্য

[গাইবী] অদৃশ্য, লুক্কায়িত, গোপন, গুপ্ত, غَيْبِيّ গায়েবী

[গাইয়াহ্, গিয়্যাহ্] ভ্রষ্টতা, غَيَّة ، غِيَّة [غوي] ভ্রান্তি, বিভ্রান্তি

[গাইছ] বর্ষণ, বৃষ্টি, غَيْث ج غُيُوث ، أَغْيَاث মেঘ, বৃষ্টির পানিতে উৎপন্ন তৃণ

[গাইয়িছ] বৃষ্টিবহুল (মেঘ) غَيِّث [غيث]

[গায়াদ] কোমলতা, কমনীয়তা, সুন্দর গড়ন غَيَد

[গায়িদা] নোয়ানো ঘাড়বিশিষ্ট غَيِدَ [س] (غَيَد) হওয়া, ঘাড় নুয়ে যাওয়া, ঘাড় নরম হওয়া

[গাইদা'] কোমল, কমনীয়, সুন্দর غَيْدَاء [غيد] গড়নবিশিষ্ট, সুতন্বী (أَغْيَد-এর স্ত্রীলিঙ্গ)

[গাইদান] প্রারম্ভ, সূচনা, শুরু غَيْدَان [غيد]

[গাইদানুশ শাবাব] প্রথম যৌবন, غَيْدَانُ الشَّبَاب প্রারম্ভিক যৌবন, যৌবনের শুরু

[গাইর] অন্য, ভিন্ন, পর, অপর, অ, বে, না غَيْر

[আল-গাইর] অন্যরা, অন্যান্য الغَيْر

[গাইরা] ব্যতীত, ছাড়া, তবে غَيْرَ

[গাইরা আন্না] তবে, কিন্তু, যদিও, যা غَيْرَ أَنَّ হোক

[গাইরা মার্রাহ্] একাধিকবার, অনেক- غَيْرَ مَرَّة বার, বারবার, প্রায়শ

[গাইর ওয়াহিদ] একাধিক, কতিপয়, غَيْر وَاحِد কয়েকটি, অনেক

[ওয়াগাইরুহু, ওয়াগাইর যালিকা] وَغَيْرُهُ ، وَغَيْر ذٰلِكَ ইত্যাদি, প্রভৃতি, আরও, ও অন্যান্য

[লা গাইর] আর নয়, কেবলমাত্র, শুধুমাত্র لَا غَيْر

[মিন গাইরি, বি-গাইরি] ব্যতীত, مِنْ غَيْرِ ، بِغَيْرِ ছাড়া, বাদ দিয়ে

[গাইয়ারা] পরিবর্তন করা, غَيَّرَ (تَغْيِير) [غير] বদলানো, বিকৃত করা, রূপান্তরিত করা

[গিয়ার, গিয়ারুদ দাহ্র] কাল- غِيَر ، غِيَر الدَّهْر চক্র, কালের বিবর্তন, ভাগ্য-বিবর্তন

[গাইরান] غَيْرَان مث غَيْرَى ج غَيَارَى [غير] আত্মসম্মানবোধসম্পন্ন, প্রবল আগ্রহী, ঈর্ষান্বিত

[গাইরাহ্] আত্মসম্মান, আত্মসম্মানবোধ, غَيْرَة আবেগ, আগ্রহ, ঈর্ষা

[গীরাহ্] নিহতের রক্তমূল্য, দিয়ত, غِيرَة ج غِيَر অহমিকা, আত্মসম্মানবোধ, আবেগ, যোগান

[গাইদ] অল্প পরিমাণ, সামান্য পরিমাণ غَيْض

[গাইদাহ্] ঝোপ, জঙ্গল, বন, غَيْضَة ج غَيْضَات সিংহের আস্তানা

[গাইত] ক্ষেত, মাঠ, বাগান, বাগ غَيْط ج غِيطَان

[গাইয] ক্রোধ, রাগ, কোপ, রোষ, বিরাগ غَيْظ

[গাইয়াযা] রাগান্বিত করা, غَيَّظَ (تَغْيِيظ) [غيظ] রাগানো, ক্রোধ জাগ্রত করা, ক্রোধান্বিত করা

[গাইল] স্থূলকায় বালক, غَيْل ج أَغْيَال ، غُيُول গর্ভাবস্থায় বাচ্চাকে পান করানো দুগ্ধ, ভূপৃষ্ঠে প্রবাহিত পানি, ঝরনা-প্রবাহিত উপত্যকা, কাছে দেখা যায় এমন দূরের বস্তু, ঝোপ, ঝাড়, জঙ্গল

[গীল] ঝোপ, ঝাড়, বন, غِيل ج أَغْيَال ، غُيُول জঙ্গল, সিংহের আস্তানা, পানি আছে এমন উপত্যকা

[গীলাহ্] কৌশল, ফন্দি, বিশ্বাসঘাতকতা, غِيلَة ধোঁকা, প্রতারণা, ছলনা, গুপ্তহত্যা, গর্ভাবস্থায় স্তন্যদান

[গীলাতান] প্রতারণামূলকভাবে, কৌশলে, غِيلَةً ধোঁকা দিয়ে, ফন্দি করে

[গাইলাম] পুরুষ কচ্ছপ, বেঙ, কূপে غَيْلَم ج غَيَالِم পানির উৎসস্থল

[মা ফিদ দারি গাইলাম] ঘরে مَا فِي الدَّارِ غَيْلَم

غِينِيَا [গীনিয়া] গিনি (দেশ)

غِينِيَا بِيسَاو [গীনিয়া বীসাও] গিনি বিসাউ (দেশ)

غِينِيَا الجَدِيدَة [গীনিয়া আল-জাদীদাহ] নিউগিনি (দেশ)

غَيْهَب ج غَيَاهِب [গাইহাব] অন্ধকার, আঁধার, তিমির, তমসা, অত্যন্ত কালো (ঘোড়া, রাত)

غَيُور ج غُيُر [غير] [গায়ূর] আত্মসম্মানবোধ-সম্পন্ন, প্রবল আগ্রহী, ঈর্ষান্বিত

غَيُوم [غيم] [গায়ূম] মেঘাচ্ছন্ন, কুয়াশাচ্ছন্ন, মেঘলা কেউ নেই

غَيْم ج غُيُوم ، غِيَام [গাইম] মেঘ, কুয়াশা, তৃষ্ণা

غَيَّمَ (تَغْيِيم) [غيم] [গাইয়ামা] (আকাশে) মেঘ করা, (আকাশ) মেঘাচ্ছন্ন হওয়া, মেঘলা হওয়া, কুয়াশাচ্ছন্ন হওয়া

غَيْمَان ست غَيْمَى [غيم] [গাইমান] তৃষ্ণাকাতর উট

غَيْمَة [গাইমাহ] মেঘ, মেঘখণ্ড

غَيْن [গাইন] গাইন: غ বর্ণের নাম

ف

[ফা'] ফাঃ আরবী বর্ণমালার ২০তম হরফ ف

[ফা] অনন্তর, অতঃপর, তারপর, এবং, তাই, তাহলে, কেননা فَ

[ফা'] ফা'ঃ ف বর্ণের নাম فاء

[ফাআ] প্রত্যাবর্তন করা, ফিরে আসা, লাভ করা, ফাও পাওয়া فَاءَ [ض] (فَيْئٌ) [فيأ]

[ফা'ইত] হারিয়ে গিয়েছে এমন, হারানো, হাতছাড়া, গত, মৃত, অস্থায়ী فَائِت [فوت]

[ফা'ইদাহ] উপকার, উপকারিতা, লাভ, মুনাফা, ফল, সুদ, প্রাসঙ্গিক সংযোজন فَائِدَة ج فَوَائِد [فيد]

[ফা'ইয] সফল, কৃতকার্য, কামিয়াব, জয়ী, বিজয়ী فَائِز [فوز]

[ফা'ইদ] প্রচুর, পরিপূর্ণ, বেগে বহমান, প্রবহমান, উদ্বৃত্ত, অতিরিক্ত فَائِض [فيض]

[ফা'ইদ] উদ্বৃত্ত অংশ, বাড়তি فَائِض ج فَوَائِض [فيض]

[ফা'ইক] মাথায় ঘাড়ের সংযোগস্থল فَائِق [فوق]

[ফা'ইক] উপরস্থ, উর্ধ্বতন, উত্তম, শ্রেষ্ঠ, সেরা, ব্যতিক্রমধর্মী, অসাধারণ, বিশেষ, বাড়তি, নিবিড় فَائِق ج فَوَقَة ، فَائِقُون [فوق]

['ইনায়াহ ফা'ইক্বাহ] নিবিড় পরিচর্যা, বিশেষ পরিচর্যা, intensive care عِنَايَة فَائِقَة

[ফাতা] হাতছাড়া হওয়া, ছুটে যাওয়া, হারিয়ে যাওয়া, চলে যাওয়া, হারানো فَاتَ [ن] (فَوْت)

[ফাতাহা] প্রথম সম্বোধন করা, কথার সূচনা করা, বিতর্ক আরম্ভ করা, দর বলে ক্রয় না করা, ব্যক্ত করা, কাছে গিয়ে বলা, (আদালতের) সমন পাঠানো فَاتَحَ (مُفَاتَحَة) [فتح]

[ফাতিহ] উন্মুক্তকারী, আরম্ভকারী, সূচনাকারী, জয়ী, বিজয়ী فَاتِح ج فَاتِحُون [فتح]

[ফাতিহ] প্রথম, হালকা, উজ্জ্বল (রং) فَاتِح مث فَاتِحَة [فتح]

[ফাতিহাহ] সূচনা, আরম্ভ, শুরু, সূত্রপাত, ভূমিকা, মুখবন্ধ, উপক্রমণিকা فَاتِحَة ج فَوَاتِح [فتح]

[আল-ফাতিহাহ] সূরা আল-ফাতিহাঃ পবিত্র কোরআনের ১ম সূরা الفَاتِحَة

[ফাতির] দুর্বল, নিস্তেজ, অবসাদগ্রস্ত, জড়তাগ্রস্ত, নিশ্চল, মন্দা فَاتِر [فتر]

[ফাতিক] দুঃসাহসী, খুনী, ঘাতক, গুপ্তঘাতক, অপরাধী فَاتِك ج فُتَّاك [فتك]

[ফাতিন] ফেতনা সৃষ্টিকারী, বিভ্রান্তকারী, পরীক্ষাকারী, আকৃষ্টকারী, সম্মোহনকারী فَاتِن [فتن]

[ফাতুরাহ] বিল (bill), চালান, invoice فَاتُورَة ج فَوَاتِير

[আল-ফাতীকান] ভ্যাটিকানঃ পোপের সরকারের কেন্দ্রস্থল الفَاتِيكَان

[ফাজাআ] আকস্মিকভাবে ঘটা, হঠাৎ এসে পড়া, অপ্রত্যাশিতভাবে আসা فَاجَأَ (مُفَاجَأَة) [فجأ]

[ফাজির] পাপী, পাপিষ্ঠ, পাপাচারী, ব্যভিচারী, লম্পট فَاجِر ج فُجَّار ، فَجَرَة [فجر]

[ফাজিরাহ] পাপিষ্ঠা, চরিত্রহীনা, ব্যভিচারিণী, পতিতা فَاجِرَة ج فَوَاجِر ، فَاجِرَات [فجر]

[ফাজি'] বেদনাদায়ক, কষ্টদায়ক, দুঃখজনক, মর্মন্তুদ فَاجِع [فجع]

[ফাজি'আহ] দুর্যোগ, বিপদ, মর্মন্তুদ ঘটনা, ট্রাজেডি فَاجِعَة ج فَوَاجِع [فجع]

[ফাহা] (সুরভি) ছড়ানো, বিচ্ছুরিত হওয়া, ছড়িয়ে দেওয়া, (রান্নার হাড়ি) টগবগ করে ফোটা, (ক্ষত থেকে) রক্ত পড়া فَاحَ [ن] (فَوْح ، فَوَحَان) [فوح]

[ফাহা] প্রশস্ত হওয়া, ছড়িয়ে যাওয়া, তীব্র হওয়া, (রান্নার হাড়ি) টগবগ করে ফোটা, (ক্ষত থেকে) বেশী রক্ত পড়া فَاحَ [ض] [س] (فَيْح ، فَيَحَان) [فيح]

[ফাহিশ] অশ্লীল, কদর্য, নোংরা, খারাপ, নিকৃষ্ট, অতিরিক্ত, গুরুতর, বিকট, সীমালঙ্ঘনকারী فَاحِش [فحش]

[ফাহিশাহ] খারাপ فَاحِشَة ج فَوَاحِش [فحش]

কাজ, কুকর্ম, অশ্লীলতা, কদর্যতা, নির্লজ্জতা

فَاحِص ج فَاحِصُون [فحص] [ফাহিছ] তদন্তকারী, অনুসন্ধানকারী, পরীক্ষাকারী, **নিরীক্ষণকারী**

فَاحِم [فحم] [ফাহিম] কালো, গাঢ় কালো, কয়লার মত কালো, নিশ্চল (পানি)

فَاخِتَة ج فَوَاخِت [ফাখিতাহ] কবুতর, কপোত, পারাবত, ঘুঘু

فَاخَرَ (مُفَاخَرَة ، فِخَار) [فخر] [ফাখারা] একে অন্যের সাথে গর্বের প্রতিযোগিতা করা, গৌরব-প্রতিযোগিতা করা, গর্ব করা, বড়াই করা

فَاخِر [فخر] [ফাখির] গর্বিত, অহঙ্কারী, গৌরবময়, আড়ম্বরপূর্ণ, জাঁকালো, চমৎকার, শ্রেষ্ঠ

فَاخُور ج فَيَاخِير [ফাখূর] একপ্রকার সুগন্ধ গুল্ম

فَاخُورَة ج فَوَاخِير [ফাখূরাহ] কুম্ভকারের কাজ, মৃৎশিল্প, মৃৎশিল্পের কারখানা

فَاخُورِيّ [ফাখূরী] কুম্ভকার, কুমার, মৃৎশিল্পী

فَادِح [فدح] [ফাদিহ] কঠিন, কষ্টদায়ক, ভারী, দুর্বহ, গুরুতর

فَادِحَة ج فَوَادِح [فدح] [ফাদিহা] বিপদ, দুর্যোগ, দুর্দশা, কষ্ট

فَادِن ج فَوَادِن [فدن] [ফাদিন] ওলনদড়ি, ওলন

مِسْرَاع [سرع] [মিস্‌রা'] গতিমাপক যন্ত্র

مَسْرَب ج مَسَارِب [سرب] [মাস্‌রাব] পথ, গতি-পথ, প্রবাহ-পথ, যাওয়ার পথ, নালা, নর্দমা

مَسَرَّة ج مَسَرَّات [سرر] [মাসার্‌রাহ্‌] প্রফুল্লতা, আনন্দ, খুশি, সুখ

مَسْرَجَة ج مَسَارِج [سرج] [মাস্‌রাজাহ্‌] দীপাধার, প্রদীপ রাখার পাত্র

مِسْرَجَة ج مَسَارِج [سرج] [মিস্‌রাজাহ্‌] প্রদীপ, প্রদীপ রাখার পাত্র, দীপাধার

مَسْرَح ج مَسَارِح [سرح] [মাস্‌রাহ্‌] চারণক্ষেত্র, বিচরণক্ষেত্র, নাটকের মঞ্চ, নাট্যশালা

مَسْرَحِيّ [سرح] [মাস্‌রাহী] নাটক-বিষয়ক, নাটকসম্বন্ধীয়, নাটকীয়, নাটকলেখক, নাট্যকার

مَسْرَحِيَّة ج مَسْرَحِيَّات [سرح] [মাস্‌রাহিয়্যাহ্‌] নাটক, নাট্য, নাট্যাভিনয়

مَسْرَد ج مَسَارِد [سرد] [মাস্‌রাদ] সূচি, তালিকা, বিষয়-সূচি

مِسْرَد ج مَسَارِد [سرد] [মিস্‌রাদ] ছিদ্র করার যন্ত্র, তুরপুন, চালুনি

مُسَرَّد [سرد] [মুসার্‌রাদ] সেলাইকৃত, ছিদ্রযুক্ত, ছিদ্রিত, বর্ম

مُسْرِع [سرع] [মুস্‌রি'] দ্রুত, ত্বরিত, দ্রুতগামী, ধাবমান, তাড়াহুড়াকারী, ত্বরাকারী

مُسْرِف [سرف] [মুস্‌রিফ] অপচয়কারী, অমিত-ব্যয়ী, অপব্যয়ী, বাড়াবাড়িকারী, সীমালঙ্ঘনকারী

مَسْرُود [سرد] [মাস্‌রূদ] সেলাইকৃত, ছিদ্রযুক্ত, তালিকাকৃত, বর্ণিত, উদ্ধৃত, উপস্থাপিত, বর্ম

مَسْرُور [سرر] [মাস্‌রূর] খুশী, আনন্দিত, প্রফুল্ল, সুখী

مَسْرُوق [سرق] [মাস্‌রূক] চুরি করা হয়েছে এমন, অপহৃত, চোরাই

مِسْطَار [سطر] [মিস্‌তার] নতুন মদ, উড়ন্ত ধূলি, (রাজমিস্ত্রির) কর্নিক

مُسَطَّح [سطح] [মুসাত্তাহ্‌] সমতল, সমান, শায়িত, সমতলক্ষেত্র

مُسَطَّر [سطر] [মুসাত্তর] লিখিত, সারিবদ্ধ, রুল-করা, রেখাযুক্ত

مِسْطَرَة ج مَسَاطِر [سطر] [মিস্‌তরাহ্‌] যা দিয়ে রেখা টানা হয়, রুলার (ruler), নমুনা, কার্য-প্রণালী, প্রক্রিয়া

مَسْطَرِين [মাস্‌তরীন] (রাজমিস্ত্রির) কর্নিক

مَسْطُور [سطر] [মাস্‌তূর] লাইনবদ্ধ, সারিবদ্ধ, লিপিবদ্ধ, লিখিত

مِسْعَار ج مَسَاعِير [سعر] [মিস্‌'আর] আগুন উস্কানোর লৌহ শলাকা

مِسْعَر ج مَسَاعِر [سعر] [মিস্‌'আর] আগুন উস্কা-নোর লৌহ শলাকা, অগ্নি-প্রজ্বালক, (তরল পদার্থের) উষ্ণতা-পরিমাপক যন্ত্র, শক্তিশালী, জলাতঙ্কগ্রস্ত, উন্মাদ (কুকুর)

مِسْعَط [سعط] [মিস্‌'আত] নস্যের ডিবা

مُسْعِف [سعف] [মুস্‌'ইফ] ত্রাণকারী, উদ্ধার-কারী, সাহায্যকারী, রক্ষাকারী, ত্রাণকর্মী

مَسْعُود [سعد] [মাস্‌'ঊদ] সুখী, সৌভাগ্যবান, সৌভাগ্যশালী

مَسْعُور ـ مَسْعُورَة [سعر] [মাস্'উর] উন্মত্ত, ক্ষিপ্ত, বন্য, হিংস্র

مَسْعًى ج مَسَاعٍي ، مَسَاعٍ [سعي] [মাস্'আ] চেষ্টা, প্রচেষ্টা, প্রয়াস, উদ্যোগ

مَسْغَبَة ج مَسَاغِب [سغب] [মাস্গাবাহ্] ক্ষুধা, অনাহার, উপবাস, উপোস

مُسْفِر [سفر] [মুস্ফির] উজ্জ্বল, আলোকোজ্জ্বল, হাস্যোজ্জ্বল, হর্ষোজ্জ্বল

مَسْفَلَة ج مَسَافِل [سفل] [মাস্ফালাহ্] নিম্নভূমি, শহরের নিচু স্থান

المَسْفَلَة [আল-মাস্ফালাহ্] পবিত্র মক্কা নগরীতে হারাম শরীফের নিকটস্থ একটি এলাকার নাম

مَسْفَن ج مَسَافِن [سفن] [মাস্ফান] জাহাজ নির্মাণ বা মেরামতের স্থান, শিপইয়ার্ড, ডকইয়ার্ড

مَسْفُوح [سفح] [মাস্ফূহ্] প্রবাহিত, প্রবহমান, গড়ানো, ঝরানো (রক্ত)

مَسْفُوع [سفع] [মাস্ফূ'] গাঢ় তামাটে (বর্ণের)

مَسْقَط [سقط] [মাস্কাত] মাসকাট (নগরী)ঃ ওমা-নের রাজধানী

مَسْقَاة ج مَسَاقٍي ، مَسَاقٍ [سقي] [মাস্কাত] পান করানোর জায়গা

مَسْقَط ج مَسَاقِط [سقط] [মাস্কাত] পতিত হওয়ার জায়গা, পতনস্থল

مَسْقَط الرَّأْس [মাস্কাতুর রা'স] জন্মস্থান, জন্ম-ভূমি

مَسْقُوف [سقف] [মাস্কূফ] ছাদ দেওয়া হয়েছে বা ছাদ আছে এমন, ছাদযুক্ত

مَسْقَى [سقي] [মাস্কা] পান করানোর সময়

مَسْقِيّ [سقي] [মাস্কী] পানি বা সেচ দেওয়া হয়েছে এমন, পানিসিক্ত

مَسْك [মাস্ক] ধারণ, আকড়ে ধরণ, রক্ষণ

مَسْك ج مُسُك ، مُسُوك [মাস্ক] চামড়া, খাল, সদ্য ছাড়ানো চামড়া, ত্বক

مَسَكَ [ن] [ض] (مَسْك) بِ [মাসাকা] ধরে রাখা, আঁকড়ে ধরা, কবজা করা

مَسَكَ الحِسَابَات [মাসাকাল হিসাবাত] হিসাব রাখা

مَسَكَ الدَّفَاتِر [মাসাকাদ দাফাতির] হিসাব রাখা

مَسَّكَ (تَمْسِيك) [مسك] [মাস্সাকা] দৃঢ়ভাবে ধারণ করা, আঁকড়ে ধরা, কস্তুরী দ্বারা সুবাসিত করা

مِسْك [মিস্ক] মেশ্ক, কস্তুরী, মৃগনাভি

مُسْك [মুস্ক] উপজীবিকা, খোরাক, পর্যাপ্ত বুদ্ধি

مُسُك [মুসুক] কৃপণ, কিপটে, ব্যয়কুণ্ঠ, বখিল

مُسْكَان ج مَسَاكِين [মুস্কান] বায়না, দাদন

مَسْكَبَة ج مَسَاكِب [سكب] [মাস্কাবাহ্] ঢালার জায়গা, বীজতলা, (ফুলের) কেয়ারি

مَسْكَة ج مَسَكَات [মাস্কাহ্] মুঠো, মুষ্টি, আয়ত্ত, দখল, নিয়ন্ত্রণ, হাতল

مِسْكَة ج مِسَك [মিস্কাহ্] কস্তুরীর টুকরা, সামান্য, একটুখানি, অল্প পরিমাণ

مُسْكَة ج مُسَك [মুস্কাহ্] বাঁট, হাতল, আয়ত্ত, দখল, কৃপণতা, কার্পণ্য, অর্থলিপ্সা, মুষ্টি, মুঠো

مُسَكَة ج مُسَك [মুসাকাহ্] কৃপণ, ব্যয়কুণ্ঠ, লোভী, অর্থলিপ্সু

مُسَكَّر [سكر] [মুসাক্কার] চিনিমিশ্রিত, মিষ্ট করা হয়েছে এমন

مُسْكِر [سكر] [মুস্কির] যা নেশার উদ্রেক করে, নেশাদায়ক, মাদক

مَسْكَن ج مَسَاكِن [سكن] [মাস্কান] বাসস্থান, আবাসস্থল, অবস্থানস্থল

مُسَكِّن [سكن] [মুসাক্কিন] শান্তকারী, উপশমকারী, প্রশমিতকারী, যন্ত্রণানাশক, আরামদায়ক

مَسْكَنَة [سكن] [মাস্কানাহ্] নিঃস্বতা, দীনতা, দারিদ্র, বশ্যতা

مَسْكُوب [سكب] [মাস্কূব] ঢেলে দেওয়া হয়েছে এমন, প্রবাহিত, প্রবহমান, বর্ষিত (পানি)

مَسْكُوك [سكك] [মাস্কূক] (টাকশালে) তৈরীকৃত (মুদ্রা)

مَسْكُون ـ مَسْكُونَة [سكن] [মাস্কূন] বসতি-পূর্ণ, অধিবাসীতে পরিপূর্ণ (ভূমি)

المَسْكُونَة [سكن] [আল-মাস্কূনাহ্] পৃথিবী, বিশ্ব

مِسْكِير ج مَسَاكِير [سكر] [মিস্কীর] মাদকাসক্ত,

নেশাখোর, নেশাগ্রস্ত

[মিস্কীন] মিসকীন, مِسْكِين ج مَسَاكِين [سكن] নিঃস্ব, অসহায়, দীন, বেচারা, সর্বহারা

[মিস্লাখ] সাপের খোলস مِسْلَاخ [سلخ]

[মিস্লাত] চাবির মুখ বা দাঁত مِسْلَاط [سلط] (যে অংশ দিয়ে তালা খোলা হয়)

[মিসাল্লাহ] বড় مِسَلَّة ج مِسَلَّات ، مَسَالّ [سلل] সুঁই, সূক্ষ্মাগ্র স্তম্ভবিশেষ, obelisk

[মুসাল্লাহ] অস্ত্রসজ্জিত, অস্ত্রধারী, مُسَلَّح [سلح] সশস্ত্র

[মাস্লাহাহ] অস্ত্রাগার, مَسْلَحَة ج مَسَالِح [سلح] অস্ত্রভাণ্ডার, প্রহরাস্থল, সশস্ত্র লোকজন

[মাস্লাখ] জবাইখানা, مَسْلَخ ج مَسَالِخ [سلخ] কসাইখানা

[মুসাল্সাল] ক্রমিক, ধারা- مُسَلْسَل [سلسل] বাহিক, পরম্পরাযুক্ত

[মুসাল্সাল] ধারাবাহিক مُسَلْسَل ج مُسَلْسَلَات গল্প, ধারাবাহিক অনুষ্ঠান

[মুসাল্সালাহ] ধারাবাহিক مُسَلْسَلَة ج مُسَلْسَلَات গল্প, ধারাবাহিক অনুষ্ঠান

[মুসাল্লাফ] ধার দেওয়া হয়েছে مُسَلَّف [سلف] এমন, অগ্রিম প্রদত্ত

[মুসাল্লিফ] যে ধার দেয়, অগ্রিম مُسَلِّف [سلف] প্রদানকারী

[মিস্লাফাহ] (কৃষিজমি مِسْلَفَة ج مَسَالِف [سلف] সমান করার) বিদে, মই

[মাস্লাক] পথ, রাস্তা, مَسْلَك ج مَسَالِك [سلك] কর্মপন্থা, কর্মপদ্ধতি, আচরণ

[মুসাল্লাম] অনুমোদিত, হস্তান্তরিত, مُسَلَّم [سلم] অর্পিত, স্বীকৃত, ত্রুটিমুক্ত, নিখুঁত

[মুস্লিম] মুসলমান, مُسْلِم ج مُسْلِمُون [سلم] মুসলিম, আত্মসমর্পণকারী, নিবেদিত

[মুস্লিমাহ] মুসলিম مُسْلِمَة ج مُسْلِمَات [سلم] মহিলা, আত্মসমর্পণকারিণী

[মাস্লূব] লুণ্ঠিত, ছিনতাইকৃত, مَسْلُوب [سلب] অপহৃত

[মাস্লূখ] ছোলা হয়েছে এমন, مَسْلُوخ [سلخ] (ছাল, চামড়া), ছাল বা চামড়া ছাড়ানো হয়েছে এমন

[মাস্লূক] সিদ্ধ করা হয়েছে مَسْلُوق [سلق] এমন, সিদ্ধ

[মাস্লূক] লোক চলাচল করে مَسْلُوك [سلك] এমন (রাস্তা)

[মাস্লূল] কোষমুক্ত (তরবারি), مَسْلُول [سلل] যক্ষ্মায় আক্রান্ত

[মুসাল্লী] যে সান্ত্বনা দেয়, مُسَلِّي ، مُسَلٍّ [سلو] সান্ত্বনাদায়ক, প্রবোধ দেয় এমন, ভুলিয়ে রাখে এমন, (ঘোড়দৌড় প্রতিযোগিতায়) তৃতীয় ঘোড়া

[মিস্মার] পেরেক, مِسْمَار ج مَسَامِير [سمر] কীলক, গোঁজ, পিন

[মিস্মা'] শ্রবণশক্তি مِسْمَاع ج مَسَامِيع [سمع] পরিমাপের যন্ত্র, শ্রবণযন্ত্র

[মুসাম্মিদ] (জমি) উর্বর করে مُسَمِّد [سمد] এমন (সার)

[মুসাম্মিদ] (জমিতে مُسَمِّد ج مُسَمِّدَات [سمد] দেওয়ার) সার

[মুস্মার] তামাটে, তাম্রবর্ণ, পিঙ্গল- مُسْمَرّ [سمر] বর্ণ

[মুসাম্মার] পেরেক দিয়ে আট- مُسَمَّر [سمر] কানো হয়েছে এমন, তামাটে রং করা হয়েছে এমন

[মাস্মা'] যে দূরত্ব পর্যন্ত শোনা مَسْمَع [سمع] যায়, শ্রবণ-সীমা

[মিস্মা'] শ্রবণেন্দ্রিয়, مِسْمَع ج مَسَامِع [سمع] কান, কর্ণ, শ্রবণযন্ত্র

[মিস্মা'আহ] শ্রবণযন্ত্র, مِسْمَعَة ج مَسَامِع [سمع] শ্রবণেন্দ্রিয়, কান, কর্ণ

[মুস্মা'] শোনানো হয়েছে এমন مُسْمَع [سمع]

[মুস্মি'] যে শোনায় مُسْمِع [سمع]

[মাস্মাকাহ] মাছের مَسْمَكَة ج مَسَامِك [سمك] দোকান, মাছ বিক্রয়কেন্দ্র

[মুসাম্মাম] বিষ মেশানো হয়েছে مُسَمَّم [سمم] এমন, বিষমিশ্রিত, বিষযুক্ত, বিষাক্ত

[মুসাম্মান] চর্বিযুক্ত, মোটা مُسَمَّن [سمن]

[মাস্মূহ] অনুমতি দেওয়া হয়েছে مَسْمُوح [سمح]

এমন, অনুমোদিত, বৈধ, আইনসম্মত

مَسْمُوع [سمع] [মাস্‌মূ'] শ্রুত, যা শোনা যায়, শ্রবণযোগ্য, জনশ্রুতি

مَسْمُوعِيَّة [سمع] [মাস্‌মূ'ইয়্যাহ] শ্রবণযোগ্যতা

مَسْمُوم [سمم] [মাস্‌মূম] বিষাক্ত, বিষযুক্ত, বিষ-মিশ্রিত, সাইমুম বয়ে যায় এমন (দিন)

مُسَمًّى مث مُسَمَّاة [سمي] [মুসাম্মা] নাম দেওয়া হয়েছে এমন, নামযুক্ত, নামীয়, অভিহিত, আখ্যায়িত, নির্দিষ্ট, নির্ধারিত

مِسَنّ ج مِسَنَّات ، مَسَانّ [سنن] [মিসান্] ধার বা শান দেওয়ার পাথর, শানপাথর

مُسِنّ [سنن] [মুসিন্] বয়স বেড়েছে এমন, বয়স্ক, প্রাপ্তবয়স্ক, বৃদ্ধ

مُسَنَّاة ج مُسَنَّوَات ، مُسَنَّيَات [سنو] [মুসান্নাত] বাঁধ, জাঙ্গাল

مَسْنَد ، مِسْنَد ج مَسَانِد [سند] [মাস্‌নাদ, মিস্‌নাদ] হেলান দেওয়ার জায়গা বা বস্তু, ঠেক, ঠেকনা, খুঁটি, গদি, বালিশ

مُسْنَد ج مَسَانِيد [سند] [মুস্‌নাদ] (অলঙ্কারশাস্ত্রে) বিধেয় বা ক্রিয়া; সনদযুক্ত (হাদীস), যে হাদীসগ্রন্থে প্রত্যেক সাহাবীর বর্ণিত হাদীসসমূহ স্বতন্ত্রভাবে সঙ্কলিত হয়েছে, ধারাবাহিক সনদ-যুক্ত হাদীস

مُسْنَد إِلَيْه [سند] [মুস্‌নাদ ইলাইহ্] (অলঙ্কার-শাস্ত্রে) উদ্দেশ্য বা কর্তা

مُسْنِد [سند] [মুস্‌নিদ] সনদসহ হাদীস বর্ণনাকারী

مُسَنَّد [سند] [মুসান্নাদ] ঠেক দিয়ে রাখা হয়েছে এমন, ঠেকযুক্ত, ভর দিয়ে রাখা হয়েছে এমন, ভর-দেওয়া

مُسَنَّم [سنم] [মুসান্নাম] কুঁজো, বাঁকা, খিলান-যুক্ত, অর্ধগোলাকার, উত্তল, উঁচু, আরোহণ করা হয় না এমন (উট)

مُسَنَّن [سنن] [মুসান্নান] দাঁতওয়ালা, খাঁজযুক্ত, খাঁজ-কাটা, ধারালো

مُسَنَّنَة ج مُسَنَّنَات [سنن] [মুসান্নানাহ্] দাঁত-ওয়ালা চাকা, cogwheel

مَسْنُود [سند] [মাস্‌নূদ] ঠেক দিয়ে রাখা হয়েছে এমন, ভর দিয়ে রাখা হয়েছে এমন, ঠেক-দেওয়া, ভর-দেওয়া

مَسْنُون [سنن] [মাস্‌নূন] সুন্নতসম্মত, রীতিসিদ্ধ, ধারালো, দুর্গন্ধযুক্ত (কাদামাটি)

مُسْهَب [سهب] [মুস্‌হাব] বিস্তারিত, দীর্ঘায়িত, বিশদ, লম্বা, দীর্ঘকায়

مُسْهِب [سهب] [মুস্‌হিব] (কথা) দীর্ঘায়িত করে এমন, বিশদভাবে বলে এমন

مُسْهِل [سهل] [মুস্‌হিল] রেচক, জোলাপ

مُسْهِم [سهم] [মুস্‌হিম] অংশীদার, শেয়ারের মালিক

مَسْهُول [سهل] [মাস্‌হূল] উদরাময়ে আক্রান্ত, পাতলা পায়খানা হয় এমন

مِسْوَاة ج مَسَاوٍ ، مَسَاوِي [سوي] [মিস্‌ওয়াত] সমতল করার যন্ত্র, লেভেল

مِسْوَاك ج مَسَاوِيك [سوك] [মিস্‌ওয়াক] দাঁতন, মেসওয়াক

مُسَوَّد [سود] [মুসাওওয়াদ] কালো করা হয়েছে এমন, কালো, কালচে, কৃষ্ণাভ, খসড়া করা হয়েছে এমন

مُسْوَدَّة ، مُسَوَّدَة [سود] [মুস্‌ওয়াদ্দাহ্, মুসাও-ওয়াদাহ্] খসড়া, মুসাবিদা, পাণ্ডুলিপি

مُسْوَدَّة الطَّبْع [মুস্‌ওয়াদ্দাতুত তব্'] প্রুফশিট (proof sheet), গ্যালিপ্রুফ (galley proof)

مُسَوَّر [سور] [মুসাওওয়ার] প্রাচীরঘেরা, দেয়াল-ঘেরা, বেড়া-দেওয়া

مُسَوَّغ [سوغ] [মুসাওওয়াগ] অনুমতি দেওয়া হয়েছে এমন, বৈধ, অনুমোদিত, স্বীকৃত

مُسَوِّغ ج مُسَوِّغَات [سوغ] [মুসাওবিগ] সঙ্গত কারণ

مُسَوِّف [سوف] [মুসাওবিফ] বিলম্বিত করে এমন, স্থগিত করে এমন, ধৈর্যশীল

مُسَوَّق [سوق] [মুসাওওয়াক] বাজারজাত

مُسَوِّق [سوق] [মুসাওবিক] বাজারজাতকারী

مُسَوَّم [سوم] [মুসাওওয়াম] চিহ্নিত, চিহ্নযুক্ত

مُسَوِّم [سوم] [মুসাওবিম] চিহ্নদাতা, চিহ্ন দ্বারা নির্দিষ্টকারী

مَسًّى (تَمْسِيَة) [مسي] [মাস্‌সা] (কারো) শুভ সন্ধ্যা কামনা করা, (কাউকে) "শুভ সন্ধ্যা" বলা

مُسِيئ [سوء] [মুসী'] যে খারাপ কাজ করে, ক্ষতি-

কর, অনিষ্টকর, বিরক্তিকর, অপ্রীতিকর

[মাসীহ্] তেল মালিশ مَسِيح ج مُسَحَاء ، مَسْحَى করে দেওয়া হয়েছে এমন, মুছে দেওয়া হয়েছে এমন, যা মোছা হয়, ঘাম, সুন্দর, সুদর্শন, সুন্দর চেহারাবিশিষ্ট, রৌপ্যখণ্ড, বেশী সফর করে এমন

[আল-মাসীহ্] হযরত ঈসা (আ) المَسِيح

[মুসাইয়াহ্] তরল, জলীয়, ডোরা-কাটা (কাপড়) مُسَيَّح [سيح]

[মাসীহী] খ্রীষ্টান, খ্রীষ্টীয়, ঈসায়ী مَسِيحِيّ

[মাসীহিয়্যাহ্] খ্রীষ্টবাদ, খ্রীষ্টানধর্ম مَسِيحِيَّة

[মাসীখ] বিকৃত, কুৎসিত, স্বাদ-বিহীন, বিস্বাদ, বোকা مَسِيخ [مسخ]

[মাসীর] ভ্রমণ, সফর, যাত্রা, কুচ-কাওয়াজ, প্যারেড, দূরত্ব مَسِير [سير]

[মুসাইয়ার] চালিত, পরিচালিত, চালুকৃত, তাড়িত, চালান দেওয়া হয়েছে এমন, প্রেরিত, ছড়ানো হয়েছে এমন, ডোরাকাটা مُسَيَّر [سير]

[মুসাইয়ির] চালনাকারী, চালিয়ে নেয় এমন, চালক, তাড়িয়ে নেয় এমন, প্রেরক مُسَيِّر [سير]

[মাসীরাহ্] ভ্রমণ, সফর, যাত্রা, মিছিল, কুচকাওয়াজ, প্যারেড, ভ্রমণপথ, দূরত্ব مَسِيرَة [سير]

[মাসীস] স্পর্শ, ছোঁয়া, পরশ, সম্পর্ক مَسِيس [مسس]

[মুসাইতির] কর্তৃত্বকারী, নিয়ন্ত্রণ-কারী, ক্ষমতাবান, দায়িত্ববান, তদারককারী مُسَيْطِر [سيطر]

[মাসীক] কৃপণ, কিপটে, ব্যয়কুণ্ঠ, ওয়াটারপ্রুফ مَسِيك [مسك]

[মাসীল] স্রোত, পানির ধারা, নদী, স্রোতস্বিনী مَسِيل ج مَسَايِل [سيل]

[মুসাইয়াল] প্রবাহিত, গলানো হয়েছে এমন, তরলীকৃত مُسَيَّل [سيل]

[মুসীল] নিঃসারণকারী, নিঃসারক, প্রবাহিতকারী, ঝরায় বা গড়িয়ে দেয় এমন, তরলকারী مُسِيل [سيل]

[গায মুসীল লিদ-দুমূ'] অশ্রু-নিঃসারক গ্যাস, কাঁদানে গ্যাস, কাঁদুনে গ্যাস غَاز مُسِيل لِلدُّمُوع

[মুসাইয়িল] প্রবাহিতকারী, ঝরায় বা গড়িয়ে দেয় এমন, তরলকারী مُسَيِّل [سيل]

[মাশ্শা] (হাড়) চোষা, ওলানে কিছু দুধ রেখে (উষ্ট্রী) দোহন করা, একটু একটু করে নেওয়া, (হাত) মোছা, চুবানো, ভিজানো, বিরোধ করা مَشَّ [ن] (مَشّ)

[মিশ্] ছানার পানি مِشّ

[মাশ্শা'] অধিক হাঁটে এমন, হাঁটায় পারদর্শী, নিন্দুক, চোগলখোর مَشَّاء [مشي]

[মুশাবিহ্] অনুরূপ, একরকম, সদৃশ مُشَابِه [شبه]

[মুশাবাহাহ্] মিল, সাদৃশ্য مُشَابَهَة [شبه]

[মুশাত] পদাতিক বাহিনী مُشَاة (مَاشِي) [مشي]

[মুশাতামাহ্] গালাগালি, তিরস্কার مُشَاتَمَة [شتم]

[মুশাজারাহ্] ঝগড়া, বিবাদ, বিতর্ক مُشَاجَرَة [شجر]

[মুশাজানাহ্] ঘৃণা, বিদ্বেষ, শত্রুতা, বিতর্ক, ঝগড়া مُشَاجَنَة ج مُشَاجَنَات [شجن]

[মুশাদ্দাহ্] কথা-কাটাকাটি, বিতর্ক, বিতণ্ডা, ঝগড়া, বিবাদ مُشَادَّة [شدد]

[মাশার] মৌচাক, মধুকোষ مَشَار ج مَشَاوِر [شور]

[মুশারুন ইলাইহ্] যার দিকে ইঙ্গিত করা হয়েছে, নির্দেশিত, উল্লিখিত مُشَارٌ إِلَيْه [شور]

[মাশারিফ] উপকণ্ঠ, আশপাশের এলাকা, উচ্চভূমি مَشَارِف (مَشْرَف) [شرف]

[মুশারিক] অংশগ্রহণকারী, অংশী-দার, সহযোগিতাকারী, সহযোগী مُشَارِك [شرك]

[মুশারিকাহ্] অংশগ্রহণ, অংশী-দারিত্ব, সহযোগিতা مُشَارَكَة [شرك]

[মাশ্শাত] চিরুনি প্রস্তুত বা বিক্রয়-কারী, চিরুনিওয়ালা مَشَّاط [مشط]

[মুশাতাহ্] আঁচড়ানোর সময় ঝরে পড়া চুল مُشَاطَة [مشط]

[মুশাতারাহ্] অংশগ্রহণ, অংশী-দারিত্ব, ভাগাভাগি مُشَاطَرَة [شطر]

[মুশা'] ছড়ানো, সুপ্রচলিত, যৌথ, যুক্ত, সাধারণ, গণ- مُشَاع [شيع]

[মাশা'ইর] অনুভূতিসমূহ, রীতিনীতি, অনুষ্ঠানাদি مَشَاعِر (مَشْعَر) [شعر]

مُشَاعَرَة [شعر] [মুশা'আরাহ্] কাব্য-প্রতিযোগিতা

مُشَاغِب [شغب] [মুশাগিব] দাঙ্গাকারী, অশান্তি সৃষ্টিকারী, দাঙ্গাবাজ

مُشَاغَبَة [شغب] [মুশাগাবাহ্] দাঙ্গা, দাঙ্গাবাজি, অশান্তি সৃষ্টি, গোলযোগ সৃষ্টি

مُشَافَهَةً [شفه] [মুশাফাহাতান] মৌখিকভাবে, মুখে মুখে

مُشَاق ، مُشَاقَة ج مِشَق [মুশাক, মুশাক্বাহ্] শন পাট তুলা পশম ইত্যাদির আবর্জনা

مُشَاكِس [شكس] [মুশাকিস] কলহপ্রিয়, বিবাদপ্রিয়, ঝগড়াটে

مُشَاكَسَة [شكس] [মুশাকাসাহ্] কলহ, বিবাদ, ঝগড়া, বিতর্ক, কলহপ্রিয়তা

مُشَاكَلَة [شكل] [মুশাকালাহ্] সাদৃশ্য, মিল

مُشَاهَد [شهد] [মুশাহাদ] দেখা হয়েছে এমন, দৃষ্ট, লক্ষিত, প্রকাশিত, স্পষ্ট

مُشَاهِد [شهد] [মুশাহিদ] দর্শক, প্রত্যক্ষকারী, প্রত্যক্ষদর্শী, পর্যবেক্ষক

مُشَاهَدَة [شهد] [মুশাহাদাহ্] প্রত্যক্ষকরণ, দর্শন, পর্যবেক্ষণ, উপস্থিতি

مَشَاهِير (مَشْهُور) [شهر] [মাশাহীর] বিখ্যাত ব্যক্তিবর্গ, প্রখ্যাত ব্যক্তিত্বগণ

مُشَاوَرَة ج مُشَاوَرَات [شور] [মুশাওয়ারাহ্] পরামর্শ, মন্ত্রণা, আলোচনা

مُشَايَة ج مُشَايَات [مشي] [মুশায়াহ্] চটিজুতা, হাঁটার পথ, বারান্দা, ফুটপাথ, হাঁটার যন্ত্র

مُشَايِع [شيع] [মুশায়ি'] পক্ষীয়, পক্ষভুক্ত, পৃষ্ঠপোষক, সমর্থক, পক্ষপাতী

مَشَايِن [شين] [মাশায়িন] দোষসমূহ, ত্রুটিসমূহ

مُشَايَعَة [شيع] [মুশায়া'আহ্] পক্ষাবলম্বন, পৃষ্ঠপোষকতা, সমর্থন, পক্ষপাতিত্ব

مَشْأَمَة [شأم] [মাশ্আমাহ্] বাম, বাঁ, মন্দ, অশুভ

مَشْؤُوم ج مَشَائِيم [شأم] [মাশ্উম] অশুভ, মন্দ, দুর্ভাগ্যবান

مُشْبَع ، مُشَبَّع [شبع] [মুশ্বা', মুশাব্বা'] তৃপ্ত, পরিতৃপ্ত, পূর্ণ, পরিপূর্ণ, ভরতি, নিবারিত

مُشْبِع [شبع] [মুশ্বি'] পরিতৃপ্তকারী, তৃপ্তিকর, তৃপ্তিদায়ক, নিবারক

مِشْبَك ج مَشَابِك [شبك] [মিশ্বাক] হুক, কীলক, আঁকড়া, ক্লিপ

مُشَبَّك [شبك] [মুশাব্বাক] বুননকৃত, বিজড়িত, জটিল, জিলাপি (প্যাঁচবিশিষ্ট মিঠাইবিশেষ)

مُشَبَّه [شبه] [মুশাব্বাহ্] উপমেয় (অল)

مُشَبَّه بِهِ [شبه] [মুশাব্বাহ্ বিহী] উপমান (অল)

مَشْبُوه [شبه] [মাশ্বূহ্] সন্দেহপূর্ণ, সন্দেহজনক, দ্ব্যর্থবাচক

مُشْتَاع [شيع] [মুশ্তা'] অংশীদার, শরীক

مُشْتَاق [شوق] [মুশ্তাক] আগ্রহী, আগ্রহান্বিত, উৎসাহী, উৎসুক

مُشْتَبِك [شبك] [মুশ্তাবিক] বিজড়িত, জটিল, জড়িত, সংঘাতময়

مُشْتَبَه [شبه] [মুশ্তাবাহ্] সন্দেহপূর্ণ, সন্দেহজনক, দ্ব্যর্থবাচক

مُشْتَبِه [شبه] [মুশ্তাবিহ্] একই রকম, অনুরূপ, সাদৃশ্যপূর্ণ

مُشَتَّت [شتت] [মুশাত্তাত] বিচ্ছিন্ন, ছিন্নভিন্ন, বিক্ষিপ্ত, ছড়ানো-ছিটানো

مُشَتِّت [شتت] [মুশাত্তিত] বিক্ষিপ্তকারী, ছড়িয়ে-ছিটিয়ে রাখে এমন, ছিন্নভিন্নকারী

مُشْتَدّ [شدد] [মুশ্তাদ] তীব্র, কঠিন, শক্তিশালী, শক্ত, মজবুত

مُشْتَرَط [شرط] [মুশ্তারাত] শর্ত লাগানো হয়েছে এমন, শর্তযুক্ত, শর্তাধীন

مُشْتَرَع [شرع] [মুশ্তারা'] আইনরূপে প্রণীত, বিধানরূপে প্রবর্তিত

مُشْتَرِع [شرع] [মুশ্তারি'] আইনপ্রণেতা, বিধানপ্রণেতা, বিধায়ক

مُشْتَرَك [شرك] [মুশ্তারাক] যৌথ, যুক্ত, সম্মিলিত, সাধারণ

مُشْتَرِك [شرك] [মুশ্তারিক] অংশগ্রহণকারী, অংশীদার, শরীক

مُشْتَرًى مث مُشْتَرَاة [شري] [মুশ্তারা] ক্রয়কৃত, ক্রীত, ক্রয়

مُشْتَرِي ، مُشْتَرٍ ج مُشْتَرُون [شري] [মুশ্‌তারী] ক্রয়কারী, ক্রেতা, খরিদ্দার

اَلْمُشْتَرِي [شري] [আল-মুশ্‌তারী] বৃহস্পতি (গ্রহ)

مُشْتَرَيَات (مُشْتَرَى) [شري] [মুশ্‌তারয়াত] ক্রয়-কৃত জিনিসপত্র, ক্রয়সামগ্রী

مُشْتَعِل [شعل] [মুশ্‌তা'ইল] জ্বলন্ত, শিখায়িত, উত্তেজিত, দাহযুক্ত

مُشْتَغِل [شغل] [মুশ্‌তাগিল] ব্যস্ত, নিযুক্ত, চালু

مُشْتَقّ [شقق] [মুশ্‌তাক্] গঠিত, নির্গত, উৎপন্ন, ব্যুৎপন্ন

مُشْتَقَّات [شقق] [মুশ্‌তাক্কাত] ব্যুৎপন্ন শব্দাবলী

مُشْتَكِي ، مُشْتَكٍ [شكو] [মুশ্‌তাকী] অভিযোগ-কারী, অভিযোক্তা, কষ্ট ব্যক্তকারী, অনুযোগকারী

مَشْتَل ج مَشَاتِل [شتل] [মাশ্‌তাল] চারাগাছের বাগান, নার্সারি, বীজতলা

مُشْتَمَل [شمل] [মুশ্‌তামাল] অন্তর্ভুক্ত, শামিল

مُشْتَمَلَات [شمل] [মুশ্‌তামালাত] অন্তর্ভুক্ত বিষয়-সমূহ

مُشْتَمِل [شمل] [মুশ্‌তামিল] অন্তর্ভুক্তকারী, শামিল-কারী, ধারণকারী, ব্যাপী

مُشْتَهِر [شهر] [মুশ্‌তাহির] বিখ্যাত, প্রখ্যাত, প্রসিদ্ধ

مُشْتَهًى [شهو] [মুশ্‌তাহা] কাম্য, কাংক্ষিত

مُشْتَهِي ، مُشْتَهٍ [شهو] [মুশ্‌তাহী] পেতে আগ্রহী, ইচ্ছুক, কামনাকারী, আকাংক্ষী

مَشْتًى ج مَشَاتِي ، مَشَاتٍ [شتو] [মাশ্‌তা] শীত-কাল কাটানোর স্থান, শীতকালীন অবকাশ-কেন্দ্র, শীতকালীন নিবাস, শীতনিবাস

مَشْج ، مَشَج ، مِشْج ج أَمْشَاج [মাশ্‌জ, মাশাজ, মিশ্‌জ] মিশ্র, মিশ্রিত, বিজড়িত

مَشْجَاة [شجو] [মাশ্‌জাত] আবেগ ও উত্তেজনা-পূর্ণ নাটক

مِشْجَب ج مَشَاجِب [شجب] [মিশ্‌জাব] (কাপড় ঝুলিয়ে রাখার) তাক, আলনা, র‍্যাক, স্ট্যান্ড, হুক

مُشْجِر [شجر] [মুশ্‌জির] অধিক গাছপালাসম্পন্ন, তৃণবহুল, গাছপালায় পরিপূর্ণ, বৃক্ষপূর্ণ (স্থান)

مُشَجَّر [شجر] [মুশাজ্জার] গাছপালায় পরিপূর্ণ, বৃক্ষপূর্ণ, অরণ্যে পরিণত, বনায়নকৃত, গাছ দিয়ে সজ্জিত

مُشَجِّر [شجر] [মুশাজ্জির] অরণ্যে পরিণতকারী, বনপাল, বনরক্ষক

مُشَجِّع [شجع] [মুশাজ্জি'] উৎসাহ দানকারী, প্রেরণা দানকারী, সমর্থক, পৃষ্ঠপোষক

مَشْجُوب [شجب] [মাশ্‌জুব] কষ্ট দেওয়া হয়েছে এমন, নিন্দিত, তিরস্কৃত, সমালোচিত

مُشْجِي ، مُشْجٍ [شجو] [মুশ্‌জী] বেদনাদায়ক, কষ্টদায়ক, দুঃখজনক, হৃদয়বিদারক

مَشَحَ [ف] (مَشْح) [মাশাহা] তেল লাগানো, মলম লাগানো

مَشْحَة [মাশ্‌হাহ] তেল লেপন

مِشْحَذ ، مِشْحَذَة ج مَشَاحِذ [شحذ] [মিশ্‌হায, মিশ্‌হাযাহ] শানপাথর, শিল, পাটা

مُشَحَّم [شحم] [মুশাহ্‌হাম] তৈলাক্ত, পিচ্ছিল, চর্বি তেল গ্রীজ ইত্যাদি দিয়ে পিচ্ছিল করা হয়েছে এমন, মসৃণ (যন্ত্রপাতি)

مُشَحِّم [شحم] [মুশাহ্‌হিম] যে ব্যক্তি যন্ত্রপাতিতে তেল ইত্যাদি দেয়, তৈলাক্তকারী, পিচ্ছিলকারী, মসৃণকারী

مِشْحَمَة ج مَشَاحِم [شحم] [মিশ্‌হামাহ] চর্বির বাক্স, grease box

مَشْحُوذ [شحذ] [মাশ্‌হূয] ধার দেওয়া হয়েছে এমন, ধারালো

مَشْحُون [شحن] [মাশ্‌হূন] বোঝাইকৃত, ভর্তি, ভরা, পণ্য বোঝাই করে ছেড়ে দেওয়া হয়েছে এমন (জাহাজ)

مُشَدَّد [شدد] [মুশাদ্দাদ] জোর দেওয়া হয়েছে এমন, প্রচণ্ড, কঠিন, কঠোর, জোরালো, তাশদীদ-যুক্ত (হরফ)

مُشَدِّد [شدد] [মুশাদ্দিদ] যে জোর দেয়, কঠোর, কড়া, কঠোরতাকারী

مَشْدُود [شدد] [মাশ্‌দূদ] শক্ত করে বাঁধা হয়েছে এমন, শক্ত, সুদৃঢ়, মজবুত, টানা হয়েছে এমন

مَشْدُوه [شده] [মাশ্‌দূহ] বিস্মিত, হতবাক, হত-বুদ্ধি, কিংকর্তব্যবিমূঢ়

مُشَذَّب [شذب] [মুশায্যাব] যা কাটা বা ছাঁটা হয়েছে, কাট-ছাঁটকৃত, পরিমার্জিত

مَشَرَ [ن] (مَشْر) [মাশারা] প্রকাশ করা, দেওয়া

مَشِرَ [س] (مَشَر) [মাশিরা] দম্ভ করা, দাম্ভিক হওয়া, (গাছে) পাতা বের হওয়া

مَشَّرَ (تَمْشِير) [مشر] [মাশ্শারা] (গাছে) পাতা বের হওয়া, বিভক্ত করা, বিচ্ছিন্ন করা, কাপড় পরানো

مَشْرَب [شرب] [মাশ্রব] পান, পানকরণ, রুচি, ঝোঁক, পানীয়

مَشْرَب ج مَشَارِب [شرب] [মাশ্রব] পান করার জায়গা, পানশালা, ঘাট, ঝরনা

مَشْرَبَة ، مَشْرُبَة ج مَشَارِب [شرب] [মাশ্রবাহ্, মাশ্রুবাহ্] পান করার জায়গা, পানশালা

مِشْرَبَة ج مَشَارِب [شرب] [মিশ্রবাহ্] পান করার পাত্র, পানপাত্র

مَشْرَبِيَّة [شرب] [মাশ্রবিয়্যাহ্] একপ্রকার জানালা, oriel, একপ্রকার পানপাত্র, ফুলদানি

مَشْرَة [মাশ্রাহ্] (গাছের) কচি পাতা, কচি ডাল, অংকুর, অংকুরিত উদ্ভিদ, কাপড়, পরিধেয়

مُشَرَّح [شرح] [মুশার্রহ্] বিশ্লেষিত, ফালি ফালি করে কর্তিত, ব্যবচ্ছেদকৃত, ময়নাতদন্তকৃত

مُشَرِّح [شرح] [মুশার্রিহ্] বিশ্লেষণকারী, যে ফালি ফালি করে কাটে, ব্যবচ্ছেদকারী, ময়না-তদন্তকারী

مَشْرَحَة [شرح] [মাশ্রহাহ্] ব্যবচ্ছেদকক্ষ, মর্গ, ময়নাতদন্তের ঘর

مُشَرَّد [شرد] [মুশার্রদ] ঘরবাড়ি থেকে বিতাড়িত, বাস্তুচ্যুত, গৃহহীন, শরণার্থী

مُشَرْشَر [شرشر] [মুশার্শার] খাঁজযুক্ত, খাঁজ-কাটা, দাঁতওয়ালা

مَشْرَط [شرط] [মাশ্রত] কার্যক্রম, প্রোগ্রাম

مِشْرَط ج مَشَارِط [شرط] [মিশ্রত] ধারালো ছোট ছুরি, শল্যছুরিকা

مُشَرَّط [شرط] [মুশার্রত] খণ্ডখণ্ডকৃত, ফালি ফালি করে কর্তিত, ছেদনকৃত, আঁচড় কাটা হয়েছে এমন

مِشْرَطَة ج مَشَارِط [شرط] [মিশ্রতাহ্] ধারালো ছোট ছুরি, শল্যছুরিকা

مَشْرَع ج مَشَارِع [شرع] [মাশ্রা'] পান করার জায়গা, ঘাট, ঝরনা

مُشَرَّع [شرع] [মুশার্রা'] বিধানরূপে প্রবর্তিত, আইনরূপে প্রণীত, আইনানুগকৃত, উঁচু (ঘর)

مُشَرِّع [شرع] [মুশার্রি'] আইনানুগকারী, আইন প্রণয়নকারী, বিধায়ক

مَشْرَعَة ج مَشَارِع [شرع] [মাশ্র'আহ্] পান করার জায়গা, ঘাট, ঝরনা

مَشْرَف ج مَشَارِف [شرف] [মাশ্রফ] উচ্চ স্থান, উচ্চভূমি, পর্যবেক্ষণের জায়গা

مُشْرِف [شرف] [মুশ্রিফ] তত্ত্বাবধায়ক, পৃষ্ঠপোষক, পর্যবেক্ষক, পরিচালক, উঁচু (স্থান)

مُشَرَّف [شرف] [মুশার্রফ] সম্মানিত, মর্যাদাবান, গৌরবময়

مُشَرِّف [شرف] [মুশার্রিফ] সম্মানকারী, মর্যাদা দানকারী

مَشْرِفِيّ [شرف] [মাশ্রফী] 'মাশারিফ' (مَشَارِف) অঞ্চলের সাথে সম্পৃক্ত, 'মাশারিফ' অঞ্চলের

مَشْرِق ج مَشَارِق [شرق] [মাশ্রিক] পূর্ব, প্রাচ্য, উদয়স্থল, উদয়াচল

مُشْرِق [شرق] [মুশ্রিক] উজ্জ্বল, উদ্ভাসিত, প্রদীপ্ত

مُشْرِك [شرك] [মুশ্রিক] শরীককারী, অংশীদার সাব্যস্তকারী, আল্লাহর সাথে শরীককারী, মুশরিক

مَشْرُوب [شرب] [মাশ্রূব] যা পান করা হয়েছে, পান করার যোগ্য, পানযোগ্য, পানীয়

مَشْرُوب ج مَشْرُوبَات [شرب] [মাশ্রূব] পান করার বস্তু, শরবত

مَشْرُوط [شرط] [মাশ্রূত] শর্তযুক্ত, শর্তাধীন, ফালিফালি করে কর্তিত, ছেদনকৃত

مَشْرُوع [شرع] [মাশ্রূ'] শরীয়তসম্মত, আইন-সম্মত, আইনানুগ, বৈধ

مَشْرُوع ج مَشَارِيع [شرع] [মাশ্রূ'] প্রকল্প, পরিকল্পনাধীন কাজ

مَشْرُوع قَانُون [মাশ্রূ' ক্বানূন] আইনের খসড়া, খসড়া আইন, বিল

مَشْرُوع قَرَار [মাশ্রূ' ক্বারার] প্রস্তাবের খসড়া,

খসড়া প্রস্তাব

مَشْرُوعِيَّة [شرع] [মাশ্‌রূ'ইয়্যাহ্] আইনানুগতা, বৈধতা

مَشَطَ [ن] [ض] (مَشْط) [মাশাতা] চিরুনি করা, আঁচড়ানো, চিরুনি দ্বারা আঁচড়ানো, বিন্যস্ত করা

مَشَّطَ (تَمْشِيط) [مشط] [মাশ্‌শাতা] আঁচড়ানো, চিরুনি দ্বারা আঁচড়ানো, চিরুনি করা, বিন্যস্ত করা

مُشْط ، مِشْط ج أَمْشَاط ، مِشَاط [মুশ্‌ত] চিরুনি, আঁচড়া

مُشْطُ الرِّجْل [মুশ্‌তুর রিজ্‌ল] পায়ের গোড়ালি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশ, পায়ের এই অংশের অস্থিসমূহ, পদকূর্চাস্থি, পায়ের পাতার নিচের অংশ, instep

مُشْطُ الْقَدَم [মুশ্‌তুল ক্বাদাম] পায়ের গোড়ালি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশ, পায়ের এই অংশের অস্থিসমূহ, পদকূর্চাস্থি, পায়ের পাতার নিচের অংশ, instep

مُشْطُ الْيَد [মুশ্‌তুল ইয়াদ] হাতের কব্জি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশ, হাতের কব্জি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশের অস্থিসমূহ, করকূর্চাস্থি

مُشَطَّب [شطب] [মুশাত্তব] খণ্ডখণ্ডকৃত, ফালি ফালি করে কর্তিত, ছেদনকৃত, আঁচড় কাটা হয়েছে এমন, লম্বা লম্বা দাগযুক্ত, ডোরাযুক্ত

مَشْطُوب [شطب] [মাশ্‌তূব] খণ্ডখণ্ডকৃত, ফালি ফালি করে কর্তিত, ছেদনকৃত, আঁচড় কাটা হয়েছে এমন, লম্বা লম্বা দাগযুক্ত, ডোরাযুক্ত, মুছে ফেলা হয়েছে এমন

مَشْطُور [شطر] [মাশ্‌তূর] দ্বিখণ্ডিত, দ্বিধাবিভক্ত, অর্ধেককৃত

مَشَعَ [ف] (مَشْع) [মাশা'আ] উপার্জন করা, কেড়ে নেওয়া, (বকরী) দোহন করা, (তুলার) জট ছাড়ানো, প্রহার করা

مَشَّعَ (تَمْشِيع) [مشع] [মাশ্‌শা'আ] সবটুকু খেয়ে ফেলা, পরিষ্কার করে ফেলা, মুছে ফেলা

مُشِعّ [شعع] [মুশি'] উজ্জ্বল, ভাস্বর, জ্যোতির্ময়, প্রভাময়, উদ্ভাসিত, বিকিরণকারী, তেজস্ক্রিয়

مُشِعّ ج مُشِعَّات [شعع] [মুশি'] তেজস্ক্রিয় বস্তু

مِشْعَاع [شعع] [মিশ্'আ'] বিকিরণযন্ত্র, রেডিয়েটর (radiator)

مِشْعَال ج مَشَاعِيل [شعل] [মিশ্'আল] ছাঁকনি

مَشْعَب ج مَشَاعِب [شعب] [মাশ্'আব] রাস্তা, পথ

مِشْعَب ج مَشَاعِب [شعب] [মিশ্'আব] ছিদ্র করার যন্ত্র, তুরপুন

مُشَعَّب [شعب] [মুশা''আব] ডালপালাবিশিষ্ট, শাখাবিশিষ্ট, বিভিন্ন শাখায় বিভক্ত

مُشِعَّة ج مُشِعَّات [شعع] [মুশি''আহ্] বিকিরণ-যন্ত্র, রেডিয়েটর (radiator)

مَشْعَر [شعر] [মাশ্'আর] অনুভূতি, অনুভব, উপলব্ধি, চেতনা

مَشْعَر ج مَشَاعِر [شعر] [মাশ্'আর] নিদর্শন, হজ্জের পবিত্র স্থান

الْمَشْعَر الْحَرَام [আল-মাশ্'আরুল হারাম] পবিত্র নিদর্শন, মুযদালিফাঃ আরাফাত ও মিনার মধ্যবর্তী হজ্জের পবিত্র স্থান

مُشَعْشَع [شعشع] [মুশা'শা'] তরলীকৃত, পানি-মিশ্রিত, পাতলা, হালকা

مُشَعْشِع [شعشع] [মুশা'শি'] তরলকারী, পাতলা বা হালকা করে এমন

مَشْعَل ج مَشَاعِل [شعل] [মাশ্'আল] মশাল, প্রদীপ

مِشْعَل ج مَشَاعِل [شعل] [মিশ্'আল] ছাঁকনি

مَشْعَلَة ج مَشَاعِل [شعل] [মাশ্'আলাহ্] মশাল, প্রদীপ

مُشَعْوِذ [شعذ] [মুশা'বিয] ভেলকিবাজ, যাদুকর, হাতসাফাইকারী

مَشْغَل ج مَشَاغِل [شغل] [মাশ্‌গাল] কর্মশালা, ওয়ার্কশপ, কারখানা

مَشْغَلَة ج مَشَاغِل [شغل] [মাশ্‌গালাহ্] কাজ, কর্ম, পেশা, ব্যস্ততা

مَشْغُوف [شغف] [মাশ্‌গূফ] আসক্ত, অনুরক্ত, আকৃষ্ট, মুগ্ধ, আগ্রহী

مَشْغُول [شغل] [মাশ্‌গূল] ব্যস্ত, নিয়োজিত, লিপ্ত, কর্মব্যস্ত

مِشْفَر ج مَشَافِر [شفر] [মিশ্‌ফার] উটের ঠোঁট, চোয়াল, পশুর প্রলম্বিত নাক, তুণ্ড

مُشَفَّع [شفع] [মুশাফ্‌ফা'] যার সুপারিশ কবুল

করা হয়

مُشْفِق [شفق] [মুশ্‌ফিক] স্নেহশীল, দয়ালু, সদয়, ভীত, শঙ্কিত

مَشْفُوع [شفع] بِ [মাশ্‌ফূ' বি] সঙ্গী করা হয়েছে এমন, সঙ্গে দেওয়া হয়েছে এমন, সংযুক্ত, সংযোজিত

مَشْفُوع لِ ، فِي [মাশ্‌ফূ' লি, ফী] যার জন্য সুপারিশ করা হয়েছে, সুপারিশকৃত

مَشْفًى ج مَشَافِي ، مَشَافٍ [شفي] [মাশ্‌ফা] আরোগ্যালয়, আরোগ্য নিকেতন, হাসপাতাল

مُشْفِي ، مُشْفٍ [شفي] [মুশ্‌ফী] মরণোন্মুখ, মুমূর্ষু

مَشْق ج أَمْشَاق [মাশ্‌ক] নমুনা, আদর্শ, উদাহরণ, রীতি, গিরিমাটি, লাল গিরিমাটি

مَشَقَ [ن] (مَشْق) [মাশাক্বা] টেনে বড় করা, প্রসারিত করা, টুকরা টুকরা করা, আঁচড়ানো

مِشْق [মিশ্‌ক] কৃশকায়, হালকা-পাতলা, ছিপছিপে

مَشْقًا ج مَشَاقِئ [شقأ] [মাশ্‌কা'] মাথার সিঁথি

مَشَقَّة ج مَشَقَّات ، مَشَاقّ [شقق] [মাশাক্কাহ] কষ্ট, ক্লেশ, জটিলতা

مِشَقَّة [شقق] [মিশাক্কাহ] (পশম, তুলা ইত্যাদির) ছাঁট

مُشَقَّق ، مَشْقُوق [شقق] [মুশাক্কাক, মাশ্‌কূক] বিদীর্ণ, ফাটলযুক্ত, চিড়যুক্ত, ভগ্ন, ছিন্ন

مِشْكَاة ج مَشَاكِي ، مِشْكَاوَات [شكو] [মিশ্‌কাত] দীপাধার, প্রদীপ, প্রদীপ রাখার ফাঁক

مِشْكَاك [شكك] [মিশ্‌কাক] গুচ্ছ, বাণ্ডিল, মালা

مُشَكِّك [شكك] [মুশাক্কিক] সন্দেহ সৃষ্টিকারী, সংশয় সৃষ্টিকারী, সন্দেহে ফেলে এমন

مُشْكِل [شكل] [মুশ্‌কিল] কঠিন, জটিল, সন্দেহপূর্ণ, মুশকিল

مُشَكَّل [شكل] [মুশাক্কাল] আকার দেওয়া হয়েছে এমন, আকৃতিপ্রাপ্ত, গঠিত, প্রতিষ্ঠিত, বিভিন্ন, বিবিধ, স্বরচিহ্নযুক্ত, হরকতযুক্ত (বর্ণ)

مُشَكِّل [شكل] [মুশাক্কিল] আকৃতি প্রদানকারী, রূপদানকারী, গঠনকারী, স্রষ্টা, নির্মাতা, প্রতিষ্ঠাতা

مُشْكِلَة ج مَشَاكِل ، مُشْكِلَات [شكل] [মুশ্‌কিলাহ] সমস্যা, জটিলতা, অসুবিধা, কঠিন বিষয়, মুশকিল

مَشْكُوّ (مِنْهُ) [شكو] [মাশ্‌কূ] অভিযোগ করা হয়েছে এমন, অভিযুক্ত

مَشْكُور [شكر] [মাশ্‌কূর] ধন্যবাদপ্রাপ্ত, ধন্যবাদ পাওয়ার যোগ্য, প্রশংসনীয়, প্রশংসাযোগ্য

مَشْكُوك فِيهِ [شكك] [মাশ্‌কূক ফীহ] সন্দেহপূর্ণ, অনিশ্চিত

مَشْكُول [شكل] [মাশ্‌কূল] পা বেঁধে রাখা হয়েছে এমন, বেড়ি-পরানো, স্বরচিহ্নযুক্ত, হরকতযুক্ত (বর্ণ)

مَشْل [মাশ্‌ল] অল্প দুধ, সামান্য পরিমাণ দুধ

مَشَلَ [ن] (مَشْل) [মাশালা] (দুধ) অল্প দোহন করা, (তরবারি) বের করা, কোষমুক্ত করা

مَشَلَ [ن] (مُشُول) [মাশালা] (মাংস) কমে যাওয়া

مَشْلُول [شلل] [মাশ্‌লূল] পক্ষাঘাতগ্রস্ত, অবশ

مُشْمَئِزّ [شمئز] [মুশ্‌মা'ইয] বিরক্ত, ঘৃণাকারী, সংকুচিত, অসুস্থ

مُشْمِس [شمس] [মুশ্‌মিস] রৌদ্রোজ্জ্বল, রৌদ্রকরোজ্জ্বল, রৌদ্রালোকিত, রোদ-ঝলমল

مِشْمِش [মিশ্‌মিশ] খোবানি, apricot (ফল)

مُشَمَّع [شمع] [মুশাম্মা'] মোম-লাগানো, মোমের প্রলেপযুক্ত, ওয়াটারপ্রুফ

مُشَمَّع ج مُشَمَّعَات [شمع] [মুশাম্মা'] ওয়াটারপ্রুফ দ্রব্য, অয়েলক্লথ, বর্ষাতি, রেইনকোট

مَشْمَعَة ج مَشَامِع [شمع] [মাশ্‌মা'আহ] মোম বা মোমবাতি তৈরী বা বিক্রয়ের স্থান

مِشْمَل [شمل] [মিশ্‌মাল] খাটো তরবারি, ছোরা, চওড়া বস্ত্র, ঢোলা পোশাক, কম্বল

مِشْمَلَة [شمل] [মিশ্‌মালাহ] চওড়া বস্ত্র, ঢোলা পোশাক, কম্বল

مَشْمُول [شمل] [মাশ্‌মূল] অন্তর্ভুক্ত, অন্তর্গত, সন্নিবেশিত

مَشْمُوم [شمم] [মাশ্‌মূম] ঘ্রাণ নেওয়া হয় এমন, কস্তুরী, মেশ্‌ক

مِشَنّ [شنن] [মিশান্] পানি ছিটানোর যন্ত্র, স্প্রে, গোসলের ঝরনা, ডুশ

مِشْنَاق ج مَشَانِيق [شنق] [মিশ্‌নাক] সবকিছুর প্রত্যাশী, সবকিছু চায় এমন, সর্বাভিলাষী

[মিশাল্লাহ্] হাতলবিহীন ঝুড়ি مِشْلَة [شلل]

[মাশ্নাক্বাহ্, মিশ্নাক্বাহ্] ফাঁসিকাষ্ঠ, ফাঁসির মঞ্চ مَشْنَقَة ، مِشْنَقَة ج مَشَانِق [شنق]

[মাশ্নূক্] ফাঁসি দেওয়া হয়েছে এমন مَشْنُوق [شنق]

[মাশ্হাদ] উপস্থিতি, হাজিরি مَشْهَد [شهد]

[মাশ্হাদ] সমাবেশস্থল, সমাবেশ, পবিত্র স্থান, দৃশ্য مَشْهَد ج مَشَاهِد [شهد]

[মাশ্হাদাহ্] সমাবেশ, সমাবেশস্থল مَشْهَدَة ج مَشَاهِد [شهد]

[মুশাহ্হার] সুবিখ্যাত, প্রখ্যাত, কুখ্যাত مُشَهَّر [شهر]

[মুশাহ্হার বিহী] সম্মানহানি করা হয়েছে এমন, নিন্দিত مُشَهَّر بِهِ [شهر]

[মাশ্হূদ] দেখা গিয়েছে এমন, সাক্ষীদের উপস্থিতিতে সম্পন্ন, উপস্থিত, হাজির, উপস্থিতিপূর্ণ, যার সাক্ষ্য দেওয়া হয়, উল্লেখ-যোগ্য, স্মরণীয় (দিন) مَشْهُود [شهد]

[আল-ইয়াওমুল মাশ্হূদ] কেয়া-মতের দিন, উল্লেখযোগ্য বা স্মরণীয় দিন, উৎসবপূর্ণ সাধারণ ছুটির দিন اليَوْم المَشْهُود

[মাশ্হূর] বিখ্যাত, প্রখ্যাত, প্রসিদ্ধ, সাধারণ, প্রচলিত مَشْهُور ج مَشَاهِير [شهر]

[আল-হাদীছুল মাশ্হূর] মাশ-হূর হাদীসঃ যে হাদীসের সনদে প্রত্যেক স্তরে বর্ণনাকারীর সংখ্যা দুইয়ের অধিক الحَدِيث المَشْهُور

[মাশ্ও] রেচক, বিরেচক (পদার্থ বা ঔষধ) مَشْو

[মিশ্ওয়াত] মাংস বা মাছ আগুনে ঝলসানোর জন্য লোহার শিকের ঝাঁঝরি, রান্নার ঝাঁঝরি, উনানের শিক مِشْوَاة ج مَشَاوِي ، مَشَاوٍ [شوي]

[মাশূব] মিশ্রিত, মিশ্র, সম্মিলিত, নষ্ট, ময়লাযুক্ত, ত্রুটিপূর্ণ مَشُوب [شوب]

[মাশ্ওয়ারাহ্] মন্ত্রণা, পরামর্শ, উপদেশ, আলোচনা مَشْوَرَة ج مَشْوَرَات [شور]

[মাশ্ওয়ারাহ্] মন্ত্রণা, পরামর্শ, উপদেশ, আলোচনা مَشُورَة ج مَشُورَات [شور]

[মুশাওওয়াশ] গোলযোগপূর্ণ, গোলমেলে, বিশৃঙ্খল مُشَوَّش [شوش]

[মুশাওবিক] আগ্রহী বা ইচ্ছুক করে এমন, আগ্রহ সৃষ্টিকারী, ইচ্ছা জাগ্রতকারী, কৌতূহলোদ্দীপক, মুগ্ধকর, মনোহারী مُشَوِّق [شوق]

[মুশাওওয়াহ্] বিকৃত, কুৎসিত, নষ্ট, বিকলাঙ্গ مُشَوَّه [شوه]

[মাশ্বী] ভুনা, ভুনাকৃত, ঝলসিত, ঝলসানো (মাংস) مَشْوِيّ [شوي]

[মাশা] হাঁটা, চলা, পদব্রজে চলা, মার্চ করা مَشَى (ض) (مَشْي)

[মাশ্শা] হাঁটানো, হাঁটতে দেওয়া مَشَّى (تَمْشِيَة) [مشي]

[মাশীআহ্] ইচ্ছা, বাসনা, মনো-বাঞ্ছা, অভিলাষ, অভিপ্রায় مَشِيئَة [شيئ]

[মাশীব] শুভ্র কেশ, শুভ্রতা, বার্ধক্য مَشِيب [شيب]

[মিশ্ইয়াহ্] হাঁটার ধরন, চলনভঙ্গি, পদক্ষেপ مِشْيَة

[মাশিয়্যাহ্] ইচ্ছা, বাসনা, মনো-বাঞ্ছা, অভিলাষ, অভিপ্রায় مَشِيَّة [شيئ]

[মাশীজ] জননকোষ, gamete, একটির সাথে আরেকটি মিশে আছে এমন, মিশ্রিত, তালগোল-পাকানো, মিশ্র, মিশ্রিত বস্তু, মিশ্রদ্রব্য مَشِيج ج أَمْشَاج

[মাশীজী] জননকোষীয়, gametic مَشِيجِيّ

[মাশীদ] মজবুত, সুদৃঢ়, প্লাস্টারকৃত (দেয়াল), সুউচ্চ مَشِيد [شيد]

[মুশাইয়াদ] মজবুত, সুদৃঢ়, সুউচ্চ, নির্মিত مُشَيَّد [شيد]

[মুশীর] নির্দেশক, উপদেষ্টা, ফিল্ড মার্শাল (পদ) مُشِير [شور]

[মুশাইয়া'] যাকে বিদায় জানানো হয়েছে, বীর, দ্রুতগামী, ত্বরাকারী مُشَيَّع [شيع]

[মাশীক] অনেক পরা হয়েছে এমন কাপড়, জীর্ণ বস্ত্র, কৃশকায়, হালকা-পাতলা, ছিপছিপে مَشِيق

[মাশীমাহ্] গর্ভফুল, গর্ভ-কুসুম, অমরা مَشِيمَة ج مَشَايِم [شيم]

[মাশীমী] গর্ভফুল-সংক্রান্ত مَشِيمِيّ [شيم]

[মুশীন, মুশাইয়িন] অপ-মানজনক, অসম্মানজনক, অমর্যাদাকর, কলংক-জনক مُشِين ، مُشَيِّن [شين]

مَصٌّ [مصص] [মাছ্ছ] চোষণ, শোষণ, চুমুক

قَصَب المَصّ [ক্বাছবুল মাছ্ছ] আখ, ইক্ষু

مَصَّ (ن) [س] (مَصّ) [মাছ্ছা] চোষা, শোষণ করা, চুষে খাওয়া, চুমুক দেওয়া

مُصَاب [صوب] [মুছাব] আঘাতপ্রাপ্ত, আহত, আক্রান্ত, পীড়িত, কবলিত, গ্রস্ত, বিপদগ্রস্ত

مُصَابَرَة [صبر] [মুছাবারাহ] ধৈর্যের প্রতিযোগিতা, ধৈর্য, সহিষ্ণুতা, কষ্টসহিষ্ণুতা

مُصَاحِب [صحب] [মুছাহিব] সঙ্গী, সহচর, সাথী, বন্ধু

مُصَاحَبَة [صحب] [মুছাহাবাহ] সঙ্গ, সাহচর্য, বন্ধুত্ব

مَصَاد ج مَصَايِد ، أَمْصِدَة [صيد ، مصد] [মাছাদ] শিকার করার জায়গা, উচ্চ পাহাড়, উঁচু টিলা

مَصَادِر (مَصْدَر) [صدر] [মাছাদির] উৎসসমূহ, সূত্রসমূহ, তথ্যসূত্র, গ্রন্থপঞ্জী

مُصَادَر [صدر] [মুছাদার] বাজেয়াপ্ত, ক্রোককৃত, আটককৃত, জব্দ

مُصَادَرَة [صدر] [মুছাদারাহ] ক্রোক, জব্দকরণ, বাজেয়াপ্তকরণ, আটক

مُصَادِف [صدف] [মুছাদিফ] আকস্মিকভাবে সাক্ষাৎকারী, যুগপৎ সংঘটিত

مُصَادَفَة [صدف] [মুছাদাফাহ] সাক্ষাৎ, আকস্মিক সাক্ষাৎ, আকস্মিকতা, যুগপৎ সংঘটন

مُصَادَفَةً [صدف] [মুছাদাফাতান] আকস্মিকভাবে, যুগপৎ, একই সঙ্গে

مُصَادَقَة [صدق] [মুছাদাক্বাহ] বন্ধুত্ব, সাহচর্য, সঙ্গ, সত্যায়ন

مُصَادَمَة [صدم] [মুছাদামাহ] সংঘর্ষ, সংঘাত, ধাক্কা

مُصَارِح [صرح] [মুছারিহ] স্পষ্ট, সত্য, খাঁটি, আন্তরিক, অকপট

مُصَارَحَة [صرح] [মুছারহাহ] স্পষ্টতা, সত্যতা, খাঁটিত্ব, আন্তরিকতা, অকপটতা

مُصَارِع [صرع] [মুছারি'] কুস্তিগীর, মল্লযোদ্ধা

مُصَارَعَة [صرع] [মুছার'আহ] মল্লযুদ্ধ, কুস্তি, লড়াই, সংগ্রাম

مَصَارِين (مَصِير) [مصر] [মাছারীন] নাড়িভুঁড়ি, অন্ত্র, আঁতড়ি

مَصَّاص [مصص] [মাছ্ছাছ] চোষণকারী, চোষক, শোষণকারী, শোষক, রক্তমোক্ষক, রক্তচোষা

مُصَاص [مصص] [মুছাছ] চোষার বস্তু, চুষে খাবার মিষ্টান্ন, খাঁটি অংশ, আসল বস্তু

مَصَّاصَة ج مَصَّاصَات [مصص] [মাছ্ছাছাহ] রক্ত-চোষা (প্রাণী), চুষে পান করার পাইপ, মাই-পোষের বোঁটা, (শিশুর) চুষি, চুষিকাঠি, চুষে খাবার মিষ্টান্ন

مُصَاصَة [مصص] [মুছাছাহ] চোষার বস্তু, চুষে খাবার মিষ্টান্ন

مَصَاعِب [صعب] [মাছা'ইব] অসুবিধাসমূহ, কষ্ট-সমূহ, জটিলতাসমূহ

مَصَاغ [صوغ] [মাছাগ] অলঙ্কার, গহনা, সোনা-রুপার জিনিস

مَصَافّ (مَصَفّ) [صفف] [মাছাফ্ফ] শ্রেণী, সারি, মান, স্তর, ধরন, প্রকার

مُصَافَحَة [صفح] [মুছাফাহাহ] করমর্দন, পরস্পর হাত মিলানো, মোসাফাহা

مَصَالَة [মাছালাহ] ছানার পানি, জীবদেহের রস, জলীয় অংশ

مُصَالِح [صلح] [মুছালিহ] সন্ধিকারী, সন্ধিস্থাপন-কারী, শান্তিস্থাপনকারী

مُصَالَحَة [صلح] [মুছালাহাহ] সন্ধিস্থাপন, শান্তি-স্থাপন, সন্ধি, শান্তি

مَصَّان [مصص] [মাছ্ছান] যে শিঙ্গা দিয়ে রক্ত টানে, রক্তমোক্ষক, ওলান থেকে চুষে দুধ পানকারী, ইতর, নীচ

مُصَّان [مصص] [মুছ্ছান] আখ, ইক্ষু

مُصَاهَرَة [صهر] [মুছাহারাহ] বৈবাহিকসূত্রে আত্মীয়তা, কুটুম্বিতা, সম্বন্ধ

مَصَبّ ج مَصَابّ [صبب] [মাছব] বের হওয়ার পথ, মুখ, (নদীর) মোহনা, ঢালার জায়গা

مِصَبّ ج مَصَابّ [صبب] [মিছব] ঢালার যন্ত্র, অক্ষর ঢালাইয়ের যন্ত্র

مِصْبَاح ج مَصَابِيح [صبح] [মিছবাহ] প্রদীপ, বাতি, লণ্ঠন, বাল্‌ব, বার্নার

مُصْبِح [صبح] [মুছবিহ্] সকালে সম্পন্নকারী, সকালে উপনীত

مُصْبَع [صبع] [মুছবা'] আঙ্গুলওয়ালা, লোহার শিকের ঝাঁঝরি

مَصْبَغَة ج مَصَابِغ [صبغ] [মাছবাগাহ্] রং করার কারখানা, লণ্ড্রি

مُصَبَّن [صبن] [মুছব্বান] সাবানে পরিণত, সাবান-যুক্ত, সাবান-মাখা

مَصْبَنَة ج مَصَابِن [صبن] [মাছবানাহ্] সাবানের কারখানা

مَصْبُوب [صبب] [মাছবুব] ঢেলে দেওয়া হয়েছে এমন, ঢালাইকৃত, অত্যন্ত উৎসাহিত

مَصْبُوغ [صبغ] [মাছবুগ] রং করা হয়েছে এমন, রঞ্জিত

مَصَّة ج مَصَّات [مصص] [মাছছাহ্] চোষণ, চুমুক

مُصَّة [مصص] [মুছছাহ্] খাঁটি অংশ, আসল বস্তু

مَصَحّ ج مَصَحَّات [صحح] [মাছহ্] স্বাস্থ্যনিবাস, স্বাস্থ্যালয়, স্বাস্থ্যকেন্দ্র

مَصَحَ [ف] (مَصْح ، مُصُوح) [মাছহা] চলে যাওয়া, বন্ধ হয়ে যাওয়া, দূর হওয়া, নিশ্চিহ্ন হওয়া, মুছে যাওয়া, নিঃশেষ হওয়া, কমে যাওয়া, (কাপড়) জীর্ণ হওয়া, দূর করা

مَصِحَ [س] (مَصَح) [মাছিহা] (ছায়া) ছোট হওয়া, খাটো হওয়া

مَصَحَّة ج مَصَحَّات [صحح] [মাছহ্হাহ্] স্বাস্থ্য-কেন্দ্র, স্বাস্থ্যনিবাস, স্বাস্থ্যালয়

مَصْحَاة [صحو] [মাছহাত] জেগে ওঠার কারণ

مِصْحَاة [صحو] [মিছহাত] বাটি, পেয়ালা, পাত্র

مُصَحَّح [صحح] [মুছহ্হাহ্] ঠিক করা হয়েছে এমন, সংশোধিত, মেরামতকৃত

مُصَحِّح [صحح] [মুছহ্হিহ্] সংশোধনকারী, সংস্কারকারী, মেরামতকারী

مَصْحَف ج مَصَاحِف [صحف] [মাছহাফ] গ্রন্থ, বই, কিতাব, পবিত্র গ্রন্থ

مُصْحَف ج مَصَاحِف [صحف] [মুছহাফ] গ্রন্থ, বই, কিতাব, পবিত্র গ্রন্থ

المُصْحَف الشَّرِيف [আল-মুছহাফুশ শারীফ] কোরআন শরীফের কপি

مُصَحَّف [صحف] [মুছহ্হাফ] ভুলভাবে পঠিত, ভুল উচ্চারিত, ভুল বানানে লিখিত, বিকৃত

الحَدِيث المُصَحَّف [আল-হাদীছুল মুছহ্হাফ] শব্দগত বা অর্থগতভাবে বিকৃত-করা হাদীস

مَصْحُوب [صحب] بِ [মাছহুব বি] সঙ্গযুক্ত, যার সঙ্গে আছে

مَصَدّ ج مَصَدَّات [صدد] [মাছদ্] (মাটির) বাঁধ

مِصَدّ ج مِصَدَّات [صدد] [মিছদ্] ঘাত-প্রশমক, সংঘাত-প্রশমক, bumper, buffer

مِصْدَاق [صدق] [মিছ্দাক] সত্যায়ন, প্রত্যায়ন, প্রতিপাদন, প্রমাণ, কষ্টিপাথর

مِصْدَاقِيَّة [صدق] [মিছ্দাকিয়্যাহ্] বিশ্বাস্যতা, বিশ্বাসযোগ্যতা

مَصْدَر ج مَصَادِر [صدر] [মাছ্দার] বের হওয়ার জায়গা, উৎস, মূল, সূত্র, ফল, পরিণাম, ক্রিয়া-মূল, ক্রিয়াবিশেষ্য, মাস্‌দার (ব্যা)

مَصْدَر مَوْثُوق بِهِ [মাছ্দার মাওছুক বিহী] নির্ভর-যোগ্য সূত্র

مُصَدَّر [صدر] [মুছদ্দার] রপ্তানিকৃত, বড় বুক-বিশিষ্ট, শক্ত বুকবিশিষ্ট, অগ্রগামী ঘোড়া, সিংহ, নেকড়ে

مُصَدِّر [صدر] [মুছদ্দির] রপ্তানিকারক, রপ্তানিকারী

مَصْدَع ج مَصَادِع [صدع] [মাছ্দা'] কঙ্করময় অঞ্চলে সমতল রাস্তা, ফাটলের জায়গা

مُصَدَّع [صدع] [মুছদ্দা'] ফাটানো হয়েছে এমন, বিদীর্ণ, ফাটলযুক্ত, মাথাব্যথায় আক্রান্ত

مُصَدَّق [صدق] [মুছদ্দাক] সত্যায়িত, সত্য বলে স্বীকৃত, বিশ্বস্ত, বিশ্বাসযোগ্য

مُصَدَّق عَلَيْهِ [صدق] [মুছদ্দাক 'আলাইহ্] প্রত্যা-য়িত, সত্যায়িত, অনুমোদিত

مُصَدِّق [صدق] [মুছদ্দিক] সত্যায়নকারী, সত্য বলে স্বীকারকারী, বিশ্বাসকারী

مُصَّدِّق [صدق] [মুছছদ্দিক] দানকারী, দানশীল, সদ্‌কা দানকারী, যে মাফ করে দেয়

مُصَدَّقِيَّة [صدق] [মুছদ্দাকিয়্যাহ্] বিশ্বাসযোগ্যতা, বিশ্বাস্যতা

مِصْدَم [صدم] [মিছ্দাম] ঘাত-প্রশমক, সংঘাত-প্রশমক, bumper, buffer

مَصْدُور [صدر] [মাছ্দূর] বক্ষব্যাধিগ্রস্ত, যক্ষ্মায়

আক্রান্ত

مَصْدُوع [صدع] [মাছ্‌দূ'] ফাটানো হয়েছে এমন, বিদীর্ণ, ফাটলযুক্ত, মাথাব্যথায় আক্রান্ত

مَصَرَ (ن) (مَصْر) [মাছ্‌রা] নিংড়ানো, সবটুকু দুধ দোহন করা, আঙ্গুলের মাথা দিয়ে দোহন করা, অল্প দেওয়া

مَصَّرَ (تَمْصِير) [مصر] [মাছ্‌ছ্‌রা] শহর বানানো, আবাদ করা, সভ্য করা, মিশরীয় করা, একটু একটু করে দেওয়া, কম দুধ দেওয়া

مِصْر [মিছ্‌র] মিশর (দেশ), কায়রো (নগরী)

مِصْر ج أَمْصَار، مُصُور [মিছ্‌র] শহর, নগর, ভূখণ্ড, অঞ্চল, দেশ, রাজধানী, সীমান্ত, বাধা, লাল মাটি

مِصَرّ [মিছ্‌র] ছোট ব্যাগ, টাকা রাখার ব্যাগ, থলি, খরচের থলি

مُصِرّ [صرر] [মুছির়] পীড়াপীড়িকারী, জিদ ধরে এমন, দৃঢ়সংকল্প

مِصْرَاد ج مَصَارِيد [صرد] [মিছ্‌রা'] ঠাণ্ডায় দুর্বল, ঠাণ্ডায় শক্ত, গাছপালাবিহীন ভূমি, লক্ষ্যভেদী (তীর), ঠাণ্ডা (বাতাস)

مِصْرَاع ج مَصَارِيع [صرع] [মিছ্‌রা'] (কবিতায়) শ্লোকার্ধ, (দরজার) পাল্লা, কপাট, ঝাঁপ, শাটার

مُصْرَان (مَصِير) [مصر] [মুছ্‌রান] নাড়িভুড়ি, অন্ত্র, আঁতুড়ি

مُصَرَّح بِهِ [মুছার্‌রাহ্‌ বিহী] যার অনুমতি দেওয়া হয়েছে, ঘোষিত, কথিত,বর্ণিত, স্বীকৃত

مُصْرِخ [صرخ] [মুছ্‌রিখ] ফরিয়াদে সাড়াদান-কারী, উদ্ধারের ডাকে সাড়াদানকারী, উদ্ধার-কারী, সাহায্যকারী

مَصْرَع ج مَصَارِع [صرع] [মাছ্‌র'] পতন, ধ্বংস, মৃত্যু, হত্যা, মারাত্মক আঘাত

لَقِيَ مَصْرَعَهُ [লাক্বিয়া মাছ্‌র'আহু] মরে যাওয়া, মারা যাওয়া, অক্কা পাওয়া

مَصْرَف ج مَصَارِف [صرف] [মাছ্‌রাফ] ব্যয়ের খাত, ব্যাংক, প্রবাহ-পথ, নালা, নর্দমা

مَصْرِف ج مَصَارِف [صرف] [মাছ্‌রিফ] ব্যয়ের খাত, ব্যাংক, ফেরার পথ, বাঁচার পথ

مَصْرِفِيّ [صرف] [মাছ্‌রিফী] ব্যাংক সম্বন্ধীয়, ব্যাংকের, ব্যাংক-কর্মকর্তা, ব্যাংকার

مَصْرُوع [صرع] [মাছ্‌রূ'] ভূপাতিত, ধরাশায়ী, মৃগীরোগে আক্রান্ত

مَصْرُوف [صرف] [মাছ্‌রূফ] ব্যয়কৃত, ব্যয়িত, খরচকৃত, ফিরানোর যোগ্য, বরখাস্ত, অপসারিত

مَصْرُوف ج مَصَارِيف ، مَصْرُوفَات [মাছ্‌রূফ] ব্যয়, খরচ, খরচের টাকা

مِصْرِيّ [মিছ্‌রী] মিশরীয়, মিশরবাসী, মিশরের

مُصْطَاد [صيد] [মুছ্‌তাদ] শিকারের জায়গা, যে শিকার করে, শিকারী, শিকার করা হয়েছে এমন, শিকার, সিংহ

مُصْطَاف ج مُصْطَافَات [صيف] [মুছ্‌তাফ] গ্রীষ্ম-কাল কাটানোর জায়গা, গ্রীষ্মনিবাস

مُصْطَاف ج مُصْطَافُون [صيف] [মুছ্‌তাফ] গ্রীষ্ম কাটাতে আসে এমন, যে গ্রীষ্মের ছুটি কাটায়

مِصْطَب ج مَصَاطِب [صطب] [মিছ্‌তব] কামারের নেহাই

مُصْطَفّ [صفف] [মুছ্‌তফ] সারিবদ্ধ, সারিবদ্ধ-ভাবে অবস্থানরত

مُصْطَفَى مث مُصْطَفَاة [صفي] [মুছ্‌তফা] বাছাই-কৃত, মনোনীত, পছন্দনীয়, প্রিয়

المُصْطَفَى [صفي] [আল-মুছ্‌তফা] মনোনীত মহানবীঃ মুহাম্মদ মোস্তফা (স)

مُصْطَلَح ج مُصْطَلَحَات [صلح] [মুছ্‌তলাহ] বিশেষ অর্থে ব্যবহৃত শব্দ, পরিভাষা

مُصْطَلَحِيّ [صلح] [মুছ্‌তলাহী] পরিভাষাগত, পারিভাষিক

مُصْطَلَى [صلي] [মুছ্‌তলা] বাসগৃহের যে স্থানে আগুন জ্বালানো হয়, উনান

مُصْطَنَع [صنع] [মুছ্‌তনা'] তৈরীকৃত, কৃত্রিম, নকল

مَصَعَ (ف) (مَصْع) [মাছ্‌'আ] (বিদ্যুৎ) চমকানো, (লেজ) নাড়া, আঘাত করা, অল্প প্রহার করা, (ঘোড়া) একটু একটু চলা, চলতে শুরু করা, (অন্তর) কাঁপা

مَصَعَ بِ [-- বি] নিক্ষেপ করা, (লেজ) নাড়া

مَصَعَ (مُصُوع) [মাছ্‌'আ] চলে যাওয়া, নিঃশেষ হওয়া, শুকিয়ে যাওয়া, কমে যাওয়া

مَصْعَد ج مَصَاعِد [صعد] [মাছ্‌'আদ] ধনাত্মক

বৈদ্যুতিক প্রান্ত বা মুখ, anode

مِصْعَد ، مِصْعَدَة ج مَصَاعِد [صعد] [মিছ্'আদ, মিছ্'আদাহ্] উত্তোলন-যন্ত্র, লিফ্‌ট (lift)

مُصْعَق [صعق] [মুছ্'আক] আঘাতপ্রাপ্ত, বজ্রাহত, বিদ্যুৎপিষ্ট, সংজ্ঞাহীন, হতবুদ্ধি, হতভম্ব

مَصْعُوق [صعق] [মাছ্'উক] বজ্রাহত, বিদ্যুৎপিষ্ট, আঘাতপ্রাপ্ত, সংজ্ঞাহীন, হতবুদ্ধি, হতভম্ব

مُصَغَّر [صغر] [মুছাগ্‌গার] ক্ষুদ্রকৃত, হ্রাসকৃত, ক্ষুদ্র, ছোট

مُصْغِي ، مُصْغٍ [صغي] [মুছ্‌গী] মনোযোগ দানকারী, মনোযোগী, শ্রবণকারী

مَصَفّ ج مَصَافّ [صفف] [মাছফ্‌] লাইন দেওয়ার জায়গা, যুদ্ধক্ষেত্র, (অক্ষর কম্পোজ করে) টাইপ রাখার পাত, লাইন, সারি, মান, স্তর, শ্রেণী

مِصْفَاة ج مَصَافِي ، مَصَافٍ [صفو] [মিছ্‌ফাত] ছাঁকনি, চালুনি, ঝাঁঝরি, শোধনযন্ত্র

مِصْفَار [صفر] [মিছ্‌ফার] (গাঢ়) হলুদ

مِصْفَار ج مَصَافِير [صفر] [মিছ্‌ফার] বাঁশীজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ, panpipe

مُصْفَح [صفح] [মুছ্‌ফাহ্] প্রশস্ত, চেপটা, উল্টে দেওয়া হয়েছে এমন, সুদর্শন (চেহারা), খাড়া (নাক), লম্বাটে (মাথা), দ্বিমুখী, মোনাফেক

مُصَفَّح [صفح] [মুছফ্‌ফাহ্] প্রশস্ত, চেপটা, পাতে পরিণত, পাত-লাগানো, প্রলেপযুক্ত, বর্মাচ্ছাদিত

مُصَفَّحَة ج مُصَفَّحَات [صفح] [মুছফ্‌ফাহাহ্] বর্ম দ্বারা আচ্ছাদিত যান বা গাড়ি, তরবারি

مُصَفَّد [صفد] [মুছফ্‌ফাদ] বেঁধে রাখা হয়েছে এমন, বন্দী, শৃঙ্খলবদ্ধ, বেড়ি-পরানো

مُصْفَرّ [صفر] [মুছ্‌ফার্] হলদে, ফ্যাকাশে, বিবর্ণ

مُصْفِر [صفر] [মুছ্‌ফির] শূন্যহস্ত, রিক্তহস্ত, খালিহাত

مَصْفَق ج مَصَافِق [صفق] [মাছ্‌ফাক] শেয়ার ক্রয়-বিক্রয়কেন্দ্র, শেয়ার বাজার, স্টক এক্সচেঞ্জ, স্টক মার্কেট

مِصْفَق ج مَصَافِق [صفق] [মিছ্‌ফাক] পানীয় পরিবেশনের জন্য স্বয়ংক্রিয় ছিপি-আঁটা বোতল-বিশেষ, decanter

مَصْفُوف [صفف] [মাছ্‌ফূফ] সারি দিয়ে সাজানো, কাতারে কাতারে সাজানো, সারিবদ্ধ, কম্পোজ করা হয়েছে এমন (অক্ষরমালা)

مَصْفُوفَة ج مَصْفُوفَات [صفف] [মাছ্‌ফূফাহ্] ছাঁচ, (গণিতে) রাশিসমূহের আয়তাকার বিন্যাস, matrix

مَصْفَى ج مَصَافِي ، مَصَافٍ [صفو] [মাছ্‌ফা] পরিশোধনের কারখানা, শোধনাগার

مُصَفًّى مث مُصَفَّاة [صفو] [মুছফ্‌ফা] পরিষ্কৃত, শোধিত, পরিশোধিত, নির্মল, খাঁটি

مُصَفِّي [صفو] [মুছফ্‌ফী] শোধনকারী, শোধক, পরিশোধনকারী

مِصْقَع ج مَصَاقِع [صقع] [মিছ্‌ক্বা'] বাগ্মী, বাকপটু, অনর্গলভাষী, উচ্চকণ্ঠ

مِصْقَلَة ج مَصَاقِل [صقل] [মিছ্‌ক্বালাহ্] যদ্বারা পালিশ বা বার্নিশ করা হয়, ঘষে মসৃণ করার যন্ত্র

مَصْقُول [صقل] [মাছ্‌কূল] যা মসৃণ করা হয়েছে, পালিশকৃত, বার্নিশকৃত, মসৃণ, উজ্জ্বল, ঝকঝকে, পরিমার্জিত

مَصْل ج مُصُول [মাছ্‌ল] ছানার পানি, রক্তরস, জীবদেহের রস, রক্তের জলীয় ভাগ, সিরাম (serum), টিকা, vaccine

مَصَلَ [ن] (مَصْل ، مُصُول) [মাছালা] (দুধ) জমে যাওয়া, ছানা হয়ে যাওয়া, ছাঁকা, (পনির) পানি ঝরার জন্য রাখা, ফোঁটা ঝরানো, ফোঁটা ফোঁটা পড়া, পুঁজ ঝরা

مُصَلَّب [صلب] [মুছাল্লাব] কঠিন পদার্থে পরিণত, কঠিন, শক্ত, ক্রুশবিদ্ধ

مُصْلَت [صلت] [মুছ্‌লাত] কোষমুক্ত (তরবারি)

مِصَلَّة [صلل] [মিছাল্লাহ্] পরিশোধন করে রাখার পাত্র, শোধনপাত্র

مُصْلِح [صلح] [মুছ্‌লিহ্] সংস্কারকারী, মেরামতকারী, সংশোধনকারী, সংস্কারক, শান্তি স্থাপনকারী

مَصْلَحَة ج مَصَالِح [صلح] [মাছ্‌লাহাহ্] কল্যাণ, মঙ্গল, স্বার্থ, উপকার, বিভাগ, দফতর, সংস্থা

مَصْلَحَة الْبَرِيد [মাছ্‌লাহাতুল বারীদ] ডাকবিভাগ

مَصْلَحَة شَخْصِيَّة [মাছ্‌লাহাহ শাখ্‌ছিয়্যাহ্] ব্যক্তি-স্বার্থ

مَصْلَحَة عَامَّة [মাছ্‌লাহাহ 'আম্মাহ্] জনস্বার্থ

مَصْلَحَة قَوْمِيَّة [মাছ্লাহাহ্ ক্বাওমিয়্যাহ] জাতীয় স্বার্থ

مَصْلَحَة مُسْتَقِلَّة [মাছ্লাহাহ্ মুস্তাক্বিল্লাহ] স্বাধীন সংস্থা, স্বায়ত্তশাসিত সংস্থা

مَصْلَحَة وَطَنِيَّة [মাছ্লাহাহ্ ওয়াতনিয়্যাহ] জাতীয় স্বার্থ

مَصْلُوب [صلب] [মাছ্লূব] শূলে চড়ানো হয়েছে এমন, ক্রুশবিদ্ধ

مَصْلِيّ [صلي] [মাছ্লী] পোড়ানো হয়েছে এমন, দগ্ধ করা হয়েছে এমন, ঝলসানো হয়েছে এমন, ভাজা, ভুনা (গোশত)

مُصْلِيّ [মুছ্লী] পানি-পানি, পানসে

مُصَلًّى ج مُصَلَّيَات [صلو] [মুছল্লা] নামায পড়ার জায়গা, নামাযের স্থান

مُصَلِّي ج مُصَلُّون [صلو] [মুছল্লী] নামাযী, নামায আদায়কারী, মুসল্লী

مُصْلِيَّة [মুছ্লিয়্যাহ] পানি-পানি ভাব, পানসে অবস্থা

مُصْمَت [صمت] [মুছ্মাত] চুপ করানো হয়েছে এমন, নিশ্চুপ, বন্ধ (দরজা), নিরেট, পূর্ণ, পুরা, পরাপুরি, ছিদ্রহীন, ফোঁকরবিহীন (দেয়াল), এক রঙের, নকশাবিহীন, কারুকার্যহীন

مُصَمَّت [صمت] [মুছম্মাত] চুপ করানো হয়েছে এমন, নিশ্চুপ, নিরেট, পূর্ণ, পুরা, পরাপুরি

مُصَمِّم [صمم] [মুছম্মিম] দৃঢ়সঙ্কল্প, সঙ্কল্পবদ্ধ, বদ্ধপরিকর, পরিকল্পনাকারী, নকশাকারী

مَصْنَع ج مَصَانِع [صنع] [মাছ্না'] কারখানা, ফ্যাক্টরি, কর্মশালা, শিল্প, ভবন, প্রাসাদ

مُصَنَّع [صنع] [মুছন্না'] শিল্পায়িত, উৎপাদিত, প্রস্তুতকৃত

مُصَنَّف [صنف] [মুছন্নাফ] রচিত, লিখিত, প্রণীত, শ্রেণীবদ্ধ

مُصَنِّف [صنف] [মুছন্নিফ] রচয়িতা, লেখক, প্রণেতা, গ্রন্থকার

مَصْنُوع [صنع] [মাছ্নূ'] উৎপন্ন, উৎপাদিত, প্রস্তুতকৃত, নির্মিত, কৃত্রিম

مَصْنُوعَات [صنع] [মাছ্নূ'আত] উৎপন্নদ্রব্য, উৎপাদিত সামগ্রী

مَصْهَر ج مَصَاهِر [صهر] [মাছ্হার] ধাতব পদার্থ গলানোর কারখানা, ঢালাই-ঘর, চুল্লি

مِصْهَر ج مِصْهَرَات [صهر] [মিছ্হার] (বিদ্যুতের) ফিউজ

مَصْهُور [صهر] [মাছ্হূর] গলিত, মিশ্রিত, গলে একীভূত

مُصَوَّب [صوب] [মুছওওয়াব] তাককৃত, স্থিরকৃত (লক্ষ্য), সংশোধিত, সত্যায়িত

مُصَوِّت [صوت] [মুছওবিত] ভোটদাতা, ভোটার, নির্বাচক, সশব্দ, স্বরবিশিষ্ট

حَرْف مُصَوِّت [হার্ফ মুছওবিত] স্বরবর্ণ

مُصَوَّر [صور] [মুছওওয়ার] যার চিত্র গ্রহণ করা হয়েছে, চিত্রিত, অঙ্কিত, গঠিত

مُصَوِّر [صور] [মুছওবির] আকৃতি প্রদানকারী, রূপদাতা, রূপকার, কারিগর, শিল্পী, চিত্রকর, চিত্রশিল্পী

الْمُصَوِّر [আল-মুছওবির] প্রকৃত রূপকারঃ আল্লাহ

مَصُوغ [صوغ] [মাছূগ] সুন্দর করে গড়া হয়েছে এমন, সুগঠিত, গঠিত, প্রস্তুতকৃত, তৈরীকৃত, শৈল্পিক নৈপুণ্যে তৈরীকৃত, রচিত

مَصُوغَات [صوغ] [মাছূগাত] অলঙ্কার, গহনা, গয়না, অলঙ্কারাদি, গহনাদি

مَصُون [صون] [মাছূন] রক্ষিত, সংরক্ষিত, সুরক্ষিত

مُصِيب [صوب] [মুছীব] সত্য, সঠিক, যথাযথ, ন্যায্য, অভ্রান্ত, লাভকারী, নাগালপ্রাপ্ত

مُصِيبَة ج مَصَائِب [صوب] [মুছীবাহ] মুসিবত, বিপদ, দুর্ঘটনা, দুর্যোগ

مَصْيَدَة ج مَصَائِد، مَصَايِد [صيد] [মাছ্ইয়াদাহ] শিকার করার বা মাছ ধরার স্থান

مِصْيَدَة ج مَصَايِد [صيد] [মিছ্ইয়াদাহ] শিকারের বা মাছ ধরার যন্ত্র, ফাঁদ, জাল

مَصِير [صير] [মাছীর] প্রত্যাবর্তন, হওন, রূপান্তর

مَصِير ج مَصَايِر [صير] [মাছীর] প্রত্যাবর্তনস্থল, ফেরার জায়গা, পরিণাম, পরিণতি, গন্তব্য, লক্ষ্য, ভাগ্য, অদৃষ্ট, ঠিকানা

مَصِير ج مُصْرَان ، مَصَارِين [مصر] [মাছীর] অন্ত্র, আঁতড়ি, নাড়িভুঁড়ি

مَصِيرِيّ [صير] [মাছীরী] পরিণতিসম্পর্কিত, ভাগ্য-বিষয়ক, ভাগ্য-নির্ধারক, চূড়ান্ত

مَصِيص [মাছীছ] অল্প ভিজা, ঈষৎ আর্দ্র, স্যাঁত-সেঁতে

مَصِّيص [মাছ্ছীছ] একপ্রকার শক্ত সুতা, রশি

مُصَيْطِر [মুছইতির] কর্তৃত্বকারী, নিয়ন্ত্রণকারী, ক্ষমতাবান, দায়িত্ববান, তদারককারী

مَصِيف ج مَصَايِف [صيف] [মাছীফ] গ্রীষ্মকাল কাটানোর জায়গা, গ্রীষ্মনিবাস

مَضّ [মাদ্] কষ্ট, দুঃখ, দহন, দংশন, কষ্টদায়ক, দংশী

مَضَّ [ن] (مَضّ ، مَضِيض) [মাদ্দা] কষ্ট দেওয়া, দুঃখ দেওয়া, দহন করা, দংশন করা, কষ্ট পাওয়া, দুঃখ পাওয়া

مَضَاء [مضي] [মাদা'] ধার, তীক্ষ্ণতা, তীব্রতা, তেজ, শক্তি, ক্ষমতা, দৃঢ়তা, সঙ্কল্প

مَضَّاء [مضي] [মাদ্দা'] দৃঢ়সঙ্কল্প, সঙ্কল্পবদ্ধ

مُضَاء [ضوء] [মুদা'] আলোকিত, প্রজ্বলিত

مُضَاجِع [ضجع] [মুদাজি'] শয্যাসঙ্গী, একত্রে শয়নকারী, একই বিছানায় শয়নকারী

مُضَاجَعَة [ضجع] [মুদাজা'আহ্] একই বিছানায় শয়ন, যৌন সম্পর্ক, সহবাস

مُضَادّ [ضدد] لِ [মুদাদ্] বিরোধী, বিপরীত, বিরুদ্ধ, বিধ্বংসী, নাশক, নিবারক, প্রতিষেধক, পাল্টা

مُضَادّ لِلاِلْتِهَاب [মুদাদ্ লিল-ইল্তিহাব] প্রদাহ-নাশক, স্ফীতিনিবারক (ঔষধ)

مُضَادّ لِلتَّشَنُّج [মুদাদ্ লিত-তাশান্নুজ] খিঁচুনি নিবারক (ঔষধ)

مُضَادّ لِلْجَرَاثِيم [মুদাদ্ লিল-জারাছীম] জীবাণু-নাশক (ঔষধ)

مُضَادّ لِلْحُمَّى [মুদাদ্ লিল-হুম্মা] জ্বর-প্রতিষেধক

مُضَادّ لِلْحُمُوضَة [মুদাদ্ লিল-হুমূদাহ্] অম্লনাশক, antacid (ঔষধ)

مُضَادّ لِلْحَيَوِيَّات [মুদাদ্ লিল-হায়াবিয়্যাত] জীবাণুনাশক (ঔষধ)

مُضَادّ لِلدَّبَّابَات [মুদাদ্ লিদ-দাব্বাবাত] ট্যাংক-বিধ্বংসী (অস্ত্র)

مُضَادّ لِلسَّمّ [মুদাদ্ লিস-সাম্] বিষনাশক, বিষ-নিবারক (ঔষধ)

مُضَادّ لِلطَّائِرَات [মুদাদ্ লিত-তা'ইরাত] বিমান-বিধ্বংসী (কামান)

مُضَادّ لِلْعُفُونَة [মুদাদ্ লিল-'উফূনাহ্] পচন-নিবারক, antiseptic (ঔষধ)

مُضَادّ لِلْغَوَّاصَات [মুদাদ্ লিল-গাওওয়াছাত] সাবমেরিন-বিধ্বংসী (অস্ত্র)

مُضَادّ لِلْفَسَاد [মুদাদ্ লিল-ফাসাদ] পচন-নিবারক, antiseptic (ঔষধ)

إِجْرَاء مُضَادّ [ইজ্রা' মুদাদ্] পাল্টা পদক্ষেপ

اِقْتِرَاح مُضَادّ [ইক্তিরাহ্ মুদাদ্] পাল্টা প্রস্তাব

ثَوْرَة مُضَادَّة [ছাওরাহ্ মুদাদ্দাহ্] পাল্টা বিদ্রোহ, প্রতিবিপ্লব

جِسْم مُضَادّ [জিস্ম মুদাদ্] অ্যান্টিবডি (anti-body)

دَعْوَى مُضَادَّة [দা'ওয়া মুদাদ্দাহ্] পাল্টা দাবি

هُجُوم مُضَادّ [হুজূম মুদাদ্] পাল্টা আক্রমণ

مُضَادَّة [ضدد] [মুদাদ্দাহ্] পরস্পরবিরোধিতা, বৈপরীত্য

مُضَارّ [ضرر] [মুদার্] ক্ষতিকারী, অনিষ্টকারী, লোকসানকারী

مُضَارِب [ضرب] [মুদারিব] লাভ-ক্ষতির অংশী-দারিত্বভিত্তিক যৌথ ব্যবসাকারী

مُضَارَبَة [ضرب] [মুদারবাহ্] 'মুদারাবা' ব্যবসাঃ লাভ-ক্ষতির অংশীদারিত্বভিত্তিক যৌথ ব্যবসা

مُضَارِع [ضرع] [মুদারি'] সদৃশ, অনুরূপ, বর্তমান ও ভবিষ্যৎ কালবাচক (ক্রিয়া)

المُضَارِع [ضرع] [আল-মুদারি'] আরবী কবিতার একটি ছন্দের নাম

الفِعْل المُضَارِع [আল-ফি'লুল মুদারি'] বর্তমান ও ভবিষ্যৎ কালবাচক ক্রিয়া (ব্যা)

مُضَارَعَة [ضرع] [মুদার'আহ্] সাদৃশ্য, সামঞ্জস্য, মিল

مُضَاض [মুদাদ] অত্যধিক লবণাক্ত পানি, খাঁটি, চোখব্যথা

مَضَاضَة ج مَضَاضَات [মাদাদাহ] দুঃখ, কষ্ট, ব্যথা, যন্ত্রণা

مُضَاعَف [ضعف] [মুদা'আফ] দ্বিগুণ, বহুগুণ, বহু-বিধ, একই হরফ দুইবার আছে এমন শব্দ

مُضَاعَفَة [ضعف] [মুদা'আফাহ] দ্বিত্ব, দ্বিগুণত্ব, বহুগুণত্ব, বৃদ্ধি, আধিক্য

مُضَاعَفَة ج مُضَاعَفَات [ضعف] [মুদা'আফাহ] (রোগের) নতুন নতুন উপসর্গ, জটিলতা

مُضَاغَة [مضغ] [মুদাগাহ] চর্বিত বস্তু, কামড়

مُضَاف [ضيف] [মুদাফ] যা যোগ করা হয়েছে, যুক্ত, সংযোজিত, সম্বন্ধকৃত, মুদাফঃ সম্বন্ধকৃত পদ (ব্যা)

مُضَاف إِلَيْه [মুদাফ ইলাইহ্] মুদাফ ইলাইহঃ যে পদের সাথে অন্য পদের সম্বন্ধ করা হয়েছে (ব্যা)

مَضَافَة [ضيف] [মাদাফাহ] মেহমানখানা, অতিথি-শালা, সরাইখানা

مُضَاهَاة [ضهي] [মুদাহাত] সাদৃশ্য, সামঞ্জস্য, মিল, সমকক্ষতা

مُضَاهِي ، مُضَاهٍ [ضهي] [মুদাহী] অনুরূপ, সদৃশ, সমকক্ষ

مُضَايِق [ضيق] [মুদায়িক] বিরক্তকারী, বিরক্তি-কর, কষ্টদায়ক, অস্বস্তিকর

مُضَايَقَة ج مُضَايَقَات [ضيق] [মুদায়াকাহ] বিরক্ত-করণ, কষ্টপ্রদান, বিরক্তি, অস্বস্তি, ঝামেলা

مُضِبّ [ضبب] [মুদিব্ব] কুয়াশাচ্ছন্ন, কুয়াশাজনিত, অস্পষ্ট

مَضْبُوط [ضبط] [মাদ্‌বূত] সঠিক, যথাযথ, সুবিন্যস্ত, নিয়ন্ত্রিত, আটককৃত, স্বরচিহ্নযুক্ত (বর্ণ, শব্দ)

مُضْجَر [ضجر] [মুদ্‌জার] বিরক্ত, অসন্তুষ্ট, ক্রুদ্ধ, রাগান্বিত

مُضْجِر [ضجر] [মুদ্‌জির] বিরক্তিকর, অসন্তোষ-জনক, ক্রোধোদ্দীপক

مَضْجَع ج مَضَاجِع [ضجع] [মাদ্‌জা'] বিছানা, শয্যা, শয়নকক্ষ, ঘুমানোর জায়গা

مَضْجُوع [ضجع] [মাদ্‌জূ'] দুর্বল বুদ্ধিসম্পন্ন, নির্বোধ, বোকা

مَضَحَ [ف] (مَضْح) [মাদহা] (সম্মান) নষ্ট করা, কলঙ্কিত করা, (সূর্য) আলো ছড়ানো, (উট) ছড়িয়ে যাওয়া, (পাত্র) পানি ঝরানো

مَضَحَ عَنْ [-- 'আন] রক্ষা করা, প্রতিরক্ষা করা

مَضْحَاة [ضحو] [মাদ্‌হাত] সূর্যালোকপূর্ণ, সূর্যের আলো সবসময় থাকে এমন, সূর্যস্নাত (ভূমি)

مِضْحَاك [ضحك] [মিদ্‌হাক] অধিক হাসে এমন, সদাহাস্য, প্রফুল্ল

مُضْحِك [ضحك] [মুদ্‌হিক] হাসির উদ্রেককারী, হাস্যকর, কৌতুকপ্রদ, হাসির

مُضَحِّك [ضحك] [মুদহ্‌হিক] যে হাসায়, ভাঁড়, কৌতুকাভিনেতা

مَضْحَكَة [ضحك] [মাদ্‌হাকাহ] হাসির বস্তু, হাসির কথা, কৌতুক

مِضَخَّة ج مِضَخَّات [ضخخ] [মিদখ্‌খাহ] পাম্প, পানি উত্তোলনের যন্ত্র, নলকূপ, টিউবওয়েল

مُضَخَّم [ضخم] [মুদখ্‌খাম] যা বড় করা হয়েছে, সম্প্রসারিত, স্ফীত, পরিবর্তিত

مُضَخِّم [ضخم] [মুদখ্‌খিম] পরিবর্ধনকারী, সম্প্র-সারণকারী, পরিবর্ধক, বিবর্ধক

مَضَرَ [ن] (مَضْر) [মাদরা] টক হওয়া, টক লাগা, চুকা হওয়া, টক হয়ে যাওয়া

مَضِر [মাদির] টক, চুকা, চুকো, অম্লস্বাদ

مَضِرَ [س] (مَضَر) [মাদিরা] টক হওয়া, টক হয়ে যাওয়া, চুকা হওয়া, টক লাগা

مَضُرَ [ك] (مُضُور) [মাদুরা] টক হওয়া, টক হয়ে যাওয়া, টক লাগা, চুকা হওয়া

مُضَر [মুদর] মুদারঃ আরবের একটি প্রাচীন গোত্র

مُضِرّ [ضرر] [মুদির্‌] ক্ষতিকর, অনিষ্টকর, ক্ষতি-কারক, অপকারী

مِضْرَاب ج مَضَارِيب [ضرب] [মিদ্‌রাব] (খেলার) ব্যাট, র‍্যাকেট

مَضْرِب ج مَضَارِب [ضرب] [মাদ্‌রিব] প্রহারের জায়গা বা সময়, তরবারি, তরবারির ধার, মূল, শিবির, তাঁবু, স্থান, জায়গা, লোকালয়, জনপদ, পথ

مَضْرِب الْمَثَل [মাদ্‌রিবুল মাছাল] প্রবাদমূলক, দৃষ্টান্তমূলক, উদাহরণসরূপ উদ্ধৃত

مِضْرَب ج مَضَارِب [ضرب] [মিদ্‌রব] যদ্দ্বারা মারা

হয়, মারার যন্ত্র, প্রহার করার যন্ত্র, (খেলার) ব্যাট, র‍্যাকেট, তাঁবু, শিবির, বেশী মারে এমন, কঠিন মার দেয় এমন

مُضْرِب [ضرب] عَنْ [মুদ্‌রিব] ধর্মঘটকারী, ধর্ম-ঘটী, (কাজ থেকে) বিরত

مُضْرِب عَنِ الْأَكْل [-- 'আনিল আক্‌ল] খাদ্যগ্রহণ থেকে বিরত, অনশন ধর্মঘটকারী, অনশনকারী

مُضْرِب عَنِ الْعَمَل [-- 'আনিল 'আমাল] ধর্মঘট-কারী, ধর্মঘটী, কাজ থেকে বিরত, কর্মবিরতি পালনকারী

مَضْرَبَة [ضرب] [মাদ্‌রবাহ্] (তরবারির) ধার

مَضْرِبَة [ضرب] [মাদ্‌রিবাহ্] (তরবারির) ধার

مِضْرَبَة ج مَضَارِب [ضرب] [মিদ্‌রবাহ্] যা দিয়ে মারা হয়, মারার যন্ত্র, প্রহার করার যন্ত্র

مُضَرَّبَة [ضرب] [মুদর্‌রবাহ্] মাঝখানে তুলা দিয়ে সেলাই-করা দুই পাল্লার বস্ত্র, লেপ, মাফলার

مَضَرَّة ج مَضَرَّات ، مَضَارّ [ضرر] [মাদর্‌রাহ্] অপকার, অপকারিতা, ক্ষতি, অনিষ্ট

مُضَرَّج [ضرج] [মুদর্‌রাজ] রক্ত-মাখা, রক্তের দাগযুক্ত

مُضَرَّج بِالدَّم [মুদর্‌রাজ বিদ-দাম] রক্ত-মাখা, রক্তের দাগযুক্ত

مُضَرَّج الْيَدَيْن [মুদর্‌রাজুল ইয়াদাইন] রক্তমাখা হাতবিশিষ্ট

مِضْرَم [ضرم] [মিদ্‌রম] বাতি বা স্টোভের যে অংশ থেকে আলো বের হয়, বার্নার, বাতি

مَضْرُوب [ضرب] [মাদ্‌রূব] প্রহৃত, আঘাতপ্রাপ্ত, ছাঁচে ঢালাইকৃত, নির্দিষ্ট, (গণিতে) গুণ্য

نَاغَى (مُنَاغَاة) [نغو] [নাগা] নরম নরম কথা বলা, সোহাগ করে কথা বলা, প্রেমালাপ করা

نَافَ[ن] (نَوْف) [نوف] [নাফা] উচ্চ হওয়া, উঁচু হওয়া, বেশী হওয়া

نَافِث [نفث] [নাফিছ] ফুঁক দেয় বা মুখ থেকে বের করে দেয় এমন, যাদুকর

نَافِج [نفج] [নাফিজ] উত্থিত, লম্ফমান, বড়াই-কারী, দম্ভকারী, দাম্ভিক, উচ্চ, কর্কশ (স্বর)

نَافَحَ (مُنَافَحَة ، نِفَاح) [نفح] [নাফাহা] বিরোধ করা, বিবাদ করা, ঝগড়া করা

[-- 'আন] রক্ষা করা, পক্ষাবলম্বন করা, نَافَحَ عَنْ
আশ্রয় দেওয়া, প্রশ্রয় দেওয়া

[নাফিখ] যে ফুঁ দেয়, ফুঁকদানকারী نَافِخ [نفخ]

[নাফিদ] ফুরিয়ে গিয়েছে এমন, নিঃশেষিত نَافِد

[নাফিয] কার্যকর, সম্পন্ন, বাস্তবায়িত, نَافِذ [نفذ]
সফল, ভিতরে প্রবেশকারী, বিদ্ধকারী, প্রভাব-শালী, শক্তিশালী

[নাফিযাহ] জানালা, খিড়কি, نَافِذَة ج نَوَافِذ [نفذ]
ছিদ্র, ফাঁক

[নাফারা] অপছন্দ করা, نَافَرَ (مُنَافَرَة) [نفر]
দূরে থাকা, বংশ-মর্যাদার প্রতিযোগিতা করা, বংশের গৌরব করা

[নাফির] পলায়নকারী, পলায়ন- نَافِر ج نُفَّر ، نُفُر
পর, ভীরু, লাজুক, ঘৃণাকারী, অনিচ্ছুক, নির্গত, বহির্গত, উদ্‌গত, স্ফীত, বিজয়ী

[নাফাসা] প্রতিযোগিতা نَافَسَ (مُنَافَسَة) [نفس]
করা, প্রতিদ্বন্দ্বিতা করা

[নাফি'] উপকারকারী, উপকারী, نَافِع [نفع]
হিতকর, কল্যাণকর, লাভজনক

[আন-নাফি'] পরম উপকারকারীঃ আল্লাহ اَلنَّافِع

[নাফি'আহ] গণপূর্ত نَافِعَة [نفع]

[ওয়াযীরুন নাফি'আহ] পূর্তমন্ত্রী وَزِير النَّافِعَة

[নাফাকা] কপটতা نَافَقَ (مُنَافَقَة ، نِفَاق) [نفق]
করা, মোনাফেকি করা, কপটাচারী হওয়া

[নাফিক] বাজারে ভাল চাহিদা আছে نَافِق [نفق]
এমন, ভাল বিক্রি হচ্ছে এমন, চালু (পণ্য)

[নাফিল] কর্তব্যের অতিরিক্ত, নফল نَافِل [نفل]

[নাফিলাহ] কর্তব্যের অতি- نَافِلَة ج نَوَافِل [نفل]
রিক্ত কাজ, নফল ইবাদত, যুদ্ধলব্ধ সম্পদ, গনীমত, দান, উপহার

[নাফূর] ফোয়ারা, ঝরনা نَافُور، نَافُورَة ج نَوَافِير

[নাফা] সঙ্গতিহীন হওয়া, نَافَى (مُنَافَاة) [نفي]
বিরোধী হওয়া, ভিন্ন হওয়া, ধাওয়া করা, তাড়া করা

[নাফী] না-সূচক, نَافِي ، نَافٍ مث نَافِيَة [نفي]
নেতিবাচক

[নাকাবা] গুণ বা نَاقَبَ (مُنَاقَبَة ، نِقَاب) [نقب]
কৃতিত্বের প্রতিযোগিতা করা

[নাকাহ] উষ্ট্রী نَاقَة ج نَاقَات ، نُوق ، نِيَاق [نوق]

[নাকাদা] আলোচনা করা نَاقَدَ (مُنَاقَدَة) [نقد]

[নাকিদ] ছিদ্রান্বেষী, نَاقِد ج نُقَّاد ، نَقَدَة ، نَاقِدُون
যাচাইকারী, সমালোচনাকারী, সমীক্ষক, সমালোচক

[নাকারা] ঠোকরা- نَاقَرَ (مُنَاقَرَة ، نِقَار) [نقر]
ঠুকরি করা, ঝগড়া করা

[নাকির] লক্ষ্যে আঘাতকারী তীর نَاقِر ج نَوَاقِر

[নাকিরাহ] ঝগড়া, বিতর্ক, نَاقِرَة ج نَوَاقِر [نقر]
বিপদ, দুর্যোগ

[নাকাশা] আলো- نَاقَشَ (مُنَاقَشَة ، نِقَاش) [نقش]
চনা করা, জিজ্ঞাসাবাদ করা, বাদানুবাদ করা, বিতর্ক করা

[নাকাছা] (নিম্নতম মূল্য نَاقَصَ (مُنَاقَصَة) [نقص]
স্থির করার জন্য) দরপত্র আহ্বান করা, টেন্ডার আহ্বান করা, দরপত্র দাখিল করা, টেণ্ডার দাখিল করা

[নাকিছ] অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, হ্রাস- نَاقِص [نقص]
প্রাপ্ত, বিয়োজিত, কম, স্বল্প, বিয়োগ, যে আরবী শব্দের মূল তিন অক্ষরের শেষ অক্ষর হর্‌ফে ইল্লাত বা স্বরবর্ণ (ا و ي)

[ফি'ল নাকিছ] অপূর্ণাঙ্গ ক্রিয়া, অসম্পূর্ণ فِعل نَاقِص
ক্রিয়া (ব্যা)

[নাকাদা] نَاقَضَ (مُنَاقَضَة ، نِقَاض) [نقض]
বিরোধী হওয়া, বিপরীত হওয়া, উল্টা হওয়া

[নাকি'] ভিজিয়ে রাখে এমন, তাজা نَاقِع [نقع]
(রক্ত), মারাত্মক (বিষ), তৃষ্ণা নিবারক (পানি), উপকারী (ঔষধ)

[নাকালা] (বাক্য) বিনিময় نَاقَلَ (مُنَاقَلَة) [نقل]
করা, (কবি) কবিতা বলার প্রতিযোগিতা করা

[নাকিল] নকলকারী, বহনকারী, বাহী, نَاقِل [نقل]
বাহক, পরিবাহী, বর্ণনাকারী, অনুবাদক, অনুলিপি লেখক, প্রেরকযন্ত্র

[নাকিলাহ] পরিবহণ-যান, জাহাজ نَاقِلَة ج نَاقِلَات

[নাকিম] প্রতিশোধ গ্রহণকারী, বিদ্বেষী, نَاقِم [نقم]
ক্রুদ্ধ, শত্রুতা পোষণকারী

[নাকিহ] আরোগ্য লাভ করছে এমন, نَاقِه [نقه]

রোগমুক্ত হচ্ছে এমন

[নাকূর] শিঙ্গা, বিউগল, অন্তর نَاقُور ج نَوَاقِير

[নাকূস] নাকূসঃ এক প্রকার نَاقُوس ج نَوَاقِيس
বাদ্যযন্ত্র, ঘন্টা, কাঁসার ঘন্টা, গোলক

[নাকিব] বিপথগামী, পথভ্রষ্ট, বিচ্যুত نَاكِب

[নাকিছ] (চুক্তি, প্রতিজ্ঞা) লংঘন- نَاكِث [نكث]
কারী, ভঙ্গকারী, অবিশ্বাসী, অবাধ্য, অসৎ

[নাকাহা] বৈবা- نَاكَحَ (مُنَاكَحَة ، نِكَاح) [نكح]
হিক সম্পর্কে সম্পৃক্ত হওয়া, বিবাহ করা

[নাকাদা] উৎপীড়ন করা, نَاكَدَ (مُنَاكَدَة) [نكد]
উত্ত্যক্ত করা, বিরক্ত করা, কষ্ট দেওয়া

[নাকির] অস্বীকারকারী, প্রত্যাখ্যান- نَاكِر [نكر]
কারী, অমান্যকারী

[নাকিরুল জামীল] অকৃতজ্ঞ, কৃতঘ্ন, نَاكِر الجَمِيل
নিমকহারাম

[নাকিস] মস্তক অবনতকারী, অবনতমস্তক, نَاكِس
মাথানতকারী, নতমস্তক

[হুম্মা নাকিসাহ] আগের খারাপ حُمَّى نَاكِسَة
অবস্থায় ফিরে-যাওয়া জ্বর

[নালা] লাভ نَالَ [س] (نَيْل ، نَال ، نَالَة) [نيل]
করা, পাওয়া, অর্জন করা, জয় করা

[-- মিন] ক্ষতি করা, নষ্ট করা, অসম্মান نَالَ مِنْ
করা, অমর্যাদা করা, গালি দেওয়া, প্রভাবিত করা

[-- মিন 'ইরদিহী] অসম্মান করা, نَالَ مِنْ عِرْضِهِ
অমর্যাদা করা, গালি দেওয়া

[নাম] পরনিন্দুক, কুৎসাকারী, نَامّ ج نُمَّام [نمم]
বিশ্বাসঘাতক, চোগলখোর

[নামা] নিদ্রা যাওয়া, نَامَ [س] (نَوْم ، نِيَام) [نوم]
ঘুমানো, শয়ন করা, ঝিমিয়ে পড়া, শান্ত হওয়া,
ঠাণ্ডা হওয়া, (বাজার) মন্দা হওয়া, মরে যাওয়া

[নাম্মাহ] গতি, জীবন, প্রাণ, অনুভূতি نَامَّة [نمم]

[নামাসা] গোপন কথা نَامَسَ (مُنَامَسَة) [نمس]
বলা

[নামূস] নিয়ম, রীতি, বিধান, نَامُوس ج نَوَامِيس
আল্লাহর বিধান, ওহী, মশক, মশা, চতুর, দক্ষ,
বিশ্বস্ত বন্ধু

[আন-নামূস] জিব্রাঈল (আ) النَّامُوس

[নামূসিয়্যাহ] মশারি, মশারী نَامُوسِيَّة

[নামী] উন্নয়নশীল, نَامِي ، نَام مث نَامِيَة [نمو]
বিকাশশীল, বর্ধনশীল, বর্ধিষ্ণু

[আল-বালাদুন নামী] উন্নয়নশীল البَلَد النَّامِي
দেশ

[নামীবিয়া] নামিবিয়া (দেশ) نَامِيبِيَا

[নামিয়াহ] বৃদ্ধি, نَامِيَة ج نَوَامِي ، نَوَام [نمو]
বর্ধিত অংশ, উদ্ভিদ বা প্রাণীদেহে কোন অংশের
অস্বাভাবিক বৃদ্ধি, অসুস্থ অঙ্গবৃদ্ধি, টিউমার, আব,
আঁচিল

[নাহিজ] স্পষ্ট, পরিষ্কার (রাস্তা) نَاهِج [نهج]

[নাহাদা] প্রতিরোধ করা, نَاهَدَ (مُنَاهَدَة) [نهد]
বিতর্ক করা, ঝগড়া করা, বিবাদ করা, যুদ্ধ করা,
সংঘাতে লিপ্ত হওয়া, বিরোধিতা করা

[নাহিদ] পূর্ণ, গোলাকার ও স্ফীত نَاهِد ج نَوَاهِد
(স্তন), পূর্ণবক্ষা, উন্নতবক্ষা, সুতন্বী, সুন্দরী

[নাহিদাহ] পূর্ণবক্ষা, উন্নত- نَاهِدَة ج نَوَاهِد [نهد]
বক্ষা, সুতন্বী, সুন্দরী

[নাহাযা] নিকটবর্তী হওয়া, نَاهَزَ (مُنَاهَزَة) [نهز]
উপনীত হওয়া, নাগাল পাওয়া, (সুযোগ) গ্রহণ
করা, (সুযোগের) সদ্ব্যবহার করা

[নাহাদা] প্রতিরোধ نَاهَضَ (مُنَاهَضَة) [نهض]
করা, বিরোধিতা করা, চ্যালেঞ্জ করা, বিতর্ক
করা, বিবাদ করা

[নাহিদ] উত্থিত, জাগ্রত, উঁচু, উচ্চ, কর্মঠ, نَاهِض
কর্মতৎপর, প্রাণবন্ত, প্রতিষ্ঠিত, প্রমাণিত

[নাহী] নিষেধকারী, نَاهِي، نَاهٍ ج نَاهُون [نهي]
বারণকারী, মানাকারী

[নাহিয়াহ] নিষেধ, نَاهِيَة ج نَوَاهِي ، نَوَاهٍ [نهي]
বাধা, নিষেধাজ্ঞা, বিধিনিষেধ

[নাহীকা মিন] বাহ! কী চমৎকার! কী نَاهِيكَ مِنْ
আর বলব! কিছুই বলার নেই।

[নাওয়াআ] বিরোধিতা করা, نَاوَأَ (مُنَاوَأَة) [نوأ]
প্রতিরোধ করা, শত্রুতা করা, শত্রুভাবাপন্ন হওয়া,
শত্রুতামূলক আচরণ করা

[নাওয়াবা] অদলবদল نَاوَبَ (مُنَاوَبَة) [نوب]
করা, পালাবদল করা

[নাওয়ারা] গালি দেওয়া, نَاوَرَ (مُنَاوَرَة) [نور]

পরিকল্পনা করা, পরিকল্পিতভাবে এগিয়ে চলা, পরিকল্পিতভাবে পরিচালনা করা, কৌশল করা

[নাওয়াশা] বিবাদ করা, ঝগড়া করা, গোলযোগ বাঁধানো, সংঘাতে লিপ্ত হওয়া نَاوَشَ (مُنَاوَشَة) [نوش]

[নাওয়ালা] দেওয়া, এনে দেওয়া, পরিবেশন করা, পেশ করা, উপস্থাপন করা, হস্তান্তর করা, ডেলিভারি দেওয়া نَاوَلَ (مُنَاوَلَة) [نول]

[নাওলুন] ভাড়া, মাসুল, কেরায়া نَاوُلُون ج نَوَالِين

[নাবুস] পাথর দিয়ে বাঁধানো কবর, খ্রীষ্টানদের কবর, পাথরের তৈরী শবাধার نَاوُوس ج نَوَاوِيس

[নাওয়া] বিরোধিতা করা, প্রতিরোধ করা, শত্রুতা করা, শত্রুভাবাপন্ন হওয়া, শত্রুতামূলক আচরণ করা نَاوَى (مُنَاوَاة) [نوي]

[নাই] বাঁশি, নল, পাইপ, বাঁশ বা কাঠের তৈরী একপ্রকার বাঁশি نَاي ج نَايَات

[নাইলোন] নাইলন نَايْلُون

[নাআমা] শব্দ করা, আওয়াজ দেওয়া, ক্রন্দন করা, বিলাপ করা نَأَمَ [ف] (نَئِيم)

[না'উম] বেশী ঘুমায় এমন نَؤُوم [نوم]

[না'ই] দূরত্ব, দূরবর্তিতা, পরিখা, গর্ত نَأْي ج نَأْيَات

[না'ই] দূরবর্তী স্থান, দূর-দূরান্ত نَأْي ج آنَاء

[নাআ] দূরে থাকা, দূরে যাওয়া, দূরবর্তী হওয়া نَأَى [ف] (نَأْي)

[নাবা] লক্ষ্যভ্রষ্ট হওয়া, প্রতিকূল হওয়া, খাপ না খাওয়া, বিপরীত হওয়া, (তরবারি) ভোঁতা হওয়া نَبَا [ن] (نَبْو، نُبُوّ) [نبو]

[নাবাত] তৃণ, গুল্ম, উদ্ভিদ, ঘাস نَبَات ج نَبَاتَات

['ইলমুন নাবাত] উদ্ভিদবিদ্যা, উদ্ভিদ-বিজ্ঞান عِلْم النَّبَات

[নাবাতী] উদ্ভিদসম্বন্ধীয়, উদ্ভিদ থেকে তৈরী, উদ্ভিদবিদ্যা-বিষয়ক, উদ্ভিদবিজ্ঞানী, তৃণভোজী (প্রাণী), নিরামিষভোজী (মানুষ) نَبَاتِيّ

[নাব্বাহ] ঘেউঘেউকারী (কুকুর) نَبَّاح [نبح]

[নুবাহ, নিবাহ] কুকুরের ডাক, ঘেউ ঘেউ শব্দ نُبَاح ، نِبَاح

[নাব্বাশ] কবর খননকারী, কবর থেকে লাশ উত্তোলনকারী نَبَّاش [نبش]

[নিবাশাহ] খননকার্য, কবর খননের পেশা نِبَاشَة

[নাব্বাল] তীরন্দাজ, তীর প্রস্তুতকারী نَبَّال [نبل]

[নাবালাহ] মহত্ত্ব, মহানুভবতা, আভিজাত্য, শ্রেষ্ঠত্ব نَبَالَة

[নাবাহাহ] বিচক্ষণতা, বুদ্ধিমত্তা, সচেতনতা, মেধা, খ্যাতি, মর্যাদা, মহত্ত্ব نَبَاهَة

[নাবা'] সংবাদ, খবর, তথ্য, বিবরণ, ঘটনা نَبَأ ج أَنْبَاء

[আন-নাবা'] সূরা আন-নাবা'ঃ পবিত্র কোর-আনের ৭৮তম সূরা النَّبَأ

[নাবাআ] উদ্‌গত হওয়া, বহির্গত হওয়া, বেরিয়ে থাকা, উঁচু হওয়া نَبَأَ [ف] (نَبَأ ، نُبُوء)

[-- 'আলা] পরাভূত করা, পরাস্ত করা نَبَأَ عَلَى

[-- 'আন] সরে আসা, হটে আসা, বিতাড়িত হওয়া, বিতৃষ্ণ হওয়া, আঘাতপ্রাপ্ত হওয়া نَبَأَ عَنْ

[নাব্বাআ] অবগত করা, খবর দেওয়া, সংবাদ দেওয়া, জানানো, অবহিত করা نَبَّأَ (تَنْبِئَة) [نبأ]

[নাব্‌আহ] কুকুরের ডাক, অস্পষ্ট শব্দ نَبْأَة

[নাব্‌ত] অঙ্কুর, চারা, তৃণ, গুল্ম, ঘাস, উদ্ভিদ نَبْت

[নাবাতা] (ভূমিতে) তৃণ বা গুল্ম থাকা, (তৃণ, গুল্ম) উদ্‌গত হওয়া, অঙ্কুরিত হওয়া, গজানো, উৎপন্ন হওয়া نَبَتَ [ن] (نَبْت ، نَبَات)

[নাব্বাতা] উদ্‌গত করা, অঙ্কুরিত করা, উৎপন্ন করা, রোপণ করা, বপন করা نَبَّتَ (تَنْبِيت) [نبت]

[নাব্‌তাহ] অঙ্কুর, চারা نَبْتَة

[নেব্‌তুন] নেপচুন (গ্রহ) نِبْتُون

[নাব্‌হ] কুকুরের ডাক, ঘেউঘেউ শব্দ نَبْح

[নাবাহা] (কুকুর) ঘেউঘেউ করা, ডাকা, শব্দ করা, (কবি) ব্যঙ্গ করা, নিন্দা করা نَبَحَ [ض] [ف] (نَبْح ، نُبَاح ، نُبُوح)

[নাব্‌য] নিক্ষেপ, বর্জন, প্রত্যাখ্যান نَبْذ

[নাব্‌য] অংশ, ভাগ, কিয়দংশ, কিছু পরিমাণ, সামান্য পরিমাণ, তুচ্ছ পরিমাণ نَبْذ ج أَنْبَاذ

[নাবাযা] নিক্ষেপ করা, ছুঁড়ে نَبَذَ [ض] (نَبْذ)

মারা, বর্জন করা, প্রত্যাখ্যান করা, অপসারণ করা, বরখাস্ত করা, উপেক্ষা করা, ফেলে রাখা, ভঙ্গ করা

[নাব্বাযা] নিক্ষেপ করা, ছুঁড়ে মারা, বর্জন করা, প্রত্যাখ্যান করা, নাবীয (মাদকজাতীয় পানীয়বিশেষ) তৈরী করা نَبَّذَ (تَنْبِيذ) [نبذ]

[নাব্যাহ্] অংশ, ভাগ, ক্ষুদ্র অংশ, কিয়দংশ, কিছু পরিমাণ, সামান্য পরিমাণ نَبْذَة

[নুব্যাহ্] অংশ, ভাগ, সারাংশ, নিবন্ধ, প্রচারপত্র, বিজ্ঞাপন نُبْذَة ج نُبَذ

[নুব্যাহ্ 'আন হায়াত] জীবনী, জীবনচরিত, জীবনালেখ্য نُبْذَة عَنْ حَيَاة

[নাব্র] জোর, জোরদান, (কণ্ঠস্বর) উঁচুকরণ, ধমক, কম লজ্জাসম্পন্ন, নির্লজ্জ نَبْر

[নাবারা] উঁচু করা, কণ্ঠস্বর উঁচু করা, জোর দেওয়া, ধমক দেওয়া, দুর্নাম করা, উত্তোলন করা, টেনে উঠানো, (ছেলে) বড় হওয়া, বেড়ে ওঠা نَبَرَ [ض] (نَبْر)

[নিব্র] ভাণ্ডার, গুদাম, ডাঁশ, অধিক বেঁটে, বেশী খাটো, হীন, ইতর نِبْر ج أَنْبَار ، نِبَار

[নিব্রাস] প্রদীপ, বর্শার ফলা বা অগ্রভাগ, সাহসী, সিংহ نِبْرَاس ج نَبَارِيس

[নাব্রাহ্] উচ্চতা, স্বরের উচ্চতা, শ্বাসাঘাত, জোর, স্ফীতি نَبْرَة ج نَبَرَات

[নুব্রাহ্] বড় গ্রাস, বিরাট লোকমা نُبْرَة ج نُبَر

[নিব্রীজ] নল, পাইপ, হোক্কার নল, হোসপাইপ نِبْرِيج ج نَبَارِيج

[নাবায] বিদ্রূপাত্মক উপাধি, উপনাম, ডাকনাম نَبَز ج أَنْبَاز

[নাবাযা] বিদ্রূপাত্মক উপাধি দেওয়া, উপনাম দেওয়া نَبَزَ [ض] (نَبْز)

[নাবাসা] গোপন করা, নড়া, দ্রুত চলা نَبَسَ [ض] (نَبْس)

[-- বি] (কথা) বলা, উচ্চারণ করা نَبَسَ بِ

[নাব্বাসা] (কথা) বলা, উচ্চারণ করা, গোপন করা نَبَّسَ (تَنْبِيس) [نبس] بِ

[নাব্শ] খনন, প্রকাশকরণ, আবিষ্কারকরণ نَبْش

[নাবাশা] খনন করা, খুঁড়ে বের করা, বাইরে আনা, প্রকাশ করা, কবর খনন করা نَبَشَ [ن] (نَبْش)

[নাব্বাশা] তালাশ করা, খোঁজ করা, অনুসন্ধান করা, তদন্ত করা نَبَّشَ (تَنْبِيش) [نبش]

[নাবাছা] (চুল) উপড়ানো نَبَصَ [ض] (نَبْص)

[-- বি] (কথা) বলা, উচ্চারণ করা نَبَصَ بِ

[নাব্দ] নাড়ী, নাড়ীর স্পন্দন, কম্পন, ধুকধুকানি نَبْض ج أَنْبَاض

[দাবিতাতুন নাব্দ] হৃদস্পন্দন নিয়ন্ত্রণের যন্ত্র, পেসমেকার (pacemaker) ضَابِطَة النَّبْض

[মির্সামাতুন নাব্দ] নাড়ির বেগ-নিরূপক যন্ত্র, স্ফিগমোগ্রাফ (sphygmograph) مِرْسَمَة النَّبْض

[মিক্ইয়াসুন নাব্দ] নাড়ির গতি-মাপক যন্ত্র, পালসিমিটার (pulsimeter) مِقْيَاس النَّبْض

[নাবাদা] নাড়ী বা হৃদযন্ত্র) স্পন্দিত হওয়া, ধুকধুক করা, চলা, নড়া, (বিদ্যুৎ) আস্তে চমকানো نَبَضَ [ض] (نَبْض ، نَبَضَان)

[নাব্দাহ্] (নাড়ী বা হৃদযন্ত্রের) স্পন্দন, ধুকধুকানি, কম্পন, নাড়ী نَبْضَة ج نَبَضَات

[নাব্দী] হৃৎস্পন্দন-সম্বন্ধীয়, নাড়ি-বিষয়ক, নাড়ির نَبْضِيّ

[নাবাতা] (পানি) বেগে নির্গত হওয়া, বের হওয়া, উৎপন্ন হওয়া, প্রকাশ করা, (কূপের) পানি বের করা نَبَطَ [ن] [ض] (نَبْط ، نُبُوط)

[নাব্বাতা] (কূপের) পানি বের করা نَبَّطَ (تَنْبِيط) [نبط]

[নাব্'] নির্গমন, উদ্ভব, উৎপত্তি, উৎস, ঝরনা نَبْع

[নাবা'আ] উৎপন্ন হওয়া, উদ্ভূত হওয়া, বেগে নির্গত হওয়া نَبَعَ [ن] [ض] [ف] (نَبْع ، نُبُوع)

[নাব্গ] শ্রেষ্ঠত্ব, উৎকর্ষ, নির্গমন, উদ্ভব نَبْغ

[নাবাগা] বের হওয়া, নির্গত হওয়া, উত্থিত হওয়া, প্রকাশিত হওয়া, ছড়িয়ে পড়া, শ্রেষ্ঠ হওয়া, উৎকর্ষ লাভ করা, প্রতিভাবান হওয়া نَبَغَ [ن] [ف] (نَبْغ ، نُبُوغ)

[নাব্ক] খেজুর গাছের মজ্জা থেকে বের-হওয়া ময়দার মত মিষ্ট বস্তু, কুলজাতীয় এক-প্রকার গাছ ও তার ফল نَبْق

[নাবাক] কুলজাতীয় একপ্রকার গাছ ও তার ফল نَبِق

نَبَقَ [ن] (نَبْق) [নাবাক্বা] লেখা, প্রকাশ পাওয়া, বের হওয়া, বেরিয়ে আসা

نَبَّقَ (تَنْبِيق) [نبق] [নাব্বাক্বা] প্রকাশ পাওয়া, বের হওয়া, লেখা, রেখা টানা, সারিবদ্ধভাবে রোপণ করা, (খেজুর গাছ) লম্বা হওয়া, নষ্ট হয়ে ফল ছোট হয়ে যাওয়া

نَبِق [নিবক্] কুলজাতীয় একপ্রকার গাছ ও তার ফল

نَبْكَة ، نَبَكَة ج نَبَكَات [নাব্কাহ, নাবাকাহ] টিলা, ছোট পাহাড়

نَبْل ج نِبَال ، أَنْبَال [নাব্ল] তীর, বাণ, শর

نَبَلَ [ن] (نَبْل) [নাবালা] তীর নিক্ষেপ করা

نَبُلَ [ك] (نَبَالَة) [নাবুলা] মহৎ হওয়া, সম্ভ্রান্ত হওয়া, অভিজাত হওয়া, উচ্চমনা হওয়া

نُبْل [নুব্ল] মহত্ত্ব, মহানুভবতা, শ্রেষ্ঠত্ব, আভিজাত্য

نَبْلَة ج نِبَال ، أَنْبَال [নাব্লাহ] তীর, শর, বাণ

نُبْلَة ج نُبُلَات [নুব্লাহ] দান, প্রতিদান, বিনিময়, ক্ষুদ্র গ্রাস, ছোট লোকমা, শ্রেষ্ঠাংশ

نَبِه [নাবিহ] বুদ্ধিমান, বিচক্ষণ, মেধাবী, সচেতন, সজাগ, বিখ্যাত, খ্যাতিমান, সম্ভ্রান্ত, মহৎ

نَبِهَ [س] (نَبَه) لِ [নাবিহা] মনোযোগ দেওয়া, মনোযোগী হওয়া, লক্ষ্য করা, পর্যবেক্ষণ করা, সজাগ হওয়া, সচেতন হওয়া

نَبُهَ [ك] (نَبَاهَة) [নাবুহা] খ্যাত হওয়া, বিখ্যাত হওয়া, খ্যাতিমান হওয়া

نَبَّهَ (تَنْبِيه) [نبه] عَلَى [নাব্বাহা] অবহিত করা, স্মরণ করিয়ে দেওয়া, সতর্ক করা, জাগ্রত করা, উজ্জীবিত করা, উত্তেজিত করা

نُبْه [নুব্হ] বুদ্ধিমত্তা, বিচক্ষণতা, সচেতনতা, মেধা, খ্যাতি, মহত্ত্ব, মর্যাদা

نُبُوءَة [نبأ] [নুবুআহ] ভবিষ্যদ্বাণী, ভাবীকথন, পূর্বাভাস, নবুওয়াত

نَبُّوت ج نَبَابِيت [نبت] [নাব্বুত] মোটা লাঠি, ব্যাট, মুগুড়, গদা

نُبُوَّة [نبو] [নুবুওওয়াহ] নবুওয়াত, নবীর কাজ

نُبُوع [نبع] [নুবু'] নির্গমন, উদ্ভব, উৎপত্তি

نُبُوغ [نبغ] [নুবুগ] মেধা, প্রতিভা, শ্রেষ্ঠত্ব

نَبَوِيّ [নাবাবী] নবী-সম্বন্ধীয়, নববী, নবীর

نَبِيّ ج أَنْبِيَاء ، نَبِيُّون [نبأ ، نبو] [নাবী] নবী, পয়গম্বর

نَبِيث [নাবীছ] দুষ্ট, বদমাশ, পাপিষ্ঠ

نَبِيح [নাবীহ] কুকুরের ডাক, ঘেউ ঘেউ শব্দ

نَبِيذ [নাবীয] নিক্ষিপ্ত, বর্জিত, অপসারিত, বরখাস্ত

نَبِيذ ج أَنْبِذَة [নাবীয] নাবীযঃ মাদকজাতীয় এক-প্রকার পানীয়, মদ

نَبِيغ ج نُبَغَاء [নাবীগ] মহান ব্যক্তি, উচ্চ মর্যাদা-সম্পন্ন লোক

نَبِيل ج نُبَلَاء [নাবীল] মহৎ, মহান, মর্যাদাবান, সম্ভ্রান্ত, অভিজাত, শ্রেষ্ঠ

نَبِيلَة ج نَبَائِل [নাবীলাহ] মহতী, মহীয়সী, সম্ভ্রান্ত, অভিজাত, শ্রেষ্ঠ (স্ত্রী), পচা মৃতদেহ

نَبِيه ج نُبَهَاء [নাবীহ] বুদ্ধিমান, বিচক্ষণ, মেধাবী, সজাগ, সচেতন, বিখ্যাত, খ্যাতিমান, সম্ভ্রান্ত, মহৎ

نَتَا [ن] (نُتُوّ) [نتو] [নাতা] স্ফীত হওয়া, ফুলে ওঠা, উঁচু হওয়া, উদ্‌গত হওয়া, বেরিয়ে আসা

نِتَاج [নিতাজ] উৎপন্নদ্রব্য, উৎপাদন, প্রসব, বাচ্চা, ফল, ফসল

نَتَانَة [نتن] [নাতানাহ] পচন, দুর্গন্ধ

نَتَأَ [ف] (نَتْأ ، نُتُوء) [নাতাআ] স্ফীত হওয়া, ফুলে ওঠা, উঁচু হওয়া, উদ্‌গত হওয়া, বেরিয়ে আসা

نَتْأَة [নাত্‌আহ] উঁচ স্থান, টিলা, ঢিপি, ছোট পাহাড়

نَتَجَ [ض] (نَتْج ، نِتَاج) [নাতাজা] উদ্ভূত হওয়া, সৃষ্টি হওয়া, জন্মলাভ করা, জাত হওয়া, পরিণতি হওয়া, (বাচ্চা) প্রসব করা

نَتَحَ [ن] [ض] [ف] (نَتْح ، نُتُوح) [নাতাহা] (ঘাম) নির্গত হওয়া, বের হওয়া, ঝরা, ঘামানো

نَتَرَ [ن] (نَتْر) [নাতারা] কেড়ে নেওয়া, ছিনিয়ে নেওয়া, হঠাৎ টান দেওয়া, উপড়ে ফেলা

نِتْرَات [নিত্‌রাত] নাইট্রিক এসিডের লবণ, নাইট্রেট

نِتْرُوجِين [নিত্‌রোজেন] যবক্ষারজান, নাইট্রোজেন

نِتْرِيك [নিত্‌রীক] যবক্ষার-সম্বন্ধীয়, নাইট্রিক

[উক্সীদ নিত্রীক] নাইট্রিক অক্সাইড أُوكْسِيد نِتْرِيك

[হামিদ নিত্রীক] নাইট্রিক অ্যাসিড حَامِض نِتْرِيك

[নাতাশা] (কাঁটা) বের করা, অপসারণ করা, সরিয়ে দেওয়া, উৎপাটন করা, উপড়ানো, তুলে ফেলা, কেড়ে নেওয়া, গাছপালা খেয়ে ফেলা, গোপনে দোষারোপ করা, প্রহার করা, উপার্জন করা نَتَشَ [ض] (نَتْش)

[নাতা'আ] একটু একটু করে ঝরা, ফোঁটা ফোঁটা পড়া, চুয়ে পড়া, উঠিয়ে নেওয়া, নিয়ে যাওয়া نَتَعَ [ن] [ض] (نُتُوع)

[নাতাফা] উৎপাটন করা, উপড়ানো, তুলে ফেলা نَتَفَ [ض] (نَتْف)

[নুত্ফাহ্] (চুলের) গুচ্ছ, স্বল্প পরিমাণ, কিঞ্চিত, ছেঁড়া খণ্ড, টুকরা نُتْفَة ج نُتَف

[নাতাক্বা] উঠানো, লটকানো, উপড়ানো, ঝাঁকুনি দেওয়া, ঝাড়া দেওয়া, ছড়িয়ে দেওয়া, (চামড়া) খুলে ফেলা, অনেক সন্তান হওয়া نَتَقَ [ن] [ض] (نَتْق ، نُتُوق)

[নাত্ন] পচন, দুর্গন্ধ نَتْن

[নাতিন] পচা, পচনশীল, দুর্গন্ধময় نَتِن

[নাতিনা] পচে যাওয়া, নষ্ট হওয়া, দুর্গন্ধ ছড়ানো نَتِنَ [س] (نَتْن)

[নাতুনা] পচা হওয়া, দুর্গন্ধময় হওয়া, নষ্ট হওয়া نَتُنَ [ك] (نَتَانَة)

[নাত্তানা] পচানো, নষ্ট করা, দুর্গন্ধময় করা نَتَّنَ (تَنْتِين) [نتن]

[নুতূ'] স্ফীতি, অস্বাভাবিক বৃদ্ধি, ফুলা, টিলা نُتُوء [نتأ]

[নাতূজ] গর্ভবতী, আসন্নপ্রসবা نَتُوج [نتج]

[নাতীজাহ্] পরিণাম, ফল, পরিণতি, কর্মফল, ফলাফল, সিদ্ধান্ত, উৎপন্নদ্রব্য, সন্তান نَتِيجَة ج نَتَائِج [نتج]

[নাতীজাতা] ফলে, ফলশ্রুতিতে, কারণে, পরিণতিতে نَتِيجَةَ

[বিন-নাতীজাহ্] ফলে, ফলশ্রুতিতে, পরিণতিতে, কারণে بِالنَّتِيجَة

[ফিন-নাতীজাহ্] ফলে, ফলশ্রুতিতে, পরিণতিতে, কারণে فِي النَّتِيجَة

[নিছ্ছার] টাকা, সম্পদ, অভ্যাগতদের উপর বর্ষিত ফুল, অনুষ্ঠানাদিতে ছড়ানো টুকরা টুকরা রঙিন কাগজ نِثَار

[নুছ্ছার, নুছ্ছারাহ্] বিক্ষিপ্ত দ্রব্যাদি, ছড়ানো টুকরা نُثَار ، نُثَارَة

[নুছ্ছালাহ্] অবশিষ্টাংশ, কূপ থেকে নিষ্কাশিত মাটি, ধ্বংসাবশেষ, আবর্জনা, জঞ্জাল نُثَالَة

[নাছ্র] বিক্ষেপ, বিকৃতি, বিস্তার, গদ্য نَثْر

[নাছারা] ছড়ানো, ছড়িয়ে দেওয়া, ছিটিয়ে দেওয়া, গদ্য রচনা করা نَثَرَ [ن] [ض] (نَثْر)

[নাছ্ছারা] চতুর্দিকে নিক্ষেপ করা, ছড়িয়ে ছিটিয়ে দেওয়া نَثَّرَ (تَنْثِير) [نثر]

[নাছ্রাহ্] বিক্ষেপ, গদ্যাংশ, নাকের নিচে দুই গোঁফের মধ্যবর্তী ফাঁক, হাঁচি نَثْرَة

[নাছ্রী] গদ্য-সম্বন্ধীয়, গদ্যে রচিত, গদ্য- نَثْرِيّ

[নাছ্রিয়্যাত] বিক্ষিপ্ত জিনিসপত্র, বিবিধ বিষয় نَثْرِيَّات

[নাছালা] (কূপের) মাটি নিষ্কাশন করা, ঝেড়ে ফেলা, খুলে ফেলা, পরিয়ে দেওয়া, (মাংস) রান্নার হাড়িতে দেওয়া نَثَلَ [ض] (نَثْل)

[নাছ্লাহ্] নিষ্কাশন, নাকের নিচে গোঁফদ্বয়ের মধ্যবর্তী টোল, বড় আকারের বর্ম نَثْلَة

[নাছূর] অধিক সন্তানবিশিষ্ট نَثُور [نثر]

[নাছীর] বিক্ষিপ্ত, ছড়ানো نَثِير [نثر]

[নাছীলাহ্] অবশিষ্টাংশ, কূপ থেকে নিষ্কাশিত মাটি, ধ্বংসাবশেষ, আবর্জনা, জঞ্জাল نَثِيلَة

[নাজা] নাজাত, নিষ্কৃতি, মুক্তি, রক্ষা, রেহাই, লাঠি, কাঠ, হাওদার কাঠ, চামড়া نَجًا [نجو]

[নাজা] নাজাত পাওয়া, নিষ্কৃতি পাওয়া, রেহাই পাওয়া, রক্ষা পাওয়া, মুক্তি পাওয়া, (ঔষধ) পান করা, কেটে ফেলা, (চামড়া) ছোলা, খুলে ফেলা نَجَا [ن] (نَجًا ، نَجَاة ، نَجْو) [نجو]

[নাজা'] নাজাত, নিষ্কৃতি, রেহাই, রক্ষা, মুক্তি, উদ্ধার, অব্যাহতি نَجَاء [نجو]

[নাজাবাহ্] আভিজাত্য, বংশ-মর্যাদা, মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব نَجَابَة

[নাজাত] নাজাত, নিষ্কৃতি, রেহাই, نَجَاة [نجو]

রক্ষা, মুক্তি, উদ্ধার, অব্যাহতি
[নাজাহ্] সাফল্য, কৃতকার্যতা, نَجَاح ج نَجَاحَات সফলতা, সন্তোষজনক অগ্রগতি, সফল পরিণতি
[নাজ্জাদ] ঘরদোর আসবাবপত্রে نَجَّاد [نجد] সজ্জিতকারী, গৃহসজ্জাকারী
[নিজাদ] তরবারি ঝুলিয়ে রাখার ফিতা نِجَاد
[নাজাদাহ্] সাহসিকতা, বীরত্ব, দৃঢ়তা نَجَادَة
[নিজাদাহ্] গৃহসজ্জার কাজ نِجَادَة [نجد]
[নাজ্জার] কাঠমিস্ত্রি, সূত্রধর, ছুতার نَجَّار [نجر]
[নিজার, নুজার] মূল, উৎস, বংশ نِجَار ، نُجَار
[নিজারাহ্] সূত্রধরের কাজ, ছুতারগিরি نِجَارَة
[নুজারাহ্] কাঠের কুচি বা চোকলা نُجَارَة
[নাজাসাহ্] নাপাকি, ময়লা, মল, কলুষ, نَجَاسَة অপরিচ্ছন্নতা
[নাজ্জাশ] শিকারী نَجَّاش [نجش]
[নাজ্জাম] জ্যোতির্বিদ, জ্যোতিষী, نَجَّام [نجم] গণক
[নাজ্‌ব] দানশীল, উদার, বদান্য نَجْب
[নাজাব] গাছের বা তার শিকড়ের ছাল نَجَب
[নাজুবা] উচ্চবংশীয় হওয়া, نَجُبَ [ك] (نَجَابَة) অভিজাত হওয়া, সম্ভ্রান্ত হওয়া, মহৎ হওয়া, শ্রেষ্ঠ হওয়া
[নুজাবাহ্] দানশীল, উদার, বদান্য نُجَبَة
[নাজাহা] সফল হওয়া, কৃত- نَجَحَ [ف] (نَجَاح) কার্য হওয়া, কামিয়াব হওয়া, পাস করা
[নাজ্জাহা] কৃতকার্য করা, نَجَّحَ (تَنْجِيح) [نجح] সফল করা, সাফল্য প্রদান করা, কামিয়াব করা
[নুজ্‌হ্] সাফল্য, সফলতা, কৃতকার্যতা, সফল نُجْح পরিণতি, সন্তোষজনক অগ্রগতি
[নাজ্‌দ] সাহায্য, সমর্থন, সহায়তা, নাজ্‌দ نَجْد (অঞ্চল)
[নাজ্‌দ] উচ্চভূমি, نَجْد ج نُجُود، أَنْجَاد، نِجَاد মালভূমি, প্রস্তরময় অঞ্চল, সুস্পষ্ট পথ
[নাজ্‌দ] সাহসী, বিক্রমশালী نَجْد ج أَنْجَاد
[নাজাদা] সাহায্য করা, সমর্থন نَجَدَ [ن] (نَجْد) করা, সহায়তা দেওয়া
[নাজিদা] ঘর্মাক্ত হওয়া, ঘামা نَجِدَ [س] (نَجَد)
[নাজুদা] نَجُدَ [ك] (نُجُود ، نَجَادَة ، نَجْدَة) স্পষ্ট হওয়া, পরিষ্কার হওয়া, সাহসী হওয়া, সক্ষম হওয়া
[নাজ্জাদা] সাজিয়ে রাখা, نَجَّدَ (تَنْجِيد) [نجد] গুছিয়ে রাখা, চেয়ার ইত্যাদিতে গদি লাগানো, আসবাবপত্রে সজ্জিত করা, গৃহসজ্জা করা, (তুলার) জট ছাড়ানো, অভিজ্ঞ করা
[নাজ্‌দাহ্] সাহায্য, সহায়তা, نَجْدَة ج نَجَدَات ত্রাণ, উদ্ধার, সাহস, বীরত্ব
[আন-নাজ্‌দাহ্! আন-নাজ্‌দাহ্!] !النَّجْدَة! النَّجْدَة বাঁচাও! বাঁচাও!
[নাজাযা] পেষণদন্ত দ্বারা জোরে نَجَذَ [ض] (نَجْذ) কামড় দেওয়া, বারবার অনুরোধ করে বিরক্ত করা, পীড়াপীড়ি করা
[নাজ্জাযা] পরীক্ষা করা, نَجَّذَ (تَنْجِيذ) [نجذ] অভিজ্ঞ করা, ঝানু করা
[নাজ্‌র] তাপ, উষ্ণতা, মূল, বর্ণ, বংশ-মর্যাদা, نَجْر মহত্ত্ব, আভিজাত্য
[নাজার] প্রচণ্ড তৃষ্ণা, তীব্র পিপাসা نَجَر
[নাজারা] (কাঠ) কাটা, রেঁদা نَجَرَ [ن] (نَجْر) মেরে সমান করা, (দিন) উষ্ণ হওয়া, (পানি) গরম করা, মেরে তাড়িয়ে দেওয়া, (উট) জোরে চালানো, মনস্থ করা
[নাজিরা] তৃষ্ণা লাগা, পিপাসা نَجِرَ [س] (نَجَر) লাগা, তৃষ্ণার্ত হওয়া, পিপাসার্ত হওয়া
[নাজ্‌রান] তৃষ্ণার্ত, পিপাসার্ত, যে কাষ্ঠ- نَجْرَان খণ্ডের উপর দরজা ঘোরে, নাজরানঃ হেজায ও ইয়েমেনের মধ্যবর্তী একটি স্থান
[নাজ্‌য] সম্পাদন, পালন, পূরণ, কার্যকর- نَجْز করণ, বাস্তবায়ন
[নাজাযা] সম্পন্ন করা, সম্পাদন نَجَزَ [ن] (نَجْز) করা, কার্যকর করা, বাস্তবায়িত করা, পূরণ করা, পালন করা
[নাজিযা] সম্পন্ন হওয়া, সম্পা- نَجِزَ [س] (نَجَز) দিত হওয়া, কার্যকর হওয়া, বাস্তবায়িত হওয়া, অর্জিত হওয়া
[নাজ্জাযা] সম্পাদন করা, نَجَّزَ (تَنْجِيز) [نجز]

সম্পন্ন করা, কার্যকর করা, বাস্তবায়িত করা, পূরণ করা, পালন করা

نَجْس ج أَنْجَاس [নাজ্‌স] নাপাক, অপবিত্র, ময়লা, নোংরা, কলুষিত, অপরিচ্ছন্ন

نَجَس [নাজাস] ময়লা, মল, কলুষ, অপরিচ্ছন্নতা

نَجِس ج أَنْجَاس [নাজিস] অপবিত্র, অপরিচ্ছন্ন, নাপাক, ময়লা, নোংরা, কলুষিত

نَجِسَ [س] (نَجَس) [নাজিসা] অপবিত্র হওয়া, নাপাক হওয়া, নোংরা হওয়া, কলুষিত হওয়া

نَجُسَ [ك] (نَجَاسَة) [নাজুসা] অপবিত্র হওয়া, নাপাক হওয়া, নোংরা হওয়া, কলুষিত হওয়া

نَجَّسَ (تَنْجِيس) [نجس] [নাজ্জাসা] অপবিত্র করা, নাপাক করা, নোংরা করা, কলুষিত করা

نَجَشَ [ن] (نَجْش) [নাজাশা] ছড়িয়ে দেওয়া, প্রচার করা, বের করা, অনুসন্ধান করা, একত্রিত করা, (আগুন) জ্বালানো, ধরানো, ত্বরা করা, (শিকার) তাড়িয়ে নেওয়া, চাপ দেওয়া

نَجْع ج نُجُوع [নাজ্'] ছোট গ্রাম, ক্ষুদ্র পল্লী

نَجَعَ [ف] (نَجْع ، نُجُوع) [নাজা'আ] উপকারী হওয়া, কার্যকর হওয়া, স্বাস্থ্যকর হওয়া

نُجِعَ [নুজি'আ] (বকরীর দুধ) পান করানো

نُجْعَة ج نُجَع [নুজ্'আহ্] খাদ্যান্বেষণ, প্রত্যাশা, আশা

نَجَف ج نِجَاف [নাজাফ] *টিলা, টিবি, উঁচু স্থান,* বাঁধ

النَّجَف [আন-নাজাফ] নাজাফঃ মধ্য ইরাকের একটি শহর। এখানে হযরত আলীর (রা) মাযার অবস্থিত

نَجَفَ [ن] (نَجْف) [নাজাফা] (তীর) বানানো, (গাছ) গোড়া থেকে কাটা, (বকরীর) ওলান খালি করে দুধ দোহানো

نَجَّفَ (تَنْجِيف) [نجف] [নাজ্জাফা] পরিষ্কার করে ফেলা, সরিয়ে নেওয়া, উঠিয়ে নেওয়া

نَجَفَة [নাজাফাহ্] টিলা, টিবি, উঁচু স্থান, বাঁধ

نُجْفَة [নুজ্‌ফাহ্] সামান্য পরিমাণ, কিঞ্চিত

نَجْل ج أَنْجَال ، نِجَال [নাজ্‌ল] সন্তান, বংশধর, পুত্র, পিতা, চুয়ানো বা ধীরে বহমান পানি, জনতা

نَجَلَ [ن] (نَجْل) [নাজালা] (সন্তান) জন্ম দেওয়া, জনক হওয়া, পিতা হওয়া, প্রকাশ করা, (ভূমি) কর্ষণ করা, (জবাইকৃত পশুর) পিছনের পায়ের নলা থেকে কেটে চামড়া ছাড়ানো

نَجَلَ [ض] (نَجْل) [নাজালা] নিক্ষেপ করা, মুছে দেওয়া, (বর্শা দ্বারা) আঘাত করা

نَجِلَ [س] (نَجَل) [নাজিলা] বড় ও সুন্দর চোখ-বিশিষ্ট হওয়া, ডাগরচক্ষু হওয়া

نُجْل [নুজ্‌ল] বড় ও সুন্দর চোখবিশিষ্ট, ডাগরচক্ষু (أَنْجَل-এর বহুবচন)

نَجْلَاء [نجل] [নাজ্‌লা'] বড়, প্রশস্ত (চক্ষু), বড় ও সুন্দর চোখবিশিষ্ট, ডাগরচক্ষু (أَنْجَل-এর স্ত্রীলিঙ্গ), প্রশস্ত ক্ষত

نَجْم ج نُجُوم ، أَنْجُم [নাজ্‌ম] তারকা, নক্ষত্র, জ্যোতিষ্ক, কৃত্তিকা, উদ্ভিদ, ঘাস, তৃণ

نَجْم ج نُجُوم [নাজ্‌ম] কিস্তি, অংশ, ভাগ

النَّجْم [আন-নাজ্‌ম] সূরা আন-নাজ্‌মঃ পবিত্র কোরআনের ৫৩তম সূরা

نَجْم ذُو ذَنَب [নাজ্‌ম যূ যানাব] ধূমকেতু

نَجْم الْقُطْب ، النَّجْم الْقُطْبِيّ [নাজমুল কুত্‌ব, আন-নাজমুল কুত্‌বী] ধ্রুবতারা, ধ্রুবনক্ষত্র

نَجْم مُذَنَّب [নাজ্‌ম মুযান্নাব] ধূমকেতু

عِلْم النُّجُوم ['ইল্‌মুন নুজূম] জ্যোতির্বিদ্যা, জ্যোতিষশাস্ত্র

نَجَمَ [ن] (نُجُوم) [নাজামা] উদিত হওয়া, দৃষ্টি-গোচর হওয়া, উদ্ভূত হওয়া, সৃষ্টি হওয়া, জন্মলাভ করা, কিস্তিতে পরিশোধ করা

نَجَّمَ (تَنْجِيم) [نجم] [নাজ্জামা] নক্ষত্র পর্যবেক্ষণ করা, জ্যোতির্বিদ্যা চর্চা করা, জ্যোতিষশাস্ত্র চর্চা করা, কিস্তিতে পরিশোধ করা, কিস্তি করে দেওয়া

نَجْمَة ج نَجَمَات [নাজ্‌মাহ্] (আকাশের) তারকা, তারা, নক্ষত্র, (সিনেমার) তারকা, তারকা-চিহ্ন, শব্দ, কাণ্ডবিহীন একপ্রকার তৃণ

نَجْو ج نِجَاء [নাজ্‌ও] নাজাত, নিষ্কৃতি, রেহাই, রক্ষা, গোপন কথা, পেট থেকে নির্গত বস্তু, পাদ, মল, পায়খানা

نَجْوَة ج نِجَاء [নাজ্‌ওয়াহ্] উচ্চভূমি, মালভূমি

بِنَجْوَةٍ مِنْ [বি-নাজ্‌ওয়াতিন] মুক্ত, নিরাপদ, দূরে

فِي نَجْوَةٍ مِنْ [ফী নাজ্‌ওয়াতিন] মুক্ত, নিরাপদ,

দূরে

[নাজওয়া] نَجْوَى ج نَجَاوِي ، نَجَاوٍ [نجو] গোপন কথা, গোপন বিষয়, একান্ত বিষয়, গোপন পরামর্শ

[নাজ্জা] نَجَّى (تَنْجِيَة) [نجو] নাজাত দেওয়া, নিষ্কৃতি দেওয়া, রেহাই দেওয়া, রক্ষা করা

[নাজী] نَجِيّ ج أَنْجِيَة [نجو] যার কাছে গোপন কথা বলা যায়, অন্তরঙ্গ বন্ধু, গোপন কথা, যে কথা বলে, উটচালকের আওয়াজ, আওয়াজ-কারী চালক, দ্রুতগামী (উট)

[নাজীব] نَجِيب ج أَنْجَاب ، نُجَبَاء ، نُجُب সম্ভ্রান্ত, অভিজাত, সদ্বংশীয়, উচ্চবংশীয়, মহৎ, শ্রেষ্ঠ

[নাজীবাহ্] نَجِيبَة ج نَجَائِب সম্ভ্রান্ত, অভিজাত, সদ্বংশীয়, উচ্চবংশীয়, মহৎ, শ্রেষ্ঠ (স্ত্রী)

[নাজীহ] نَجِيح ঠিক, সঠিক, শুদ্ধ, সুস্থ, ধৈর্যশীল, সফল

[নাজীস] نَجِيس দুরারোগ্য, কঠিন (রোগ)

[নাজী'] نَجِيع উপকারী, কার্যকর, স্বাস্থ্যকর, রক্ত

[নাজীফ] نَجِيف ج نُجُف প্রশস্ত ফলাবিশিষ্ট তীর

[নাজীল] نَجِيل ج نُجُل ঘাস, তৃণ, লম্বা শিকড়-ওয়ালা একপ্রকার ঘাস, quitch

[নাজীম] نَجِيم সতেজ অবস্থায় উদ্গত (তৃণ)

[নুজাইম, নুজাইমাহ্] نُجَيْم ، نُجَيْمَة [نجم] ক্ষুদ্র নক্ষত্র, ছোট তারকা, ক্ষুদে তারকা

[নাহা] نَحَا [ن] (نَحْو) [نحو] উদ্দেশ্য করা, মনস্থ করা, গমন করা, অগ্রসর হওয়া

[নাহাত] نَحَات [نحت] প্রকৃতি, স্বভাব

[নাহ্হাত] نَحَّات [نحت] ভাস্কর, খোদাইকর

[নুহাতাহ্] نُحَاتَة [نحت] ভাস্কর্য কিংবা কর্তিত বস্তুর ছাঁট, খণ্ড, টুকরা, ফালি, চোকলা

[নাহ্হাস] نَحَّاس [نحس] তামার জিনিস প্রস্তুত-কারী, পিতলের কারিগর, কাঁসারি

[নুহাস] نُحَاس তাম্র, তামা, পিতল, কাঁসা, স্বভাব, মেজাজ, স্ফুলিঙ্গ

[নুহাস আস্ফার] نُحَاس أَصْفَر পিতল

[নাহাফাহ্] نَحَافَة [نحف] কৃশতা, ছিপছিপে গড়ন, রুগ্নতা, দুর্বলতা

[নাহ্হাল] نَحَّال [نحل] মৌমাছি পালনকারী, মৌমাছিওয়ালা

[নিহালাহ্] نِحَالَة [نحل] মৌমাছিপালন

[নাহ্হাম] نَحَّام [نحم] কৃপণ, ব্যয়কুণ্ঠ, সিংহ

[নুহাম] نُحَام জলচর পাখিবিশেষ, ফ্লামিঙ্গো

[নাহ্ব] نَحْب বিলাপ, ক্রন্দন, কান্না, মানত, মৃত্যু, সময়, মেয়াদ, জীবনকাল

[ক্বাদা নাহ্বাহু] قَضَى نَحْبَهُ জীবনাবসান ঘটা, মারা যাওয়া, ইনতেকাল করা

[নাহাবা] نَحَبَ [ض] [ف] (نَحْب ، نَحِيب) বিলাপ করা, ক্রন্দন করা, কাঁদা

[নুহ্বাহ্] نُحْبَة লটারি, ভাগ্য

[নাহ্ত] نَحْت কর্তন, সাইজকরণ, রূপপ্রদান, ভাস্কর্য তৈরী, ভাস্কর্য, প্রকৃতি, স্বভাব

[নাহাতা] نَحَتَ [ن] [ض] (نَحْت) কাটা, কেটে সাইজ করা, রূপ দেওয়া, ভাস্কর্য বানানো

[নাহ্র] نَحْر জবাই, হত্যা, কোরবানি, নহরঃ বিশেষ নিয়মে উট জবাই

[নাহ্র] نَحْر ج نُحُور গলা, বুকের উপরিভাগ

[ইয়াওমুন নাহ্র] يَوْم النَّحْر কোরবানির দিন

[নাহারা] نَحَرَ [ف] (نَحْر) জবাই করা, হত্যা করা, গলা কাটা, (উট) নহর করা, কোরবানি করা

[নিহ্র] نِحْر দক্ষ, সুদক্ষ, অভিজ্ঞ, বিচক্ষণ, ঝানু

[নিহ্রীর] نِحْرِير ج نَحَارِير দক্ষ, সুদক্ষ, অভিজ্ঞ, বিচক্ষণ, ঝানু

[নাহ্স] نَحْس দুর্যোগপূর্ণ, কঠিন, অশুভ, মনহুস, অমঙ্গলজনক, অভাগা, দুর্ভাগা

[নাহ্স] نَحْس ج نُحُوس দুর্ভাগ্য, দুঃখ, দুর্দশা, বিপদ, দুর্যোগ, কষ্ট

[নাহাসা] نَحَسَ [ف] (نَحْس) অমঙ্গল নিয়ে আসা, অসুখী করা, কষ্ট দেওয়া, ক্ষতি করা

[নাহিস] نَحِس দুর্যোগপূর্ণ, অশুভ, অমঙ্গলজনক, অপয়া, মনহুস, কঠিন, কষ্টকর, অভাগা, দুর্ভাগা

[নাহিসা] نَحِسَ [س] (نَحَس) অপয়া হওয়া, মন-হুস হওয়া, অশুভ হওয়া, অমঙ্গলজনক হওয়া

[নাহুসা] نَحُسَ [ك] (نُحُوسَة) অশুভ হওয়া, মন-

হ্রস হওয়া, অপয়া হওয়া, অমঙ্গলজনক হওয়া

[নাহ্‌হাসা] তামা দিয়ে মোড়া, তামার পাত লাগানো, পিতলের প্রলেপ লাগানো نَحَّسَ (تَنْحِيس) [نحس]

[নুহাস] চান্দ্রমাসের শেষের তিন রাত نُحَاس

[নাহিফ] কৃশ, কাহিল, ছিপছিপে, হালকা-পাতলা, দুর্বল, রোগা نَحِيف

[নাহিফা] কৃশ হওয়া, দুর্বল হওয়া, পাতলা হওয়া, ছিপছিপে হওয়া, শুকিয়ে যাওয়া نَحِفَ [س] (نَحَف)

[নাহুফা] কৃশ হওয়া, দুর্বল হওয়া, পাতলা হওয়া, ছিপছিপে হওয়া, শুকিয়ে যাওয়া نَحُفَ [ك] (نَحَافَة)

[নাহ্‌ল] মৌমাছি, মধুমক্ষিকা, মধুকর, ভ্রমর نَحْل

[আন-নাহ্‌ল] সূরা আন-নাহলঃ পবিত্র কোরআনের ১৬শ সূরা النَّحْل

[নাহালা] নিজের বলে দাবি করা, (রোগ) কৃশ করা, দুর্বল করা, গালি দেওয়া نَحَلَ [ف] (نَحْل)

[নাহালা] উপহার দেওয়া, দান করা, (স্ত্রীকে) মোহরানা দেওয়া نَحَلَ [ف] (نُحْل)

[নাহালা] কাহিল হওয়া, দুর্বল হওয়া, হালকা-পাতলা হওয়া, কৃশ হওয়া نَحَلَ [ن] [ف] (نُحُول)

[নাহিলা, নাহুলা] শীর্ণ হওয়া, কৃশ হওয়া, হালকা-পাতলা হওয়া, কাহিল হওয়া, দুর্বল হওয়া نَحِلَ [س]، نَحُلَ [ك] (نُحُول)

[নাহ্‌হালা] দেওয়া, দান করা, দেওয়ার জন্য নির্দিষ্ট করে রাখা نَحَّلَ (تَنْحِيل) [نحل]

[নুহ্‌ল] শীর্ণতা, কৃশতা, দান, উপহার نُحْل

[নাহ্‌লাহ্] মৌমাছি, মধুমক্ষিকা, মধুকর نَحْلَة

[নিহ্‌লাহ্] উপহার, দান, অনুদান, মোহরানা, ধর্ম, বিশ্বাস, সম্প্রদায় نِحْلَة ج نِحْلَات ، نِحَل

[নিহ্‌লাতান] খুশিমনে, আনন্দের সাথে, সানন্দে نِحْلَةً

[নুহ্‌লা] দান, অনুদান, উপহার نُحْلَى

[নাহামা] গলাখাঁকার দেওয়া, গলা ঝাড়া, গলা পরিষ্কার করা, কাশি দেওয়া, (সিংহ) গর্জন করা نَحَمَ [ض] (نَحْم ، نَحِيم ، نَحَمَان)

[নাহ্‌মাহ্] গলাখাঁকার, কাশি, গর্জন, শব্দ نَحْمَة

[নাহ্‌নু] আমরা, মোরা نَحْنُ

[নাহ্‌নাহা] গলাখাঁকার দেওয়া, গলা ঝাড়া, গলা পরিষ্কার করা نَحْنَحَ (نَحْنَحَة)

[নাহ্‌ও] দিক, প্রান্ত, পার্শ্ব, অংশ, পথ, পদ্ধতি, রকম, ধরন, উদাহরণ, পরিমাণ نَحْو ج أَنْحَاء

[ফী কুল্লি আনহা'ইল 'আলাম] পৃথিবীর সকল প্রান্তে, সারা পৃথিবীতে فِي كُلِّ أَنْحَاءِ الْعَالَم

[আন-নাহ্‌ও, 'ইল্‌মুন নাহ্‌ও] পদ ও বাক্য-বিন্যাসশাস্ত্র, ব্যাকরণ النَّحْو، عِلْم النَّحْو

[নাহ্‌ওয়া] দিকে, প্রতি, যেমন, যথা, প্রায় نَحْوَ

[নুহূসাহ্] অশুভ, অমঙ্গল نُحُوسَة [نحس]

[নুহূল] কৃশতা, শীর্ণতা, ছিপছিপে গড়ন, দুর্বলতা, রুগ্নতা نُحُول

[নাহ্‌বী] ব্যাকরণবিদ, বৈয়াকরণ, ব্যাকরণ-সম্বন্ধীয়, ব্যাকরণ-বিষয়ক نَحْوِيّ

[নাহ্‌হা] সরানো, সরিয়ে দেওয়া, অপসারিত করা, বরখাস্ত করা, দূরীভূত করা نَحَّى (تَنْحِيَة) [نحي]

[নাহীব] বিলাপ, ক্রন্দন, রোদন, কান্না نَحِيب

[নাহীত] কেটে গড়া হয়েছে এমন, মূর্তির (ভাস্কর্যের) রূপ দেওয়া হয়েছে এমন, খোদাইকৃত نَحِيت

[নাহিয়্যাহ্] উদ্দেশ্য, লক্ষ্য, লক্ষ্য-বস্তু نَحِيَّة [نحي]

[নাহীতাহ্] প্রকৃতি, স্বভাব, ধাত نَحِيتَة [نحت]

[নাহীহ্] কৃপণ, ব্যয়কুণ্ঠ, গলাখাঁকার نَحِيح

[নাহীর] জবাইকৃত, নহরকৃত (উট) نَحِير [نحر]

[নাহীযাহ্] স্বভাব, প্রকৃতি, চরিত্র, ধাত, মেজাজ, প্রবণতা نَحِيزَة ج نَحَائِز

[নাহীফ] শীর্ণ, রোগা, কৃশ, ছিপছিপে, হালকা-পাতলা, দুর্বল نَحِيف ج نِحَاف ، نُحَفَاء

[নাহীল] দুর্বল, কাহিল, রোগা, শীর্ণ, কৃশ, হালকা-পাতলা نَحِيل ج نِحَال ، نَحْلَى

[নাহীম] গলাখাঁকার, কাশি, গর্জন نَحِيم [نحم]

[নাখ্‌খা] উদ্যমের সাথে চলা, জোরে চলা, (উটকে) জোরে চালানো, "নিখ্" "নিখ্" বলে হাঁটু গেড়ে বসতে বলা, সামনে ঝোঁকা, মাথা নিচু করা نَخَّ [ن] (نَخّ)

نَخَا [ن] (نَخْو ، نَخْوَة) [نخو] [নাখা] প্রশংসা করা, গর্ব করা, গর্বিত হওয়া, উদ্ধত হওয়া

نَخَّاس [نخس] [নাখ্খাস] গবাদিপশু-ব্যবসায়ী, দাস-ব্যবসায়ী

نِخَاسَة [نخس] [নিখাসাহ্] গবাদিপশুর ব্যবসা, দাস-ব্যবসা

نُخَاع ، نِخَاع ج نُخُع [নুখা', নিখা'] মেরুদণ্ডের তন্ত্রী, মেরুরজ্জু, মেরুদণ্ডের মজ্জা, অস্থিমজ্জা

نُخَاعَة [نخع] [নুখা'আহ্] কফ, শ্লেষ্মা

نُخَالَة [নুখালাহ্] তুষ, ভূষি, কুড়া, আবর্জনা

نُخَامَة [نخم] [নুখামাহ্] কফ, শ্লেষ্মা

نَخَبَ [ن] (نَخْب) [নাখাবা] মনোনীত করা, বাছাই করা, পছন্দ করা, নির্বাচিত করা

نُخْبَة ج نُخَب [নুখ্বাহ্] বাছাইকৃত অংশ, বাছাই, শ্রেষ্ঠাংশ, শ্রেষ্ঠ ব্যক্তিবর্গ

نَخَر [নাখার] ক্ষয়, ক্ষয়িষ্ণুতা, পচন

نَخَرَ [ن] [ض] (نَخْر ، نَخِير) [নাখারা] নাক ডাকা, (পোকায়) কাটা, ছিদ্র করা, খেয়ে ফেলা

نَخِر [নাখির] পোকায়-কাটা, পোকাধরা, পোকরা, কীটদষ্ট, ক্ষয়ে-যাওয়া, ক্ষয়িষ্ণু, ক্ষয়প্রাপ্ত, পচা, নষ্ট

نَخِرَ [س] (نَخَر) [নাখিরা] ক্ষয়প্রাপ্ত হওয়া, পচে যাওয়া, নষ্ট হয়ে যাওয়া, কীটদষ্ট হওয়া

نَخْرَبَ (نَخْرَبَة) [নাখ্রবা] ছিদ্র করা, গর্ত করা, ক্ষয় করা, খেয়ে গর্ত করা

نُخْرُوب ج نَخَارِيب [نخرب] [নুখ্রূব] ছিদ্র, গর্ত, ফুটা, ফাঁক, মৌচাকের ঘর বা গর্ত, মধুচক্রকোষ

نُخْرُوبِيّ [নুখ্রূবী] ছিদ্রযুক্ত, ছিদ্রময়, গর্তযুক্ত, ফুটা-ফুটা

نَخَزَ [ف] (نَخْز) [নাখাযা] ছিদ্র করা, ফুটা করা, বিদ্ধ করা, খোঁচা মারা

نَخَسَ [ن] [ف] (نَخْس) [নাখাসা] খোঁচা মারা, গুঁতা মারা, তাড়িয়ে নেওয়া

نَخَعَ [ف] (نَخْع) [নাখা'আ] (পশু) জবাই করা, হত্যা করা, আন্তরিক বন্ধুত্ব পোষণ করা, আন্তরিক উপদেশ দেওয়া, অধিকার স্বীকার করা, আয়ত্ত করা, ভালভাবে জানা

نَخِعَ [س] (نَخَع) [নাখি'আ] রসালো হওয়া

نَخِعَ بِ [-- বি] (অধিকার) স্বীকার করা

نَخْل [নাখ্ল] খেজুরগাছ, খেজুর

نَخَلَ [ن] (نَخْل) [নাখালা] ছাঁকা, চালনি দিয়ে ছাঁকা, ছেঁকে আলাদা করা, চালা

نَخْلَة [নাখ্লাহ্] খেজুরগাছ, খেজুর

نَخِمَ [س] (نَخَم) [নাখিমা] কফ ফেলা, শ্লেষ্মা বের করা, গলা পরিষ্কার করা

نَخْنَخَ (نَخْنَخَة) [নাখ্নাখা] (উটকে) হাঁটু গেড়ে বসানো, "নিখ্" "নিখ্" বলে বসতে বলা, ধমক দিয়ে তাড়িয়ে দেওয়া, জোরে চলা

نَخْوَة [নাখ্ওয়াহ্] গর্ব, অহঙ্কার, বড়াই, অহমিকা, সম্মানবোধ, আত্মমর্যাদাবোধ, উদারতা

نَخِيب ج نُخُب [নাখীব] সাহসহারা, কাপুরুষ

نَخِير [নাখীর] নাক-ডাকা শব্দ, নাসিকা-ধ্বনি

نَخِيل [نخل] [নাখীল] খেজুরগাছ, খেজুর

نَخِيلَة ج نَخَائِل [نخل] [নাখীলাহ্] খেজুরগাছ, প্রকৃতি, স্বভাব, ধাত, মেজাজ, খাঁটি উপদেশ

نَدّ [নাদ] পলায়ন, উঁচু টিলা, বড় পাহাড়, ধূপ

نَدَّ [ض] (نَدّ، نَدَد، نِدَاد، نُدُود، نَدِيد) [নাদ্দা] পালিয়ে যাওয়া, চলে যাওয়া, সরে পড়া, (শব্দ) ব্যতিক্রমী হওয়া, অনিয়মিত হওয়া, বিরল হওয়া

نِدّ ج أَنْدَاد [নিদ্] সমকক্ষ, প্রতিপক্ষ, অংশীদার, শরীক

نَدَا [ن] (نَدْو) [ندو] [নাদা] সভা করা, সমবেত হওয়া, একত্রে মিলিত হওয়া, সমবেত করা

نِدَاء [ندو] [নিদা'] ডাক, সম্বোধন, আহ্বান, ফরিয়াদ, তলব, ঘোষণা

حَرْف النِّدَاء [হার্ফুন নিদা'] সম্বোধন-অব্যয়

نَدَّاب [ندب] [নাদ্দাব] ক্রন্দনকারী, বিলাপকারী, শোককারী

نَدَّاف [ندف] [নাদ্দাফ] (তুলা) ধুননকারী, ধুনারী, অতিভোজী

نِدَافَة [নিদাফাহ্] তুলা ধুননের কাজ, তুলা ধুনন

نَدَامَة [নাদামাহ্] অনুশোচনা, অনুতাপ, পরিতাপ, লজ্জা

نَدَاوَة [ندو] [নাদাওয়াহ্] সিক্ততা, আর্দ্রতা

نَدْب [নাদ্‌ব] শোক, বিলাপ, ক্রন্দন, প্রতিনিধিত্ব

نَدَب ج أَنْدَاب ، نُدُوب [নাদাব] ক্ষতের দাগ, ফোড়ার দাগ, ক্ষতচিহ্ন

نَدَبَ [ن] (نَدْب) [নাদাবা] শোক করা, বিলাপ করা, প্রতিনিধি নিয়োগ করা

نَدِبَ [س] (نَدَب) [নাদিবা] (ক্ষত) সেরে যাওয়া, (ক্ষতের) দাগ থেকে যাওয়া

نَدْبَة ، نَدَبَة [নাদ্‌বাহ, নাদাবাহ] ফোড়ার দাগ, ক্ষতের দাগ, ক্ষতচিহ্ন

نُدْبَة [নুদ্‌বাহ] মৃতের জন্য ক্রন্দন, বিলাপ, শোক, শোকগাথা, অন্ত্যেষ্টিগাথা

نَدَّدَ (تَنْدِيد) [ندد] بِ [নাদ্দাদা] দোষারোপ করা, তিরস্কার করা, নিন্দা করা, গালি দেওয়া, কুৎসা করা, দোষ বলা, প্রচার করা, ছড়িয়ে দেওয়া, বিক্ষিপ্ত করা, (স্বর) উঁচু করা

نَدْر [নাদ্‌র] স্বল্প, বিরল, দুর্লভ, অভিনব, অনন্য-সাধারণ

نَدَرَ [ن] (نَدْر ، نُدُور) [নাদারা] দুর্লভ হওয়া, বিরল হওয়া, স্বল্প হওয়া, অনন্যসাধারণ হওয়া

نَدُرَ [ك] (نَدَارَة) [নাদুরা] অভিনব হওয়া, বিচিত্র হওয়া, বিরল হওয়া, অনন্যসাধারণ হওয়া, সুন্দর হওয়া

نَدْرَة ، نُدْرَة [নাদ্‌রাহ, নুদ্‌রাহ] বিরলতা, স্বল্পতা, দুষ্প্রাপ্যতা, অভাব

نَدَفَ [ض] (نَدْف) [নাদাফা] (তুলা, পশম) ধুনা, জট ছাড়ানো

نُدْفَة ج نُدَف [নুদ্‌ফাহ] সামান্য পরিমাণ (দুধ), গুচ্ছ, থাক, থোকা, ডেলা, কণা

نُدْفَة الثَّلْج [নুদ্‌ফাতুছ ছালজ] তুষারকণা, snow-flake

نَدْل [নাদ্‌ল] ছিনতাই, অপহরণ, ময়লা

نَدَلَ [ن] (نَدْل) [নাদালা] দ্রুত ছিনিয়ে নেওয়া, কেড়ে নেওয়া, নিয়ে নেওয়া, বের করা

نَدِلَ [س] (نَدَل) [নাদিলা] (হাত) ময়লা হওয়া, ময়লাযুক্ত হওয়া, নোংরা হওয়া

نَدَم [নাদাম] অনুশোচনা, অনুতাপ, পরিতাপ, লজ্জা

نَدِمَ [س] (نَدَم ، نَدَامَة) [নাদিমা] অনুশোচনা করা, অনুতাপ করা, পরিতাপ করা, অনুতপ্ত হওয়া, লজ্জিত হওয়া

نَدْمَان ج نَدَامَى [ندم] [নাদ্‌মান] অনুতপ্ত, লজ্জিত

نَدْوَة ج نَدَوَات [নাদ্‌ওয়াহ] সংঘ, সভা, আসর, ক্লাব, পরিষদ, সেমিনার, বদান্যতা, দানশীলতা

نُدُوَّة [ندو] [নুদুওওয়াহ] সিক্ততা, আর্দ্রতা

نُدُورَة [ندر] [নুদুরাহ] বিরলতা, স্বল্পতা, অভাব

نَدًى ج أَنْدَاء ، أَنْدِيَة [ندو] [নাদা] শিশির, আর্দ্রতা, সিক্ততা, দানশীলতা, বদান্যতা, উদারতা

نَدِي ، نَدٍ [ندو] [নাদী] সিক্ত, আর্দ্র, সেঁতসেঁতে, ভিজা

نَدِيّ [ندو] [নাদী] সিক্ত, আর্দ্র, সেঁতসেঁতে, ভিজা, নরম, কোমল, বিনম্র, উদার, মুক্তহস্ত, দানশীল

نَدِيّ ج أَنْدِيَة [ندو] [নাদী] সভা, মজলিস, সমিতি, সংঘ, ক্লাব, আড্ডা

نَدِيّ الْيَد [নাদিয়্যুল ইয়াদ] উদারহস্ত, দানশীল, মুক্তহস্ত, উদার, বদান্য

نَدِيَ [س] (نَدًى ، نَدَاوَة) [ندو] [নাদিয়া] সিক্ত হওয়া,আর্দ্র হওয়া, সেঁতসেঁতে হওয়া

نَدَّى (تَنْدِيَة) [ندو] [নাদ্দা] ভিজানো, আর্দ্র করা, সিক্ত করা, শিশিরসিক্ত করা

نَدْيَان [ندو] [নাদ্‌ইয়ান] সিক্ত, সেঁতসেঁতে, আর্দ্র, ভিজা

نَدِيد ج نُدَدَاء [ندد] [নাদীদ] সমকক্ষ, প্রতিপক্ষ

نَدِيف [নাদীফ] ধোনা হয়েছে এমন, ধুননকৃত, ধুনিত (তুলা, পশম)

نَدِيم ج نُدَمَاء ، نِدَام ، نُدْمَان [নাদীম] আড্ডার সঙ্গী, মদ্যপানের সাথী, অন্তরঙ্গ বন্ধু

نَدِيمَة ج نِدَام ، نُدَمَاء ، نُدْمَان [নাদীমাহ] মদ্য-পানের সাথী, আড্ডার সঙ্গী, অন্তরঙ্গ বন্ধু

نِذَارَة [نذر] [নিযারাহ] ভীতিপ্রদর্শন, সতর্কীকরণ

نَذَالَة [نذل] [নাযালাহ] নীচতা, হীনতা, ইতরতা, ইতরামি, ছোটলোকি

نَذْر ج نُذُور [নায্‌র] নজর, মানত, উৎসর্গ, প্রতিজ্ঞা

نَذَرَ [ن] [ض] (نَذْر) [নাযারা] মানত করা, উৎসর্গ করা, নিবেদন করা, প্রতিজ্ঞা করা

نَذِرَ [س] (نَذَر) بِ [নাযিরা] সতর্ক করা, সতর্ক থাকা, সাবধান থাকা, সতর্কতা অবলম্বন করা

نُذْر ، نُذُر [নুয্‌র, নুযুর] ভীতিপ্রদর্শন, সতর্কীকরণ

نَذْل ج أَنْذَال ، نُذُول [নায্‌ল] হীন, নীচ, নিকৃষ্ট, ইতর, ছোটলোক

نَذُلَ [ك] (نَذَالَة ، نُذُولَة) [নাযুলা] হীন হওয়া, নীচ হওয়া, নিকৃষ্ট হওয়া, ছোটলোক হওয়া, ইতর হওয়া

نَذِير ج نُذُر [নাযীর] সতর্ককারী, ভীতিপ্রদর্শনকারী, সতর্কীকরণ, সতর্কবাণী, উৎসর্গীকৃত, মানতকৃত

نَذِيرَة ج نَذَائِر [نذر] [নাযীরাহ্] মানতের বস্তু, মানতকৃত বস্তু, মানত

نَذِيل ج نُذَلَاء ، نِذَال [নাযীল] হীন, নীচ, নিকৃষ্ট, ইতর, ছোটলোক

نَرْبِيج ، نَرْبِيش [নার্‌বীজ, নার্‌বীশ] পাইপ, নল, হোসপাইপ

نَرْجِس ، نِرْجِس [নার্‌জিস, নির্‌জিস] নার্গিস (ফুল)

نَرْجِس بَرِّيّ [নার্‌জিস বার্‌রী] ড্যাফোডিল (ফুল)

نَرْد [নার্‌দ] পাশা, পাশাখেলা, খেজুরপাতার তৈরী একপ্রকার থলে

نَرْدِين [নার্‌দীন] সুগন্ধ লতাবিশেষ

نَرَنْج [নারনজ] কমলালেবুজাতীয় একপ্রকার টক ফল ও তার গাছ, জামির

النُّرْوِيج [আন-নুর্‌বীজ] নরওয়ে (দেশ)

نَزّ ج نُزُوع [নায্‌] চুয়ানো পানি, ফোঁটায় ফোঁটায় পড়া পানি, অস্থির, চঞ্চল, মেধাবী, উদার

نَزَّ [ض] (نَزّ ، نَزِيز) [নায্‌যা] চুয়ানো, ক্ষরিত হওয়া, ফোঁটায় ফোঁটায় পড়া, কম্পিত হওয়া, আন্দোলিত হওয়া

نِزّ ج نُزُوع [নিয্] চুয়ানো পানি, ফোঁটায় ফোঁটায় পড়া পানি

نَزَا [ن] (نَزْو ، نُزُوّ ، نَزَوَان) [نزو] [নাযা] লাফ দেওয়া, লাফানো, লাফিয়ে ওঠা, মাথাচাড়া দেওয়া, (জীবজন্তু) যৌন সঙ্গম করা

نَزَا بِهِ قَلْبُهُ إِلَى [-- বিহী ক্বাল্‌বুহু ইলা] উৎসুক হওয়া, আগ্রহান্বিত হওয়া

نَزَا (نَزَوَان) عَنْ [-- 'আন] পালিয়ে যাওয়া, সরে পড়া

نَزَاء ، نِزَاء [نزو] [নাযা', নিযা'] জীবজন্তুর যৌন মিলন

نِزَاع [নিযা'] ঝগড়া, বিতর্ক, বিবাদ, মকদ্দমা, বিরোধ, মরণোন্মুখ অবস্থা

نَزَّاع [نزع] [নায্‌যা'] খুলে আনে এমন, টেনে বের করে আনে এমন, উৎপাটনকারী, আগ্রহী, ইচ্ছুক, প্রবণ

نَزَّاعَة ج نَزَّاعَات [نزع] [নায্‌যা'আহ্] টেনে বের করার যন্ত্র, রিমুভার (remover)

نَزَالِ [নাযালি] নেমে এসো!

نِزَال [نزل] [নিযাল] যুদ্ধ, দ্বন্দ্ব, সঙ্ঘাত

نِزَالَة [নিযালাহ্] সফর, আতিথেয়তা, আতিথ্য

نَزَاهَة [نزه] [নাযাহাহ্] পবিত্রতা, নিষ্কলুষতা, সততা, খাঁটিত্ব

نَزْوَة [نزو] [নায্‌যাহ্] প্রবল কামনা, লালসা, কাম, কামুকতা

نَزَح ج أَنْزَاح [নাযাহ্] ঘোলা পানি, পানিশূন্য কূপ

نَزَحَ [ف] (نَزْح ، نُزُوح) [নাযাহা] দূরে যাওয়া, চলে যাওয়া, ছেড়ে যাওয়া, ফুরিয়ে যাওয়া, খালি করা, শূন্য করা, শুষ্ক করা

نَزْر [নায্‌র] স্বল্প, সামান্য, নগণ্য, অকিঞ্চিতকর, তুচ্ছ পরিমাণ

نَزَرَ [ن] (نَزْر) [নাযারা] পীড়াপীড়ি করা, চাপ প্রয়োগ করা, একটু একটু করে বের করে আনা

نَزُرَ [ن] (نَزْر ، نَزَارَة) [নাযারা] কম হওয়া, স্বল্প হওয়া, সামান্য হওয়া, (উষ্ট্রীর) দুধ কম হওয়া

نَزَّرَ (تَنْزِير) [نزر] [নায্‌যারা] কম দেওয়া, অল্প দেওয়া

نَزِرَة ج نُزُور [নাযিরাহ্] যে নারীর সন্তান-সংখ্যা কিংবা বুকের দুধের পরিমাণ কম

نَزْع [নায্'] অপসারণ, বিদূরণ, উৎপাটন, মুক্তকরণ, পরিহার

نَزْع السِّلَاح [নায্'উস সিলাহ্] অস্ত্রমুক্তকরণ, নিরস্ত্রীকরণ

نَزَعَ [ض] (نَزْع) [নাযা'আ] অপসারিত করা, উৎপাটন করা, উপড়ানো, টেনে বের করা, উৎখাত করা, খুলে ফেলা, মুক্ত করা, নষ্ট করা

نَزَعَ (نُزُوع) إِلَى [-- ইলা] আগ্রহী হওয়া, কামনা করা, ঝুঁকে পড়া, আশ্রয় নেওয়া, গমন করা

نَزَعَ عَنْ [-- 'আন] বিরত থাকা, পরিহার করা, দূরে থাকা

نَزَّعَ (تَنْزِيع) [نزع] [নায্‌যা'আ] অপসারণ করা, সরানো, দূর করা, উৎপাটিত করা

نَزْعَة ج نَزَعَات [নায্‌'আহ্] ঝোঁক, প্রবণতা, আগ্রহ

نَزْغ [নায্‌গ] প্ররোচনা, কুমন্ত্রণা, খোঁচা, দংশন

نَزَغَ [ف] (نَزْغ) [নাযাগা] বিদ্ধ করা, খোঁচা মারা, দংশন করা, আহত করা, প্ররোচিত করা

نَزَغَ إِلَى [-- ইলা] প্ররোচনা দেওয়া, প্ররোচিত করা, কুমন্ত্রণা দেওয়া

نَزْغَة ج نَزَغَات [নায্‌গাহ্] প্ররোচনা, কুমন্ত্রণা

نَزْف [নায্‌ফ] নিষ্কাশন, রক্তক্ষরণ, রক্তশূন্যতা

نَزَفَ [ض] (نَزْف) [নাযাফা] নিঃশেষ করা, শূন্য করা, ফুরিয়ে ফেলা, শুকিয়ে ফেলা

نُزِفَ [নুযিফা] নিঃশেষিত হওয়া, রক্তশূন্য হওয়া, মাতাল হওয়া, চেতনা হারানো

نُزْفَة ج نُزَف [নুয্‌ফাহ্] সামান্য পরিমাণ (পানি)

نَزَق [নাযাক] হঠকারিতা, অপরিণামদর্শিতা, চিন্তা-শূন্যতা, অমনোযোগিতা

نَزِق [নাযিক] না ভেবে কাজ করে এমন, হঠকারী, অপরিণামদর্শী, চিন্তাশূন্য, অমনোযোগী, আবেগ-প্রবণ, কোপনস্বভাব

نَزِقَ [س] (نَزَق) [নাযিকা] না ভেবে কাজ করা, হঠকারিতা করা, অপরিণামদর্শী হওয়া

نَزْل ج نُزُول ، نُزُل [নায্‌ল] হোটেল, পান্থশালা, সরাইখানা

نَزَلَ [ض] (نُزُول) [নাযালা] অবতরণ করা, নামা, নিচে নামা, নেমে যাওয়া, হ্রাস পাওয়া, নাযিল হওয়া, যাত্রাবিরতি করা, অবস্থান করা, থাকা, বাস করা

نَزِلَ [س] (نَزْلَة) [নাযিলা] সর্দিতে আক্রান্ত হওয়া, ঠাণ্ডা লাগা

نَزَّلَ (تَنْزِيل) [نزل] [নায্‌যালা] অবতীর্ণ করা, নাযিল করা, নামানো, কমানো, হ্রাস করা, অভ্যর্থনা জানানো, প্রবিষ্ট করা

نُزْل ، نُزُل ج أَنْزَال [নুয্‌ল, নুযুল] সরাইখানা, পান্থশালা, আতিথেয়তা, অতিথির খাবার

نَزْلَة ج نَزَلَات [নায্‌লাহ্] সর্দি, শিকনি, শ্লেষ্মা, অবতরণ

نَزْلَة وَافِدَة [নায্‌লাহ ওয়াফিদাহ্] ইনফ্লুয়েঞ্জা

نَزَه [নাযাহ্] পবিত্রতা, নিষ্কলুষতা, সততা, খাঁটিত্ব

نَزِه [নাযিহ্] পবিত্র, দোষমুক্ত, নিষ্কলুষ, খাঁটি, সৎ, ন্যায়পরায়ণ

نَزُهَ [ك] (نَزَاهَة) [নাযুহা] পবিত্র হওয়া, দোষমুক্ত হওয়া, সম্মানিত হওয়া, খাঁটি হওয়া

نَزَّهَ (تَنْزِيه) [نزه] [নায্‌যাহা] পবিত্র করা, পবিত্র বলে ঘোষণা করা, অনেক ঊর্ধ্বে মনে করা, আনন্দ দেওয়া

نُزْهَة ج نُزُهَات ، نُزَه [নুয্‌হাহ্] আনন্দ, আমোদ, প্রমোদ, বিনোদন, প্রমোদভ্রমণ, বনভোজন

نَزْو ، نُزُوّ [নায্‌ও, নুযু] জীবজন্তুর যৌন মিলন

نَزَوَان [নাযাওয়ান] জীবজন্তুর যৌন মিলন

نَزْوَة ج نَزَوَات [নায্‌ওয়াহ্] লম্ফ, আকস্মিক আক্র-মণ, আবেগ, হঠাৎ জেগে ওঠা, ইচ্ছা, খেয়াল, খামখেয়ালিপনা

نَزُوح [নাযুহ্] দূরবর্তী, দূরে অবস্থিত, সুদূর

نُزُوح [নুযুহ্] দূরত্ব, দূরে গমন, দূরে অবস্থান, প্রস্থান, দেশত্যাগ

نُزُوع [নুযূ'] ইচ্ছা, আগ্রহ, কামনা, প্রবণতা, ঝোঁক, আবেগ

نُزُول [নুযূল] অবতরণ, আগমন, সংঘটন, হ্রাস, পতন, অবস্থান, বসবাস

نَزْوِيّ [নায্‌বী] আবেগময়, খেয়ালী, খামখেয়ালী, পরিবর্তনশীল

نَزِيح [নাযীহ্] দূরবর্তী, দূরে অবস্থিত, সুদূর

نَزِير ج نُزُر [নাযীর] স্বল্প, সামান্য, অকিঞ্চিতকর, নগণ্য, তুচ্ছ পরিমাণ

نَزِيع ج نُزَّاع [নাযী'] আগন্তুক, দূরবর্তী, সম্ভ্রান্ত, উৎপাটিত, দেশের প্রতি গভীর টান আছে এমন, চয়নকৃত (ফল)

نَزِيف [নাযীফ] রক্তক্ষরণ, রক্তশূন্যতা, রক্তশূন্য

نَزِيل ج نُزَلَاء [নাযীল] মেহমান, অতিথি, আগন্তুক,

বাসিন্দা

نَزِيه ج نُزَهَاء ، نِزَاه [নাযীহ্] পবিত্র, দোষমুক্ত, নিষ্কলুষ, খাঁটি, সম্মানিত, ন্যায়পরায়ণ, সৎ

نَسَّ [ن] [ض] (نَسّ ، تَنْسَاس) [নাস্সা] পানির কাছে যাওয়া, কর্মঠ হওয়া, চটপটে হওয়া, (পশু) জোরে তাড়িয়ে নেওয়া

نَسًا ج أَنْسَاء [নাসা] নিতম্ব ও উরুর মধ্য দিয়ে বিস্তৃত স্নায়ু, শ্রোণিস্নায়ু, সাইটিক নার্ভ

عِرْق النَّسَا ['ইর্কুন নাসা] শ্রোণিস্নায়ুর বেদনা, কটিবাত, সাইটিকা

نَسَاء [نسأ] [নাসা'] দীর্ঘজীবন, দীর্ঘায়ু

نَسَّاء [نسي] [নাস্সা'] প্রায়ই ভুলে যায় এমন, বিস্মৃতিপ্রবণ, ভুলো

نِسَاء [নিসা'] নারী, মহিলা, স্ত্রীলোক (اِمْرَأة-এর বহুবচন)

النِّسَاء [আন-নিসা'] সূরা আন-নিসাঃ পবিত্র কোর-আনের ৪র্থ সূরা

نِسَائِيّ [নিসা'ঈ] নারী-সম্বন্ধীয়, মহিলাদের, নারী-সুলভ, মেয়েলী

نَسَّاب [نسب] [নাস্সাব] বংশতালিকাবিশারদ, কুলজিবিশারদ

نَسَابَة [নাসাবাহ্] আত্মীয়তা, কুটুম্বিতা, সম্পর্ক, ঘনিষ্ঠতা

نَسَّاج [نسج] [নাস্সাজ] তাঁতী, বয়নশিল্পী, মিথ্যা রচনাকারী, মিথ্যুক

نِسَاجَة [নিসাজাহ্] বয়ন, কাপড়বুনন, তাঁতীর পেশা, বয়নশিল্প

نَسَّاخ [نسخ] [নাস্সাখ] অনুলিপিলেখক, নকল-নবিস, মুহুরী

نَسَّافَة ج نَسَّافَات [نسف] [নাস্সাফাহ্] টর্পেডো নিক্ষেপকারী বা টর্পেডোবাহী ছোট যুদ্ধজাহাজ, টর্পেডো বোট

نُسَافَة [نسف] [নুসাফাহ্] তুষ, ভুষি, আবর্জনা

نَسَّال [نسل] [নাস্সাল] দ্রুত দৌড়ায় এমন

نُسَال [নুসাল] আলগা পালক পশম চুল ইত্যাদি

نُسَالَة [নুসালাহ্] আলগা পালক পশম চুল ইত্যাদি, ক্ষতস্থান বাঁধার নরম কাপড়

نَسَأَ [ف] (نَسْأ) [নাসাআ] বিলম্বিত করা, স্থগিত করা, তাড়িয়ে নেওয়া, সরিয়ে নেওয়া, রক্ষা করা, (দুধ) পানিমিশ্রিত করা

نُسْأَة [নুস্আহ্] বিলম্বিতকরণ, স্থগিতকরণ, পরিশোধে বিলম্ব, পরিশোধের জন্য প্রদত্ত সময়, ধার

نَسَب ج أَنْسَاب [নাসাব] বংশ, কুল, নসব, গোত্র, সন্তান-সন্ততি, আত্মীয়তা, কুটুম্বিতা, সম্পর্ক

عِلْم الأَنْسَاب ['ইল্মুল আন্সাব] কুলজিবিজ্ঞান, কুলজিশাস্ত্র

نَسَبَ [ن] [ض] (نَسَب ، نِسْبَة) [নাসাবা] বংশ উল্লেখ করা, সম্বন্ধযুক্ত করা, সম্পৃক্ত করা, আরোপ করা, দায়ী করা

نِسْبَة [নিস্বাহ্] সম্পর্ক, সম্বন্ধ, আত্মীয়তা, যোগ-সূত্র, মিল, সাদৃশ্য, তুলনা

نِسْبَة ج نِسَب [নিস্বাহ্] অনুপাত, হার, শতকরা হার, নিস্বতঃ অন্তে يّ যুক্ত সম্বন্ধ-বিশেষণ

نِسْبَة مِئَوِيَّة [নিস্বাহ্ মিআবিয়্যাহ্] শতকরা হার

نِسْبَة المَوَالِيد [নিস্বাতুল মাওয়ালীদ] জন্মহার

نِسْبَة الوَفَيَات [নিস্বাতুল ওয়াফায়াত] মৃত্যুহার

بِالنِّسْبَةِ إِلَى [বিন-নিস্বাতি ইলা] সম্পর্কে, দিক থেকে, হিসেবে, অনুপাতে, তুলনায়, অপেক্ষা

نَسَبِيّ [নাসাবী] বংশ-সম্বন্ধীয়, বংশীয়

نِسْبِيّ [নিস্বী] আনুপাতিক, আপেক্ষিক, তুলনা-মূলক

نِسْبِيًّا [নিস্বিয়্যান] তুলনামূলকভাবে, আনুপাতিক হারে

نِسْبِيَّة [নিস্বিয়্যাহ্] আপেক্ষিকতা, সাপেক্ষবাদ

نَسْج [নাস্জ] বুনন, বয়ন, রচনা, গড়ন, বয়নশিল্প

نَسَجَ [ن] [ض] (نَسْج) [নাসাজা] বোনা, বয়ন করা, রচনা করা, বানানো, গড়া

نَسَخَ [ف] (نَسْخ) [নাসাখা] রহিত করা, বাতিল করা, প্রত্যাহার করা, মনসুখ করা, অনুলিপি করা

نُسْخَة ج نُسَخ [নুস্খাহ্] কপি, অনুলিপি, প্রতি-লিপি, সূত্র, ফর্মুলা, লিপিবদ্ধ বিষয়

نُسْخَة أَصْلِيَّة [নুস্খাহ্ আছ্লিয়্যাহ্] মূলকপি

نُسْخَة طِبْقَ الأَصْل [নুস্খাহ্ তিব্কাল আছ্ল]

হুবহু প্রতিলিপি, true copy

[নাস্‌খী] নাস্‌খী লিপিঃ একপ্রকার আরবী লিপি نَسْخِيّ

[নাস্‌র] ঈগল, শকুন نَسْر ج نُسُور، أَنْسُر، نِسَار

[নাস্‌র] (ঘোড়ার) খুরের ভিতরের দিকের শক্ত মাংসখণ্ড نَسْر ج نُسُور

[আন-নাস্‌রুল ওয়াক্বি'] অভিজিৎ নক্ষত্র, Vega النَّسْر الوَاقِع

[নাসারা] কেড়ে নেওয়া, চেঁচে বা ঘষে তোলা, পিছনে নিন্দা করা, টুকরা টুকরা করা, বিদীর্ণ করা, (পাক) খুলে ফেলা نَسَرَ [ن] (نَسْر)

[নাস্‌সারা] টুকরা টুকরা করা, বিদীর্ণ করা, (পাক) খুলে ফেলা نَسَّرَ (تَنْسِير) [نسر]

[নিস্‌রীন] নাসরীনঃ নার্গিসজাতীয় এক প্রকার ফুল ও তার গাছ, বন্য গোলাপ نِسْرِين

[নাস্‌সাসা] (পশুকে) জোরে হাঁটিয়ে নেওয়া, তাড়িয়ে নেওয়া نَسَّسَ (تَنْسِيس) [نسس]

[নিস্‌'] জিন বা মালপত্র বাঁধার দড়ি, রশি, ফিতা نِسْع ج نُسْع ، نِسَع ، نُسُوع ، أَنْسَاع

[নিস্‌'আহ্] জিন বা মালপত্র বাঁধার দড়ি, রশি, ফিতা نِسْعَة ج نِسَع

[নাসাগা] খোঁচা মারা, গুঁতো মারা, ছিদ্র করা, নিক্ষেপ করা, আঘাত দেওয়া, মিশ্রিত করা, মিশানো, (দেশে) গমন করা, যাওয়া, (দাঁত) আলগা হওয়া, গোড়া নড়া نَسَغَ [ف] (نَسْغ)

[নুস্‌গ] বৃক্ষের রস, উদ্ভিদের প্রাণরস نُسْغ

[নাসাফা] ঝাড়া, ছড়িয়ে দেওয়া, উড়িয়ে দেওয়া, ছিটিয়ে দেওয়া, ভেঙ্গে দেওয়া, চূর্ণবিচূর্ণ করা, বিস্ফোরিত করা نَسَفَ [ض] (نَسْف)

[নাস্‌ফাহ্, নাসাফাহ্] ঝামা, ঝামাপাথর نَسْفَة ، نَسَفَة ج نَسَفَات

[নাসাক] বিন্যাস, সাজ, সামঞ্জস্য, প্রণালী, রীতি, পরম্পরা, পরিকল্পনা نَسَق

[নাসাক্বা] সাজানো, সাজিয়ে রাখা, বিন্যস্ত করা, গ্রন্থিত করা, গাঁথা نَسَقَ [ن] (نَسْق)

[নাস্‌সাক্বা] সুবিন্যস্ত করা, সুসজ্জিত করা, সুশৃঙ্খল করা, সাজিয়ে রাখা, ভাগ ভাগ করে রাখা نَسَّقَ (تَنْسِيق) [نسق]

[নাসাক্বী] প্রণালীবদ্ধ, শৃঙ্খলাবদ্ধ, সুশৃঙ্খল, সুপরিকল্পিত نَسَقِيّ

[নাস্‌ক] ধার্মিকতা, তপস্যা, ইবাদত نَسْك

[নাসাকা] ইবাদত করা, ধার্মিক হওয়া, তপস্যা করা, সাধনা করা, কোরবানী করা نَسَكَ [ن] (نَسْك ، نُسُك ، مَنْسَك)

[নাসুকা] ধার্মিক হওয়া, ভক্ত হওয়া, দরবেশ হওয়া, তাপস হওয়া نَسُكَ [ن] (نَسَاكَة)

[নুস্‌ক] ধার্মিকতা, তপস্যা, ইবাদত, সাধনা نُسْك

[নুসুক] কোরবানী, কোরবানীর পশু, সাধনা, ইবাদত, (হজ্জের) আনুষ্ঠানিকতা, নিয়মাবলী, পালনীয় কাজসমূহ نُسُك

[নাস্‌ল] সন্তান, বংশধর, জন্মদান نَسْل ج أَنْسَال

[তাহ্‌দীদুন নাস্‌ল] জন্মনিয়ন্ত্রণ تَحْدِيد النَّسْل

[নাসাল] উদ্ভিদের দুগ্ধবৎ রস, স্তন থেকে নির্গত দুগ্ধ نَسَل

[নাসালা] (সন্তান) জন্ম দেওয়া, (সন্তানের) বাবা হওয়া, পাক বা বুনন খুলে ফেলা نَسَلَ [ن] (نَسْل)

[নাসালা] দ্রুত করা, ছুটে যাওয়া, নেমে আসা نَسَلَ [ن] [ض] (نَسْل ، نَسَل)

[নাস্‌সালা] পাক বা বুনন খুলে ফেলা نَسَّلَ (تَنْسِيل) [نسل]

[নাসাম] শ্বাস, প্রাণ, বায়ু, ঘ্রাণ نَسَم ج أَنْسَام

[নাসামা] (বাতাস) ধীরে বহা, প্রবাহিত হওয়া, (সুগন্ধ) ছড়িয়ে যাওয়া, (উট) ভূমিতে পদাঘাত করা نَسَمَ [ض] (نَسْم)

[নাস্‌সামা] উৎসাহিত করা, অনুপ্রাণিত করা, মুক্তি দেওয়া, ছেড়ে দেওয়া نَسَّمَ (تَنْسِيم) [نسم]

[-- ফী] শুরু করা, আরম্ভ করা, সূচনা করা نَسَّمَ فِي

[নাসামাহ্] ব্যক্তি, লোক, জন, প্রাণী, শ্বাস, বাতাস, হাঁপানি نَسَمَة ج نَسَمَات

[নাস্‌নাস, নিস্‌নাস] বানর, বাঁদর, মর্কট نَسْنَاس، نِسْنَاس ج نَسَانِس

[নিস্‌ওয়ান] স্ত্রীলোক, নারী, মহিলা (اِمْرَأَة-এর বহুবচন) نِسْوَان [نسو]

[নিস্‌ওয়াহ্] স্ত্রীলোক, নারী, মহিলা (اِمْرَأَة-এর বহুবচন) نِسْوَة [نسو]

نَسِيج ج نُسُج ، أَنْسِجَة [নাসীজ] বোনা কাপড়, বস্ত্র, তন্তু, সুতা, বুনন, বুনট

نَسِيج العَنْكَبُوت [নাসীজুল 'আন্‌কাবূত] মাকড়-সার জাল

نَسِيس ج نُسُس [نسس] [নাসীস] শেষ নিঃশ্বাস, অবশিষ্ট প্রাণ, প্রকৃতি, স্বভাব, কঠোর প্রচেষ্টা, তীব্র ক্ষুধা, জ্বালানিকাঠ থেকে বের-হওয়া ফেনা

نَسِيسَة ج نَسَائِس [نسس] [নাসীসাহ্] অবশিষ্ট প্রাণ, শেষ নিঃশ্বাস, প্রকৃতি, স্বভাব, কুৎসা, চুগলি, জ্বালানিকাঠ থেকে বের-হওয়া ফেনা

نَسِيفَة ج نَسَائِف [نسف] [নাসীফাহ্] ক্ষেপণাস্ত্র, টর্পেডো, বোমা, ঝামা, ঝামাপাথর

نَسِيق [নাসীক] বিন্যস্ত, সুবিন্যস্ত, সারিবদ্ধ, সুষম, নিয়মিত

نَسِيك [نسك] [নাসীক] স্বর্ণ, সোনা, রৌপ্য, রূপা

نَسِيكَة ج نَسَائِك [نسك] [নাসীকাহ্] কোরবানির পশু, জবাইকৃত পশু, কোরবানি, স্বর্ণ কিংবা রৌপ্যের পিণ্ড

نَسِيل [নাসীল] আলগা পালক পশম চুল ইত্যাদি, মৌচাক থেকে ঝরে-পড়া মধু

نَسِيلَة [নাসীলাহ্] সন্তান, পলিতা, শলিতা, মৌচাক থেকে ঝরে-পড়া মধু, আলগা পালক পশম চুল ইত্যাদি

نَسِيم ج نِسَام [নাসীম] কোমল বাতাস, মৃদুমন্দ বায়ু, ঠাণ্ডা বাতাস, তাজা বায়ু, প্রাণ, ঘাম

نَشَّ [ن] (نَشّ) [নাশ্‌শা] হিস্‌হিস্ শোঁশোঁ কল্‌কল্ টগবগ ইত্যাদি শব্দ করা, আস্তে আস্তে চাল্যানো, মিশ্রিত করা, চুয়ানো

نَشَا ج أَنْشَاء [نشو] [নাশা] ঘ্রাণ, গন্ধ, সৌরভ, সুবাস, (কাপড়ের) মাড়

نَشَاء [نشو] [নাশা'] (কাপড়ের) মাড়

نَشَّاب [نشب] [নাশ্‌শাব] তীরন্দাজ, তীরওয়ালা, তীর নিক্ষেপকারী

نُشَّاب ج نَشَاشِيب [নুশ্‌শাব] তীর, শর, বাণ

نُشَادِر [নুশাদির] অ্যামোনিয়া (গ্যাস)

نَشَّار [نشر] [নাশ্‌শার] করাতী

نُشَارَة [নুশারাহ্] করাত দিয়ে চেরার সময় নির্গত

نَسُوف ج مَنَاسِيف [نسف] [নাসূফ] গোড়া থেকে তৃণাদি উপড়ে খায় এমন উট, মুখের সম্মুখ-ভাগ দিয়ে কামড়ে খায় এমন উট, দীর্ঘ ও দুর্গম গিরিপথ

نَسُول [نسل] [নাসূল] দ্রুত দৌড়ায় এমন

نَسُولَة [نسل] [নাসূলাহ্] বাচ্চা উৎপাদনের জন্য পালিত মাদী পশু, অধিক সন্তানবিশিষ্ট পশু

نِسْوِيّ ، نُسْوِيّ [নিস্‌বী, নুস্‌বী] নারী-বিষয়ক, নারীসুলভ, মহিলাদের, নারীদের

